^{(83) -} त्यरिपर्छा विव गावही — शि वा व। (80) -- गबर्यवाशत्त्रश्यम् — नि। (85) -- हक्वार्छवनम् — नि।

মহামাত্রর্মহামাত্রান্তাড়িতাঃ শরতোমরৈঃ।
গজেভাঃ পৃথিবাং জ্বা মুক্তপ্রহরণাঙ্কুশাঃ ॥৪৬॥
নির্মন্ত্রাশ্চ মাতঙ্গা বিনদন্তস্ততন্ততঃ।
ছিন্নাজ্রাণীব সংপেতুঃ সংপ্রবিশ্য পরস্পরম্ ॥৪৭॥
হতান্ পরিবহন্তশ্চ পতিতান্ পতিতায়ুধান্।
দিশো জ্বা র্মহানাগাঃ কেচিদেকচবা ইব ॥৪৮॥
তাড়িতান্ত'ড্যমানাশ্চ তোমর্ম্বি পরশ্ববিঃ।
পেতুরার্ত্রশ্বরং কৃত্বা তদা বিশ্বনে গজাঃ ॥৪৯॥
তেষাং শৈলোপমৈঃ কার্মেনিপতন্তিঃ সমন্ততঃ।
আহতা সহসা ভূমিশ্চকম্পে চ ননাদ চ ॥৫০॥
সাদিতৈঃ সগজারোহিঃ সপতাকৈঃ সমন্ততঃ।
মাতক্রৈঃ শুশুভে ভূমির্বিকীর্ণেরিব পর্বেতিঃ ॥৫১॥

মহেতি। মহামাত্রৈর্হস্তিপকৈ:। মৃক্তপ্রহবণাকৃশা: ত্যক্তান্তাক্তৃশা: ॥৪৬॥
নিবিতি। ছিন্নালাণি বিশ্লিষ্টমেদা:। সংপ্রবিশ্য বিপক্ষমধ্যে ॥৪ ৭॥
হতানিতি। পতিতান্ পূচোপি । একে চবস্তীত্যেকচরা একাকিন: ॥৪৮॥
তাডিতা ইতি। বিশশুতে হিংশুতে অশ্লিমিতি বিশসনং যুদ্ধস্থলম্ ॥৪৯॥
তেষামিতি। শৈলোপমৈ: পর্বতপ্রমাণে:, কামে: শবীবৈ: ॥৫০॥

সাধাবণ হস্তিগণ সম্মুখবর্ত্তী বথপ্রভৃতিকে মর্দ্দন কবিয়া আবাব আসিতে থাকিল॥৪৫॥

গজাবোহীরা বাণ ও তোমবদ্বাবা আঘাত কবিলে, বিপক্ষ গজারোহীবা অন্ত্র ও অঙ্কুশ ত্যাগ কবিযা গঙ্গপৃষ্ঠ হইতে ভূতলে পড়িতে লাগিল ॥৪৬॥

আবোহিশৃন্য হস্তিগণ গর্জন কবিতে করিতে ইতস্তভঃ যাইয়া এবং পবস্পব বিপক্ষমধ্যে প্রবেশ করিয়া বিচ্ছিন্ন মেদেব স্থায় পতিত হইতে থাকিল ॥৪৭॥

কতকগুলি মহাহস্তী আহত, পৃষ্ঠোপবি পতিত ও পতিতান্ত্র আবোহীদিগকে বহন কবতঃ একাকীব স্থায নানাদিকে দৌড়াইতে লাগিল॥ ৮॥

তখন তোমব, ঋষ্টি ও প্ৰশুদ্ধাবা তাড়িত ও তাড,মান হইয়া কতকগুলি হস্তী আর্ত্তনাদ কবিয়া সমবাঙ্গনে পতিত হইতে থাকিল ॥৪৯॥

সেই হস্তিগণেব পর্ববভপ্রমাণ শবীব সকল নানাদিকে পতিত হইতে থাকিয়া আঘাত কবায় তৎক্ষণাৎ সমবভূমি কাঁপিতে লাগিল ও শব্দ কবিতে থাকিল ॥৫০॥ গজস্থাশ্চ মহামাত্রা নির্ভিন্নছদয়া রণে।
রথিভিঃ পাতিতা ভল্লৈর্বিকীর্ণাক্তামরাঃ॥৫২॥
ক্রোঞ্চবদিনদন্তোহন্যে নারাচাভিহতা গজাঃ।
পরান্ স্থাংশ্চাপি মৃদুন্তঃ পরিপেতুর্দিশো দণ॥৫০॥
গজাগরথযোধানাং শরীরোঘসমারতা।
বভূব পৃথিবী রাজন্! মাংসশোণিতকর্দিমা॥৫৪॥
প্রমণ্য চ বিষাণাত্রৈঃ সমুৎক্ষিপ্তাশ্চ বারণাঃ।
সচক্রাশ্চ বিচক্রাশ্চ রথৈরের মহারথাঃ॥৫৫॥
রথাশ্চ বথিভিহীনা নির্মনুষ্যাশ্চ বাজিনঃ।
হতারোহাশ্চ মাতঙ্গা দিশো জন্মুর্ভরাত্মরাঃ॥৫৫॥
জন্মনাত্র পিতা পুত্রং পুত্রশ্চ পিতরং তথা।
ইত্যাসীত্রমূলং মুদ্ধং ন প্রাজ্যায়ত কিঞ্চন॥৫৭॥

গাদিতৈরিতি। সাদিতৈবাহত্য নিপাতিতৈ:। বিকীর্ণের্জু বি বিক্ষিপ্ত: ॥৫১॥
গজহা ইতি। মহামাত্রা গজাবোহিণ:। পাতিতা ভূতলে ॥৫॥
ক্রোঞ্চেতি। ক্রোঞ্চবৎ ক্রোঞ্চপক্ষিবৎ। মৃদু স্তো সর্দ্দদমন্ত:, পবিপেতৃর্জগা; ॥৫৩॥
গজেতি। মাংসৈঃ শোণিতৈশ্চ কর্দ্ধমো যত্তাং সা ॥৫৪॥
প্রেতি। বিবাণাত্রৈর্দম্ভাত্রেঃ, সম্ৎক্ষিপ্তাঃ শুণ্ডাভিকত্তোলিতাঃ। বথৈ: সহ ॥৫৫॥
রখা ইতি। হতাবোহা নিহতাবোহিণ: ॥৫৬॥
জমানেতি। ন প্রাজ্ঞাযত রজোভিবাববণাং কোলাহ্লাতিবেকাচ্চ ॥৫৭॥

বিক্ষিপ্ত পর্বব্যসমূহেব স্থায় আবোহী ও পতাকাযুক্ত এবং সকল দিকে নিপতিত হস্তিগণদাবা সেই সমবভূমি শোভা পাইতে লাগিল ॥৫১॥

বথীবা ভল্লদ্বাবা দ্রদয় বিদার্ণ কবিল, গজন্থিত যোদ্ধাবা অঙ্কুশ ও তোমব ত্যাগ করিয়া ভূতলে পতিত হইতে থাকিল ॥৫॥

নাবাচদ্বাবা আহত অন্থ হস্তী সকল ক্রোঞ্চপক্ষীব স্থায় শব্দ কবিতে থাকিয়া স্থপক্ষ ও বিপক্ষদিগেকে মৰ্দ্দন কৰতঃ দশ দিকে দৌড়াইতে লাগিল ॥৫০॥

রাজা। ক্রমে সমরভূমিটা-হস্তী, অশ্ব ও রথযোধীদিগেব শরীরসমূহে আরুত এবং রক্ত ও মাংসের কর্দ্দমযুক্ত হইয়া উঠিল ॥৫৪॥

হস্তী সকল দন্তবাবা আঘাত করিয়া শুগুদাবা—চক্রযুক্ত ও চক্রবিহীন বথেব সহিতই মহাবর্থগণকে উত্তোলন করিতে থাকিল ॥৫৫॥

রথিবিহীন রথ, মনুয়াশৃশু অশ্ব ও আবোহিবহিত হস্তী সকল ভায়র্ত্ত হইয়া নানাদিকে দৌড়াইতে লাগিল ॥৫৬॥ আগুল্ফেভ্যোহবদীদন্তে নরা লোহিতকর্দিমৈঃ।
দীপ্যমানেঃ পরিক্ষিপ্তা দাবৈরিব মহাদ্রুমাঃ ॥৫৮॥
শোনিতৈঃ দিচ্যমানানি বস্ত্রাণি কবচানি চ।
ছত্রাণি চ পতাকাশ্চ সর্বাং রক্তমদৃশ্যত ॥৫৯॥
হয়োঘাশ্চ রথোঘাশ্চ নরোঘাশ্চ নিপাতিতাঃ।
সংক্রতাঃ পুনরাব্বত্য বহুধা রথনেমিভিঃ ॥৬০॥
দ গজোঘমহাবেগঃ পবাস্ত্রনরশৈবলঃ।
রথোঘতুমুলাবর্ত্তঃ প্রবত্তি দৈন্যদাগরঃ ॥৬১॥
তং বাহনমহানোভির্যোধা জয়ধনৈষিণঃ।
অবগাহ্যাথ মজ্জন্তো নৈব মোহং প্রচক্রিবে ॥৬২॥

আগুল্ফেভ্য ইতি। অবসীদন্তে গমনক্লিষ্টা ভবন্তি শ্ব। লোহিতকৰ্দমৈ বক্তপক্ষৈ। দীপ্যমানৈকজ্জলৈ পবিশিপ্তাঃ, পবিবেষ্টিতাঃ, দাবৈর্বনবহ্নিভিঃ ॥৫৮॥

শোণিতৈরিতি। বক্তং বক্তবর্গং বক্তসিক্তথাদেবেতি ভাব: ॥৫৯॥ হমৌদা ইতি। সংক্রতা: সম্যক্ ছিন্না:, আবৃত্য আগত্য ॥৬০॥

স ইতি। গজোঘ এব মহান্ বেগো যশু সং, পরাসবো মৃতা নবা এব শৈবলা যশু সং, রখোঘ এব তুম্লো মহান্ আবর্জো জলভ্রমির্যশু স চ, স সৈন্তুসাগবং প্রবর্ভো ॥৬১॥

এই যুদ্ধে পিতা পুত্রকে এবং পুত্র পিতাকে বধ কবিতে থাকিল। এইভাবে ভুমূল যুদ্ধ চলিতে লাগিল; কিন্তু কিছুই জানা গেল না ॥৫৭॥

বনমধ্যে মহাবৃক্ষ দকল যেমন বনাগ্নিতে পবিবেষ্টিত হয়, দেইরূপ মানুষেবা উজ্জ্বল বক্তকর্দ্ধমে পবিবেষ্টিত ও গুল্ফপর্যান্ত বক্তে মগ্ন হওয়ায় চলিতে পারিল না ॥৫৮॥

বস্ত্র, কবচ, ছত্র ও পতাকা বক্তে সিক্ত হইয়া যাওয়ায় সে সমস্তই বক্তবর্ণ দেখা যাইতে লাগিল ॥৫৯॥

জার্য, রথ ও মরুষ্যসমূহ ভূতলে নিপাতিত হইয়া ছিল। স্থতবাং বথচক্রগুলি সেগুলিব উপবে বাব বাব আসিয়া আসিয়া সেগুলিকে বহুভাবে ছিন্ন কবিতে থাকিল ॥৬০॥

ভৎকালে সেই উভয়পক্ষেব সৈশুই সমুদ্রবাপে প্রকাশ পাইতে লাগিল। কেন শা, হস্তিসমূহ ছিল তাহাব মহাবেগ, মৃত মানুষ ছিল শেওলা এবং রথসমূহ ছিল ভাবর্ত্ত (ঘোলা) ॥৬১॥

⁽७०) --- সংক্ষা: পুনবাবৃত্য-নি।

শরবর্ষাভিরুষ্টেরু যোধেষঞ্চিতলক্ষান্ত।
ন তেষচিত্ততাং লেভে কশ্চিদাহতলক্ষণঃ ॥৬৩॥
বর্ত্তমানে তথা মুদ্ধে ঘোররূপে ভয়ঙ্কবে।
মোহয়িত্বা পরান্ দ্রোণো মুধিষ্ঠিবমুপাদ্রবৎ ॥৬৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈয়াদিক্যাং দ্রোণপর্বনি
সংশপ্তকবধে সঙ্কুলযুদ্ধে অফীদশোহধ্যায়ঃ॥০॥ #

—- 8絲8—

উনবিংশোহধ্যায়ঃ।

-- 8483----

সঞ্জয় উবাচ।

ততো যুধিষ্ঠিরো দ্রোণং দৃষ্ট্বান্তিকমুপাগতম্। মহতা শরবর্ষেণ প্রত্যগন্ধাদভীতবৎ ॥১॥

তমিতি। গজাদীনি বাহনান্তেব মহানাবস্তাভিঃ। জ্বধনৈবিণ ইত্যনেন যোধেষ্
বিণিগ্রপত্মং ব্যজ্ঞতে। মোহং নৈব প্রচক্রিবে প্রাপ্ত:, জ্বধন এবে প্রক্রণাতিবেকাৎ ॥৬২॥
শরেতি। অঞ্চিতানি জ্ঞাতানি লক্ষাণি চিহ্লানি যেবাং তেষু। অচিত্ততাং মোহম্।
আহতং নাশিতং লক্ষণং অচিহ্লং যশু সঃ। অঞ্চিতলক্ষ্মত্মাদেব প্রমাজাব ইতি ভাবঃ ॥৬৩॥
বর্ত্তমান ইতি। ঘোবরূপে মহতি। উপাত্রবং গ্রহীত্মত্যধাবং ॥৬৪॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাক্বি-পদ্মত্বণ-শ্রীহ্বিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাশাং
মহাভাবতটীকাষাং ভাবতকে মূদীসমাখ্যাযাং জ্রোণপর্বণি সংশপ্তকবধ্ব

অষ্টাদশোহধ্যায়ঃ॥।॥

--:*:---

ওত ইভি। অভীতবদিত্যনেনান্তর্ভনং স্থচিতম্॥১॥

জয়রপ-ধনাভিলাষী যোধৰূপ বণিক্সমূহ বাহনরূপ মহানৌকাদ্বাবা সেই সৈম্মরূপ সাগর অবগাহনপূর্বক ময় হইয়াও মোহ প্রাপ্ত হয় নাই ॥২২॥

যোদ্ধাবা বাণবর্ষণে আর্ত হইলেও তাহাদের চিহ্ন সকল লক্ষ্য হইতেছিল। শুতরাং নিজেব চিহ্ন নষ্ট হইলেও কোন যোদ্ধাই তাহাদেব উপবে ভ্রান্ত হয় নাই ॥৬৩॥

সেই মহাভয়ঙ্কব যুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, জ্বোণ বিপক্ষগণকে মোহিত করিয়া যুথিষ্ঠিবের দিকে ধাবিত হইলেন' ॥৬৪॥

^{# &#}x27;···উনবিংশোহধ্যায়ঃ' ব, '···বিংশোহধ্যায়ঃ' বা রা নি। (১) ততো যুধিষ্টিবং ডোণঃ—পি।

ততো হলহলাশন আদীদ্যৌধিন্ঠিরে বলে।
জিয়্মতি মহাদিংহে গজানামিব মূথপন্॥২॥
দৃষ্ট্বা দ্রোণং ততঃ শৃরঃ সত্যজিৎ সত্যবিক্রমঃ।
মুধিন্ঠিরমভিপ্রেক্স্রাচার্য্যং সমুপাদ্রবং ॥৩॥
তত আচার্যপাঞ্চাল্যো মুমুধাতে মহাবলো।
বিক্ষোভয়ত্তো তৎ সৈত্যমিন্দ্রবৈরোচনাবিব ॥৪॥
ততো দ্রোণং মহেম্বাদঃ সত্যজিৎ সত্যবিক্রমঃ।
অবিধ্যমিশিতাত্রেণ পরমান্ত্রং নিদর্শয়ন্ ॥৫॥
অথাস্থ সারথেঃ পঞ্চ শরান্ সর্পবিষোপমান্।
অমুঞ্চন্তকপ্রখ্যান্ সংমুমোহাস্থ সাব্থিঃ॥৬॥

তত ইতি। হলহলেত্যাশস্কাস্ট্রচক্ষন্যাষম্। জিম্বক্ষতি গ্রহীতুমিচ্ছতি ॥২॥
দৃষ্ট্বেতি। অভিপ্রেপ্স্, বক্ষিতুমিচ্ছ্যুং, সম্পাদ্রবং অভ্যধাবং ॥৩॥
তত ইতি। পাঞ্চাল্যঃ সত্যজিং। বৈবোচনো বিরোচনপুত্রো বলিঃ ॥৪॥
তত ইতি। মহেদানো মহাধমুর্দ্ধবঃ। নিশিতাগ্রেণ শবেণ ॥৫॥
অথেতি। অশু ব্যোণশু। অন্তব্প্রথ্যান্ যমতুল্যান্ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহাবাজ। তাহাব পব জোণ নিকটে আসিয়াছেন দেখিয়া যুধিষ্ঠিব নির্ভয়েব স্থায় বিশাল শববর্ষণদ্বাবা তাহাকে গ্রহণ কবিলেন ॥১॥

তৎপবে মহাসিংহ হস্তিযুথপতিকে ধবিবাব ইচ্ছা কবিলে হস্তিগণেব মধ্যে যেমন আশঙ্কাস্ট্ৰক শব্দ হইতে থাকে, সেইবাপ জোণ যুধিষ্টিবকে ধরিবাব ইচ্ছা কবিলে যুধিষ্টিবের সৈক্তমধ্যে আশঙ্কাস্ট্ৰক কোলাহল হইতে লাগিল ॥২॥

তদনস্তব বীব ও যথার্থবিক্রমশালী সত্যজিৎ জ্রোণকে দেখিয়া যুখিষ্ঠিবকে বক্ষা কবিবাব ইচ্ছা কবিয়া জ্রোণেব দিকে ধাবিত হইলেন ॥ গ

তাহাব পব ইন্দ্র ও বলিব স্থায় মহাবল জোণ ও সত্যজিং সেই সৈন্যগণকে বিক্ষুব্ধ কবতঃ যুদ্ধ কবিতে লাগিলেন ॥৪॥

ক্রমে মহাধন্ত্বনিত ও যথার্থবিক্রমশালী সত্যজিৎ উত্তমান্ত্রনিন্দেপেব যোগ্যতা দেখাইতে থাকিয়া একটা সুধাব বাণদ্বাবা জোণকে বিদ্ধ কবিলেন ॥৫॥

পবে তিনি দর্পবিষেব স্থায় তঃসহ এবং যমেব স্থায় ভাষণ পাঁচটা বাণ জোণেব সাবথির উপবে নিক্ষেপ কবিলেন; তাহাতে জোণেব নাবথি মূর্চ্ছিত হইয়া পড়িল ॥৬॥

⁽৬) তথাস্থ সারথেঃ—পি।

অথাস্থ সহসাবিধ্যদ্ধয়ান্ দশভিরাশুগৈঃ।
দশভিদশভিঃ ক্রুদ্ধ উভৌ চ পার্ফিদাবথী ॥৭॥
মণ্ডশন্ত সমার্ত্য বিচরন্ পৃতনামুঝে।
ধবজং চিচেছদ চ ক্রুদ্ধো জোণস্থামিত্রকর্ষণঃ ॥৮॥
জোণস্ত তৎ সমালোক্য চরিতং তস্থ সংযুগে।
মনসা চিন্তয়ামাস প্রাপ্তকালমরিন্দমঃ ॥৯॥
ততঃ সত্যজিতং তীক্ষেদশভির্মমভেদিভিঃ।
অবিধ্যচ্ছীভ্রমাচার্য্যশিছ্ত্বাস্থ সণরং ধরুঃ॥>০॥
স শীভ্রতরমাদায় ধরুরন্থৎ প্রতাপবান্।
জোণমভ্যহনজাজংজ্রিংশতা কঙ্কপত্রিভিঃ॥>
দ্বীয়া সত্যজিতা জোণং গ্রস্থমানমিবাহবে।
বৃকঃ শরশতৈস্তীক্ষৈঃ পাঞ্চাল্যো জোণমার্দমৎ ॥>২॥

অথেতি। হায়ান্ অখান্, আগুগৈর্বাণৈঃ। পাফিসারথী পশ্চাবন্তিনো স্তোঁ ॥१॥
মগুলমিতি। মগুলং গোলাকাবেণ লগমং যথা স্যান্তথা। পৃতনাধাঃ সেনাধা মুখে ॥৮॥
জ্ঞোণ ইতি। প্রাপ্তকালং কালোচিতং প্রাক্ সত্যজিতো জ্যমেবেতার্থঃ ॥१॥
তত্ত ইতি। তীক্ষৈঃ শবৈবিতি শেষঃ। অস্ত্র সত্যজিতঃ ॥১০॥
স ইতি। অভ্যহনদিতি বিকবণলোপাভাব আর্থঃ। ক্ষপত্রিভির্কাণেঃ ॥১১॥
দৃষ্ট্বৈতি। বুকো নাম কশ্চিদীরঃ, পাঞ্চাল্যঃ পাঞ্চালদেশীয়ঃ ॥১২॥

তৎপবে আবাব ক্রেন্ধ সত্যজিৎ তৎক্ষণাং দশটা বাণদ্বাবা জোণেব অশ্ব-গুলিকে এবং দশ দশটা বাণদ্বাবা জোণেব পৃষ্ঠবর্তী সাবধি ছই জনকে বিদ্ধা করিলেন ॥৭॥

শত্রুহম্ভা সত্যজিৎ ক্রুদ্ধ হইয়া মণ্ডলাকাবে ফিরিয়া সৈম্মসমূখে বিচৰণ কবিতে থাকিয়া জোণেব ধ্বন্ধ ছেদন কবিলেন ॥৮॥

কিন্তু শত্রুবিজয়ী জোণ যুদ্ধে সত্যজিতেব সেই কার্য্য দেখিয়া মনে মনে তৎকালোচিত কর্ত্তব্য বিষয়েব চিন্তা করিলেন ॥১॥

তাহাব পর দ্রোণ সম্বব সত্যঞ্জিতেব ধন্ন ও বাণ ছেদন করিয়া দশটা মর্ম-ভেদী তীক্ষ্ম বাণছাবা সত্যঞ্জিংকে বিদ্ধ করিলেন ॥১০॥

বার্জা। তখন প্রতাপশালী সত্যজিৎ অতিসম্বর অন্য ধন্ন লইয়া ত্রিশটা কল্পক্ষযুক্ত বাণবারা জোণকে আঘাত কবিলেন ॥১১॥

⁽a) জোণস্থ তৎ সমালক্ষ্য—পি।

সংছাত্তমানং সমরে দ্রোণং দৃষ্ট্বা মহারথম্।
চুক্রুণ্ডঃ পাগুবা রাজন্! বস্ত্রাণি তুধুবৃশ্চ হ ॥১০॥
ব্বকস্ত পরমক্রুদ্ধা দ্রোণং ষষ্ট্যা স্তনান্তরে।
বিব্যাধ বলবান্ রাজন্! তদদুত্যমিবাভবং ॥১৪॥
দ্রোণস্ত শরবর্ষেণ চ্ছাত্তমানো মহারথঃ।
বেগং চক্রে মহাবেগঃ ক্রোধাত্রদ্ধৃত্য চক্ষুধী ॥১৫॥
ততঃ সত্যজিতশ্চাপং ছিত্রা দ্রোণো বৃকস্ত চ।
ষড়ভিঃ সসূতং সহধং শরৈক্রোণোহবধীদ্র্কম্ ॥১৬॥
অথান্তদ্ধুরাদায় সত্যজিদ্বেগবত্তরম্।
সাশ্বং সসূতং বিশিথৈক্রোণং বিব্যাধ সংবছম্ ॥১৭॥
স তম মমুষে দ্রোণঃ পাঞ্চাল্যেনাদ্বিতো মুধে।
তত্তস্ত বিনাশায় সম্বরং ব্যস্ত্রচ্ছরান্ ॥১৮॥

সংছাত্তেতি। চুকুশু: আনন্দকোলাহলং চকু:। হুধুবু: কম্পায়ায়াহ: ॥১০॥
বুক ইতি। ঘট্টা বাণৈ:, স্তনমোৰস্করে বক্ষদি ॥১৪॥
দ্রোণ ইতি। বেগং ছরাম্। উদ্ধৃত্য উত্তোল্য ॥১৫॥
তত ইতি। ষগ্রাং শরাণামেকৈকেনৈকৈকমবধীং। দ্রোণপদশ্য পুনকলির্দোষ এব ॥১৬॥
অখেতি। বেগবত্তবং স্থদ্টমিত্যর্থ:। বিশিথৈর্কাণে: ॥১৭॥
স ইতি। ময়বে সেহে, পাঞ্চাল্যেন সত্যজিতা ॥১৮॥

সত্যজিং যুদ্ধে জোণকে যেন গ্রাস কবিয়াছেন দেখিয়া পাঞ্চালদেশীয় বৃক্ বহুসংখ্যক তীক্ষ্ণ বাণদ্বাবা জোণকে পীড়ন কবিলেন ॥১২॥

বাজা। যুদ্ধে মহাবথ জোণকে বাণে আর্ড দেখিয়া পাণ্ডবপক্ষীয় যোদ্ধাবা আনন্দকোলাহল কবিয়া উঠিল এবং বস্ত্র সঞ্চালন করিতে লাগিল ॥১৩॥

বাজা। তৎপবে বলবান্ বৃক অত্যন্তকুদ্ধ হইয়া ঘাটটা বাণদ্বাবা দ্রোণের বক্ষস্থল বিদ্ধ কবিলেন। সেটা যেন অভুত বলিয়া বোধ হইল ॥১৪॥

মহারথ ও মহাবেগশালী জোণ বাণবর্ষণে আর্ত হইযা ক্রোধে নযনযুগল উত্তোলন কবিয়া স্বাপবায়ণ হইলেন॥ ৫॥

তাহাব পব দ্রোণ সত্যক্তিং ও বৃকের ধন্ন ছেদন কবিয়া ছয়টা বাণহাব। শাব্যি ও চাবিটা অখের সহিত বৃককে বধ কবিলেন ॥১৬॥

ভংপবে সত্যজিং যন্ত একখানা স্থৃদৃচ ধনু লইযা বাণৰার। অর্থ, সার্রি ও ধ্বজের সহিত জোণকে বিদ্ধ কবিলেন ॥১৭॥

व्याप-२२ (२५)

হয়ান্ ধ্বজং ধনুর্স্প্রিযুভে চ পার্ফিদার্থী।
অবাকিরততো দ্রোণঃ শরবর্ষেঃ সহস্রশঃ॥১৯॥
তথা সংছিত্যমানের কাম্মুকের পুনঃ পুনঃ ।
পাঞ্চাল্যঃ পরমান্তক্তঃ শোণাঝং সমযোধরৎ॥২০॥
স সত্যজিত্যালোক্য তথোদীর্নং মহাহবে।
অর্জিচন্দ্রেণ চিচ্ছেদ শিরস্তস্ত্র মহাত্মনঃ॥২১॥
তত্মিন্ হতে মহামাত্রে পাঞ্চালানাং মহারথে।
অপায়াজ্জবনৈর্দ্বৈদ্রেণাজ্রন্থে বুধিন্তিরঃ॥২২॥
পাঞ্চালাঃ কেকরা মৎস্তাশ্চেদিকার্মকোশলাঃ।
যুধিন্তির্মন্তীপ্সন্থো দৃক্ত্বী দ্রোণ্যুপাদ্রবন্॥২০॥

रमानिछि। व्यक्तित्रः व्यक्तित्रक्रिनिष्ठार्थः । ১৯॥

उत्थि । त्यांना त्रक्तवर्गा व्यथा यञ्च उर त्वांनम्, ममत्यांसयः मच्चाह्यः । २०॥

म हेछि । क्षेत्रीर्नारं विक्रियेनम् । व्यक्षाहत्वः उत्तार्थम् वातंन ॥ २०॥

उत्यिविछि । महामात्क व्यक्षात्म । व्यथायाः ममवाम्थामतः, क्ष्यतेनर्द्वनविष्ठः । २२॥

थाक्षाना हेछि । এতে দেশবাচিनः শक्तास्त्वक्षमीनत्योक्तम् नक्षात्स्व । २०॥

সভান্ধিং যুদ্ধে সেইবাপ পীড়ন করিলে, ক্রোণ তাহা সহ্য করিলেন না। শ্বতরাং তিনি সভান্ধিংকে বিনাশ করিবার জন্ম সম্বর বাণক্ষেপ করিতে লাগিলেন॥৮॥

তদনন্তর জোণ সহস্র সহস্র বাণ বর্ষণ করিয়া সত্যজিতের অশ্ব, ধ্বজ, ধন্মর মৃষ্টিদেশ এবং পৃষ্ঠবর্ত্তী সারথি গুই জনকে সংহার কবিলেন ॥১৯॥

জোণ সেইভাবে বার বার ধন্ন ছেদন কবিলে, উত্তমান্ত্রজ্ঞ সত্যজিৎ জোণকে গুরুতর প্রহাব করিতে থাকিলেন ॥২০॥

তখন দ্রোণ সত্যজিৎকে মহাযুদ্ধে সেইরূপ বিক্রম প্রকাশ কবিতে দেখিয়া একটা অর্দ্ধচন্দ্রবাণদ্বারা সেই মহাত্মাব মস্তক চ্ছেদন করিলেন ॥২১॥

পাঞ্চলদেশীয় সেই প্রধান মহারথ সত্যজ্ঞিৎ নিহত হইলে, যুখিছিব জোণ হুইতে ভীত হইয়া বেগবান্ অশ্বগণেব গুণে সনবাঙ্গন হুইতে সম্বৰ অপস্ত হুইলেন ॥২২॥

পাঞ্চাল, কেকয়, মংস্থা, চেদি, কানব ও কোশলদেশীয যোদ্ধাবা জোণকে দেখিয়া যুধিষ্টিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া জোণের দিকে ধাবিত হইল মংখা ততো যুৰিন্ঠিবং প্রেক্সুরাচার্য্যঃ শত্রুপুগহা।
ব্যধমতান্তনীকানি ভূলবাশিমিবানলঃ ॥২৪॥
মৎস্থান্ জিত্বাহজয়েচেদীন্ কর্মধান্ কেকয়ানপি।
পাঞ্চালান্ স্প্রেয়ান্ পাঞ্ন্ ভারছাজঃ পুনঃ পুনঃ ॥২৫॥
তং দহন্তমনীকানি ক্রুদ্ধমগ্রিং যথা বনম্।
দৃষ্ট্যা রুক্মরথং বীরং সমকম্পন্ত স্প্রেয়াঃ ॥২৬॥
উত্তমং হাদদানস্থ ধন্মবস্থাশুকারিণঃ।
জ্যাঘোষো নিম্নতোহমিত্রান্ দিক্ষু সর্বাহ্ম শুশ্রুণবে ॥২৭॥
নাগানখান্ পদাতীংশ্চ রথিনো গঙ্গসাদিনঃ।
রৌদ্রা হন্তবতা মুক্তাঃ প্রমথ ন্তি স্ম সায়কাঃ ॥২৮॥

তত ইতি। পেন্স,গ্রাহীত্মিচ্ছা, শক্রপ্গহা শক্রসমূহহন্তা। ব্যধমৎ ব্যনাশবৎ ॥২৪॥
মংস্থানিতি। পাণ্ডন্ পাণ্ডবদৈন্তান্, ভাবখাজো দ্রোণঃ ॥২৫॥
তমিতি। অনীকানি পাণ্ডবদৈন্তানি। রুশ্ধবর্থং স্বর্ণময়বর্থং দ্রোণম্ ॥২৬॥
উত্তমমিতি। আদদানস্ত গৃহতঃ, আশুকাবিণঃ শীদ্রান্তক্ষেপিণঃ ॥২৭॥
নাগানিতি। নাগান্ গজান্। হস্তব্তা প্রশস্তহন্তশালিনা দ্রোণেন ॥২৮॥

তাহার পর অগ্নি যেমন তূলবাশি দগ্ধ কবে, সেইরূপ যুধিষ্ঠিবকে ধবিবার জন্ম যত্নবান্ ও শক্রসমূহহন্তা জ্বোণ সেই সৈম্মগণকে দগ্ধ করিতে লাগিলেন ॥২৪॥

জ্যোণ মংস্থাদেশীয় যোদ্ধাদিগকে জয় কবিয়া চেদি, করাব, কেকয়, পাঞ্চাল, স্ঞায় এবং পাগুবপক্ষেব অপর সৈন্তাগণকেও বাব বাব জয় করিলেন ॥২৫॥

অগ্নি যেমন বন দগ্ধ কবে, সেইৰূপ স্বৰ্ণময়ৰথাবোহী ও মহাবীব জোণ কুদ্ধ হইয়া পাণ্ডবদৈন্য দগ্ধ কবিতেছেন দেখিয়া স্ম্প্ৰয়ের। কাঁপিতে লাগিল ॥২৬॥

উত্তম ধনু আকর্ষণ, সম্ব অন্তক্ষেপ ও শত্রুসংহাব করিবার সময়ে সকল দিকেই দোশেব ধনুষ্টকার শুনা যাইতে থাকিল ॥২৭॥

⁽২৪) --- ভূণরাশিমিবানলঃ—পি। ইতঃ পরং বিবাটা মুদ্রশভানী কবধবােধকা শচ্ছাবঃ শ্লোকাঃ কেবৃচিৎ পুস্তকেবৃ বিশ্বস্তাঃ। তচ্চাশ্তায়ন, ভীম্বপর্কণি ১১৩ অধ্যামে ভীম্মেনৈর তহধশ্য ম্নিনাভিধানাৎ ভীম্মন্ত প্রতিজ্ঞান্ত্রমারের তথৈর সম্ভবাচ্চ। তে চ শ্লোকা যথা—
নির্দ্দিহস্তমনীকানি তানি তানি পুনঃ পুনঃ। দ্রোণং মৎশ্যাদবরদ্ধঃ শভানীকােহজ্যর্বভ্ত । স্থ্যবিশিপ্রতীকাশৈঃ কর্মারপবিমার্জিতিঃ। ষড্ভিঃ সম্পতং সহয়ং দ্রোণং বিদ্ধানদদ্ভূশন্ । ক্রাম কর্মণে যুক্তশ্চিকীযুঃ কর্ম ভ্রুবন্। জ্বাকিরচ্ছবশতৈর্ভারন্বাজ্য মহাবথন্ । তত্ম নানদতো দ্রোণঃ শিরঃ কায়াৎ সকুওলন্। ক্র্বেণাপাহরৎ তুর্ণঃ ভতো মৎশ্যাঃ প্রত্তের্ঃ ।

⁽২৭) উভাভ্যাং সন্দধানশ্য—নি।

নানভাষানঃ পর্ক্জন্তো যিশ্রবাতো হিষাত্যয়ে।
অশ্যবর্ষমিবাবর্ষৎ পরেষাং ভয়্তমাদধং ॥২৯॥
সর্ব্বা দিশঃ সমচরৎ সৈতাং বিক্ষোভয়িয়ব।
বলী শ্রো মহেষাসো মিত্রানামভয়য়য়য় ॥৩০॥
তক্ত বিত্তাদিবাভ্রেয়্র চাপং হেমপরিছ্নতম্।
দিক্ষু সর্বাস্থ পশ্যামো দ্রোণস্থামিততেজসঃ ॥৩১॥
শোভমানাং ধ্বজে চাক্ত বেদীমদ্রাক্ষম ভারত!।
হিমবচ্ছিথরাকারাং চবতঃ সংযুগে ভূশম্ ॥৩২॥
দ্রোণস্ত পাণ্ডবানীকে চকার কদনং মহং।
যথা দৈত্যগণে বিষ্ণুঃ স্থরাস্থরনমস্কৃতঃ ॥৩৩॥

নানগেনি। হিমাত্যমে শীতকালাবসানে বসন্তকালে, নানগুমানঃ পুন: পুনর্মনন্ গর্জন্, মিশ্রো মিলিতো বাতো যত্র সং, পর্জ্জতো মেঘং, অশ্বর্বং শিলাবৃত্তীমিব, লোণং পরেষাং ভরম্, আদধ্য জনযন্, বাণবর্বম্ অবর্ধ্য অকরোম। ১৯।

দ্বা ইতি। মহেবাদো মহাধহর্দ্ধরে। হোণ: ।৩০।

তশ্রেতি। অব্রেষু মেমেষু, হেমপবিদৃতং স্বর্গণচিতত্ব। শোভিতম্ ।৩১।

শোভেতি। বেদীং আহ্মণছাদ্যজ্বেদীচিহ্ন্। হিমবচ্ছিধরাকাবাং হিমাত্রিশৃঙ্গতুন্যাম্। ১২।

দ্ৰোণ ইতি। কদনমুংপীড়নম্ ।৩৩।

লঘুহস্ত-দ্রোণ-নিশিপ্ত ভয়ঙ্কর বাণ সকল যাইয়া হস্তী, অর্থ, পদাতি, বথী ও গদ্রাবোহীদিগকে আলোড়ন কবিতে লাগিল ॥২৮॥

বসম্ভকালে বায়্সম্মিলিত এবং অনববতগর্জনকারী মেঘ যেমন শিলার্টি কবে, সেইরূপ ডোণ শত্রুপক্ষেব ভয় জন্মাইতে থাকিয়া বাণর্টি কবিতে লাগিলেন ॥২৯॥

বলবান্, বীর, মহাধনুর্দ্ধব ও মিত্রগণের অভয়দাতা দোণ বিপক্ষসৈন্তকে আলোড়ন করতই যেন সকল দিকে বিচরণ করিতে থাকিলেন॥৩০॥

মেঘের উপরে বিত্যুতের স্থায় অমিততেজা দ্রোণেব হস্তে তাঁহাব স্বর্ণইচিত ধরুখানাকে আমরা সকল দিকে দেখিতে লাগিলাম॥ ১॥

· ভরতনন্দন! দোণ যখন অনববত সমবাঙ্গনে বিচরণ করিতেছিলেন, তখন আমরা তাঁহার ধ্বজে হিমালয়ের শৃঙ্গতুল্য সুন্দর বেদী দেখিতেছিলাম ॥৩২॥

পূর্বকালে সুবাস্থবনমস্থত বিষ্ণু ষেমন দৈতাসৈত্যগণের গুরুতর উৎপীড়ন কবিয়াছিলেন, জোণও তেমন পাণ্ডবসৈত্যগণেব গুরুতর উৎপীড়ন কবিতে লাগিলেন ॥৩০॥ দ শৃরঃ দত্যবাক্ প্রাজ্ঞা বলবান্ দত্যবিক্রমঃ।
মহানুভাবঃ কল্লান্তে রোদ্রাং ভীরুবিভীষণাম্ ॥৩৪॥
কবচোর্দ্মিধ্বজাবর্ত্তাং মর্ত্ত্যকুলাপহারিণীম্।
গজবাজিমহাগ্রাহামদিমীনাং তুরাসদাম্ ॥৩৫॥
বীরাস্থিকরাং রোদ্রাং ভেরীমুরজকচ্ছপাম্।
চর্ম্মবর্দ্মধাং ঘোরাং কেশলৈবলশাদ্রলাম্ ॥৩৬॥
শরোঘিণীং ধুমুংস্রোতাং বাহুপন্নগদঙ্গুলাম্।
রণভূমিবহাং তীব্রাং কুরুস্প্পর্যাহিনীম্ ॥৩৭॥
মনুষ্মশীর্ষপাষাণাং শক্তিমীনাং গদোড়ুপাম্।
উফীষফেনবসনাং বিকীর্ণান্তদ্বনীস্পাম্ ॥৬৮॥
বীরাপহাবিণীমুগ্রাং মাংসশোণিতকর্দ্মাম্।
হস্তিগ্রাহাং কেতুরুক্ষাং ক্ষত্রিরাণাং নিমজ্জনীম্ ॥৩৯॥

জণাইতিঃ শ্লোকৈঃ কুলকেন বক্তনদীং বর্ণয়নাহ স ইতি। ঈদুশো দ্রোণো নদীং প্রাবর্ত্তযদিতি পরেণারয়ঃ। মহানম্ভাবঃ প্রভাবো যতা সঃ, কল্লান্তে প্রলয়কাল ইব। কবচাত্তাব উর্ম্বন্তবঙ্গা যতাঃ লা চালো ধবজা এব আবর্ত্তা জলভ্রম্বো যতাঃ লা চেতি তাম, মর্ত্ত্যা মৃতদেহা এব কুলানি তীবাণি তানি ভঙ্কুল অপহবতীতি তাম। গজবাজিন এব মহাগ্রাহা বৃহজ্জলজ্জবো যতাং তাম, অসমঃ কুণাণা এব মীনা যতান্তাম, হুরাসদাং হুর্গমাম্। বীরাণামহীত্তেব শর্করাঃ কুদ্রপাবাণা যতাং তাম, ভেনীমুবলা বাজ্যপ্রাণ্যেব কচ্ছুপা যতাং তাম্। চর্মাণি বর্মাণি চ প্রবাঃ কুদ্রনোকা যতাং তাম, কেশা এব শৈবলাক্তিঃ শাবলাং স্থানবিশেষে হরিবার্ণাম্। শরা এব ওঘা বেগা অতাঃ সন্তীতি তাম, ধনুংগ্রেব স্রোতাংসি যতান্তাম্। স্রোতঃশবত্ত সন্দোপ আর্বঃ। বাহব এব পরগাঃ সর্পাক্তিঃ সক্ত্রনাং ব্যাপ্তাম্। রণভূমো বহতীতি তাম, ক্রন্ ক্ষেবাংশ্চ বহতি ন্যতীতি তাম্। মহন্তাণাং শীর্ষাণি মন্তব্যাত্তাম্। উন্ধীব-বন্ধান্তেব ফেনা যতান্তাম্। ফেনপদত্ত মধ্যবিভিত্তমার্যম্। বিকীর্ণানি অন্তাণি নাডীবিশেষা

বীর, সত্যবাদী, প্রাজ্ঞ, বলবান, ষথার্থবিক্রমশালী ও মহাপ্রভাবসম্পর জোণ প্রলয়কালেব ন্যায় একটা ভয়ঙ্কব বক্তেব নদী প্রবর্ত্তিত ক্রিয়া ফেলিলেন। কবচ ছিল সেই নদীটাব তবঙ্গ, ধ্বজ ছিল আবর্ত্ত (ঘোলা), হস্তী ও অশ্ব ছিল বৃহৎ জলজন্ত, তববাবি ছিল মংস্থা, বীবগণেব অস্থি ছিল কাঁকব, ভেবী ও মৃদদ্দ ছিল কচ্ছপ, চর্মা ও বর্মা ছিল ক্ষুদ্র নৌকা, বাণ ছিল বেগ, ধনু ছিল প্রোভ, মনুষ্যগণেব মস্কক ছিল পাষাণ, শক্তি ছিল মংস্থা, গদা ছিল ক্ষুদ্র নৌকা, উফীষ ও বন্ধ ছিল কোঁটা ছিল সর্প, রক্ত ও মাংস ছিল কন্দিন, হস্তী ছিল

কুবাং শরীরসংঘটাং সাদিনকাং ত্রত্যয়াম্।
টোণঃ প্রাবর্তয়ত্তর নদীমন্তকগামিনীম্॥৪০॥
ক্রব্যাদগণসংজ্টাং শ্বশৃগালগণামুতাম্।
নিষেবিতাং মহারোক্তিঃ পিশিতাশৈঃ সমন্ততঃ॥৪১॥ (কুলকম্)
তং দহন্তমনীকানি রথোদারং কৃতান্তবৎ।
সর্বতোহভাদ্রবন্ টোণং কৃতীপুত্রপুরোগমাঃ॥৪২॥
তে টোণং সহিতাঃ শ্বাঃ সর্বতঃ প্রত্যবারয়ন্।
গভল্ডিভিরিবাদিত্যং তপন্তং ভুবনং যথা॥৫০॥
তং তু শ্বং মহেষাসং তাবকা হ্যন্ততায়ুধাঃ।
রাজানো রাজপুত্রাশ্চ সমন্তাৎ পর্য্যবারয়ন্॥৪৪॥

এব সবীস্পা: দর্পা যত্ত তাম্। বীরানপহরতীতি তাম্, মাংসশোণিতাত্যেব কর্দমা যন্তান্তাম্। ছন্তিন এব গ্রাহা জলজন্তবাে যত্ত তাম্, কেতবাে ধবজা এব বৃক্ষা যত্ত তাম্, ক্ষত্রিযাণাং নিমজনীং নিমজনকাবিশীম্। শরীবাণ্যেব সংঘটা সেপানানি যন্তাং তাম্, সাদিনাে হন্তাশাাহিণ এব নক্রাঃ কৃত্তীবা যন্তাং তাম্। অন্তক্যামিনীং যমলাকপ্রাপিণীম্। ক্রব্যাদার্গবিব্ কাদিমাং সভাজিসমূহৈঃ সংজ্ঞাং সমাক্ সেবিতাম্, শুনাং কৃত্রাণাং শৃগালানাঞ্চ গণেন আযুতাং সম্বন্ধাম্। সমন্ততাে মহার্বোজাঃ পিশিতাশৈর্মাংসভাজিভিঃ পক্ষিভির্নিবেবিতাঞ্চ। অত্ত পুনক্ষক্তাাদ্যাে দোষা আর্বহাং সোঢ়বাাঃ ১৩৪—৪১৪

তমিতি। রথোদাবং মহারথম্। কুন্তীপুত্তপুবোগমা যুধিষ্টিবাদ্য: 18২। ত ইতি। গভন্তিভি: কিরণৈ:। প্রথমার্থে তৃতীযেয়ম্। ইবশন্য: সম্ভাবনাযাম্ 18৩। তমিতি। পর্যাবার্যন্ শাহায্যবিধানায় 1881

জলজন্ত, ধবজ ছিল বৃক্ষ, শরীব ছিল ঘাট এবং গঞ্জারোহী ও অশ্ববোহীবা ছিল কুন্ডীর। আর সেই নদীটা ভীক লোকেব ভয় জন্মাইতেছিল এবং হুর্গমা, কেশবপ শৈবলে (সেওলাতে) হরিদ্বর্ণা, রণস্থলবাহিনী, কুক ও স্ঞায়গণাক্ষিণী, বীরাপহবণকাবিণী, ক্ষত্রিয়গণের নিময়তাবিধায়িনী, ষমলোকপ্রেবিণী, বিশেষতঃ মাংসভোজী বৃক, কুকুব, শৃগাল ও মহাভীষণ পক্ষিগণে সকল দিকে ব্যাপ্ত ছিল ॥৩৪—৪১॥

মহারথ জোণ যমের স্থায় সৈম্ম সংহার কবিতে লাগিলে, যুখিষ্ঠিবপ্রভৃতি যোদ্ধারা সকল দিকু হইতে তাঁহার প্রতি ধাবিত হইলেন ॥९২॥

কিরণসমূহ যেমন জগৎসন্তাপকাবী সূর্য্যকে পবিবেষ্টন কবে, সেইবূপ সেই বীরেরা সম্মিলিত হইয়া সকল দিকে জোগকে বেষ্টন কবিলেন ॥৪৩॥

⁽৪৩)--- সর্বাতঃ পর্যাবারষন্ - পি। (৪৪)- তাবকাভ্যুত্তামুধা:--বা ব বা নি।

শিখণ্ডী তু ততো দ্রোণং পঞ্চভিন্তপর্বভিঃ।

ক্ষত্রবর্মা চ বিংশত্যা বহুদানশ্চ পঞ্চভঃ ॥৪৫॥
উত্তমৌজান্ত্রিভির্বাণৈঃ ক্ষত্রদেবশ্চ সপ্তভিঃ।

সাত্যকিশ্চ শতেনাজে যুধামন্যুন্তথাইভিঃ ॥৪৬॥

যুধিন্তিরো দ্বাদশভিদ্রোণং বিব্যাধ সায়কৈঃ।

ধুইত্যুন্নশ্চ দশভিশ্চেকিতানন্ত্রিভিঃ শবৈঃ ॥৪৭॥ (বিশেষকম্)

ততো দ্রোণঃ সত্যসন্ধঃ প্রভিন্ন ইব কুপ্পরঃ।

অভ্যতীত্য রথানীকং দৃঢ়সেনমপাত্রহ ॥৪৮॥

ততো রাজানমাদাত্য প্রহরন্তমতীতবং।

অবিধ্যারভিঃ ক্ষেমং স হতঃ প্রাপতদ্রেগাৎ ॥৪৯॥

স মধ্যং প্রাপ্য সৈন্তানাং সর্বাঃ প্রবিচরন্ দিশঃ।

ত্রাতা হ্য রব্যেরাং ন ত্রাতব্যঃ কথঞ্চন ॥৫০॥

শিখণ্ডীতি। নতানি কিঞ্চিত্তাণি পর্বাণি উপাস্ত্যদেশা যেয়াং তৈর্বাণে:। শতেন বাণানাম। বিব্যাধ তাড্যামাস, সামকৈর্বাণে: ॥৪৫ —৪ ৭॥

তত ইতি। সত্যসন্ধো যথার্থপ্রতিজ্ঞা, প্রভিন্নো মদস্রাবী। দৃচসেনং নাম ॥৪৮॥
তত ইতি। ক্ষেমং নাম বাজানমিতি সম্বন্ধঃ। নবভির্বোণেঃ ॥৪৯॥
স ইতি। স দ্রোণাঃ। ত্রাতা বক্ষকঃ। ত্রাতব্যো বক্ষিতব্যঃ, আত্মনৈব স্থবক্ষিতত্বাৎ ॥৫০॥

আবাব আপনার পক্ষেব বাজাবা এবং বাজপুত্রেবাও অন্ত উত্তোলন করিয়া সেই মহাবীব ও মহাধমুর্দ্ধিব দ্রোণকে সকল দিকে বেষ্টন কবিলেন ॥৪৪॥

তাহার পব শিখণ্ডী নতপর্ব পাঁচটা, ক্ষত্রবর্দ্মা কুড়িটা, বস্থদান পাঁচটা, উত্তমৌজা তিনটা, ক্ষত্রদেব সাতটা, সাত্যকি শতটা, যুধামন্ত্য আটটা, যুধিষ্ঠিব বাবটা, ধৃষ্টগ্রায় দশটা এবং চেকিতান তিনটা বাণদারা যুদ্ধে জোণকে বিদ্ধা করিলেন ॥৪৫—৪৭॥

তদনস্তর সত্যপ্রতিজ্ঞ জোণ মদস্রাবী হস্তীব স্থায় বিপক্ষ র্থী সৈম্মকে অতিক্রম কবিয়া যাইয়া দূঢ়সেনকে নিপাতিত কবিলেন ॥৪৮॥

তৎপরে, ক্ষেমবাজা নির্ভয়েব স্থায প্রহাব কবিতেছিলেন, সেই সময়ে জোণ তাঁহার সম্মুখে যাইযা তাঁহাকে নয[্]চা বাণদ্বাবা বিদ্ধ কবিলেন; তখন তিনি নিহত হইযা রথ হইতে পতিত হইলেন ॥৪৯॥

ক্রমে জ্রোণ বিপক্ষসৈয়ের মধ্যে উপস্থিত হইয়া সকল দিকে বিচরণ করিতে থাকিয়া অন্তেব রক্ষক হইতে লাগিলেন বটে, কিন্তু নিজে কোন প্রকাবেই সম্যের বক্ষণীয় হইতে থাকিলেন না ॥৫০॥

শিখন্তিনং ঘাদশভিবিংশত্যা চোত্তমোজসম্।
বহুদানঞ্চ ভল্লেন প্রৈষয়দ্যনসাদনম্॥৫১॥
অশীত্যা ক্ষত্রবর্মাণং ষড়্বিংশত্যা হুদক্ষিণম্।
ক্ষত্রদেবস্ত ভল্লেন রথনীড়াদপাতয়ৎ॥৫২॥
যুধামন্ত্যং চতুঃষষ্ট্যা ত্রিংশতা চৈব সাত্যকিম্।
বিদ্ধা রুক্সরথস্তুর্ণং যুধিন্তিরমুপাদ্রবৎ॥३৩॥
ততো যুধিন্তিরঃ ক্ষিপ্রং গুরুতো রাজসত্তমঃ।
অপায়াজ্জবনৈর হৈঃ পাঞ্চাল্যো দ্রোণমভ্যয়াৎ॥৫৪॥
তং দ্রোণঃ সধনুকস্ত সাশ্যন্তারমাক্ষিণোৎ।
স হতঃ প্রাপতদ্ভূমো রথাজ্জ্যোতিরিবাম্বরাৎ॥৫৫॥
তত্মিন্ হতে রাজপুত্রে পাঞ্চালানাং যশস্বরে।
হত দ্রোণং হত দ্রোণমিত্যাসীনিষ্বনো মহান্॥৫৬॥

শিথগুনমিতি। দাদশভিবিংশত্যা চ বাণৈর্বিদ্ধেতি শেষঃ ॥৫১॥ অশীত্যেতি। পূর্ববদেব বিদ্ধেতি শেষঃ। রখনীডাদিত্যনেন ক্ষত্রদেবক্স পক্ষিতৃদ্যক্ষ স্ফিত্য ॥৫২॥

যুধেতি। কল্পরথং স্বর্ণময়রথো জ্যোণঃ। উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৫০॥
তত ইতি। গুরুতো গুবোর্জোণাৎ। অপাযাৎ অপাসবৎ, জবনৈর্বেগবদ্ভিঃ ॥৫৪॥
তমিতি। অবৈধন্তা সাব্যবিদ্যা চ সহেতি তম্, আন্দিণোহাণৈর্ব্যদাব্যৎ ॥৫৫॥

পরে তিনি বাবটা বাণদ্বাবা শিখণ্ডীকে এবং কুড়িটাদ্বারা উত্তমোজাকে বিদ্ব করিয়া একটা ভল্লধাবা বস্থুদানকে যমালযে প্রেরণ করিলেন ॥৫১॥

আবাব আশীটা বাণদ্বারা ক্ষত্রবর্ম্মাকে এবং ছাব্বিশটাদ্বার। স্থুদক্ষিণকে তাড়ন করিয়া একটা ভল্লদ্বারা ক্ষত্রদেবকে রথনীড় হইতে নিপাতিত কবিলেন ॥৫২॥

ভংপরে জোণ চৌষট্টিটা বাণদ্বারা যুধামত্মকে এবং ত্রিশটাদ্বাবা সাত্যকিকে বিদ্ধ করিয়া সম্বর যুধিষ্টিরের দিকে ধাবিত হইলেন ॥৫২॥

্তদনস্তর রাজশ্রেষ্ঠ যুখিষ্ঠিব সহব বেগযুক্ত হোটক চালিত রথে দ্রোণের নিকট হইতে অপস্থত হইলেন; আব পাঞ্চালরাজপুত্র দ্রোণেব দিকে চলিলেন ॥৫৪॥

তখন দ্রোণ বাণদ্বারা ধন্যু, অশ্ব ও সার্যথির সহিত পাঞ্চালবাজপুত্রকে বিদীর্ণ করিলেন; তাহাতে সেই রাজপুত্র নিহত হইয়া আকাশ হইতে জ্যোতিফ পদার্থের স্থায় রথ হইতে ভূতলে পতিত হইলেন ॥१৫॥ তাংস্তথা ভ্শসংবন্ধান্ পাঞ্চালান্ মৎস্তকেক্যান্।

সঞ্জয়ান্ পাগুবাং শৈচৰ দ্রোণো ব্যক্ষোভয়দ্বলী ॥৫৭॥

সাত্যকিং চেকিতানঞ্চ ধ্যউত্যুদ্ধশিখণ্ডিনো।

বাৰ্দ্ধক্ষেন্ধং চৈত্ৰদেনিং সেনাবিন্দুং হ্বক্রিসম্॥৫৮॥

এতাংশ্চান্তাংশ্চ হ্ববহুন্ নানাজনপদেশ্বরান্।

সর্বান্ দ্রোণোহজ্মদ্যুদ্ধে কুরুভিঃ পবিবারিতঃ ॥৫৯॥ (যুগ্মকম্)

তাবকাশ্চ মহারাজ! জয়ং লক্ষ্বা মহাহবে।

পাগুবেয়ান্ রণে জন্মুদ্রবিমাণান্ সমস্ততঃ ॥৬০॥

তে দানবা ইবেল্রেণ বধ্যমানা মহাত্মনা।

পাঞ্চালাঃ কেক্যা মহস্তাঃ সমকম্পন্ত ভারত!॥৬১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্ত্যাং সংহিতায়াং বৈযাসিক্যাং দ্রোণপর্ববি

সংশপ্তক্বধে দ্রোণবিক্রমে উনবিংশোহধ্যায়ঃ ॥০॥ **

তিমিরিতি। হত সংহরত যুযম্। নিম্বনং কোলাহল: ॥৫৬॥
তানিতি। ভূশসংবন্ধান্ অতীবকুদ্ধান্। ব্যক্ষোভমং আলোডমং ॥৫ १॥
সাত্যকিমিতি। স্বর্চসং নাম। পবিবাবিতঃ পবিবেষ্টিতঃ ॥৫৮—৫৯॥
তাবকা ইতি। তাবকাত্বংপক্ষীমযোদ্ধার:। দ্রবমাণান্ পলামমানান্ ॥৬০॥
ত ইতি। মহাত্মনা লোণেন। সমকম্পন্ত প্রাণভবেন ॥৬১॥
ইতি মহামহোপাধ্যাম-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্ভূমণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবত-টীকাষাং ভাবতকোম্দীসমাখ্যামাং লোণপর্বণি
সংশপ্তকবধে উনবিংশোহধ্যামঃ ॥০॥

পাঞ্চালগণেব যশুস্কব সেই বাজপুত্র নিহত হইলে, 'ড্রোণকে বধ কব, ড্রোণকে বধ কব' এইরূপ বিশাল কোলাহল হইতে লাগিল ॥৫৬॥

বলবান্ দ্রোণ—অত্যম্ভক্রুদ্ধ সেই পাঞ্চাল, মংস্থা, কেক্য, স্ঞায় ও অত্যান্ত পাণ্ডবযোদ্ধগণকে আলোডন কবিতে লাগিলেন ॥৫৭॥

জ্বেন জোণাচার্য্য কৌববদৈন্তগণে পবিবেষ্টিত হইয়া সাত্যকি, চেকিতান, ধৃষ্টগ্রুন্ন, শিখণ্ডী, বাৰ্দ্ধক্ষেমি, চৈত্রসেনি, সেনাবিন্দু ও স্থবর্চা ইহাদিগকে এবং অস্তান্ত বহুতর নানাদেশীয বাজাকে যুদ্ধে জয় কবিলেন ॥৫৮—৫৯॥

মহাবাজ। আপনাব পক্ষেব যোদ্ধাবা মহাযুদ্ধে জয় লাভ কবিয়া সকল দিকে পলাযমান পাণ্ডবসৈম্মগণকে বধ কবিতে লাগিলেন ॥১০॥

⁽৬১) মাৎস্তা:—নি। * '---বিংশোহধ্যাষঃ' ব, '-- একবিংশোহধ্যাষঃ' বা বা নি। জোণ (২১)-২৩

বিংশোহধ্যায়ঃ।

----:*:----

ধৃতরাষ্ট্র উবাচ।

ভারদাজেন ভয়েরু পাগুবেরু মহায়ধে।
পাঞ্চালেরু চ সর্বেরু কশ্চিদন্যোহভ্যবর্ত্ত ॥১॥
ভার্যাং যুদ্ধে মতিং কৃত্বা ক্ষত্রিয়াণাং যশক্ষরীম্।
ভাসেবিতাং কাপুরুষেঃ সেবিতাং পুরুষর্বভঃ ॥২॥।(রুশ্মকম্)
স হি বীরোন্ধতঃ শুরো যো ভগ্নেরু নিবর্ত্ততে।
ভাহো নাসীৎ পুমান্ কশ্চিদ্দৃষ্ট্বা জোণং ব্যবস্থিতম্ ॥৩॥
ভ্যুন্তমাণমিব ব্যান্ত্রং প্রভিন্নমিব কুপ্তরম্ ।
ভাজন্তমাহবে প্রাণান্ সমন্ধং চিত্রযোধিনম্ ॥৪॥
মহেস্বাসং নরব্যান্ত্রং দ্বিষতাং ভয়বর্দ্ধনম্ ।
কৃতজ্ঞং সত্যনিবতং তুর্য্যোধনহিতৈষিণম্ ॥৫॥

ভাবেতি। অভ্যবর্ত্ত অভিমুখোহতবৎ কিমিতি কাকু:। আর্য্যাং দাধ্বীম্ ॥১—২॥
স ইতি। সৈন্তেম্ ভয়েম্ সৎস্থ, যো নিবর্ত্ততে নির্ত্যাভিমুখীভবতি, স হি, বীবেষ্ উর্বতঃ
শ্রেষ্ঠঃ শ্বো বীবঃ। তথা চ দ্রোণং যুদ্ধায় ব্যবস্থিতং দৃষ্টা তাদৃশঃ কন্চিৎ পুমান্, পাণ্ডববলেষ্
তদানীং নাসীদহো কিমিতি কাকু: ॥৩॥

ভবতনন্দন ৷ ইন্দ্র যেমন দানবগণকে বধ করিতেন, সেইবপ মহাত্মা জোণ বধ করিতে থাকিলে, পাঞ্চাল, কেকয় ও মংস্থাদেশীয় সৈন্যেবা কাঁপিতে লাগিল" ॥৬১॥

一:*:--

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জষ! জোণাচার্য্য সমস্ত পাণ্ডবগণকে এবং সমগ্র পাঞ্চালদিগকে পবাভূত কবিলে, ক্ষত্রিয়গণের যশেব হেতু, পুরুষশ্রেষ্ঠগণেব অবলম্বিত এবং কাপুরুষদিগেব অনাঞ্জিত যুদ্ধবিষয়ে উত্তম বুদ্ধি করিয়া পাশ্তব-পক্ষের অন্ত কোন লোক জোণেব অভিমুখবর্তী হইয়াছিল কি ? ॥১—২॥

সৈন্ত ভগ্ন হইলে যিনি ফিবিয়া দাড়ান, তিনিই বীবগণেব মধ্যে শ্রেষ্ঠ বীর। স্থতরাং দ্রোণকে যুদ্ধের জন্য অবস্থিত দেখিবা তাদৃশ কোন পুক্ষ তখন পাণ্ডব-পক্ষে ছিল না কি ? ॥৩॥

⁽১)…কৈকেষেষু মহামুধে—পি। (৫)… দ্বিষভামধ্বৰ্দ্ধনম্—পি,— দ্বিষভাং শোকবৰ্দ্ধনম্—বা।

ভারদ্বাজ্ঞং তথানীকে দৃষ্ট্বা শূরমবস্থিতম্। কে শূবাঃ সন্ম্যবর্ত্তন্ত তন্মমাচক্ষ্ব সঞ্জয় ! ॥৬॥ (বিশেষকম্) সঞ্জয় উবাচ।

তান্ দৃষ্ট্বা চলিতান্ সংখ্যে প্রবৃদ্ধান্ দ্রোণসায়কৈঃ।
পাঞ্চালান্ পাগুবান্ মৎস্থান্ স্বঞ্জয়াংশ্চেদিকেকয়ান্॥ । ॥
দ্রোণচাপবিমুক্তেন শরোবেণাগুহাবিণা।
দিন্ধোরিব মহোবেন ব্রিষমাণান্ যথা প্রবান্ ॥ ৮॥
কৌববাঃ দিংহনাদেন নানাবাগ্রস্থনেন চ।
বথদিপনরাংশ্চেব সর্বব্তঃ সমবার্যন্ ॥ ৯॥ (বিশেষকম্)
তান্ পশ্যন্ সৈন্যমধ্যম্যে রাজা স্বজনসংস্তঃ।
দ্রুর্য্যোধনোহত্রবীৎ কর্নং প্রহাষ্টঃ প্রহদন্ধিব ॥ ১০॥

জুন্তেতি। জুন্তমাণং গাত্রমাবচ্ছমানম্, প্রভিন্নং মদশ্রাবিণম্। ত্যজন্তং ত্যাগাবোদ্-যচ্ছস্তম্, দন্নজং যুদ্ধায় দক্ষিতম্। মহেখাসং মহাধহন্ধবম্। অনীকে দৈন্তে ॥৪——৬॥

তানিতি। পবত ব্রিষমাণানিত্যক্তে: চলিতান্ বিচলিতান্ কম্পিতানিতার্থ:। প্রণুরান্ বিদীর্ণান্। আশুহারিণা ক্রতং হরণকাবিণা। ব্রিষমাণান্ অক্সত্র নীষমানান্, প্রবান্ ক্স্ত্র-নৌকা:। বথবিপনবান্ পাগুবপক্ষীযান্ বথিহস্তিপদাতীন্ ॥ ৭—— ৯॥

সঞ্জয়। গাত্রজ্ঞপকাবী ব্যান্ত্রেব ন্যায় এবং মদস্রাবী হস্তীর তুল্য, যুদ্ধে প্রাণত্যাগে উত্তত, যুদ্ধসজ্জায সজ্জিত, বিচিত্রযুদ্ধকাবী, মহাধনুর্দ্ধব, নবশ্রেষ্ঠ, শব্রুগণেব ভয়বর্দ্ধক, কৃতজ্ঞ, সত্যপবায়ণ, হুর্য্যোধনেব হিতৈষী ও মহাবীব জোণকে সেইভাবে কৌববসৈশুমধ্যে অবস্থিত দেখিয়া পাশুবপক্ষেব কোন্ বীবেবা ফিবিয়া দাড়াইযাছিলেন, তাহা তুমি আমাব নিকট বল" ॥৪—৬॥

সঞ্জয বলিলেন—"মহাবাজ। পাঞ্চাল, পাণ্ডব, মৎস্থা, স্ম্প্রায়, চেদি ও কেবয় সৈত্যেবা জোণেব বাণে বিদীর্ণ হইযা যুদ্ধে বিচলিত হইয়াছে এবং সমুজের মহাবেগ যেমন ক্ষুদ্রে নৌকাসমূহকে হবণ কবে, তেমন শীঘ্রহবণকারী জোণ-কাম্মুকনিক্ষিপ্ত বাণসমূহ উহাদিগকে হবণ কবিয়া লইয়া চলিয়াছে, ইহা দেখিয়া কৌরবেরা সিংহনাদ ও নানাবাঞ্জননি সহকাবে সকল দিক্ হইতে পাণ্ডবপক্ষেব ব্যী, হস্তী ও পদাতিদিগকে বাবণ কবিতে লাগিলেন ॥৭—৯॥

এই সমযে সৈম্মধ্যবর্ত্তী ও স্বজনপবিবেষ্টিত বাজা ছর্য্যোধন তাহাদিগকে দর্শন কবতঃ আনন্দিত হইয়া হাসিতে হাসিতেই যেন কর্ণকে বলিলেন—॥১০॥

⁽१) •• পাঞ্চালান্ কেক্যান্ সংস্থান্ কঞ্যাংশ্চেদিকোশলান্—পি। (১•) ইতঃ পরং 'হুর্যোধন উবাচ' বা ব বা নি।

পশ্য বাধেয় ! পাঞালান্ প্রণুয়ান্ ডোণসায়কৈঃ।

সিংহেনেব মৃগান্ বভাংজ্রাসিতান্ দৃঢ়ধন্যনা ॥>>॥

নৈতে জাতু পুনমুজমীহেয়ুরিতি মে মতিঃ।

যথা তু ভগা ডোণেন বাতেনেব মহাজ্রনাঃ ॥>২॥

অর্দা সানাঃ শরৈরেতে রুক্মপুজের্মহাজ্রনা।

পথা নৈকেন গচ্ছন্তি ঘূর্নমানাস্ততন্ততঃ ॥>৩॥

সমিরুজাশ্চ কোরব্যেজ্রোণেন চ মহাজ্রনা।

এতেহন্যে যগুলীভূতাঃ পাবকেনেব কুঞ্জরাঃ ॥>৪॥

ভ্রমরৈরিব চাবিন্টা ডোণস্থা নিশিতৈঃ শরৈঃ।

অন্যোন্তং সমলীয়ন্ত পলায়নপরায়ণাঃ ॥>৫॥

এব ভীমো মহাজোধী হীনঃ পাগুবস্ঞ্জয়ৈঃ।

মদীয়েবায়তো যোধেঃ কর্ব! নন্দয়তীব মাম্ ॥>৬॥

তানিতি। তান্ ভগ্নান্ বিপক্ষান্। প্রস্থান্তে জ্বলাভেনানন্দিত চিন্তঃ ॥>০॥
পশ্চেতি। প্রস্থান্ বিদীর্ণান্। দৃদধ্যনা ক্রোণেন ॥>১॥
নেতি। জাতু কদাচিং। ঈহেযুং কর্ছ্ং চেষ্টেরন্ ॥>২॥
অর্দ্যেতি। কল্পপ্রশ্নাং স্বর্গিচিত্যন্দদেশেং, মহাজ্মনা ক্রোণেন। নৈকেনানেকেন ॥>০॥
সমিতি। সন্নিক্ষাং স্বেচ্ছ্যা গল্জং বাধিতাং। পাবকেন বহিনা ॥>৪॥
ভ্রমবৈতি। আবিষ্টা প্রবিষ্টাং। সম্পীয়ন্ত ল্কা্যিতা অভবন্ ॥>৫॥

'কর্ণ। দেখ, পাঞ্চালেবা জোণের বাণে বিদীর্ণ হইয়াছে এবং সিংহ যেমন বন্য পশুগণকে বিত্রস্ত কবে, তেমন দৃঢ়ধরা জোণও উহাদিগকে বিত্রস্ত করিয়াছেন ॥১১॥

স্তবাং আমার ধারণা এই যে, ইহাবা পুনরায় কখনও যুদ্ধ করিবার চেষ্টা করিবে না। যে হেতু বায়ু যেমন বিশাল বৃক্ষসমূহকে ভগ্ন করে, জোণও তেমনই উহাদিগকে ভগ্ন করিয়াছেন ॥১২॥

মহাত্মা জ্যোণ স্বর্ণপুষ্ম বাণসমূহদ্বাবা পীডন কবিতে থাকায় ইহারা ইতস্ততঃ ঘুবিতে থাকিয়া অনেক পথে দৌড়াইতেছে ॥১৩॥

কৌববেবা ও মহাত্মা জোণ অবরুদ্ধ কবায় এই পাঞ্চালেরা এবং মংস্থপ্রভৃতি অক্স সৈম্মেরাও অগ্নিবেষ্টিত হস্তিগণেব ন্যায় মণ্ডলীভূত হইয়াছে ॥১৪॥

ভ্রমরগণেব স্থায় জোণের নিশিত বাণসমূহ যাইয়া প্রবেশ করিতে থাকায উহাবা পলায়নে প্রবৃত্ত হইয়া পবস্পবেব ভিতবে লুকায়িত হইয়াছে ॥১৫॥ ব্যক্তং দ্রোণময়ং লোকমগ্য পশ্যতি তুর্মতিঃ। নিরাশো জীবিতান্নুনমগ্য রাজ্যাচ্চ পাগুবঃ॥১৭॥ কর্ন উবাচ।

নৈষ জাতু মহাবাহুজীবনাহবমুৎস্জেৎ।
ন চেমান্ পুরুষব্যান্ত! সিংহনাদান্ সহিষ্যতি ॥১৮॥
ন চাপি পাগুবা মুদ্ধে ভজ্যেরমিতি মে মতিঃ।
দূরাশ্চ বলবস্তশ্চ কৃতান্ত্রা মুদ্ধপূর্মাদাঃ ॥১৯॥
বিষাগ্নিদ্যুতসংক্রেশান্ বনবাসঞ্চ পাগুবাঃ।
স্মরমাণা ন হাস্যন্তি সংগ্রামমিতি মে মতিঃ ॥২০॥
নির্ত্তো হি মহাবাহুরমিতোজা র্কোদরঃ।
বরান্ বরান্ হি কোস্তেযো বথোদাবান্ হনিষ্যতি ॥২১॥

এষ ইতি। হীনো দ্ববর্ত্তিখাৎ। নন্দযতি হর্ষযতি ॥১৬॥
ব্যক্তমিতি। ব্যক্তং ধ্রুবম্। নির্গতা আশা যক্ত সং। পাগুবো ভীমঃ ॥১৭॥
নেতি। জাতু কদাচিং। আহবং সমবাঙ্গনম্। সহিন্ততি সহিন্ততে ॥১৮॥
নেতি। ভজ্যেবন্ ভগাঃ পলাযনেন স্বপক্ষবিশ্লিষ্টা ভবেষুঃ ॥১৯॥
কৃত ইত্যাহ বিষেতি। স্ববমাণাঃ স্ববস্তঃ, হাস্তম্ভি ত্যক্ষ্যন্তি ॥২০॥
নির্ব্ত ইতি। ববান্ ববান্ প্রধানান্ প্রধানান্, রধোদাবান্ মহারধান্ ॥২১॥

কৰ্ণ। পাণ্ডব ও সঞ্জযগণশৃত্য এই মহাফোধী ভীমটা আমাব যোদ্ধগণে বেষ্টিত হইয়া আমাকে যেন আনন্দিত কবিতেছে ॥১৬॥

এই তুর্মতি পাশুবটা নিশ্চয়ই আজ জগৎটাকে দ্রোণময় দেখিতেছে এবং নিশ্চয়ই আজ জীবনে ও বাজ্যে নিবাশ হইতেছে'॥১৭॥

কর্ণ বলিলেন—'পুক্ষশ্রেষ্ঠ ! এই মহাবাছ ভীমসেন জীবিত থাকিয়া কখনও সমবাঙ্গন পবিত্যাগ কবিবেন না, কিংবা এই সিংহনাদগুলিও সহ্য কবিবেন না ॥১৮॥

এবং বীব, বলবান্, অস্ত্রে স্থানিকিত ও যুদ্ধতৃৰ্দ্ধর্ব পাণ্ডবেরা যুদ্ধে কখনও ভঙ্গ দিবেন না, ইহাই আমাব ধাবণা ॥১৯॥

আব বিষ, অগ্নি ও দ্যুতেব কেশ এবং বনবাদেব কন্ট স্মবণ কবিয়া কখনও পাণ্ডবেরা যুদ্ধ ছাড়িবেন না, ইহাও আমাব ধাবণা ॥২০॥

মহাবাহু ও অমিততেজা কুস্তীনন্দন ভীমসেন ফিবিয়া নিশ্চয়ই প্রধান প্রধান মহারথকে বিনাশ কবিবেন ॥২১॥ অদিনা ধনুষা শক্ত্যা হরৈর্নানৈর্ন হৈ রথিঃ।
আয়দেন চ দণ্ডেন ব্রাতান্ ব্রাতান্ হনিয়তি॥২২॥
তমেনমনুবর্ত্তন্তে সাত্যকিপ্রমুখা রথাঃ।
পাঞ্চালাঃ কেকয়া মৎস্থাঃ পাগুবাল্চ বিশেষতঃ ॥২০॥
শ্রাল্চ বলবন্তল্চ বিক্রান্তাল্চ মহারথাঃ।
বিশেষতল্চ ভীমেন সংরম্ভেণাভিচোদিতাঃ॥২৪॥
তে দ্রোণমভিবর্ত্তন্তে সর্ব্বতঃ কুরুপুঙ্গবাঃ।
র্কোদরং পরীক্ষন্তঃ সূর্য্যমন্তর্গণা ইব ॥২৫॥
একায়নগতা হেতে পীড়য়েয়ুর্যতন্ত্রতম্।
অরক্ষ্যমাণং শলভা যথা দীপং মুমূর্ববঃ॥২৬॥
অসংশয়ং কৃতান্ত্রাল্চ পর্য্যাপ্তাল্চাপি বারনে।
অতিভারমহং মত্যে ভারদ্বাক্তে সমাহিতম্॥২৭॥

অসিনেতি। আষদেন লোহমযেন, দণ্ডেন গদা, বাতান্ সৈক্তসমূহান্ ॥২২॥
তমিতি। অমুবর্ত্ততে অমুগমিয়ান্তি। তবিয়াৎসামীপ্যে বর্ত্তমানা ॥২৩॥
শ্রা ইতি। সংরক্তেণ ক্রোধেন, অভিচোদিতাং সর্বত্ত প্রেরিতাং ॥২৪॥
ত ইতি। পবীক্ষন্তঃ প্রাপ্ত,মিচ্ছন্তঃ, অভ্রগণা মেদসমূহাং ॥২৫॥
একেতি। এতম্যনং মতং গতাং প্রাপ্তাং। যতব্রতং স্রোণম্ ॥২৬॥
অসংশ্যমিতি। পর্যাপ্তাং সমর্থাং। ভাবদান্ধে দ্রোণে, সমাহিতং ক্রন্তম্ ॥২৭॥

তরবাবি, ধনু, শক্তি, অশ্ব, হস্তী, পদাতি, রথ ও লৌহময় গদাদাবা দলে দলে সৈম্ম সংহাব করিবেন ॥২২॥

তখন সাত্যকিপ্রভৃতি বথীবা এবং বিশেষতঃ পাঞ্চাল, কেকয়, মংস্থা ও পাণ্ডবেরা ইহার অনুসরণ কবিবেন ॥২৩॥

তা'রপৰ উহাবা বীব, বলবান্, বিক্রমী ও মহাবথ। বিশেষতঃ তখন উহাবা ক্রোধে ভীমকর্তৃক প্রেবিভ হইবেন ॥২৪॥

আবাব মেঘসমূহ যেমন সূর্য্যেব সকল দিকে থাকে, সেইরূপ কৌবব-শ্রেষ্ঠেবাও ভীমকে আক্রমণ কবিবাব ইচ্ছা কবিয়া জোণের সকল দিকে থাকিবেন ॥২৫॥

মুমূর্ পতঙ্গসমূহ যেমন অবক্ষিত দীপকে পীড়ন কবে, সেইরপ ইহারাও একমতাবলম্বী হইয়া অবক্ষিত জোণকে পীড়ন কবিবেন ॥২৬॥

⁽২৩) --- মাৎস্তাঃ—নি। (২৪) --- বিনিম্নস্তশ্চ ভীমেন সংব্যব্দেনাভিচোদিতাঃ—বা নি, --সংব্যব্দেনাভিচোদিতাঃ—ব। (২৫) --- কুকসন্তমাঃ—পি।

তে শীস্ত্ৰমন্ত্ৰগচ্ছামো যত্ৰ দ্ৰোণো ব্যবস্থিতঃ। কোকা ইব মহানাগং মা বৈ হন্ম্যৰ্যতত্ৰতম্ ॥২৮॥ সঞ্জয় উবাচ।

রাধেযক্ত বচঃ প্রেক্স রাজা তুর্য্যোধনন্ততঃ। ভাতৃতিঃ সহিতো রাজন্! প্রায়াদ্দ্রোণরথং প্রতি ॥২৯॥ তত্তাবাবো মহানাদীদেকং দ্রোণং জিঘাংসতাম্। পাগুবানাং নির্তানাং নানাবর্ণৈইয়োত্তমৈঃ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং দ্রোণপর্বাণি সংশপ্তকবধে দ্রোণযুদ্ধে বিংশোহধ্যায়ঃ ॥०॥ *

ত ইতি। কোকা: ক্রব্যান্ত্রা:, মহানাগং মহাহস্তিনম্। যতব্রতং দ্রোণম্ ॥২৮॥
বাধেয়ক্তেতি। প্রাযাৎ, দ্রোণং বক্ষিতৃং প্রাতিষ্ঠত ॥২৯॥
তত্ত্রেতি। স্বারার কোলাহল:। জিবাংসতাং হন্তমিচ্ছতাম্ ॥৩০॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভ্বণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকাষাং ভারতকৌম্দীসমাখ্যাযাং দ্রোণপর্বণি
সংশপ্তকবধে কিংশোহধ্যায়:॥০॥

তা'র পর ইহাবা অন্ত্রে স্থানিক্ষিত বলিয়া কৌরবদিগকে বাবণ করিতে সমর্থও হইবেন। স্থাতবাং আমি মনে কবি—জোণেব উপবে গুকতর ভাব ক্যস্ত করা হইয়াছে ॥২৭॥

অতএব জোণ যেখানে রহিয়াছেন, আমবা সম্ব সেইখানে যাইব। কাবণ, ক্ষুপ্র ব্যাত্রগণ যেমন মহাহন্তীকে বধ কবে, সেইবাপ উহাবা জোণকে বধ না করে'॥২৮॥

সঞ্জয় বলিলেন—"বাজা। তাহাব পব নবপতি হুর্য্যোধন কর্ণেব উক্তি শুনিয়া ভাতাদের সহিত মিলিত হইয়া জোণেব রথের দিকে প্রস্থান করিলেন ॥২৯॥

তখন এক জোণকে বধ করিবার ইচ্ছা কবিয়া পাগুবেবা নানাবর্ণ-ঘোটক-চালিত বথে প্রত্যাবৃত্ত হইলে, গুকতব কোলাহল হইতে লাগিল" ॥৩০॥

^{---°#° ---}

 ^{&#}x27;··· এক विংশোহধ্যাयः' व, 'घाविःशांश्यायः' वा वा नि ।

একবিংশোহধ্যায়ঃ।

---:#:---

ধৃতরাষ্ট্র উবাচ। সর্বেষামেব মে ক্রহি রথচিহ্নানি সঞ্জয়!। যে জোণমভ্যবর্ত্তন্ত ক্রুদ্ধা ভীমপুরোগমাঃ॥১॥ সঞ্জয় উবাচ।

থাক্ষববৈর্গ বৈদ্ বিন্বা ব্যায়চ্ছন্তং ব্রকোদরম্।
বজতাশ্বন্ততঃ শ্বঃ শৈনেষঃ সংন্যবর্ত্তত ॥२॥
সাবঙ্গান্ধো যুধামন্মাঃ ব্যং প্রস্থবর্মন্ হ্যান্।
পর্য্যবর্ত্তত তুর্দ্ধরঃ ক্রেন্ধো দ্রোণবথং প্রতি ॥৩॥
পারাবতসবর্ণেস্ত হেমভাত্তৈর্মহাজবৈঃ।
পাঞ্চালরাজস্ম হাতো ধ্রক্তিয়ানো ন্যবর্ত্তত ॥৪॥
পিতরন্ত পরিপ্রোপ্যাঃ ক্রন্তের্ম্মা যতন্ত্রতঃ।
সিদ্ধিং চাস্থা পরাং কাজ্কন্ শোণাশ্বঃ সংন্যবর্ত্তত ॥৫॥

সর্বেষামিতি। রথানাং চিহ্নানি অশ্বধ্বজবর্ণাদীনি ॥১॥
ঋক্ষেতি। ঋক্ষবর্ণৈর্ভন্ত্বং ক্লফবর্ণে:। ব্যাশচ্ছতঃ যুদ্ধব্যাশামোছতম ॥২॥
সারস্বেতি। সাবস্বা হবিণবিশেষা ইব শ্বেতনীলাকণবর্ণা অশ্বা যত্ম সঃ ॥৩॥
পারেতি। পাবাবতসবর্ণে: কপোতবং শ্বেতনীলবর্ণে:, হেমভাত্তঃ শ্বর্ণভূষণে: ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! ভীমপ্রভৃতি যে যোদ্ধারা দ্রোণেব অভিমূখে আবার চলিলেন, তাঁহাদেব সকলেরই বর্থচিহ্ন সকল আমাব নিকট বল"॥১॥

সঞ্জয় বলিলেন—"মহাবাজ! ভীমদেন ভল্লুকের স্থায় কৃষ্ণবর্ণ-ঘোটক-চালিত রথে যুদ্ধকাপ ব্যায়াম করিতে উন্নত হইয়াছেন দেখিয়া বজতেব স্থায় শুল্রাথ সাত্যকিও ফিবিলেন ॥২॥

সাবঙ্গের স্থায় খেতনীলাবুণবর্ণ অশ্বগণকে সম্বর চালাইতে থাকিয়া ছর্দ্ধির্ব ও ক্রেদ্ধ যুধামন্যু দ্রোণের রথেব দিকে চলিলেন ॥৩॥

কপোতেব স্থায় হবিদ্বর্ণ, স্বর্ণভূষণে ভূষিত ও মহাবেগশালী অশ্বগণদ্বাবা পবিচালিত রথে আরোহণ কবিয়া পাঞ্চালবাজপুত্র ধৃষ্টগ্লায় ফিবিলেন ॥৪॥

⁽২) খান্তৰ্বৈ:--পি, কল্পবৰ্বে:--বা। (৪)--- শ্বন্থক্যান্ত্ৰেক্ত ক্ৰিন্ত

পদাপত্রনিভানখান্ মল্লিকাক্ষান্ স্বলঙ্কৃতান্।
শৈখণ্ডিঃ ক্ষত্রদেবস্ত স্বযং প্রস্থায়ন্ যথো ॥ ৮॥
দর্শনীয়াস্ত কান্যোজাঃ শুকপত্রপরিচ্ছদাঃ।
বহন্তো নকুলং শীদ্রং তাবকানভিত্রক্রবুঃ॥ ৭॥
কৃষ্ণাস্ত মেঘসক্ষাশা অবহন্ধৃত্যোজপন্।
ছর্দ্ধরায়াভিসন্ধায় ক্রুদ্ধং যুদ্ধায় ভারত ! ॥ ৮॥
তথা তিত্তিরিকল্মাষা হ্যা বাতসমা জবে।
অবহংস্তমুলে যুদ্ধে সহদেবমুদাযুধ্ম্॥ ৯॥
দন্তবর্ণাস্ত রাজানং কালবালা যুধিন্তিবম্।
ভীমবেগা নরব্যান্ত্রমবহন্ বাতরংহসঃ॥ ১০॥

পিতবমিতি। পিতবং খৃষ্টত্যয়ম, পবিপ্রেপ্স্ঃ বক্ষিত্মিচ্ছু:। শোণাশো বক্তাখঃ ॥৫॥
পদ্মতি। পদ্মপত্রনিভান্ খেতারুণান্, মল্লিকাক্ষান্ মল্লিকাপুপবচ্ছেতনেত্রান্। অবং
ক্ষানেবন্ধ পূর্বহতাদক্তঃ। অতএব হি শৈথতিঃ শিথতিনঃ গুত্র ইত্যুক্তম্ ॥৬॥
দর্শেতি। দর্শনীযাঃ স্থন্দবাঃ, শুকপত্রবৎ শুকপক্ষিপক্ষবৎ হবিদ্বর্ণাঃ পবিচ্ছদা ঘেষাং তে ॥৭॥
কৃষ্ণা ইতি। উত্তর্মোজসং নাম বাজানম্। অভিসদ্ধ্যাষ উদ্বিশ্ব ॥৮॥
তথেতি। তিত্তিরিক্সাষাঃ তিত্তিবিপক্ষিবন্নানাবর্ণাঃ। জবে বেগে ॥৯॥
দক্তেতি। দন্তবর্ণা গঞ্জদন্তা ইব শুল্রবর্ণাঃ, কালাঃ কৃষ্ণা বালা গ্রীবালোমানি ঘেষাং তে ॥১০॥

় বক্তাশ্ব ও ব্রতথাবী ক্ষত্রধর্মা, পিতা ধৃষ্টগ্নায়কে বক্ষা কবিবাব ইচ্ছা ও তাহাব প্রবম সিদ্ধি কামনা করিয়া প্রতিনিবৃত্ত হইলেন ॥৫॥

শিখণ্ডীব পুত্র ক্ষত্রদেব পদ্মপত্রেব স্থায় শ্বেতাব্লবর্ণ, মল্লিকাপুষ্পেব স্থায় শুভানয়ন ও সুন্দবভাবে অলম্বত অশ্বগণকে নিজেই ক্রেত চালাইতে থাকিয়া গমন কবিতে লাগিলেন ॥৬॥

স্থৃন্য ও শুকপক্ষীব পক্ষেব স্থায় হবিদ্বর্ণ পরিচ্ছদযুক্ত কাম্বোজদেশীয় অশ্ব-গণ নকুলেব বথ বহন কবিতে থাকিয়া আপনার পক্ষেব দিকে ক্রেভ আসিতে লাগিল ॥৭॥

ভবতনন্দন! মেম্বেব স্থায় কৃষ্ণবৰ্ণ অশ্বগণ ক্ৰুদ্ধ উন্তমৌজাকে ছৰ্দ্ধৰ্য যুদ্ধেব উদ্দেশে বহন কবিয়া লইয়া চলিল ॥৮॥

তিত্তিবিপক্ষীব স্থায় নানাবর্ণ এবং বেগে বাযুব তুল্য অশ্বগণ উত্তোলিতান্ত্র সহদেবকে তুমূল যুদ্ধে লইয়া যাইতে লাগিল ॥১॥

গজদন্তেব স্থায় শুভ্রবর্ণ, কৃষ্ণবর্ণগ্রীবালোমযুক্ত এবং বাযুব ভুল্য ভয়স্কববেগ-শালী অশ্বগণ নরশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠিরকে বহন কবিতে থাকিল ॥১০॥

ত্যোগ (২১)-২৪

স্থলর স্বভূষণে ভূষিত এবং দেগে যাত্ত্ব ভুল্য অপগণে আরোহণ করিয়া দমস্ত নৈত্ব যুখিটারের দকল দিকে চলিতে লাগিল ১১১:

পাঞ্চলরাজ ত্রপদ স্থানির ছাত্র আবৃত এবং দানস্ত দৈত্যে রক্ষিত হইয়া বুর্বিস্তারের পদ্যাতে সন্ধিদান ১১৮

বুদ্ধে হাহার। দর্বপ্রকার শব্দ দত্ত করিতে পারিত এবং ক্রমণের নাধ্য উত্তন ছিল, দেই অধনকালিত রাধ আরেছণ করিয়া নহাধর্ত্বর ও নির্ভিছিত ক্রপদরাজ। অভ্যাত রাজাদের নাধ্য রহিলেন এবং দনস্ত মহারাধর দহিত নিলিত হবিয়া বিহাটিরাজ ক্রপদরাজার পিছনে ঘাইতে লাগিলেন। ১০

কেরগণ, নিখণ্ডী ও বৃষ্টকেত্ আপন আপন দৈতো পরিকেটিত হইয়া বির্টি-রাজার পিছনে চলিকেন (১৪)

শত্রহন্তা বির্টের ভর্গুলি পটিলিপুস্পের হাড় সেতরভর্ব ছিল, তাহারা বিরটিকে বহন করিতে থাকিয়া শোভা পাইতে থাকিল ১১৫৪

⁽३२)-- जाउन गरेड करेड-- वि म, -- जाउन भरतका-- र। (३६)-- करिड्यिंट नि ।

ইন্দ্রগোপকবর্ণেস্ত ভাতরঃ পঞ্চ কেকযাঃ।
ভাতরূপসমাভাসাঃ সর্বের লোহিতকথবজাঃ॥১৭॥
তে হেমমালিনঃ শ্বাঃ সর্বের যুদ্ধবিশারদাঃ।
বর্ষন্ত ইব জীমৃতাঃ প্রত্যুদ্গান্ত দংশিতাঃ॥১৮॥
আমপাত্রনিকাশাস্ত পাঞ্চাল্যমমিতৌজসম্।
দতাস্তম্বুরুণা দিব্যাঃ শিশুন্তিনমূদাবহন্॥১৯॥
তথা দাদশসাহল্রাঃ পাঞ্চালানাং মহারথাঃ।
তেষাস্ত ষট্ সহল্রাণি যে শিশুন্তিনমন্বয়ঃ॥২০॥
পুত্রেন্ত শিশুপালন্ত নরসিংহন্ত মারিষ!।
আক্রীড়ন্ডো বহন্তি স্ম সারঙ্গশবলা হয়াঃ॥২১॥
ধৃত্যকৈতুস্ত চেদীনাম্যভোহতিবলোদিতঃ।
কাম্যোজৈঃ শবলৈরখৈরভাবর্ত্ত তুর্জয়ঃ॥২২॥

হবিদ্রেতি। জবনা বেগবন্তঃ। সম্দাবহন্ বথবহনেন। এবং সর্করে ॥১৬॥
ইদ্রেতি। ইদ্রগোপকো বন্ধবর্ণঃ কীটবিশেবঃ তহর্ণবিশ্বকতা ইতি শেবঃ ৫১৭৫
ত ইতি। জীমৃতা মেঘাঃ, দংশিতাঃ ক্রতসন্নাহাঃ ॥১৮॥
আমেতি। আমপাত্রনিকাশাঃ অপবমুন্নমপাত্রবর্ণা অখাঃ। তৃত্কণা গ্রামর্ণে ৫১৯৫
তথেতি। যে মহার্থাঃ, অব্যুঃ অবগচ্ছন্ ॥২০॥
পুত্রমিতি। পুত্রং ধ্রাইকেতুম্। সারদশবলাঃ সাবদ্যাখ্যম্গবন্ধানাবর্ণাঃ ।২১৯

হবিদ্যাবর্ণ, বেগবান্ ও স্বর্ণমালাভূষিত অশ্বগণ বিবাটবাজাব পুত্রের বেগে বহন কবিতে লাগিল ॥১৬॥

স্বৰ্ণকান্তি ও বক্তধ্বজ কেক্যদেশীয় পঞ্চ ভ্ৰাতা ইন্দ্ৰগোপনীটেন সাম নত বৰ্ণ-ঘোটক-চালিত বথে চলিলেন ॥১৭॥

স্বর্ণমালাধারী, বীব, যুদ্ধবিশাবদ ও যুদ্দমজায় দক্ষিত সেই কেন্দ্রা হার। বর্ধাকারী মেঘের স্থায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥১৮॥

অপক-মৃন্ময-পাত্র-তুল্যবর্ণ তুযুকপ্রদত্ত দিব্য অধ্যা অমিতচ্চত গালংগ-বাজপুত্র শিখন্ডীকে বহন কবিতে থাকিল ॥১১॥

এবং পাঞ্চালদৈরগণের মধ্যে যে দাদশ সহস্র সহপ্র হিলেম, উপ্রেচন হট সহস্র মহারথ শিখ্যীর অয়সরণ কলিতে দাগিলেম ১২০

মাননীয় বাধা। সাবস্থের হায় বিচিত্রর্গ অহণের চান বর্ণই চান নন্দের্গ শিশুপানের পুত্রক বহন কবিমা নাইমা চলিল ২১

⁽२०) पदः एकि स्टिश्टान्यान

বৃহৎক্ষত্তত্ত কৈকেয়ং স্থকুমারং হয়োত্তমাঃ।
পলালধুমদঙ্কাশাঃ দৈন্ধবাঃ শীদ্রমাবহন্ ॥২৩॥
রুক্ষভাগুপ্রতিচ্ছনাঃ কোশেয়সদৃশা হযাঃ।
ক্ষমাবন্তোহবহন্ সংখ্যে সেনাবিন্দুমরিন্দমন্ ॥২৪॥
যুবানমবহন্ যুদ্ধে ক্রোঞ্চবর্ণা হযোত্তমাঃ।
কাশ্যস্তাভিভূবঃ পুত্রং স্থকুমাবং মহাবথম্ ॥২৫॥
খেতাস্ত প্রতিবিদ্ধাঞ্চ কৃষ্ণগ্রীবা মনোজ্বাঃ।
যন্তঃ প্রেয়করা রাজন্! রাজপুত্রমূদাবহন্ ॥২৬॥
স্থতদোমস্ত যং সৌম্যং পার্থঃ পুত্রমজীজনং।
মাষপুল্পসবর্ণাস্তমবহন্ বাজিনো রনে ॥২৭॥

অথ কোহসোঁ পূত্র ইত্যাহ ধৃষ্টেতি। অতিবলেনোদিত উন্নতঃ। শবলৈবিচিত্রৈঃ ॥২২॥
বৃহদিতি। পলালধ্যসদ্ধাশা নিক্ষলধাক্তকাগুদহনকালীনধ্যবর্ণাঃ, সৈদ্ধবাঃ সিদ্ধুদেশীযাঃ ॥২৩॥
কল্মেতি। কক্মভাগুপ্রতিচ্ছন্নাঃ স্বর্ণালকাবাবৃত্যাঃ, কোশেযসদৃশাঃ পীতবর্ণাঃ ॥২৪॥
ম্বানমিতি। কাশুস্ম কাশীবাজ্বস্ত, অভিভূবস্তদাখ্যস্ত ॥২৫॥
থেতা ইতি। প্রতিবিদ্ধাং ক্রোপত্তাং মৃথিপ্রিবাজ্জাতম্। যন্তঃ সাবথেঃ প্রেক্সকবা
আজ্ঞাধীনাঃ ॥২৬॥

চেদিদেশশ্রেষ্ঠ, অত্যন্তবলগর্বিত ও ত্র্ব্ধর ধৃষ্টকেতু কাম্বোব্দদেশীয়-বিচিত্রবর্ণ-ঘোটক-চালিত বথে আবোহণ কবিয়া জোণেব দিকে চলিলেন ॥২২॥

ধানেব নাডাব ধূমেব মত ধূমবর্ণ সিন্ধুদেশীয় উৎকৃষ্ট অশ্বগণ কেক্যদেশীয কোমলাঙ্গ বৃহৎক্ষত্রকে ক্রভ বহন কবিতে লাগিল ॥২৩॥

স্বৰ্ণালঙ্কাবে আবৃত, কোশেযবস্ত্ৰের স্থায় পীতবৰ্ণ ও সহিষ্ণুতাশালী অশ্বগণ শত্ৰুদমনকাবী সেনাবিন্দুকে যুদ্ধে বহন কবিয়া চলিল ॥২৪॥

ক্রোঞ্চেব (কোঁচবকের) তুলাবর্ণ উত্তম অশ্বগণ যুবা, কোমলাঙ্গ, অথচ মহাবথ কাশীবাজ অভিভূব পুত্রকে যুদ্ধে বহন করিয়া লইয়া যাইতে লাগিল ॥২৫॥

বাজা। খেতবর্ণ, কৃষ্ণগ্রীব, মনের স্থায় বেগবান্ এবং সাবথিব আজ্ঞাবহ অশ্বগণ যুধিষ্ঠিবেব পুত্র প্রতিবিদ্ধাকে লইযা চলিল ॥২৬॥

ভীমসেন 'স্তুভসোম'-নামক যে স্থন্দব পুত্রটীকে উৎপাদন করিয়াছিলেন, মাষ-(মাষকলাই) পুষ্পেব তুল্যবর্ণ অশ্বগণ ভাঁহাকে বহন কবিতে লাগিল ॥২৭॥

⁽২৩) ইতঃ প্রম্ 'মল্লিকাক্ষাঃ পদ্ধবর্ণা বাহ্লিজাতাঃ স্বলঙ্কতাঃ। শ্রং শিখণ্ডিনঃ পূজ্জ ক্ষত্রদেবম্দাবহন্ ॥' অত্যাবং শ্লোকোহধিকঃ পি বা ব অস্মিনধ্যাব এব প্রাপ্তক্তত্বাৎ। (২৪)
---সেনাবিন্দুং ববধ্বজন্ম--পি।

সহস্রসোমপ্রতিষো বভূব পুরে কুরূণামুদয়েন্দুনান্নি। তশ্মিন্ জাতঃ সোমসংক্রন্দমধ্যে যস্মান্তস্মাৎ স্কৃতসোমোহভবৎ সঃ ॥২৮॥

নাকুলিন্ত শতানীকং শালপুষ্পনিভা হয়ঃ।
তরুণাদিত্যসঙ্কাশাঃ শ্লাঘনীযমুদাবহন্ ॥২৯॥
কাঞ্চনাপিহিতৈর্যোক্তে ম যুরগ্রীবসন্নিভাঃ।
টোপদেয়ং নরব্যান্তং শ্রুতকর্মাণমাহবে ॥৩০॥
শ্রুতকীর্ত্তিং শ্রুতনিধিং দ্রোপদেয়ং হয়োত্তমাঃ।
উহুঃ পার্থসমং যুদ্ধে চাষপত্রনিভা হয়াঃ॥৩১॥
যমাত্রধ্যর্দ্ধগুণং কৃষ্ণাৎ পার্থাচ্চ সংযুগে।
অভিমন্যুং পিশঙ্গান্তং কুমারমবহন্ রগে॥৩১॥

স্থতেতি। সৌস্যং স্থন্দবম, পার্থো ভীমসেনঃ ॥২৭॥

অথ তত্ত স্বতসোমনামত্বে কো হেতৃবিত্যাহ দহম্রেতি। তন্মিন্ প্রসিদ্ধে, উদ্বেদ্নায়ি, কুরণাং পুরে, সোমদংক্রদমধ্যে সোম্যাগমধ্যে, যন্মাৎ জাতঃ , যন্মান্ত দহম্রসোমপ্রতিমো বহুচক্রতৃপ্যকান্তিযুক্তো বভূব , তন্মাৎ দ ভীমপুত্রঃ স্বতসোমস্তরামা অভবৎ ॥২৮॥

নাকুলিমিতি। নাকুলিং দ্রোপন্তাং নকুলাজ্জাতম্, শালপুশনিভাং শ্বেতবক্তাং ॥২৯॥ কাঞ্চনেতি। কাঞ্চনাপিহিতৈঃ স্বৰ্ণাবৃতিঃ, যোজ্জুনুধ্বজ্জ্ভিং। শ্রুতক্ষাণমর্জ্ন-পুত্রম্॥৩০॥

শ্রুতি । শ্রুত্বীতিং সহদেবপুত্রম্ । শ্রুত্বসনেত্যন্ত নামান্তবম্ । অতএবাদিপর্বোক্ত-তরামা ন বিবোধঃ । শ্রুত্বনিধিং শাস্ত্রজ্ঞানাশ্রমম্ । চাষপত্রনিভাঃ চাষপক্ষিপক্ষতুল্যা মলিনাঃ ॥৩১॥

যমিতি। অধি অধিকঃ অদ্ধগুণো যশু তম, পার্থাদর্জ্কনাৎ। পিশঙ্গাঃ পিঙ্গলাঃ ॥৬২॥

যে হেতু কৌববগণেব 'উদযেন্দু'-নামক প্রসিদ্ধ নগবে সোমযাগেব সমযে ভীমেব সেই পুত্রটী জন্মিয়াছিল এবং সহস্র সোমেব (চক্রেব) তুল্য কান্তিমান্ হইযাছিল, সেই হেতু তাহাব নাম হইয়াছিল—'স্কৃতসোম'॥২৮॥

শালপুষ্পেব স্থায় শ্বেতবক্ত এবং নবোদিত সূর্য্যেব তুল্য উজ্জ্বল অশ্বগণ নকুলের পুত্র শ্লাঘাগুণসম্পন্ন শতানীককে বহন কবিতে লাগিল ॥২১॥

স্বর্ণখচিত-মুখবজ্জুযুক্ত এবং ময়্বেব গ্রীবাব স্থায় কৃষ্ণবর্ণ অশ্বগণ জৌপদীব গর্ভজাত অর্জ্জুনপুত্র নবশ্রেষ্ঠ শ্রুতকর্মাকে বহন কবিযা যুদ্ধে চলিল ॥৩০॥

চাষপক্ষীব পক্ষেব স্থায় মলিনবর্ণ অশ্বগণ জৌপদীব গর্ভজাত সহদেবপুত্র শাস্ত্রজ্ঞানী ও যুদ্ধে অর্জুনেব তুল্য শ্রুতকীর্ত্তিকে বহন কবিতে থাকিল ॥৩১॥

⁽২৯) --- আদিত্যতকণপ্রখ্যাঃ—বা ব বা নি।

একস্ত ধার্ত্তরা প্রেভ্যঃ পাগুবান্ যঃ সমাজিতঃ।
তং রহত্তো মহাকায়া য়ুয়্ৎয়মবহন্ রণে ॥৩০॥
পলালকাগুবর্ণাস্ত বার্দ্ধক্ষেমিং তরন্ধিনম্।
উহুঃ স্তুমুলে মুদ্ধে হয়া হফাঃ অলক্কতাঃ॥৩৪॥
কুমারং শিতিপাদাস্ত রুক্রচিত্রৈরুরুহুছিলঃ।
সৌচিত্তিমবহন্ মুদ্ধে যন্ত্পেয়করা হয়াঃ॥৩৫॥
রুক্রপৃষ্ঠাবকীর্ণাস্ত কোশেরসদৃশা হয়াঃ।
অবর্ণমালিনঃ ক্ষান্তাঃ জোণিমন্তমুদাবহন্॥৩৬॥
রুক্রমালাধরাঃ শ্রা হেমপৃষ্ঠাঃ স্বলক্কতাঃ।
কাশিরাজ্ঞং নরজ্রেষ্ঠং শ্লাঘনীয়মুদাবহন্॥৩৭॥

এক ইতি। মহাকারা অখাঃ, যুষ্ৎস্থং নাম ধৃতরাষ্ট্রাবৈচ্যাগর্ভে জাতন্ ॥৩০॥
পলালেতি। পলালকাণ্ডবর্ণা নিফলধান্তদণ্ডবর্ণাঃ খেতপীতাঃ, তরম্বিনং বলবস্তম্ ॥৩৪॥
কুমারমিতি। শিতিপাদা নীলচরণাঃ। যন্ত্রেক্সকরাঃ লারপেরাজ্ঞাবহাঃ ॥৬৫॥
কর্মেতি। করিঃ মর্ণালস্কারৈঃ পৃঠে অবকীর্ণা আবৃতাঃ। ক্যান্তাঃ সহিষ্ণবঃ ॥৩৬॥
কর্মেতি। শ্লামনীয়ং বণনৈপুণ্যাতিশ্যাদিতি ভাবঃ ॥৩৭॥

যুদ্ধে বৃষ্ণ এবং সর্জ্ঞ্ন অপেকাও যাঁহার শক্তি অদ্ধিগুণ অধিক, সেই কুমাব অভিমন্ত্যুকে পিঙ্গলবর্ণ অশ্বগণ যুদ্ধে বহন করিয়া লইয়া চলিল ॥৩২॥

এক্মাত্র যিনি ধার্ত্তরাষ্ট্রগণের নিকট হইতে যাইযা পাণ্ডবগণকে আশ্রয় করিয়াছিলেন, সেই যুযুংস্কুকে বিশাল ও বৃহংকায় অশ্বগণ বহন কবিতে লাগিল ॥৩৩॥

ধানেব নাড়ার স্থায় খেতপীতবর্ণ, স্থাষ্ট ও বিশেষভাবে অলম্বৃত অশ্বগণ বলবান্ বার্দ্দেমিকে অতিত্মুল যুদ্ধে লইয়া চলিল ॥৩৪॥

কৃষ্ণচবণ, স্বর্ণখচিতবক্ষোভূষণযুক্ত এবং দার্থিব আজ্ঞাবাহ অশ্বগণ কুমাব সৌচিত্তিকে যুদ্ধে বহন করিয়া যাইতে থাকিল ॥৩৫॥

পৃষ্ঠে স্বর্ণালঙ্কাবে অলহ্বত, স্বর্ণমালাধাবী, সহিষ্ণু ও কৌশেয়বস্ত্রেব স্থায় পীতবর্ণ অশ্বগণ শ্রেণিমান্কে বহন করিতে লাগিল ॥৩৬॥

স্বর্ণমালাযুক্ত, শক্তিশালী, পৃষ্ঠে স্বর্ণভূবিত ও সমস্তালঙ্কাবে অলঙ্কত অর্থগণ নরশ্রেষ্ঠ ও শ্লাঘ্যগুণসম্পন্ন কাশীরাজাকে বহন কবিয়া লইযা চলিল ॥৩৭॥ অন্ত্রাণাঞ্চ ধনুর্বেবদে ব্রাক্ষে বেদে চ পারগম্।
তং সত্যপ্তিমায়ান্তমরুণাঃ সমুদাবহন্ ॥৩৮॥
মুক্তৈঃ পরমকামোজৈজ বনৈর্হেমমালিভিঃ।
ভীষরন্ত্রো দ্বিহু সৈন্তং যমবৈশ্রবণাপমাঃ ॥৩৯॥
প্রভদ্রকান্ত কামোজাঃ ষট্সহস্রাণ্যদাযুধাঃ।
নানাবর্ণের্হয়ঃ শেক্রন্ বিততকাম্মুকাঃ।
সমানমৃত্যবো ভূস্বা প্রফল্পান্ধ সমস্যয়ঃ ॥৪১॥ (বিশেষকম্)
বক্রবেণান্ধবর্ণান্ত স্থবর্ণবরমালিনঃ।
উত্তরমানমনসন্দেকিতানং হযোত্তমাঃ ॥৪২॥
ইন্দ্রায়ুধ্ববর্ণস্থি কুন্তিভোজো হযোত্তমৈঃ।
ভাষাৎ সদধ্যঃ পুক্জিমাতুলঃ সন্যদাচিনঃ ॥৪৩॥

শস্ত্রাণামিতি। অস্ত্রাণামপবগ্রন্থে। ব্রান্ধে ব্রহ্মসম্বাদিনি বেদে উপনিবদি ॥৬৮॥

^{*} বৃজৈবিতি। জবনৈর্বেগবন্তি:। বৈশ্রবণ: ক্বেব:। হেমবর্গা বঞ্ধকা যেবাং তে।

শরাণাং ব্রাক্ত: সমূক্তে, বিধূষন্ত: কম্পন্নন্ত:। সমানো মৃত্যুর্ক্র মৃত্যুব্দ্ধির্বেবাং তে॥৬৯—৪১॥

বিলি,তি। বক্রকোশেষবর্গা: পিঙ্গপীতা:। অমানমনস উৎফ্লচিত্তা:॥৪২॥

ইক্রেতি। ইক্রায়্ধসবর্গে: নীলপীতাক্রিণ:, কুন্তিভোজন্তকংশীযা:॥৪৩॥

বক্ষসম্বন্ধী বেদ (উপনিষদ্), ধনুর্বেদ ও অস্ত্রসম্বন্ধীয় অস্থান্ত গ্রন্থে পাবদর্শী সত্যধৃতিকে অরুণবর্ণ অশ্বেবা বহন কবিতে থাকিল ॥২৮॥

যম ও কুবেবেব ভূল্য শক্তিশালী ষট্সহস্রসংখ্যক প্রভদ্রক ও কাম্বোজদেশীয় যোদ্ধা অন্ত্র উদ্যোলন কবিয়া, বেগবান্, স্বর্ণমালাধাবী ও যুদ্ধে উপযুক্ত অশ্বগণদ্ধাবা শক্রসৈন্মেব ভয় জন্মাইতে থাকিয়া, শ্রেষ্ঠ ও নানাবর্ণ যুক্ত-ঘোটক-চালিত বথে আবোহণ কবিযা, স্বর্ণবর্ণ বথধ্বজ ভূলিয়া দিয়া, কাম্মুকবিস্তাবপূর্বক শবসমূহদ্বাবা শক্রদিগকে বিচলিত কবিয়া এবং জ্ঞাবন ও মৃত্যুকে সমান ভাবিয়া ধৃষ্টগুমেব অনুসবণ করিতে লাগিলেন ॥৩৯—৪১॥

উত্তমস্বর্ণমালাধাবী এবং পিঙ্গলবর্ণ ও পীতবর্ণ উত্তম অশ্বগণ প্রযুল্লচিত্তে চেকিতানকে বহন কবিতে লাগিল ॥৪২॥

⁽৬৮) নস্পাবহন্—নি। ইতঃ পরস্ 'যঃ দ পাঞ্চালদেনানীর্দ্রোণমংশমকল্লাং। পারাবতসবর্ণান্তং ধ্রষ্টস্থামুদাবহন্ ॥ তমন্থাং দত্যগৃতিঃ সোচিত্তিযুঁ কর্ম্মদাবহন্ ॥ তমন্থাং দত্যগৃতিঃ সোচিত্তিযুঁ কর্ম্মদাবহন্ । শ্রেণিয়ান্ বন্ধদানত পুরু: কাশ্রন্থ চাভিভূ: ॥' ইতি শ্লোকন্থমধিকং বা ব হা নি উন্গৃগৃষ্ট হ্যান্তবনক পূর্বব্যবিক্তাং বন্ধদানক্ত চ পূর্বং লোগেন হতত্বাং।

অন্তরীক্ষসবর্ণাপ্ত তারকাচিত্রিতা ইব।
বাজানং বোচমানং তে হযাঃ সংখ্যে সমাবহন্ ॥৪৪॥
কর্বাঃ শিতিপাদাস্ত স্বর্ণজালপরিচ্ছদাঃ।
জারাসন্ধিং হয়াঃ শ্রেক্তাঃ সহদেবমুদাবহন্ ॥৪৫॥
তে তু পুকরনালস্য সমবর্ণা হয়োত্তমাঃ।
জবে শ্যেনসমাশ্চিত্রাঃ স্থদামানমুদাবহন্ ॥৪৬॥
শশলোহিতবর্ণাস্ত পাণ্ডু রোদ্গতরাজয়ঃ।
পাঞ্চাল্যং গোপতেঃ পুত্রং দিংহদেনমুদাবহন্ ॥৪৭॥
পাঞ্চালানাং নরব্যান্ত্রো যঃ খ্যাতো জনমেজয়ঃ।
তন্ম সর্বপপুজাণাং তুল্যবর্ণা হয়োত্তমাঃ ॥৪৮॥
মাষবর্ণাস্ত জবনা রহজো হেমমালিনঃ।
দিধিপৃষ্ঠাশ্চিত্রমুখাঃ পাঞ্চাল্যমবহন্ ফ্রন্তম্ ॥৪৯॥

শস্তবীক্ষেতি। অন্তবীক্ষদবর্ণা নীলবর্ণা:। রোচমানং নাম ॥৪৪॥
কর্বা ইতি। কর্বা বিচিত্রা:, শিতিপাদা: রুফচবণা:। জাবাসদ্ধিং জবাসদ্ধপূত্রম্ ॥৪৫॥
ত ইতি। পূক্ষবনালক্ত পদদগুক্ত, সমবর্ণা হবিদ্ধণা:। ক্ষ্দামানং নাম ॥৪৬॥
শশেতি। শশো মৃগবিশেব:, পাণ্ড্বা উদ্গতা বাজ্যো বোমপ্রেণয়ো যেবাং তে ॥৪৭॥
পাঞ্চালানামিতি। তুলাবর্ণা: পীতবর্ণ:, হ্যোক্তমান্তদানীমাসন্ ॥৪৮॥
মাবেতি। মাববর্ণা হবিদ্ধণা:, জবনা বেগবস্ত:। পাঞ্চাল্যং কঞ্চিদ্বীবম্ ।৪৯॥

অর্জুনেব মাতৃল কুন্তিভোজবংশীয় পুকজিৎ ইন্দ্রধন্নর স্থায় নানাবর্ণ-ঘোটক-যুক্ত বথে আগমন কবিতে লাগিলেন ॥৪৩॥

আকাশেব স্থায় নীলবর্ণ এবং নক্ষত্রচিত্রিতেব স্থায় বিচিত্র প্রসিদ্ধ অশ্বগণ বোচমান রাজাকে যুদ্ধে লইয়া চলিল ॥৪ ६॥

বিচিত্রবর্ণ, কৃষ্ণচবণ ও স্বর্ণজ্ঞালে অলম্বত উদ্ভম অশ্বগণ জবাসন্ধের পুত্র সহদেবকে বহন করিতে থাকিল ॥৪৫॥

পদ্মনালের স্থায় হরিদ্বর্ণ এবং বেগে শ্যেনপক্ষীব তুল্য বিচিত্র উত্তম অশ্বগণ স্থদামাকে যুদ্ধে লইয়া চলিল ॥৪৩॥

শশহবিণেব স্থায় রক্তবর্ণ এবং পাণ্ড্ববর্ণগ্রীবারোমযুক্ত অশ্ব সকল পাঞ্চাল-দেশীয় গোপতিব পৃত্র সিংহসেনকে বহন কবিতে লাগিল ॥ ৭৭॥

যিনি পাঞ্চালদেশীয় বীবগণেব মধ্যে শ্রেষ্ঠ এবং 'জনমেজয়'-নামে বিখ্যাত, ভাঁহাব উত্তম অশ্বগুলি সর্যপপুষ্পেব স্থায় পীতবর্ণ ছিল ॥৪৮॥

⁽৪৬) যে তু পুরুরনালশু—বা ব বা নি।

শ্রাশ্চ ভদ্রকাশ্চিব শরকাগুনিভা হয়ঃ।
পদাকিঞ্জক্ষবর্ণাভা দগুধারমুদাবহন্ ॥৫০॥
রাসভারুণবর্ণাভাঃ পৃষ্ঠতো মুষিকপ্রভাঃ।
বল্পন্ত ইব সংযত্তা ব্যান্ত্রদক্তমুদাবহন্ ॥৫১॥
হংয়ঃ কালকাশ্চিত্রাশ্চিত্রমাল্যবিভূষিতাঃ।
হুধয়ানং নরব্যান্ত্রং পাঞ্চাল্যং সমুদাবহন্ ॥৫২॥
ইন্দ্রাশনিসমস্পর্শা ইন্দ্রগোপকসমিভাঃ।
কায়ে চিত্রান্তরাশ্চিত্রাশ্চিত্রায়ুধমুদাবহন্ ॥৫০॥
বিভ্রতো হেমমালাস্ত চক্রবাকোদরা হয়াঃ।
কোশলাধিপতেঃ পুত্রং হুক্ষত্রং বাজিনোহবহন্ ॥৫৪॥
শবলাস্ত বৃহস্তোহশা দান্তা জান্থন্দক্রজঃ।
যুদ্ধে সত্যধৃতিং ক্ষেমিমবহন্ প্রাংশবঃ শুভাঃ॥৫৫॥

শ্রা ইতি। ভদ্র উত্তয়াঃ। শবকাওপদাকিজহ্বয়োঃ সমানবর্ণস্থয়্রেষম্ ॥৫০॥
রাসভেতি। বাসভস্ত গর্নভস্তেব অবণবর্ণা অব্যক্তগ্নবর্ণা আভা যেষাং তে, "অরুণোথ্যক্তরাগেথকে" ইত্যাদি মেদিনী। সংযতা ক্রতগমনায যত্মবন্তঃ ॥৫১॥
থ্রেষ ইতি। হ্বযোথখাঃ, কালকান্তদেশীযাঃ, চিত্রা বিচিত্রাঙ্গাঃ ॥৫২॥
ইদ্রেতি। ইন্দ্রগোপকো বক্তবর্ণকীটবিশেষঃ তৎসন্নিভাঃ ॥৫৬॥
বিভ্রত ইতি। বাজিনো বলবস্তো হ্যা ইতি ন পুনুক্রক্রিদোষঃ ॥৫৪॥

মাবকড়াইযেব ন্যায় হবিদ্বর্ণ, বেগবান্, বিশালাকৃতি, স্বর্ণমালাধারী, দৃধিব তুল্য শুত্রপৃষ্ঠ ও বিচিত্রমুথ অর্থগণ পাঞ্চাল্যকে ক্রত লইয়া চলিল ॥৪৯॥

ভ ইভি। স্বান্ স্বপক্ষীয়ানেব। বিদ্রবস্তঃ পলায়মানাঃ ॥৩৬॥

ভ ইভি। কন্ধপত্রা: কন্ধপক্ষিপক্ষযুক্তা:, তমুচ্ছিদো লক্ষ্যদেহচ্ছেদিন: ॥० ॥

শচ্ছা ও চুন্দুভির ধ্বনি এবং সন্যান্য বাত্যের শব্দ নীচে ফেলিয়া গাণ্ডীবের শব্দ যাইয়া আকাশস্পর্শ করিতে থাকিল ॥৩২॥

তাহার পর আবার দক্ষিণদিকে বিচিত্রযুদ্ধকারীদের যুদ্ধ এবং অর্জুনের স্থাদর যুদ্ধ হইতে থাকিল; আমি কিন্তু জোণের পিছনে চলিয়া গেলাম ॥৩৩॥

ভরতনন্দন! ওদিকে যুখিন্ঠিরের সৈন্মেরা নানাস্থানে আপনার পুত্রদেব নানাবিধ সৈন্মকে প্রহার করিতে লাগিল এবং বায়ু যেমন আকাশে মেঘ বিনষ্ট কবে, সেইরূপ অর্জ্জুনও তাহাদিগকে বিনষ্ট কবিতে লাগিলেন ॥৩৪॥

প্রচুববর্ষণকারী ইন্দ্রের স্থায় বাণসমূহবর্ষণকারী উগ্রমূর্ত্তি অর্চ্ছ্র্ন আসিতে লাগিলে, আপনার পক্ষেব কোন মহাধনুর্দ্ধব নরশ্রেষ্ঠই তাঁহাকে বারণ করিতে পারিলেন না ॥৩৫॥

অর্জ্জুন বধ করিতে লাগিলে, আপনার পক্ষের বছ যোদ্ধা অত্যস্ত ব্যথিত হইয়া ইতস্ততঃ পলায়ন করিতে থাকিয়া স্থপক্ষগণকেই বধ কবিতে লাগিল ॥৩৬॥

⁽৩০)···জোণমন্বয়াম্—বা ব,···জোণমন্বিয়াম্—নি। (৩৫)···ভ্রিবর্ধশরে ঘিণম্—পি,···
মহেদাসং নরব্যান্তং নোগ্রঃ কশ্চিদবাররৎ—বা ব রা নি।

তুরঙ্গং রথিনং নাগং পদাতিমপি মারিষ!।
বিনির্ভিত্ত ক্ষিতিং জগ্মুর্বল্মীকমিব পদ্ধগাঃ॥৩৮॥
ন চ দ্বিতীয়ং ব্যক্তজৎ কুঞ্জরাশ্বনরেষু সঃ।
পৃথগেকশরারুগাঃ পেছুন্তে গতাসবঃ॥৩৯॥
হতৈর্মসুযোর্দ্বিরদৈশ্চ সর্ববতঃ শরাভিস্থফৈশ্চ হয়ৈর্মিপাতিতৈঃ।
তদা শগোমায়ুবলাভিনাদিতং বিচিত্রমায়োধশিরো বভূব তৎ ॥৪০॥
পিতা স্বতং ত্যজতি স্কছদ্বরং স্ক্রন্তথৈব পুত্রঃ পিতরং শরাভুরঃ।
স্বরক্ষণে কৃতসতয়ন্তদা জনাস্ত্যজন্তি বাহানপি পার্থপীড়িতাঃ॥৪১॥
ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বাণি
সংশপ্তকবধে অর্জ্জুনপরাক্রমে অক্টাবিংশোহধ্যায়ঃ॥০॥ **

ত্রন্থমিতি। নাগং হন্তিনন্। জগ্মুন্তে শরা ইত্যমুর্ন্তিং, বল্মীকমুয়ীমৃত্তিকান্ ॥৩৮॥
নেতি। বিতীয়ং শরম্। একেন একৈকেনৈব শরেণ আক্যাঃ পীড়িতাঃ ॥৩৯॥
হতৈরিতি। দিরদৈর্গজ্যে, শরেরভিস্ঠা লগ্নদেহান্তৈঃ। খানঃ কুর্কুরাঃ গোমায়বঃ শৃগালাঃ
বলাঃ কাকাশ্চ তৈরভিনাদিতন্, আয়োধশিরো রণাদনোপরিদেশঃ ॥৪•॥

পিডেতি। কৃত্যতথং ক্তেচ্ছা:। বহস্তীতি বাহা রথাদীনি যানানি তান্ ॥৪১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভ্যণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারতটীকায়াং ভারতকোঁ মৃদীসমাখ্যায়াং দ্রোণপর্বাণি
সংশপ্তকবধে অন্তাবিংশোহধ্যায়ঃ ॥•॥

অর্জ্জননিক্ষিপ্ত, কঙ্কপক্ষিপক্ষযুক্ত ও দেহচ্ছেদী সেই বাণগুলি যাইযা দশ দিক্
আরুত করিতে থাকিয়া পভঙ্কেব খ্যায় পভিত হইতে থাকিল ॥৩৭॥

মাননীয় বাজা। সাপ যেমন উযীর মাটির ভিতবে প্রবেশ কবে, সেইরূপ অর্জ্জনের বাণগুলি ঘাইয়া হস্তী, অশ্ব, রখী ও পদাতিদিগকে ভেদ করিয়া ভূমির ভিতরে প্রবেশ করিতে লাগিল ॥৩৮॥

অর্জন বিপক্ষের হস্তী, অশ্ব ও মানুষের উপবে দ্বিতীয় বাণ নিক্ষেপ করেন নাই, তাঁহার এক এক বাণেই পীড়িত ও প্রাণবিহীন হইযা তাহারা পৃথক্ পৃথক্ ভাবে পতিত হইতে থাকিল ॥৩৯॥

নিহত ও শ্বসংলগ্নদেহ মানুষ, হস্তী ও অশ্বগণ সকল দিকে নিপাতিত হওয়ায় সেই সমরাঙ্গন বিচিত্র রূপ ধারণ কবিল এবং কুকুব, শৃগাল ও কাকগণ আসিয়া রব কবিতে লাগিল ॥৪০॥

^{* &#}x27;ब्य्लानिविश्यांश्रः' व, '...विश्यांशः' वा तां नि ।

ঊনত্রিংশোইধ্যায়ঃ।

প্রতরাষ্ট্র উবাচ।

তেম্বনীকেষু ভগ্নেষু পাণ্ডুপুত্রেণ সঞ্জয়!। চলিতানাং জ্রুতানাঞ্চ কথ্যাসীন্মনে। হি বঃ ॥১॥ অনীকানাং প্রভগ্নান্যবস্থান্য পশ্যতায়। ত্বকরং প্রতিদন্ধানং তন্মশাচক্ষ্ব সঞ্জয়। ॥২॥ সঞ্জয় উবাচ। তথাপি তব পুত্রন্থ প্রিয়কামা বিশাংপতে।।

যশঃ প্রবীরা লোকেষু রক্ষন্তো দ্রোণমন্বয়ুঃ ॥৩॥

পাণ্ডুপুত্রেণার্জ্বনেন। চলিভানাং গচ্ছতামৃ, ক্রভানাং পলার্মানানামৃ, কথং কীদৃশ্যু ॥১॥

অনীকানামিতি। অবস্থানমাশ্রম্। প্রতিসন্ধানং পুন: সংযোজনম্ ॥२॥ তথেতি। তথাপি অনীকেষু ভয়েষপি। প্রবীরা: প্রধানবীরা:। অন্নযুবন্ধগচ্ছন্ ॥ ।

শরপীড়িত হইয়া পিতা পুত্রকে, বন্ধু বন্ধুকে এবং পুত্র পিতাকে ত্যাগ করিতে থাকিল এবং অর্জ্জুনকর্তৃক তাড়িত হইয়া লোকেবা আত্মরক্ষার ইচ্ছা করিয়া যান-বাহনও ভাাগ করিতে লাগিল' ॥৪১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়। অর্জ্জুন সেই সৈত্যগণকে বিশ্লিষ্ট করিয়া ফেলিলে, অনেকে অন্যদিকে যাইতেছিল এবং বহুলোক পলায়ন করিতেছিল; তখন তোমাদের মন কিরূপ হইয়াছিল ? ॥১॥

ভগ্ন সৈন্মেরা আশ্রয় দেখিতে না পাইলে, তাহাদিগকে আবার সন্মিলিড করা ছুক্তর। সে যাহা হউক, সঞ্জ্য। সেই বিবরণগুলি আমার বল" ||২॥

সঞ্জয় বলিলেন—"নরনাথ! সৈন্সেরা ভগ্ন ছইলেও আপনাব পুত্রের প্রিয়-কামী প্রধান বীবেরা জগতে যশ অক্ষুণ্ণ রাখিবাব জন্ম দ্রোণের অনুসরণ করিলেন ॥৩॥

সম্ভতেষু শস্ত্রেষু সংপ্রাপ্তে চ যুধিন্ঠিরে।
অকুর্বনার্য্যকর্মাণি ভৈরবে সত্যভীতবং ॥৪॥
অন্তরং ভীমসেনস্থ প্রাপতন্দমিতোজসঃ।
সাত্যকেশ্চেব বীরস্থ ধৃষ্টগ্রুদ্ধস্থ বা বিভো। ॥৫॥
ডোণং ডোণমিতি কুরাঃ পাঞ্চালাঃ সমচোদয়ন্।
মা ডোণমিতি পুত্রাস্তে কুরন্ সর্বানচোদয়ন্ ॥৬॥
ডোণং ডোণমিতি হেকে মা ডোণমিতি চাপরে।
কুরণাং পাগুবানাঞ্চ ডোণদ্যুত্মবর্ত্ত্ত ॥৭॥
যং যং প্রমথতে ডোণঃ পাঞ্চালানাং রথব্রজম্।
তত্র তত্র তু পাঞ্চাল্যো ধৃষ্টগ্রুদ্বোহভ্যুবর্ত্ত্ত ॥৮॥

সমিতি। আর্য্যকর্মাণি বিপক্ষবারণাদীনি সজ্জনকার্য্যাণি, ভীরণামিদমিতি ভৈরবং ভরং তন্মিন অভীতবং ॥॥

অন্তরমিতি। অন্তরং রস্কুন্, প্রাপতন্ আক্রামন্ কৌরববীরা ইতি শেষ: ॥৫। ক্রোণমিতি। ক্রোণং হতেতি শেষ:। সমচোদযন্ সৈতান্ প্রৈরয়ন্। মা ক্রোণং হস্কমর্থ ॥৬॥

দ্রোণমিতি। একে পাশুবীয়া অক্রবন্। মা দ্রোণং হন্তমর্হথ, অপরে কৌরবীয়া: ॥१॥
যমিতি। প্রমণ্ডে অর্দ্ন্যতি শা। রথানাং ব্রস্কং সমূহম্ ॥৮॥

বিপক্ষেরা অস্ত্র উত্তোলন কবিলে এব যুধিষ্ঠিবও উপস্থিত হইলে, ভযের সম্ভাবনা থাকিলেও নির্ভয়েব গ্রায় থাকি সই প্রধান বীরেবা সজ্জনকার্য্যই কবিতে লাগিলেন ॥৪॥

রাজা। অমিতভেজা ভীমসেনেব, বীব সাত্যকিব, কিংবা ধ্যুত্যুদ্ধের রন্ধু (ফাঁক্) পাইযা সেই কোরববীবেবা আক্রমণ কবিতে থাকিলেন ॥৫॥

'দ্রোণকে বধ কর' 'দ্রোণকে বধ কব' এই কথা বলিয়া ক্রুব পাঞ্চালেরা সৈম্মদিগকে প্রেরণ করিতে লাগিলেন; আবার 'দ্রোণকে বধ কবিতে পাবিবে না' এইরূপ বলিয়া আপনার পুত্রেবা সমস্ত কোরবসৈম্মকে পাঠাইতে থাকিলেন ॥৬॥

একপক্ষ বলিভে লাগিল—'দ্রোণকে বধ কব' 'দ্রোণকে বধ কর' অপব পক্ষ কহিতে থাকিল—'দ্রোণকে বধ করিভে পারিবে না'। স্থভরাং দ্রোণকে লইযা যেন ভৎকালে কৌরব ও পাশুবগণেব দ্যুভক্রীড়া চলিভে লাগিল ॥৭॥

⁽৪) সম্ভাতেষ্ চাস্তেষ্—বা ব বা নি। জ্রোণ (২১)-৩০

তেষাং ভাগ্যবিপর্য্যানৈঃ সংগ্রামে ভৈরবে সভি।
বীরাঃ সমাসদন্ বীরান্ কুর্বন্ডো ভৈরবং রবম্॥৯॥
অকম্পনীয়াঃ শত্রুণাং বভূরুস্তত্র পাণ্ডবাঃ।
অকম্পয়ননীকানি স্মরন্তঃ ক্রেশমাত্মনঃ॥১০॥
তে ত্বমর্ববাং প্রাপ্তা ব্রীমন্তঃ সত্ত্বচোদিতাঃ।
ত্যক্ত্রা প্রাণান্ অবর্তন্ত ল্লেডা জোণং মহাহবে॥১১॥
অয়সামিব সম্পাতঃ শিলানামিব চাভবং।
দীব্যতাং তুমুলে যুদ্ধে প্রাণেরমিততেজসাম্॥১২॥
ন তু স্মরন্তি সংগ্রামমিপ র্দ্ধান্তথাবিধম্।
দৃষ্টপূর্বং মহারাজ প্রুত্পূর্বমথাপি বা॥১০॥

ভেষামিতি। ভাগ্যবিপর্যাসে, বিনাশাদেবেতি ভাব:। সমাসদন্ অভ্যগচ্ছন্ ॥ ॥ অকম্পেতি। অকম্পরন্ পাণ্ডবা ইত্যস্থ্রতিঃ, অনীকানি কোরবসৈস্থানি ॥ › ॥ ত ইতি। ব্রীমন্ত: অকার্য্যকবণে লচ্জাবন্তঃ, সন্থচোদিতা অধ্যবসায়প্রেরিতাঃ । › ১॥ অবসামিতি। অরসাং লোহানাম্, সম্পাতঃ সংবর্ষ:। দীব্যতাং ক্রীডতাম্ ॥ ১ ॥ নেতি। ন তু স্বরন্তি, অভ্তপূর্ব্যাদিত্যাশবঃ ॥ ১ ০॥

দ্রোণ পাঞ্চালদেশীয় যে যে বথীব দলকে মর্দন কবিতে লাগিলেন, সেই সেই স্থানেই পাঞ্চালবাজপুত্র ধৃষ্টমূগ্ন যাইতে থাকিলেন ॥৮॥

তাঁহাদেব ভাগ্যবিপর্যায়নিবন্ধন যুদ্ধটা ক্রমশঃ ভীষণ হইয়া উঠিলে, বীবগণ ভযক্ষর গর্জন কবিতে কবিতে অপব বীরগণেব দিকে ধাবিত হইতে লাগি-লেন॥৯॥

তখন কৌরবেবা পাগুবগণকে কম্পিত কবিতে পাবিলেন না; কিন্তু পাগুবেবা আপনাদেব কট্ট স্মবণ কবিয়া কৌববগণকে কম্পিত কবিয়া ভূলিলেন॥১০॥

লজ্জাশীল পাগুবেবা ক্রুদ্ধ ও অধ্যবসায়প্রেবিত হইয়া মহাযুদ্ধে প্রাণত্যাগেব পর্যাস্ত উভ্তম করিয়া দ্রোণেব উপবে আঘাত কবিতে থাকিয়া ফিরিতে লাগিলেন ॥১১॥

অমিততেজা বীবেবা সেই তুমুল যুদ্ধে প্রাণদ্বারাই যেন খেলা কবিতে থাকিলেন। তখন লোহ ও প্রস্তবেব সংঘর্ষেব ন্যায় তাহাদের সংঘর্ষ হইতে লাগিল॥>২॥

⁽৯) তথা ভাগবিপর্যাদে—পি বা ব রা,···বীরানগচ্ছন্ ভীরবং পরান্—পি ব। (১৩)
নামুম্মরস্তি···যে পূর্বদেবৈর্দেবানামপশুন্ যুদ্ধমন্ত্তম্—নি।

আকম্পিতেব পৃথিবী তত্মিন্ বীরাবসাদনে।
নিবর্ত্তা বলোবেন মহতা ভারপীড়িতা ॥১৪॥
ঘূর্ণতোহপি বলোঘস্ত দিবং স্তদ্ধে ব নিস্থনঃ।
অজাতশত্রোস্তৎ সৈন্তমাবিবেশ স্থভরবঃ ॥১৫॥
সমাসাত্ত পাশুনামনীকানি সহস্রশঃ।
তোণেন চরতা সংখ্যে প্রভগ্নানি শিতৈঃ শরৈঃ ॥১৬॥
তেরু প্রমথ্যমানেরু দ্রোণেনাদ্ভুতকর্মণা।
পর্য্যবারয়দাসাত্ত দ্রোণং সেনাপতিঃ স্বয়ম্ ॥১৭॥
তদদ্ভুতমভূদ্যুদ্ধং দ্রোণপাঞ্চাল্যয়োস্তদা।
নৈব তস্তোপমা কাচিদিতি মে নিশ্চিতা মতিঃ ॥১৮॥
ততো নীলোহনলপ্রখ্যো দদাহ কুক্রবাহিনীম্।
শরক্ষুলিঙ্গশ্চাপার্চির্দহন্ কক্ষমিবানলঃ ॥১৯॥

আকম্পিতেতি। বীরাণামবসাদনে সংক্ষাবে। নিবর্ত্ততা নিবর্ত্তমানেন ॥১৪॥

ঘূর্ণত ইতি। দিবং গগনম, তার্না ব্যাপ্য। অজাতশত্রোযু বিষ্টিরত্ত ॥১৫॥

সমিতি। পাঞ্নাং পাঞ্ডবানাম, অনীকানি সৈম্ভানি ॥১৬॥

তেখিতি। পর্যাবার্থং ক্রবার্যং, সেনাপতিপু ইত্যুন্ন: ॥১৭॥

তদিতি। পাঞ্চাল্য: পাঞ্চাল্যাজপুত্রো গৃষ্টত্যুন্ন এব ॥১৮॥

তত ইতি। শরা এব শুলিকা যতা সং, চাপ এবার্চিঃ শিখা যতা সং, ককং তৃণম্ ॥১৯॥

মহাবাজ ! বৃদ্ধেবাও সেকপ যুদ্ধ কখনও দেখেন নাই বা শোনেন নাই বলিয়া স্মবণ করিতে পাবেন না ॥১৩॥

সেই বীববিনাশের সমযে বিশাল সৈন্যসমূহ ফিবিয়া আসিতে থাকায় তাহাদের ভারে পীড়িত হইয়া পৃথিবী যেন কাঁপিতে লাগিল ॥১৪॥

সেই সৈশুসমূহ ঘুবিতে লাগিলেও ভাহাদের অভিভয়ঙ্কর কোলাহল আকাশ ব্যাপ্ত কবিয়াই যেন যুধিষ্ঠিরের সৈশুমধ্যে প্রবেশ করিতে থাকিল ॥১৫॥

সমবাঙ্গনচাবী দ্রোণ উপস্থিত হইযা নিশিত শরসমূহদ্বারা সহস্র সহস্র পাণ্ডব-সৈত্যদলকে বিশ্লিষ্ট করিয়া ফেলিলেন ॥১৬॥

অদ্ভুত্তকর্মা দ্রোণ সেই সৈন্থগণকে আলোড়ন করিতে লাগিলে, স্বয়ং ধ্যুত্তাম্ন উপস্থিত হইযা তাঁহাকে বাবণ করিতে লাগিলেন ॥১৭॥

তখন দ্রোণ ও ধৃষ্টগ্রাম্বেব অদ্ভূত যুদ্ধ হইতে লাগিল; সেই যুদ্ধের কোন উপমা নাই, এইনপই আমার নিশ্চিত ধারণা ॥১৮॥

⁽১৪) প্রাকস্পতেব—বা নি, প্রাকস্পিতেব—ব।

তং দহন্তমনীকানি দ্রোণপুত্রঃ প্রতাপবান্।
পূর্ব্বাভিভাষী স্থশ্লম্পং স্ময়মানোহভ্যভাষত ॥২০॥
নীল! কিং বহুভিদ থৈস্তব যোধেঃ শরার্চিষা।
ময়েকেন হি মুধ্যস্ব ক্রুদ্ধঃ প্রহর চাশু মাম্ ॥২১॥
তং পদ্মনিকরাকারং পদ্মপত্রনিভেক্ষণম্।
ব্যাকোশপদ্মভিমুখো নীলো বিব্যাধ সায়কৈঃ ॥২২॥
তেনাতিবিদ্ধঃ সহসা দ্রোণির্ভল্লৈঃ শিতৈক্রিভিঃ।
ধন্ত্বধ্বজ্ঞ চ্ছত্রঞ্চ দ্বিষতঃ সংস্কৃত্তত ॥২৩॥
স প্লুতঃ স্থান্দনাত্তস্মান্নীলশ্চর্ম্মবরাসিভ্ছ।
দ্রোণায়নেঃ শিরঃ কায়াদ্ধর্ত মৈচ্ছৎ পতত্রিবৎ ॥২৪॥

ভমিতি। স্থান্ত্ৰং স্বকোমলং যথা স্থান্তথা, সমমান ঈষজনন্ ॥২০॥
নীলেতি। যোধৈং কোরবলৈকৈ:। ময়া সহ ॥২১॥
ভমিতি। ব্যাকোশং প্রস্কৃতিতং যৎ পদাং ভদাভং মৃধং যস্ত সং ॥২২॥
ভেনেতি। দ্রোণিরশ্বথামা। দিয়তো নীলস্ত্র, সংগ্রন্থস্তত সমচ্ছিনৎ ॥২০॥
স ইতি। প্লুতো লক্ষনেন পভিতঃ, স্তান্দনাৎ রথাৎ। দ্রোণায়নেরশ্বথায়:। পডত্রিবং
পভত্রী পক্ষী খোনো যথা প্লুভঃ সমামিষং হর্তু্মিচ্ছতি ভদ্দিতি ভাবঃ ॥২৪॥

ভাহার পব শব যাহাব ক্লুলিঙ্গ এবং ধন্ম যাহার শিখা ছিল সেই অগ্নিত্লা নীলবাজা তৃণদহনকারী অগ্নির ভায কুরুবাহিনী দথ্য কবিতে লাগিলেন ॥১৯॥

নীলরাজা কৌববদৈশ্য দশ্ম কবিতে লাগিলে, প্রভাপশালী ও প্রথমে স্থকোমলভাষী অশ্বত্থামা মৃত্র হাস্ত কবিয়া তাঁহাকে বলিলেন—॥২০॥

'নীলবাজা। বাণেব তেজে বহুতব সৈত্য দগ্ধ কবায আপনাব কি ফল হইতেছে? আপনি এক আমাব সহিত যুদ্ধ করুন, ক্রুদ্ধ হইয়া সহব আমাকে প্রহার করুন'॥২১॥

তখন প্রফুটিতপদ্মতুল্যবদ্ধন নীলবাজা বাণসমূহদ্বাবা পদ্মবর্ণ ও পদ্মলোচন অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন ॥২২॥

নীলবাজা অত্যন্ত বিদ্ধ কবিলে, অশ্বত্থামা তৎক্ষণাৎ স্থধাব তিনটা ভল্লদ্বাবা তাঁহাব ধনু, ধ্বজ ও ছত্ৰ ছেদন করিয়া ফেলিলেন ॥২৩॥

তখন নীলরাজা চর্ম্ম ও উত্তম তববাবি ধারণ কবিয়া সেই বথ হইতে লাফাইয়া পড়িয়া শ্যেনপক্ষীব স্থায় অশ্বথামার দেহ হইতে মস্তকটা হবণ কবিবাব ইচ্ছা কবিলেন ॥২৪॥

⁽২৩) তেনাভিবিদ্ধ:-পি, তেনাপি বিদ্ধ: · · বা নি।

তত্যোত্যতাদেঃ স্থনসং শিরঃ কারাৎ সকুগুলম্।
ভল্লেনাপাহরদ্দ্রোণিঃ স্ময়মান ইবানঘ! ॥২৫॥
সম্পূর্ণচন্দ্রাভমুখঃ পদ্মপত্রনিভেক্ষণঃ।
প্রাংশুরুৎপলপত্রাভো নিহতো অপতভুবি ॥২৬॥
ততঃ প্রবিব্যথে সেনা পাণ্ডবী ভূশমাকুল।।
আচার্য্যপুত্রেণ হতে নীলে জ্বলিততেজসি ॥২৭॥
অচিন্তয়ংশ্চ তে সর্বের্ব পাণ্ডবানাং মহারথাঃ।
কথং নো বাসবিস্তায়াচ্ছক্রভ্য ইতি মারিষ।॥২৮॥
দক্ষিণেন ভু সেনায়াঃ কুরুতে কদনং বলী।
সংশপ্তকাবশেষত্য নারাষণবলত্য চ॥২৯॥

ইতি শ্রীমহাভাবতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈযাদিক্যাং দ্রোণপর্ববি সংশপ্তকবধে নীলরাজবধে উনত্রিংশোহধ্যায়ঃ ॥ ০॥ **

তত্তেতি। শোভনা নাসা বত্ত তথে। স্ময়মান ঈবজ্বন্ ॥২৫॥
সম্পূর্ণেতি। প্রাংশুরুল্নতদেহং, উৎপলপত্রাভঃ শ্রামবর্ণো নীলঃ ॥২৬॥
তত ইতি। প্রবিব্যথে প্রধানাশ্রেরনাশাদিত্যাশয়ঃ ॥২৭॥
অচিন্তর্মমিতি। নঃ অস্মান্, বাসবক্ত ইক্রক্রাপত্যমিতি বাসবিরর্জ্নেঃ ॥২৮॥
অব তদানীং বাসবিঃ কেত্যাহ দক্ষিণেনেতি। কদনং বিনাশম্, বলী অর্জ্নেঃ ॥২৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিত্রাযাং মহাভারভটীকায়াং ভারতকৌমৃদীসমাধ্যায়াং জোণপর্কণি
সংশপ্তকব্যে উনত্তিংশোহধ্যায়ঃ ॥•॥

নিষ্পাপ রাজা। সেই সমযে অশ্বত্থামা মৃত্ হাস্ত কবতই যেন একটা ভল্লদারা উত্তত্তরবারি নীলরাজার দেহ হইতে স্থলবনাসিকা ও কুগুলযুক্ত মস্তকটাকে ছেদন করিলেন ॥২৫॥

তখন পূর্ণচন্দ্রজুল্যবদন, পদ্মপত্রতুল্যনয়ন, উৎপলপত্রতুল্য শ্যামবর্ণ ও উন্নতদেহ নীলবান্ধা নিহত হইয়া ভূতনে পতিত হইলেন ॥২৬॥

তৎপবে অশ্বথামা উচ্ছলতেজা নীলবাজাকে বধ কবিলে, পাশুবদৈয়েবা অত্যস্ত আকুল হইযা তুঃখ অনুভব কবিতে লাগিল ॥২৭॥

এবং মাননীয় রাজা। পাশুবপক্ষেব সেই মহারথেরা সকলে ভাবিতে লাগিলেন যে, 'অর্জ্জুন কি কবিয়া আমাদিগকে শত্রুপক্ষ হইতে রক্ষা কবিবেন' ॥২৮॥

⁽২৬) -- স্থপতৎ ক্ষিতো—পি। (২৯) -- কদনং মৃহৎ—পি। * '--- জিংশোহধ্যায়ঃ' ব, '--- এক জিংশোহধ্যায়ঃ বা রা নি।

ত্রিংশোইধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

—<u>;</u>*;—

প্রতিঘাতন্ত দৈশ্রস্থা নাম্য্যত র্কোদরঃ।
দোহভাহনদ্গুরুং ষক্ট্যা কর্ণঞ্চ দশভিঃ শরৈঃ॥১॥
তস্থা দ্রোণঃ শিতৈর্বাণৈন্ডীক্মধারেরজিক্সগৈঃ।
জীবিতান্তমভিপ্রেপ্সুর্ম্মাণ্যাশু জঘান হ।
আনন্তর্য্যভিপ্রেপ্সুঃ ষড়্বিংশত্যা সমার্পয়ৎ॥২॥
কর্ণো দ্বাদশভির্বাণেরশ্বখামা চ সপ্রভিঃ।
ষড় ভির্মুর্যোধনো রাজা তত এনমবাকিরৎ॥৩॥

প্রতীতি। নামূতত নাসহত। অভ্যাহনদিতি বিকরণলোপাভাব আর্ব:। গুরুং দ্রোণন্।।।
তত্তেতি। অভিপ্রেপ্ত্: কর্ত্নিচ্ছু:। আনন্তর্গাং প্রহারত পরপরবর্তিহন্ অবিরতপ্রহারমিতার্থ:, অভিপ্রেপ্স্র্রোণ এব পূন: বড়্বিংশতা শরৈ:, সমার্পরং অপীড়রং। বট্পালোহয়: শ্লোক: । হা

কর্ণ ইতি। এনং বুকোদরম্, অবাকিরং অতাভূমং। ।।।

অথচ বলবান্ অৰ্জ্জন তথন সৈন্দের দক্ষিণদিকে থাকিয়া অবশিষ্ট সংশপ্তক-সৈত্য ও নারায়ণসৈত্য বিনাশ কবিতেছিলেন" ॥২৯॥

সঙ্গুর বলিলেন—"ভীমসেন স্বকীয়দৈশ্যবিনাশ সহ্থ করিলেন না; তিনি ঘাটটা বাণস্থারা দ্রোণকে এবং দশ্টীদ্রাবা কর্ণকে আঘাত করিলেন ॥১॥

তথন দ্রোণ ভীমসেনের জীবনবিনাশ করিবার ইচ্ছা করিয়া সত্ব নিশিত, ভীস্কধার ও সরলগামী বহুতব বাণদ্বারা তাঁহাব মর্ম্মদেশে আঘাত কবিলেন এবং পর পর প্রহার করিবার ইচ্ছায় পুনরায় ছাবিবশটা বাণদ্বারা প্রহাব করিলেন থেয়

তৎপরে কর্ন বারটা, অশ্বত্থামা সাতটা এবং রাজা হুর্য্যোধন ছয়টা বাণদারা ভীমসেনকে পীড়ন করিলেন ॥৩॥

⁽১)--- त्रांश्ह्न चांह्निकः यहें।-- त्रि व। (०)--- डड धनमथांकितः-- वा नि।

ভীমদেনাহপি তান্ সর্বান্ প্রত্যবিধ্যমহাবলঃ।

দ্রোণং পঞ্চাশতেষুণাং কর্ণঞ্চ দশভিঃ শরৈঃ॥৪॥

দুর্য্যোধনং দ্বাদশভির্দ্রে বিশ্বিষাফীভিরাশুগৈঃ।

তারাবং তুমুলং কুর্বরভ্যবর্ত্তত তান্ রণে॥৫॥ (যুগ্মকম্)

তিম্মিন্ সংত্যজতি প্রাণান্ মৃত্যুসাধারণীকৃতে।

অজাতশক্রন্তান্ যোধান্ ভীমং ত্রাতেত্যচোদয়ৎ॥৬॥

তে যযুর্ভীমদেনস্থ সমীপমমিতৌজদঃ।

যুযুধানপ্রভূতযো মাদ্রীপুর্ত্রো চ পাণ্ডবো ॥৭॥

তে সমেত্য স্থসংরক্ষাঃ সহিতাঃ পুরুষর্বভাঃ।

মহেম্বাদবরৈগ্রপ্তং দ্রোণানীকং বিভিৎসবঃ।

সমাপেতুর্মহাবীর্যা ভীমপ্রভূতয়ো রথাঃ॥৮॥

ভীমেতি। ইয়্ণাং বাণানাম্। আরাবং গর্জনম্ ॥৪—৫॥
তশ্মিরিতি। সংত্যন্ততি সম্যক্ ত্যাগোচ্চমং কুর্বতি। অতএব মৃত্যুনা সাধারণীক্ততে
অক্সসৈন্তসমানীকৃতে সৈক্ষান্তরবৎ সম্ভাবিতমৃত্যাবিত্যর্থঃ। অন্ধাতশক্রযু ধিটির:। আভ রক্ষত্ যুষম্ ॥৬॥

ত ইতি। যুষ্ধানপ্রভৃত্য: সাত্যকিপ্রম্থা:, মাত্রীপুত্রো নকুলসহদেবৌ । ৭॥ ত ইতি। স্থাংরকা অতীবক্রুদ্ধা:। গুপ্তং রক্ষিত্র । ষট্পাদ: শ্লোকো২য়ন্ ॥৮॥

তখন মহাবল ভীমসেনও পঞ্চাশটা বাণদ্বাবা ক্রোণকে, দশটাদ্বাবা কর্ণকে, বাবটাদ্বাবা তুর্য্যোধনকে এবং আটটাদ্বারা অশ্বথামাকে এইভাবে ভাঁহাদের সকলকে প্রতিবিদ্ধ করিলেন; আব তুমূল গর্জন করিতে কবিতে ভাঁহাদের প্রতি ধাবিত হইলেন ॥৪—৫॥

ভীমসেন প্রাণত্যাগের উত্তম করিলে এবং মৃত্যুও তাঁহাকে অন্য সৈন্মের ন্যায গ্রাস কবিতে উত্তত হইলে, 'আপনাবা ভীমকে বক্ষা ককন' এই কথা বলিয়া যুধিষ্ঠির নিকটবর্ত্তী যোদ্ধাদিগকে প্রেরণ করিলেন ॥৬॥

সাত্যকিপ্রভৃতি বীরগণ এবং পাণ্ডুনন্দন নকুল ও সহদেব ইঁহারা যাইযা অমিততেজা ভীমসেনেব নিকট উপস্থিত হইলেন ॥৭॥

অত্যস্তক্রুদ্ধ সেই পুকষশ্রেষ্ঠেরা সন্মিলিতভাবে উপস্থিত হইযা মহাধনুর্দ্ধব-গণবক্ষিত দ্রোণসৈশ্যকে বিদীর্ণ করিবার ইচ্ছা করিলেন এবং মহাবল ভীমসেনপ্রভৃতি রথীবাও দ্রোণসৈশ্যেব উপবে পতিত হইলেন ॥৮॥

⁽৬) । ভীমং ত্রাহীত্যচোদমং--পি। (৮) । । মহেদাসব্রৈশু প্তা:--বা नि।

তান্ প্রত্যগৃহ্লাদব্যত্যো জোণোহপি রথিনাং বরঃ।
মহারথানভিবলান্ বীরান্ সমর্যোধিনঃ ॥৯॥
বাহুং মৃত্যুভয়ং কুছা তাবকাঃ পাগুবান্ যয়ুঃ।
সাদিনঃ সাদিনোহভ্যমংস্তথৈব রথিনো রথান্ ॥১০॥
অসিশক্ত্যপ্তিসংঘাতৈর্মুদ্ধমাসীৎ পরশ্ববৈঃ।
প্রকৃত্যানিযুদ্ধ বভূব কটুকোদয়য়।
ক্ষ্ণরাণাঞ্চ সম্পাতে মুদ্ধমাসীৎ স্থলারুণম্ ॥১১॥
অপতৎ কুঞ্জরাদন্তো হ্রাদগুল্বাক্শিরাঃ।
নরে বাণবিনির্ভিনো রথাদগুল্ব মারিষ।॥১২॥
তত্তান্তম্ভ চ সংমর্দ্দে পতিতন্ত বিবর্দ্ধণঃ।
শিরঃ প্রধ্বংসয়ামাস বক্ষসাক্রম্য কুঞ্জরঃ ॥১০॥

ভানিতি। সংর্থোধিন এব ন তু কাপুরুষবদ্গোপনযোধিন ইতি ভাব: ।৯।
বাহ্মিতি। বাহ্ং বহির্ভু জে দ্রীভূত্মিতি যাবং। সাদিনো গজার্বারোহিণ: ১০:
অসীতি। প্রকৃষ্টিং শিক্ষাকোশনেন প্রবৃত্তে:। কটুকোদরং ঘোরন্। বটুপাদোরং
ধোর: ১১।

অপতদিতি। বাণবিনিভিন্ন ইতি সর্বত্র সংঘ্যতে ।১২। ভত্তেতি। সংমর্ফে মুদ্ধসংহর্ষে, বিবর্মণো বিগভক্বচন্দ্র ।১৩।

তখন বথিভ্রেষ্ঠ লোণ ও মহাবল, মহাবীব ও সমব্যোধী সেই মহাবর্ধগণকৈ গ্রহণ করিলেন ॥১॥

ক্রমে আপনার পক্ষের যোদ্ধারাও মৃত্যুভন্ন পবিভ্যাগ করিয়া পাগুবগণেব দিকে গমন করিলেন। পরে গজাখারোহীবা গলাখারোহিগণকে এবং বখীবা রখীদিগকে আঘাত করিতে লাগিলেন॥১০॥

বিভিন্ন স্থানে অসি, শক্তি, ঋষ্টি ও পরশুর আঘাতে যুদ্ধ হইতে নাগিন, অতিভীবণ প্রকৃষ্ট তরবারিযুদ্ধ চলিতে থাকিল এবং হস্তিগণের সংঘর্বে অতিদারুণ যুদ্ধ লাগিয়া গেল ॥১১॥

মাননীয় রাজা! ক্রমে বাণবিদীর্ণ ইইবা কোন লোক হস্তী ইইতে, ^{ক্ষ্ক্} অধোমুখ ইইয়া অশ্ব ইইতে এবং কোন বীর রথ ইইতে পতিত ইইতে লাগি-লেন ॥১২॥

সেই যুদ্ধসংঘর্বে অপর কোন সৈন্ম বর্দ্মহীন হইয়া ভূতলে পতিত হইল; তথন একটা হাতী আসিয়া তাহার বক্ষ আক্রমণ করিয়া মাথাটা চূর্ণ করিল ॥১৩॥

⁽১০) -- ভাবকান্ পাণ্ডবা বয়: -বা নি। (১১) আদীচ্ছজ্যটিসম্পাত: -বা।

অপরাংশ্চাপরেহয়দুন্ বারণাঃ পতিতান্ নরান্।
বিষাণৈশ্চাবনিং গত্বা ব্যভিন্দন্ রথিনো বহুন্ ॥১৪॥
নরাক্ত্রৈঃ কেচিদপরে বিষাণালগ্নসংশ্রেইঃ।
বভ্রমুঃ সমরে নাগা য়দুল্ডঃ শতশো নবান্ ॥১৫॥
কাষ্ণ গ্রসতমুত্তাণান্ নরাশ্বরথকুঞ্জরান্।
পতিতান্ পোথয়াঞ্চকুর্দ্বিপাঃ স্থলনলানিব ॥১৬॥
গৃপ্রপত্রাধিবাসাংসি শয়নানি নরাধিপাঃ।
স্থাপত্রাধিবাসাংসি শয়নানি নরাধিপাঃ।
স্থাপত্রা পিতা পুত্রং রথেনাভ্যেত্য সংযুগে।
পুত্রশ্চ পিতরং মোহান্নির্দ্মর্য্যাদমবর্ত্ত ॥১৮॥

অপরানিতি। বারণা গজাঃ। বিষাণৈদিকৈ:। গদা স্পৃষ্ঠ্বা, রখিনঃ পভিতান্ ॥১৪॥
নরেতি। নরাণামকৈ: শিরাভি:। বিষাণেয়ু দক্ষেষ্ আলগ্নাঃ সংশ্রমা একাংশা যেষাং
তৈ:। নাগা হন্তিন:। নরান্ ভূপভিতানের ॥১৫॥

কার্ফে তি। রফায়ো লৌহসাবস্তস্থোনীতি কার্ফায়সানি তহুত্রাণানি বেষাং তান্ ॥১৬॥
গুঙ্রেতি। হ্রীমন্ত: অকার্য্যে পলাষনাদৌ লজ্জাবস্তে নরাধিপাঃ, কালসম্পর্কাৎ প্রহারাতিশরপ্রাপ্ত্যা মৃত্যুসমযোপস্থিতের্হেতোঃ, গুঞাণাং সংবর্ষেণ ভূপতিতানাং পক্ষিণাং পত্রাণি পক্ষা
এবাধিবাসাংসি আন্তরণবস্ত্রাণি যেষ্ তানি, অতএব স্বত্বংধানি অতীবত্বংধন্ধনকানি, শয়নানি
ভূতনশয্যাঃ অধ্যশেরত অবালয়স্ত । অধিপূর্ববাদধিকরণশ্র কর্মত্ব্ ॥১৭॥

হস্তীতি। মোহাৎ অমাৎ, নির্ম্ম্যাদং বিশৃত্ধলং যুদ্ধমিতি শেব: ॥১৮॥

অন্য হস্তিগণ ভূতলপতিত অপব মনুয়াদিগকে মৰ্দ্দন করিতে লাগিল এবং দম্ভদাবা ভূতলস্পর্শ কবিয়া বহুতব পতিত বথীকেও বিদীর্ণ করিতে থাকিল ॥১৪॥

অপব কতকগুলি হাতী দন্তসংলগ্ন মনুষ্যনাড়ী লইযা শত শত মানুষকে মৰ্দ্দন কবিতে থাকিয়া সমরাঙ্গনে ভ্রমণ কবিতে লাগিল ॥১৫॥

বহুতব হাতী—লোহসার-(ইস্পাভ-) নির্দ্মিতবর্দ্মধাবী ভূতলপতিত হস্তী, অশ্ব, রথী ও পদাতিগণকে নিম্পেষণ কবিতে থাকিল ॥১৬॥

বে সকল বাজা লজ্জাবশতঃ পলাবন করেন নাই, তাঁহারা অভ্যন্ত আঘাত পাইযা আসমমূত্য হইযা গৃপ্তপক্ষীর পক্ষবপ আন্তবণযুক্ত অভ্যন্তগুহুংখজনক ভূমিশ্যায় শ্যন কবিতে লাগিলেন ॥১৭॥

⁽১৪)· ব্যয়দ্নন্ রুপিনো বহুন্—পি। (১৭)···অভিশেরতে ··পি,·· অন্থেরতে—বা নি। ত্রোণ (২১)-৩৪

অক্ষো ভয়ো ধ্বজন্ছিন্নশ্ছত্রমূর্ব্যাং নিপাতিতম্।

যুগার্দ্ধং ছিন্নমাদার প্রফুদ্রাব তথা হয়ঃ ॥১৯॥

সাসির্বাহুর্নিপতিতঃ শিরন্ছিন্নং সকুগুলম্।

গজেনাক্ষিপ্য বলিনা রথঃ সঞ্চূর্ণিতঃ ক্ষিতো ॥২০॥

রথিনা তাড়িতো নাগো নারাচেনাপতং ক্ষিতো।

সারোহশ্চাপতদ্বাজী গজেনাভ্যাহতো ভূশম্ ॥২১॥

নির্মাধ্যাদং মহদ্যুদ্ধমবর্ভত স্থলারুণম্।

হা তাত! হা পুত্র! সথে! কাসি তিষ্ঠ ক ধাবসি ॥২২॥

প্রহরাহর জহেনং স্মিতক্ষ্বেড়িতগজিতৈঃ।

ইত্যেবমুক্তৈরত্যর্থং শ্রেমন্তে বিবিধা গিরঃ ॥২০॥ (যুগ্মকম্)

আক ইতি। আকশ্চক্রম্। উর্ব্যাং ভূতবে। মুগং রহীয়নারুবিশেষতভার্চন্ ১১।
নাসিরিতি। নাসেরসিমূক্তঃ। আক্ষিপ্য আকৃচ ১২০।
রিথিনেতি। নাগো হস্তী: নারোহ আরোহিসহিতঃ, বাজী অখঃ ৪২১।
নিরিতি। নির্মিগ্যাদং শৃঙ্খনাবহিতম্। আহর আনয়। মিতং মুত্হাভম্, ক্েডিডং
সিংহনাদঃ গবিতং গর্জনঞ্চ তত্তছাকৈঃ সহেত্যর্থঃ। শ্রায়ন্তে স্ম তত্তিয়ে ৪২২—২৩ঃ

সেই যুদ্ধে বথে আসিয়া ভ্রমবশতঃ পিতা পুত্রকে এবং পুত্র পিতাকে বং করিতে থাকিল। স্কুতবাং সে যুদ্ধ বিশৃষ্ণলভাবেই চলিতে লাগিল॥১৮॥

রথের চক্র ভগ্ন, ধ্বন্স ছিন্ন এবং ছত্র ভূপতিত হইতে থাকিল ; আর তাহার ঘোড়াগুলি যুগকাঠের ছিন্ন অর্দ্ধ লইয়া দৌড়াইতে লাগিল ॥১৯॥

তববারিযুক্ত বাহু নিপতিত হইতে লাগিল, কুণ্ডলযুক্ত মন্তক ছিন্ন হইতে থাকিল এবং কোন কোন বলবান্ হস্তী আকর্ষণ কবিয়া কোন কোন রথকে চূর্ণ করিতে লাগিল ॥২০॥

কোন রথী নারাচদ্বাবা আঘাত করিলে, কোন হাতী ভূতলে পড়িয়া গেল এবং কোন হাতী গুরুত্ব আঘাত করিলে, কোন অথ আরোহীর সহিত পতিত হইল ॥২১॥

এইরপ বিশৃষ্ণলভাবে অতিদারণ মহাযুদ্ধ হইতে লাগিল। 'হা তাত! হা পুত্র! হা সখা! কোথায আছ? দাড়াও, কোথায় দোড়াইয়া যাইতেছ, ইহাকে প্রহার কব, ধবিয়া আন, বধ কর' এইরূপ অত্যুচ্চ নানাবিধ বাক্য এবং মন্দহাস্ত, সিংহনাদ ও গর্জন শুনা যাইতে থাকিল ॥২২—২৩॥

⁽১৯) ... त्रत्था ७: -- वा नि ।

নরস্থাশ্বস্থ নাগস্থ সমসজ্জত শোণিতম্।
উপাশাম্যদ্রজো ভৌমং ভীরন্ কশ্মলমাবিশৎ ॥২৪॥
চক্রেণ চক্রমাসান্ত বীরো বীরস্থ সংযুগে।
অতীতেযুপথে কালে জহার গদয়া শিবঃ ॥২৫॥
আসীৎ কেশপরামর্শো মুষ্টিযুদ্ধঞ্চ দারুণম্।
নথৈদ স্থৈশচ শূরাণামন্বীপে দ্বীপমিচ্ছতাম্ ॥২৬॥
তত্রাচ্ছিত্তত শূরস্থ সথড়েগা বাহুরুত্ততঃ।
সধকুশ্চাপরস্থাপি সশরঃ সাঙ্কুশন্তথা ॥২৭॥
আকোশদন্তমন্তোহত্র তথান্তো বিমুখোহদ্রবৎ।
অন্তঃ প্রাপ্তিস্থা চান্তস্থ শিরঃ কারাদপাহরৎ ॥২৮॥
শব্দমভ্যদ্রবচ্চান্তঃ শব্দাদন্তোহত্রসদ্ভূশম্।
স্থানন্তোহথ পরানন্তো জন্থান নিশিতৈঃ শরৈঃ ॥২৯॥

নরস্থেতি। সমসজ্জত সংযুক্তমভবৎ। উপাশাম্যৎ তেন শোণিতেনৈব। কশ্মলং মোহঃ ॥২৪॥

চক্রেণেতি। চক্রন্বরমপি রথস্থা। অতীতঃ সান্নিধ্যাদ্গত ইবুপথো বাণক্ষেপস্থানং যত্ত তত্ত্ব ॥২৫॥

আসীদিভি। কেশপরামর্শ: কেশাকর্ষণমৃ। অদ্বীপে আশ্রযশুন্তে স্থানে, দ্বীপমাশ্রয়মৃ ॥২৬॥ ডত্ত্রেভি। অচ্ছিন্তত অন্তেন শূরেপ। অপরস্থাপি বাহরিত্যসূত্ত্তিঃ ॥২৭॥ আক্রোশদিভি। আক্রোশদ্যুদ্ধাযাহ্বয়ৎ। অক্রবৎ প্রশায়ত। প্রাপ্তস্থাগভস্ত ॥২৮॥

মানুষ, বোড়া ও হাতীর রক্ত মিশিষা গেল, তাহাতে ভূতলেব ধূলি নিবৃত্তি পাইল এবং ভীকগণেব মোহ উপস্থিত হইল ॥২৪॥

সমবাঙ্গনে নিজেব বথচক্র অপরেব বথচক্রে লাগিয়া যাওযায় বাণক্ষেপের স্থান না থাকায কোন বীব গদাঘাবা অপব বীবের মস্তক চূর্ণ কবিলেন ॥২৫॥

বীবেবা আশ্রযশূন্মস্থানে আশ্রযলাভেব ইচ্ছা কবিতে লাগিলে, ভাঁহাদেব মধ্যে পরস্পার কেশাকর্ষণ, দাকণ মৃষ্টিযুদ্ধ, নখযুদ্ধ ও দস্তযুদ্ধ হইতে লাগিল ॥২৬॥

তখন কোন বীব কোন বীবেৰ তববাৰিযুক্ত উন্তোলিত বাহু ছেদন করিলেন এবং অপর বীব অপব বীরেব ধনু, বাণ বা অঙ্কুশযুক্ত বাহু কাটিয়া ফেলি-লেন ॥২৭॥

অশু যোদ্ধা অশু যোদ্ধাকে ডাকিল, অপব যোদ্ধা বিমূখ হইযা পলায়ন করিল এবং অশু যোদ্ধা উপস্থিত যোদ্ধার দেহ হইতে মস্তক হবণ কবিল ॥২৮॥

⁽২৫) ·· অতীতবাক্পথে পি, ·· অতীতেংস্থপথে—বা ব। (২৯) সশব্দমন্তবচ্চান্ত:— বা ব রা নি।

গিরিশৃঙ্গোপমশ্চাত্র নারাচেন নিপাতিতঃ।
মাতঙ্গো অপতদ্ভূমো নদীরোধ ইবোঞ্চগে॥৩০॥
তথৈব রথিনং নাগঃ ক্ষরন্ গিরিরিবারুজন্।
অভ্যতিষ্ঠৎ পদা ভূমো সহাশ্বং সহসারথিম্॥৩১॥
শ্রান্ প্রহরতো দৃষ্টা কুতান্ত্রান্ রুধিরোক্ষিতান্।
বহুনপ্যাবিশমোহো ভীরান্ হুদয়তুর্বলান্॥৩২॥
সর্বমাবিগ্রমভবন্ন প্রাজ্ঞায়ত কিঞ্চন।
সৈত্যেন রজসা ধ্বস্তং নির্মাগ্যাদমবর্ত্ত॥৩০॥
ততঃ সেনাপতিঃ শীঘ্রময়ং কাল ইতি ক্রবন্।
নিত্যাভিত্বরিতানেব ত্বরয়ামাস পাণ্ডবান্॥৩৪॥
কুর্বস্তঃ শাসনং তম্প পাণ্ডবা বাহুশালিনঃ।
সরো হংসা ইবাপেতুর্ব ভো দ্রোণরথং প্রতি॥৩৫॥

শক্ষমিতি। অভ্যক্তবং অভ্যধাবং। অন্তেশং ভীতবান্। স্বান্ স্বপক্ষীয়ান্ ॥२৯॥

গিরীতি। নজা রোধন্তীবন্, উষণ গ্রীমাং গচ্ছতি অভিক্রামতীতি তন্মিন্ বর্ধাকালে ॥০০॥
ভবেতি। ক্ষরন্ মদং নিঃসারয়ন্ আরুজন্ রবং ভঞ্জন্। অভ্যতিষ্ঠদারোহং ॥০১॥

শ্রানিতি। হ্রদযে ত্র্বলা হ্রদযত্র্বলান্তান্ ত্র্বলহ্রদযান্ ॥০২॥

সর্কমিতি। আবিশ্বমন্থিরন্। সৈজেন সৈজোখাপিতেন ধ্বন্তং নষ্টং তিরোহিতন্ ॥০০॥
তত ইতি। সেনাপতিশ্ব ইত্যায়ঃ, অষং কালো জ্রোণবধন্যেত্যাশয়ঃ ॥০৪॥

কোন সৈন্য অন্য সৈন্যের শব্দ লক্ষ্য করিয়া ধাবিত হইল, কোন সৈন্য অপব সৈন্যেব শব্দ শুনিয়া অত্যন্ত ভীত হইল, অন্য সৈন্য স্বপক্ষকে বধ করিল এবং অপর সৈন্য স্থ্যার বাণদ্বারা বিপক্ষকে সংহার করিতে লাগিল ॥২৯॥

পর্ববতশৃঙ্গপ্রমাণ কোন হস্তী নাবাচদারা আহত হইয়া বর্ধাকালে নদীতীবের স্থায় ভূতলে পতিত হইল ॥৩০॥

মদস্রাবী ও পর্ববভপ্রমাণ কোন হস্তী ভূতলে থাকিয়া বিপক্ষের রথখানাকে ভাঙ্গিয়া চরণদ্বাবা তাহার অশ্ব ও সাবথিব সহিত রথীকে নিম্পেষণ করিল ॥৩১॥

অপব কৃতান্ত্রদিগকে প্রহার করায় বীবগণকে রক্তসিক্ত অবস্থায় দেখিয়া চুর্ববন-চিন্তু বহুত্তর ভীকৃব মোহ উপস্থিত হইল ॥৩২॥

সমস্ত অন্থির হইল, সৈন্মগণের ধূলিজালে সমবাঙ্গন আর্ত হইযা পড়িল, কিছুই জানা গেল না এবং বিশৃঙ্খলভাবে যুদ্ধ চলিতে লাগিল ॥৩৩॥

তাহাব পব 'এই সময' এই কথা দ্রুত বলিয়া ধ্রুটগ্রান্ন সর্ববদা ত্বান্বিত পাণ্ডব-গণকে আরও ত্বান্বিত কবিলেন ॥৩৪॥ গৃহ্লীতাদ্রবতান্যোশ্যং বিভীতা বিনিক্কত।
ইত্যাসীত্তমূলঃ শব্দো ছর্দ্ধর্মশ্র রথং প্রতি ॥৩৬॥
ততো দ্রোণঃ কৃপঃ কর্ণো দ্রোণী রাজা জয়দ্রথঃ।
বিন্দানুবিন্দাবাবন্ত্যো শল্যশৈচতান্ শ্রবার্যন্ ॥৩৭॥
তে ছার্য্যধর্মসংরক্ষ। ছর্নিবারা ছরাসদাঃ।
শরার্ত্তা ন জহুর্দ্রোণং পাঞ্চালাঃ পাশুবৈঃ সহ॥৩৮॥
ততো দ্রোণোহতিসংক্রুদ্ধো বিস্কর্ শতশঃ শরান্।
চিদিপাঞ্চালপাশুনামকবোৎ কদনং মহৎ॥৩৯॥
তত্ম জ্যাতলনির্ঘোষঃ শুশ্রুদ্বে দিক্ষু মারিষ।।
বক্রসংহ্রাদসক্ষাশস্ত্রাসয়ন্ মানবান্ বহুন্॥৪০॥

কুর্বন্ত ইতি। শাসনমাদেশম্। দ্বস্তঃ প্রহরন্তঃ।৩৫।

গৃহীতেতি। আদ্রবত অভিধাবত, বিগতং ভীতং ভয়ং যেষাং তে নির্ভয়া:, বিনিক্নন্তত ছিন্ত। দুর্দ্ধবঁশ্র দ্রোণস্থা ১৩৬॥

তত ইতি। ক্রেণিরশ্বখামা। আবস্ত্যো অবস্থিদেশীয়ে, এতান্ পাণ্ডবান্ ॥৩৭॥

ভ ইভি। আর্যাধর্মেণ সজ্জননিষ্মেনৈর সংবন্ধাः সোৎসাহা: ॥৩৮॥

তত ইতি। কদনং পীডনম্ ১০১॥

তত্তেতি। জ্যাতলরোধ হুগু ণহন্তাবাপবোর্নির্ঘোষ:। সংস্থাদ: শব: ॥৪ ।॥

তখন মহাবাহু পাগুবগণ তাঁহার আদেশ ্পালন কবতঃ—হংসগণ যেমন সবোববে পতিত হয়, সেইকপ প্রহার কবিতে কবিতে দ্রোণরথের প্রতি পতিত হইলেন ॥৩৫॥

ক্রমে 'ধর, পবস্পর ধাবিত হও এবং নির্ভযে ছেদন কব' এইকাপ ভূমূল শব্দ ছর্ন্ধি দ্রোণেব বথের দিকে হইতে লাগিল ॥৩১॥

তদনন্তর দ্রোণ, কুপ, কর্ণ, অশ্বত্থামা, দুর্য্যোধন, জযদ্রথ, অবস্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ এবং শল্য পাগুবগণকে নিবাবণ করিতে থাকিলেন ॥৩৭॥

তখন সজ্জননিয়মানুসারে উৎসাহী, ছর্নিবার ও ছর্দ্ধর্য পাঞ্চালেবা পাগুবগণেব সহিত বাবে পীড়িত হইয়াও দ্রোণকে পরিভ্যাগ কবিলেন না ॥৩৮॥

তৎপরে দ্রোণ অত্যন্ত ক্রুদ্ধ হইষা শত শত বাণ নিক্ষেপ কবিতে থাকিষা চেদি, পাঞ্চাল ও পাশুবগণকে অত্যন্ত পীড়ন কবিতে লাগিলেন ॥৩৯॥

মাননীয় রাজা। তখন বজ্রনির্ঘোষতুল্য এবং বহুলোকের ভয়জনক দ্রোণের ধনুষ্টশ্বার সকল দিকে শুনা যাইতে লাগিল ॥৪০॥

⁽७१) ... मन् दिन्हणानवात्रम् — भि।

এতিসিমন্তরে জিফুর্জিত্বা সংশপ্তকান্ বহুন্।
অভ্যয়াত্তর যত্রাসো দ্রোণঃ পাণ্ডুন্ প্রমন্দতি ॥৪১॥
তান্ শরোঘমহাবর্তান্ শোণিতোদান্ মহাব্রদান্।
তীর্ণঃ সংশপ্তকান্ হত্বা প্রত্যদৃষ্ঠত ফাস্কুনঃ ॥৪২॥
তত্ম কীর্ত্তিমতো লক্ষ্ম সূর্য্যপ্রতিমতেজসঃ।
দীপ্যমানমপশ্যাম তেজসা বানরধ্বজম্ ॥৪৩॥
সংশপ্তকসমুদ্রং তমুচ্ছোয্যান্ত্রগভন্তিভিঃ।
স পাণ্ডবযুগা্ন্তার্কঃ কুরুনপ্যভ্যতীতপৎ ॥৪৪॥
প্রদদাহ কুরুন্ সর্বানর্জ্বনঃ শন্ত্রতেজসা।
যুগান্তে সর্বভূতানি ধূমকেতুরিবোত্বিতঃ ॥৪৫॥
তেন বাণসহক্রোবৈর্গজাশ্বরথযোধিনঃ।
তাড্যমানাঃ ক্ষিতিং জগ্মুমুক্তকেশাঃ শরার্দিতাঃ ॥৪৬॥

এভশিনিতি। অন্তরে অবসরে, জিফুরর্জ্জ্ন:। অভ্যযাদাগচ্ছৎ ॥৪১॥
তানিতি। শরোঘা এব মহাবর্তা বিশালজলভ্রময়ো যেষাং তান্, শোণিতানি রক্তান্তেব উদকানি জ্বানি যেষাং তান্, সংশপ্তকানেব মহাহুদান্ তীর্ণ:, ফাল্পনোহর্জ্ন: ॥৪২॥

তত্মেতি। লক্ষ চিহ্ন্ম, বানরধ্বজ্মপশ্রামেতি সম্বন্ধ ॥৪০॥

সমিতি। অস্থ্যগভন্তিভি: অস্থাকিরণৈ:। অভ্যতীতপৎ সর্কতোভাবেন তাপিতবান্ ॥৪৪॥ প্রেতি। ধুমকেতৃস্তন্মং তেঙ্গ: ॥৪৫॥

ভেনেতি। তেন অর্জুনেন। মৃক্তকেশা: সমরসংঘর্ষাৎ স্থালিতকুম্বলা: ॥৪৬॥

এই সময়ে অর্জ্জুন বহু সংশপ্তককে জয় করিয়া—যেখানে ঐ দ্রোণ পাগুবগণকে মর্দান কবিতেছিলেন, সেইখানে আগমন কবিলেন ॥৪১॥

বাণসমূহ যাহার বিশাল আবর্ত্ত (খোলা) এবং বক্ত যাহার জল ছিল, সেই সংশপ্তকরূপ মহাহ্রদ উদ্ভীর্ণ হইয়া অর্জ্জুন উপস্থিত হইলে, ক্রমশঃ সকলে তাঁহাকে দেখিতে লাগিল ॥৪২॥

কীর্ত্তিমান্ ও সূর্য্যেব তুল্য তেজস্বী অর্জ্জনের চিহ্নস্বরূপ এবং তেজে উজ্জ্ল বানরধ্বজটা আমবা দেখিতে লাগিলাম ॥৪৩॥

অর্জ্জনরপ সেই প্রলয়সূর্য্য অস্ত্রবাপ কিরণদারা সেই সংশপ্তকরপ সমুদ্রকে শুদ্র কবিয়া কৌরবগণকেও সম্ভপ্ত কবিতে লাগিলেন ॥৪৪॥

ক্রমে প্রলয়কালে উত্থিত ধূমকেতু ষেমন সমস্ত ভূত দগ্ধ করে, সেইরপ অর্জ্জুন অন্ত্রের তেজে সমস্ত কৌরবকে দগ্ধ করিতে থাকিলেন ॥৪৫॥

⁽৪২) তান্ শরোখান্ মহাবর্তান্ -- নি।

কেচিদার্ভস্বনং চকুর্বিনেশুরপরে পুনঃ।
পার্থবাণহতাঃ কেচিমিপেতুর্বিগতাসবঃ ॥৪৭॥
তেষামুৎপতিতান কাংশ্চিৎ পতিতাংশ্চ পরাঘুখান্।
ন জঘানার্জ্জনো যোধান্ যোধত্রতমনুস্মরন্॥৪৮॥
তে বিকীর্ণরথান্থেভাঃ প্রায়শশ্চ পরাঘুখাঃ।
কুরবঃ কর্ণ কর্ণেতি হাহেতি চ বিচুক্রুশুঃ ॥৪৯॥
তমাধিরথিরাক্রন্দং বিজ্ঞায় শরণৈষিণাম্।
মা ভৈন্টেতি প্রতিশ্রুত্য যযাবভিমুখোহর্জ্জনম্ ॥৫০॥
স ভারতরথশ্রেষ্ঠঃ সর্বভারতহর্ষণঃ।
প্রায়শ্চক্রে তদাগ্রেয়মন্ত্রমন্ত্রবিদাং বরঃ ॥৫১॥

কেচিদিতি। বিনেশু: পলাযাঞ্চলিরে। বিগতাসবো নির্গতপ্রাণা: ॥৪ ৭॥
তেষামিতি। উৎপতিতান্ আঘাতেন পতনাৎ পবমুখিতান্। যোধত্রতং যোদ্দিবমম্॥৪৮॥
ত ইতি। বিকীর্ণা আঘাতেনেভন্ততো বিক্ষিপ্তা রখা অখা ইভা গজান্চ যেষাং তে ॥৪৯॥
তমিতি। অধিরথস্তাপভ্যমিত্যাধিরথি: কর্ণ:, আক্রন্ধমাহ্বানম্, বিজ্ঞায প্রত্যা ॥৫ ০॥
স ইতি। স কর্ণ:। অত্ত ভারতপদং ক্রুপক্ষণরম্॥৫১॥

তৎকালে অর্চ্জুনেব সহস্র সহস্র বাণে তাড়িত হইযা কৌববপক্ষেব হস্তী, অশ্ব ও বথযোধীরা মুক্তকেশে ভূতলে পতিত হইতে লাগিল ॥৪৬॥

কতকগুলি আর্ত্তনাদ করিতে থাকিল, অনেকে পলাযন করিতে লাগিল, আবার কতকগুলি অর্জ্জুনেব বাণে নিহত ও প্রাণবিহীন হইযা ভূতলে পতিত হইল ॥৪৭॥

তাহাদেব মধ্যে কতকগুলি যোদ্ধা পতনের পরে উথিত, কতকগুলি পতিত এবং কতকগুলি পরাদ্মুখ হইলে, অর্জ্জুন যোদ্ধাদের নিয়ম স্মরণ কবিয়া তাহাদিগকে বধ করিলেন না ॥৪৮॥

অর্জনের প্রহাবে অনেকের হস্তী, অশ্ব ও রথ ইতস্ততঃ বিক্ষিপ্ত হইলে এবং প্রায যোদ্ধাই পরাদ্ম্য হইয়া পড়িলে, কোববেরা 'কর্ণ! কর্ণ! হা হা' বলিযা কোলাহল করিতে লাগিলেন ॥৪৯॥

তথন কর্ণ শবণার্থিগণের সেই আহ্বান শুনিয়া 'ভয কবিও না' বলিয়া আশ্বস্ত কবিয়া অর্জ্জনেব অভিমুখে গমন করিলেন ॥৫০॥

কৌরবপক্ষের মধ্যে বথিশ্রেষ্ঠ, সমস্ত কৌরবের হর্ষজনক ও অন্ত্রজ্ঞপ্রধান বর্ণ তখন আগ্নেয় অন্ত্র আবিক্ষাব করিলেন ॥৫১॥

⁽৪৭) কেচিদার্ভস্বরং চক্র:-পি ব। (৪৯) তে বিকীর্ণরথা চিত্রা:-বা নি।

তস্ত দীপ্তশরোষস্ত দীপ্তচাপধরস্ত চ।
শরোষান্ শরজালেন বিদধার ধনঞ্জয়ঃ ॥৫২॥
তথৈবাধিরথিস্তস্ত বাণান্ জ্বলিততেজসঃ।
অন্ত্রমন্ত্রেণ সংবার্য্য প্রাণদদ্বিস্তজন্ শরান্ ॥৫৩॥
ধৃষ্টক্রান্ধশচ ভীমশচ সাত্যকিশচ মহারথঃ।
বিব্যধঃ কর্ণমাসাত্ত ত্রিভিন্তিভিন্তজিলাগৈঃ ॥৫৪॥
অর্জ্জনান্তস্ত রাধেয়ঃ সংবার্য্য শরবৃষ্টিভিঃ।
তেষাং ত্রয়াণাং চাপানি চিচ্ছেদ বিশিখৈক্রিভিঃ ॥৫৫॥
তে নিক্কভায়ুধাঃ শূরা নির্বিষা ভূজগা ইব।
রথশক্তীঃ সমুৎক্ষিপ্য ভূশং সিংহা ইবানদন্ ॥৫৬॥
তা ভূজাত্রৈর্মহাবেগা বিস্ফী ভূজগোপমাঃ।
দীপ্যমানা মহাশক্ত্যো জগ্মুরাধিরথিং প্রতি ॥৫৭॥

তত্যেতি। বিদধার বিনাশযামাস, "ধুঙ্ অবধ্বংসনে" ইত্যক্ত প্ররোগ: ॥৫২॥
তথেতি। অধিরথিং কর্ণ:, তত্ম অর্জ্জ্নতা। অপরমন্ত্রক ॥৫০॥
ধ্রষ্টেতি। অজিন্ধানৈং সরলগামিভির্বাণেং ॥৫৪॥
অর্জ্জ্নেতি। বাধেয়ং কর্ণ:। অয়াণাং ভীমসাত্যকিধ্বইত্যমানাম্ ॥৫৫॥
ত ইতি। নির্বভাষ্ধাং ছিরকার্স্কাং ॥৫৬॥
তা ইতি। ভূজাগ্রৈভীমাদীনাং হত্তেঃ, বিস্কুটা নিশ্বিপ্তাঃ। আধিরধিং কর্ণম্ ॥৫৭॥

সেই সময়ে অর্জ্জুন বাণসমূহদাবা, উজ্জ্বলবাণসমূহধারী ও উজ্জ্বলধসুদ্ধর কর্ণের বাণসমূহ নিবারণ করিলেন ॥৫২॥

কর্ণও সেইরূপই অন্ত্রদ্বাবা উচ্চ্বলতেজা অর্জ্জুনেব বাণ সকল ও অস্থায় অন্ত্র নিবারণ করিয়া বাণক্ষেপ করতঃ গর্জন করিতে লাগিলেন॥৫৩॥

ক্রমে ধৃষ্টগ্রাম্ম, ভীমসেন ও মহারথ সাভ্যকি কর্ণেব নিকটে বাইয়া তিন তিনটা বাণদ্বাবা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৫৪॥

কর্ণ শরবর্ষণ করিয়া অর্জ্জুনের অন্ত নিবারণপূর্ববক তিন্টা বাণদারা ভীমসেন, সাজাকি ও ধৃষ্টগুলেমব তিনখানা ধনু ছেদন করিলেন ॥৫৫॥

ধনু ছিন্ন হইলে সেই বীরেবা তিন জন বিষবিহীন সর্পের ভাষ (ক্রুদ্ধ হইরা) তিনটা শক্তি নিক্ষেপ কবিয়া সিংহের তুল্য গুরুতর গর্জন করিলেন ॥৫৬॥

⁽৫২)···বিতৃধাব ধনঞ্জয়ঃ—নি,···বিব্যাধৈব ধনঞ্জয়ঃ—বা। (৫৭)···মহাবেগায়িস্টাঃ— বা,···নিস্টাঃ—নি।

তা নিক্বত্য শিতৈর্ভলৈ স্ত্রিভিন্তিভিন্তিজিন্দাগৈঃ।
ননাদ বলবান্ কর্ণঃ পার্থায় বিস্ফলন্ শরান্॥৫৮॥
অর্জ্বনশ্চাপি রাধেয়ং বিদ্ধা সপ্তভিরাস্তগৈঃ।
কর্ণাদবরজং বাণৈর্জঘান নিশিতৈস্ত্রিভিঃ॥৫৯॥
ততঃ শত্রুপ্তমং হলা পার্থঃ ষড় ভিরজিন্দাগৈঃ।
জহার সভ্যো ভল্লেন বিপাঠস্থ শিরো রথাৎ॥৬০॥
পশ্যতাং ধার্ত্তরাষ্ট্রাণামেকেনৈব কিরীটিনা।
প্রমুখে সূতপুত্রস্থ সোদর্য্যা নিহতাস্ত্রয়ঃ॥৬১॥
ততো ভীমঃ সমূৎপত্য স্বর্গাদ্বৈনতেয়বৎ।
বরাসিনা কর্ণপক্ষান্ জ্ব্বান দশ পঞ্চ চ॥৬২॥

তা ইতি। নিরুত্য ছিত্তাং, শিতিং শিলাশাণিতিং। অজিন্ধগৈং সরলগামিভিং ॥৫৮॥
অর্জুন ইতি। আশুগৈর্বাণৈং। অবরজন্ অঞ্জনামানমেকমমূজন্ ॥৫৯॥
তত ইতি। শক্রজন্থ নাম কর্ণস্থাপরমমূজন্। বিপাঠস্থাপি কর্ণামূজস্থ ॥৬০॥
পশুতামিতি। প্রমুখে সমুখে, স্তপ্রস্থ কর্ণস্থ। এতেনার্জ্নস্থ লঘুহন্ততা দর্শিতা ॥৬১॥
তত ইতি। সমুংপত্যাবতীর্যা। বৈনতেষবং গরুত ইব। বরাসিনা উত্তমধ্যোন ॥৬২॥

তাঁহাদেব হস্তনিক্ষিপ্ত, মহাবেগযুক্ত, সর্পত্না ও উজ্জ্বল সেই বিশাল শক্তি তিনটা কর্ণের দিকে যাইতে লাগিল ॥৫৭॥

তখন বলবান্ কর্ণ শিলাশাণিত ও সরলগামী তিন তিনটা ভল্লঘারা সেই শক্তি তিনটাকে ছেদন কবিয়া এবং অর্জ্জুনেব উপবে বাণক্ষেপ করিতে থাকিয়া গর্জন করিতে লাগিলেন ॥৫৮॥

অর্জ্জনও সাভটা বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিয়া স্থধাব ভিনটা বাণদ্বারা কর্ণের কনিষ্ঠভ্রাতাকে বধ করিলেন ॥৫৯॥

তাহাব পর অর্জ্জুন ছযটা বাণদ্বারা (কর্ণের অপর কনিষ্ঠভ্রাতা) শত্রুপ্তথকে বধ করিষা তৎক্ষণাৎ একটা ভল্লদ্বাবা (কর্ণের অন্য কনিষ্ঠভ্রাতা) বিপাঠের মস্তক ছেদন করিলেন ॥৬০॥

এইভাবে এক অর্জ্জুনই ধার্ত্তরাষ্ট্রগণের সমক্ষে এবং কর্ণেব সম্মুখে তাঁহার তিন ভাতাকে বধ করিলেন ॥৬১॥

তাহাব পব ভীমসেন আপন রথ হইতে গরুড়েব গ্রায় লাফাইযা পড়িয়া উত্তম তরবারিদ্বাবা কর্ণপক্ষীয় পনব জন যোদ্ধাকে বধ কবিলেন ॥৬২॥

⁽৫৯) ··নিশিতৈ: শরৈ:—পি বা রা নি। (৬•)···বিপাটস্থ—নি। মোণ (২১)-৩৫

পুনঃ স্বরথমান্থায় ধনুরাদায় চাপরম্।
বিব্যাধ দশভিঃ কর্ণং সূতমন্থাংশ্চ পঞ্চভিঃ ॥৬৩॥
ধৃষ্টগুনোহপ্যসিবরং চর্ম চাদায় ভাস্বরম্।
জঘান চন্দ্রবর্মাণং বৃহৎক্ষত্রঞ্চ নৈষধম্ ॥৬৪॥
ততঃ স্বরথমান্থায় পাঞ্চাল্যোহন্তচ্চ কান্মুকম্।
আদায় কর্ণং বিব্যাধ ত্রিসপ্তত্যা নদন্ রণে ॥৬৫॥
শৈনেয়োহপ্যন্তদাদায় ধনুরিন্দ্রসমন্থ্যতিঃ।
সূতপুত্রং চতুঃষষ্ট্যা বিদ্ধা সিংহ ইবানদৎ ॥৬৬॥
ভল্লাভ্যাং সাধু মুক্তাভ্যাং ছিত্বা কর্ণস্থ কান্মুকম্।
পুনঃ কর্ণং ত্রিভিবাণেক্বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥৬৭॥
ততো তুর্য্যোধনো জোণো রাজা চৈব জয়জ্বং।
নিমজ্জমানং রাধেয়মুজ্জহ ঃ সাত্যকার্ণবাৎ ॥৬৮॥

পুনরিতি। একেন হতং চতুর্ভিশ্চ চতুরোহখানিতি পঞ্চতিবাবৈ: ॥৬০॥
ধৃষ্টেতি। ভাষরং ফর্ণাদিখচিতছাতুজ্জলন্। নৈষধং নিষধদেশীরন্ ॥৬৪॥
তত ইতি। পাঞ্চাল্যো ধৃষ্টত্যুয়:। তিনপ্তত্যা শরৈ: ॥৬৫॥
শৈনেষ ইতি। শৈনেয়: শিনে: পোত্র: সাত্যকি:। হতপুত্রং কর্ণন্ ॥৬৬॥
ভল্লাভ্যামিতি। সাধু সম্যক্। উরসি বক্ষসি, আর্পন্নং অপীভন্নং ॥৬৭॥
তত ইতি। রাধেরং কর্ণন্, উজ্জন্তু: উদ্ধৃতবস্তঃ, সাত্যক: সাত্যকিরেবার্গবস্তশাং ॥৬৮॥

আবার তিনি নিজের বথে উঠিয়া অন্য ধনু লইয়া দশটা বাণদ্বাবা কর্ণকে, একটাদ্বাবা সার্থিকে এবং চারিটাদ্বাবা চাবিটা অশ্বকে বিদ্ধ করিলেন ॥৬৩॥

ধৃষ্টপুত্যমণ্ড উদ্ভম তববাবি এবং উচ্চ্চল চর্ম্ম লইয়া চন্দ্রবর্মাকে এবং নিষধদেশীয় বৃহৎক্ষত্রকে বধ কবিলেন ॥৬৪॥

তদনস্তর ধৃষ্টত্মত্ব আপন রখে আবোহণ করিয়া অন্য ধনু লইযা যুদ্ধে গর্জন করতঃ ত্রিসপ্ততি বাণদ্বারা কর্ণকে তাড়ন করিলেন ॥৬৫॥

ইন্দ্রের তুল্য তেজস্বী সাত্যকিও অশ্য ধনু লইয়া চৌষট্টিটা বাণদ্বাবা কর্ণকে বিদ্ধ কবিয়া সিংহের স্থায় গর্জন করিয়া উঠিলেন ॥৬৬॥

তৎপরে তিনি স্থন্ঠূভাবে নিক্ষিপ্ত তুইটা ভল্লদ্বাবা কর্ণের ধনু ছেদন কবিযা পুনরায় তিনটা বাণদ্বারা কর্ণের বাহুযুগলে ও বক্ষন্থলে আঘাত কবিলেন ॥৬৭॥

তাহাব পর তুর্য্যোধন, দ্রোণ ও সিন্ধুরাজ জয়দ্রথ ইহারা নিমগ্নপ্রায কর্ণকে সাভ্যকিসমুদ্র হইতে উদ্ধার করিলেন ॥৬৮॥

⁽৬৩) পুনন্ত রথমান্থায-বা ব রা নি। (৬৬) --- ইন্দুসমত্যতিঃ--বা ব রা নি।

পত্তাশ্বরথমাতঙ্গান্ত্বদীয়াঃ শতশোহপরে।
কর্ণমেবাভ্যধাবন্ত ত্রাসয়ানাঃ প্রহারিণঃ ॥৬৯॥
ধ্রুত্তাল্লম্চ ভীমশ্চ সোভদ্রোহর্জ্জ্ন এব চ।
নকুলঃ সহদেবশ্চ সাত্যকিং জুগুপু রণে ॥৭০॥
এবমেষ মহারোদ্রঃ ক্ষর্যার্থং সর্ববধিষনাম্।
তাবকানাং পরেষাঞ্চ ত্যক্ত্বা প্রাণানভূদ্রণঃ ॥৭১॥
পদাতিরথনাগাশ্বা গজাশ্বরথপত্তিভিঃ।
রথিনো নাগপত্যশ্বৈবথপত্তী রথদ্বিসৈঃ ॥৭২॥
অথে রথা গজৈনাগা রথিনো রথিভিঃ সহ।
সংসক্তাঃ সমদৃশ্যন্ত পত্তয়শ্চাপি পত্তিভিঃ ॥৭০॥ (যুগ্মকম্)
এবং স্থকলিলং যুদ্ধমাসীৎ ক্রব্যাদহর্ষণম্।
মহন্তিন্তৈরভীতানাং যমরাষ্ট্রবিবর্দ্ধনম্ ॥৭৪॥

পত্তীতি। পত্তর: পদাত্য:। অভ্যধাবন্ত কর্ণ জ্যৈব সাহায্যকরণার ॥৬৯॥
ধৃষ্টেতি। সোভজাহভিমহা:। জুগুপু: ররক্:॥१॰॥
এবমিতি। মহারৌদ্র: অভীবভরন্বর:। ভাজনা ভাগোভামং রুত্বা ॥৭১॥
পদাতীতি। নাগো হন্তী। পত্তি: পদাতি:। সংসক্তা যুদ্ধার মিলিভা:॥৭২—৭০॥

মহাবাজ। আপনার পক্ষেব প্রহারনিপুণ অন্য শত শত হস্তী, অশ্ব, রথ ও পদাতি বিপক্ষেব ভয় জন্মাইতে থাকিযা সাহায্য করিবার জন্য কর্ণেব দিকেই ধাবিত হইল ॥৬২॥

আবার ওদিকে ধৃষ্টগ্রাম, ভীম, অভিমন্যা, অর্জ্জুন, নকুল ও সহদেব যুদ্ধে সাত্যকিকে রক্ষা করিতে লাগিলেন ॥৭০॥

রাজা! এইভাবে প্রক্রপর বিনাশ করিবার জন্ম প্রাণভাগের পর্যান্ত উদ্ভান করিয়া আপনার পক্ষের ও বিপক্ষের সমস্ত ধনুর্দ্ধরগণের অভিভয়ম্বর যুদ্ধ হইতে লাগিল ॥৭১॥

জ্ঞমে দেখা গেল—গজারোহী, অশ্বারোহী, বথী ও পদাতিদের সহিত পদাতি, রথা, গজারোহী ও অশ্বারোহীরা যুদ্ধে মিলিত হইয়াছে; গজারোহী, অশ্বারোহী ও পদাতিদের সঙ্গে রথীবা সংসক্ত হইয়াছে; রথী ও গজাবোহীদের সহিত রথী ও পদাতিরা সংযুক্ত হইয়াছে; আবার রথারা অশ্বারোহীদের সঙ্গে, গজারোহীরা গজারোহীদের সহিত, রখীরা রথীদের সঙ্গে এবং পদাতিরা পদাতি-দের সহিত মিলিত হইয়াছে ॥৭২—৭৩॥

⁽१०)... मः मुकाः मममृश्रय-वा व दा नि ।

দ্ৰোণ-

ততো হতা নররথবাজিকুঞ্জরৈরনেকশো দ্বিপরথপত্তিবাজিনঃ। গজৈর্গজা রথিভিরুদায়ুধা রথ। হয়েইয়াঃ পত্তিগণৈশ্চ পত্তয়ঃ ॥৭৫॥ त्ररेथर्षिशा वित्रम्वरेत्रर्यशहरा हरेत्रर्नता वत्रविधिक्ट वाकिनः। নিরস্তজিহ্বাদশনেক্ষণাঃ ক্ষিতো ক্ষয়ং গতাঃ প্রমথিতবর্শ্মভূষণাঃ ॥৭৬॥ তথা পর্টের্ববহুকরণৈব্বরায়ুধৈহতা গতাঃ প্রতিভয়দর্শনাঃ ক্ষিতিম্। বিপোথিতা হয়গজপাদতাড়িতা ভূশাকুলা রথমুখনেমিভিঃ ক্ষতাঃ ॥৭৭॥ প্রমোদনে খাপদপক্ষিরক্ষসাং জনক্ষয়ে বর্ত্ততি তত্ত দারুণে। মহাবলান্তে কুপিতাঃ পরস্পারং নিসূদয়ন্তঃ প্রবিচেরুরোজ সা ॥৭৮॥

এবমিতি। স্কলিলম্ অতীবগহনম্। ক্রব্যাদহর্ষণং মাংসভোজিজন্তহর্ষজনকম্॥१८॥ তত ইতি। উদাযুধা উত্তোলিতান্তা:। **अ**व क्रितिवः मञ्चितिवार्यार्यननाञ्चलिवि हम्॥१८॥ রথৈরিতি। দ্বিরদব্বৈর্মহাগজৈ:। নিরস্তানি বিশক্ষাস্থাঘাতেন নষ্টানি দ্বিহ্বা রসনাঃ দশনা দন্তা: ঈক্ষণানি চক্ষুংষি চ যেষাং তে, ক্ষিতৌ পতিত্বতি শেষ: ॥৭৬॥

তথেতি। বহুনি করণানি ক্রিয়া যুদ্ধব্যাপারা যেষাঃ তৈ:। প্রতিভযদর্শনা ভযকরাত্বতয়:। রথমুখানাং রথশ্রেষ্ঠানাং নেমিভিশ্চক্রপ্রাইস্ত: ক্ষতা বিদারিতা: ॥৭৭॥

প্রেডি। প্রযোদনে আনন্দজনকে। বর্ত্ততি বর্ত্তমানে। নিস্পদয়ন্তো মর্দদরন্তঃ ॥৭৮॥

এইভাবে সেই মহাযোদ্ধাদের সহিত নির্ভযচিত্ত স্থপক্ষীয়দেব অভিদাকণ যুদ্ধ হইতে লাগিল এবং সে যুদ্ধ মাংসভোজী প্রাণিগণেব আনন্দ ও বসরাজ্যের বুদ্ধি কবিতে থাকিল ॥৭৪॥

তাহার পব পদাতি, বথী, অশারোহী ও গদ্ধাবোহীবা বিপক্ষেব हरी, व्यथ, तथ ও পদাভি সংহাব কবিল এবং গজারোহীরা গজারোহীদিগকে, বথীবা উত্ততান্ত রথিগণকে, অশারোহীরা অশারোহীদিগকে ও পদাতিরা পদাতিগণকে বিনাশ করিল ॥৭৫॥

রথীরা হস্তিগণের, মহাহস্তিগণ বিশাল অশ্বগণেব, অশ্বেবা পদাতিদিগের এবং মহারথাবা অশ্বগণেব জিহ্বা, দস্ত ও নয়ন নষ্ট করিষা ফেলিলে, আর বর্ণ্ম ও অলঙ্কাব চূর্ণ কবিলে, সেই হস্তিপ্রভৃতি ভূতলে পতিত হইযা প্রাণ ত্যাগ করিতে লাগিল ॥৭৬॥

উত্তমান্ত্রধাবী ও বহুবিধযুদ্ধকারী বিপক্ষেরা বধ কবিলে, ভয়ঙ্করাকৃতি কতকগুলি লোক ভূতলে পড়িযা গেল, কেহ কেহ অশ্ব ও হস্তীর চবণতাডিত হইয়া নিষ্পেষিত হইল এবং অনেকে রথচক্রের আঘাতে বিদীর্ণ হইয়া অত্যস্ত আকুল হইয়া পড়িল ॥৭৭॥

⁽११)···রথম্খনেমিভি: কৃতা:—পি।

ততো বলে ভূশলুলিতে পরস্পারং নিরীক্ষমাণে রুধিরৌবসংপ্লুতে।
দিবাকরেহন্তং গিরিমান্থিতে শনৈক্ষভে প্রয়াতে শিবিরায় ভারত! ॥৭৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ববিণি
সংশপ্তকবধে দ্বিতীয়দিবসযুদ্ধাবহারে ত্রিংশোহধ্যায়ঃ॥০॥ #

(। অভিমন্তাবধণৰ্ব।)

একত্রিংশোইধ্যায়ঃ।

——。**。———

সঞ্জয় উবাচ।

পূর্ব্বমন্মান্ত ভয়ের কাল্কনেনামিতোজদা।
জোণে চ মোঘদঙ্কল্পে রক্ষিতে চ যুধিষ্ঠিরে ॥১॥
দর্ব্বে বিধ্বস্তক্বচাস্তাবকা যুধি নির্জিতাঃ।
রজস্বলা ভূশোদ্বিগ্না বীক্ষমাণা দিশো দশ ॥২॥

তত ইতি। বলে উভযসৈত্ত এব, ভূশলুলিতে অতীবপ্রান্তে। প্রস্নাতে প্রস্থিতে ॥৭৯॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতারাং মহাভারতটীকারাং ভারতকৌমূদীসমাধ্যায়াং ক্রোণপর্বাণি
সংশপ্তকবধে ত্রিংশোহধ্যায়ঃ ॥০॥

--:*:---

পূর্বমিতি। ভয়েষ্ পরাজিতেষ্, ফাল্কনেনার্জ্নেন। মোঘদঙ্কলে গুধিষ্টিরগ্রহণাসামর্থ্যাৎ

হিংশ্রজন্ত, পক্ষী ও বাক্ষসদিগের আনন্দজনক সেই দারুণ লোকক্ষয় চলিতে লাগিলে, উভয়পক্ষেব মহাবল যোদ্ধাবা ক্রুদ্ধ হইয়া পরস্পর প্রহাব কবিতে থাকিয়া মহাবিক্রমে বিচরণ কবিতে লাগিলেন ॥৭৮॥

ভবতনন্দন। তাহার পব সূর্য্য ধীরে ধীবে অস্তাচলে আরোহণ করিতে লাগিলে, অত্যস্তপরিশ্রাস্ত ও রক্তাক্তদেহ উভযপক্ষেব সৈন্মই পরস্পব নিরীক্ষণ কবিতে থাকিয়া শিবিরের দিকে প্রস্থান করিল" ॥৭৯॥

সঞ্জয় বলিলেন—"মহারাজ। অমিততেজা অর্চ্জুন পূর্বেবই আমাদিগকে পরাজিত কবিলে এবং অর্চ্জুনভিন্ন অন্য পাণ্ডবযোদ্ধারাই যুধিন্ঠিরকে বক্ষা কবায

 ^{&#}x27;·· वक्षिश्रमांश्यायः' व, '···षां जिस्तांश्यां यः' वा ता नि ।

অবহারং ততঃ কৃত্বা ভারদ্বাজস্ত সম্মতে।
লবলকৈঃ শরৈর্ভিন্না ভূশাবহসিতা রণে ॥৩॥
শ্লাঘমানের ভূতের কাল্কনস্তামিতান গুণান্।
কেশবস্ত চ সোহার্দ্দি কীর্ত্ত্যমানেহর্চ্জুনং প্রতি ॥৪॥
অভিশস্তা ইবাভূবন ধ্যানমূকত্বমাস্থিতাঃ।
ততঃ প্রভাতসময়ে দ্রোণং তুর্য্যোধনোহরবীৎ ॥৫॥
প্রণয়াদভিমানাচ্চ দ্বিষদ্বদ্ধ্যা চ তুর্মনাঃ।
শৃণ্বতাং সর্ব্বযোধানাং সংরক্ষো বাক্যকোবিদঃ ॥৬॥ (কুলকম্)
নূনং বয়ং বধ্যপক্ষে ভবতো দ্বিজসত্তম!।
তথাহি নাগ্রহাঃ প্রাপ্তং সমীপেহত রুধিন্তিরম্ ॥৭॥
ইচ্ছতন্তে ন মুচ্যেত চক্ষুঃপ্রাপ্তো রণে রিপুঃ।
জিয়্বক্ষতো রক্ষ্যমাণঃ সামরেরপি পাণ্ডবৈঃ ॥৮॥

ব্যর্থমনোরথে, রঞ্চিতে অর্জুনেতরপাগুবযোগৈরেব। রজন্বলা ধূলিব্যাপ্তদেহা:। অবহারং
যুদ্দবিরামন্। লকানি লক্ষাণি শরব্যাণি যৈত্যৈ, ভিন্না বিদীর্গদেহা:। শ্লাঘমানের্প্রশংসংস্থ,
ভূতের্ লোকের্। অভিশস্তা অভিশপ্তা:, ধ্যানেন চিন্তরা মৃকত্বং নীরব্বমৃ, আহিতা: প্রাপ্তা:।
ভিষদ্বদ্ধ্যা জন্মলাভাৎ পাগুবাভ্যদ্বেন। সংরক্ষ: ক্রন্ধ: ॥১—৬।

ন্নমিতি। ন্নং নিশ্চিতমেব। তথাছি তৎকারণং জানীছি । ৭॥
ইচ্ছত ইতি। ইচ্ছতো জযমিতি শেষ:। চক্তুপ্রাপ্তো দৃষ্টিবিষয়ং গত:। জিম্বন্ধতো
রিপুমেব গ্রহীতুমিচ্ছতঃ, তে তব সকাশাৎ। সামরেরপি দেবগণেন সহ মিলিভিরপি ৮॥

দ্রোণের সঙ্কল্প ব্যর্থ হইলে, আব সমস্ত লোক অর্জ্জ্নের অসংখ্য গুণেব প্রশংসা করিতে লাগিলে এবং অর্জ্জ্নেব প্রতি কৃষ্ণেব সোহার্দ্দেব বিষয় বর্ণনা করিতে থাকিলে, যুদ্ধে পরাজিত, কবচশূল্য, ধূলিধূদবাঙ্গ, অত্যন্ত উদ্বিগ্গ, দশ দিকে দৃষ্টি-পাতকারী, লক্ষ্যপাতী বাণসমূহে বিদীর্ণদেহ এবং যুদ্ধে শত্রুপক্ষকর্তৃক উপহসিত আপনার পক্ষের যোদ্ধাবা সকলে দ্রোণেব সন্মতিক্রমে যুদ্ধবন্ধ করিয়া যেন অভিশপ্তের ল্যায় হইলেন এবং চিস্তায় নীবব হইয়া বহিলেন। তাহার পর প্রাভঃকালে—শত্রুগণের অভ্যুদ্ধে ত্বঃখিতচিত্ত ও ক্রুদ্ধ বাক্যনিপুণ ত্বর্যোধন সমস্ত যোদ্ধার সমক্ষে প্রণয় ও অভিমানবশতঃ দ্রোণকে বলিলেন—॥>—৬॥

'ব্রাহ্মণশ্রেষ্ঠ ! নিশ্চয়ই আমবা আপনার বধ্যপক্ষেব মধ্যে গণ্য। যে হেডু আজ আপনি যুধিষ্ঠিরকে নিকটে পাইযাও ধরেন নাই ॥৭॥

⁽৩) ... नक्निकः भटेनहींनाः -- शि व । (७) क्ष्रीकार भन्नम् 'वृर्यग्राधन खेवांव' शि ।

বরং দন্ত্বা মম প্রীতঃ পশ্চাদিক্বতবানসি।
আশাভঙ্গং ন কুর্বস্তি ভক্তস্থার্য্যাঃ কথঞ্চন ॥৯॥
ততে। ব্রীতস্তথোক্তঃ সন্ ভারদ্বাজাহত্রবীন্ন পম্।
নার্হসে মাং তথা জ্ঞাতুং ঘটমানং তব প্রিয়ে॥১০॥
সম্বরাম্বরগন্ধর্বাঃ স্বাক্ষারগরাক্ষসাঃ।
নালং লোকা রণে জেতুং পাল্যমানং কিরীটিনা ॥১১॥
বিশ্বস্থ্য ব্র গোবিন্দঃ পৃতনানীস্তথার্জ্জ্নঃ।
তত্র কোহস্থ বলং ক্রামেদ্যুত্র ব্র্যম্বকাৎ প্রভা। ॥১২॥
সত্যং ব্রবীম্যন্ত রাজন্। নৈতজ্জাত্বয়থা ভবেৎ।
অত্যৈযাং প্রবরং কঞ্চিৎ পাত্য়িয়ে মহারথম্॥১০॥

বরমিতি। বিরুত্তবান্ বিপরীতং রুত্তবান্। আর্ধ্যা: সজ্জনা: । ১।
তত ইতি। ছীতো গুধিষ্টিরগ্রহণাসামর্থ্যারজ্জিত:। ঘটমানং চেইমানম্ ॥১ •॥
সেতি। অবং সমর্থান ভবন্তি, লোকাস্থিত্বনবাসিনো জনা: ॥১১॥
বিশ্বেতি। পৃত্তনানী: সেনাচাবক:। ববং শক্তিম্, ক্রামেৎ অতিক্রামেৎ, গ্রাহকাচ্ছিবাৎ ॥১২॥

আপনি জয় লাভেব ইচ্ছা করিয়া যদি যুদ্ধে কোন শক্রকে ধরিবাব ইচ্ছা কবেন, তবে পাণ্ডবেরা দেবগণেব সহিত মিলিত হইয়া রক্ষা করিতে থাকিলেও, আপনার দৃষ্টিবিষয়প্রাপ্ত সে শক্র মুক্তিলাভ কবিতে পাবে না ॥৮॥

- আপনি সম্ভট হইয়া আমাকে ববদান কবিয়া পরে বিপরীত কার্য্য কবিয়াছেন। দেখুন—সম্জনেরা কোন প্রকারেই ভক্তেব আশাভঙ্গ কবেন না'॥৯॥

হুর্যোধন এইরূপ বলিলে, দ্রোণ লজ্জিত হইয়া তাঁহাকে বলিলেন—'বৎস। আমি সর্ববদাই তোমার প্রিযকার্য্য করিবার চেফা করিতেছি; স্থতরাং তুমি সেরূপ বুঝিতে পাব না ॥>০॥

দেখ, অৰ্জুন রক্ষা কৰিতে থাকিলে, দেব, দানব, গন্ধর্বৰ, যক্ষ, রাক্ষস ও পন্নগদিগের সহিত মিলিত হইযা সমগ্র ত্রিভূবনও যুদ্ধে কোন লোককে জয় করিতে পাবে না ॥১১॥

স্থতবাং বিশ্ববিধাত। স্বয়ং কৃষ্ণ যে পক্ষে রহিয়াছেন এবং অর্জুন যে পক্ষের সেনাপবিচালক, এক মহাদেব ব্যতীত অন্য কোন্ ব্যক্তি সেই পক্ষের যুর্ধিষ্টিরেব শক্তি স্পতিক্রম করিতে পাবে ? ॥১২॥

⁽৯) ইভ: পরন্ 'সঞ্জয উবাচ' নি। (১০) ভতোংগ্রীভন্তথোক্ত: সন্—নি। (১২)· তত্র কস্থা-প্রভো:—বা ব রা নি। (১০) সভ্যং ভাত! ববীমাছ—নি।

তঞ্চ ব্যহং বিধান্তামি যোহভেতন্ত্রিদলৈরপি।
যোগেন কেনচিদ্রাজন্ । অর্জ্জনস্থপনীয়তাম্ ॥১৪॥
নহুজ্ঞাতমসাধ্যং বা তস্তু সংখ্যেহস্তি কিঞ্চন।
তেন হ্যুপাত্তং সকলমন্ত্রজ্ঞানমিতস্ততঃ ॥১৫॥
ক্রোণেন ব্যাহ্হতে ত্বেবং সংশপ্তকগণাঃ পুনঃ।
আহ্যয়নর্জ্জনং সংখ্যে দক্ষিণামভিতো দিশম্ ॥১৬॥
ততোহর্জ্জনস্তাথ পরৈঃ সার্দ্ধং সমভবদ্রণঃ।
তাদৃশো যাদৃশো নান্তঃ শ্রুতো দৃষ্টোহপি বা কচিৎ ॥১৭॥
তত্র জ্রোণেন বিহিতো ব্যুহো রাজন্। ব্যুরোচত।
শরন্মধ্যন্দিনে সূর্য্যঃ প্রতপন্ধিব হুর্দ্দৃশঃ ॥১৮॥

সত্যমিতি। জাতু কদাচিৎ। এষাং পাগুবানাম্।১০॥
তমিতি। তং তাদৃশম্। যোগেন উপায়েন। অপনীযতাং স্থানান্তরে অপসার্য্যতাম্॥১৪॥
নহীতি। সংখ্যে যুদ্ধবিষয়ে। উপাত্তং গৃহীতম্। ইতো মর্ত্ত্যলোকাৎ, ততঃ
স্বর্গলোকাৎ ॥১৫॥

ক্রোণেনেতি। ব্যাহ্রতে উক্তে। দক্ষিণাং দিশমিতি অভিতঃশব্ধযোগে দিতীয়া ॥১৬॥ তত ইতি। পরে: সংশপ্তকনারাযণসৈক্তিঃ, তেবামবশেষত্ত পূর্ব্বমূক্তবাৎ ॥১৭॥ তত্ত্বতি। তৃঃধেন দৃষ্ঠত ইতি তৃদ্ধিশা তৃদ্ধিঃ, আর্যবাদ্গুণাভাবঃ ॥১৮॥

(সে যাহা হউক,) রাজা! আমি আজ সত্য বলিতেছি, কখনও একথা মিথ্যা হইবে না। আমি আজ পাশুবপক্ষের কোন প্রধান মহাবথকে নিপাতিত কবিব ॥১৩॥

রাজা। দেবতাবাও যাহা ভেদ কবিতে পাবেন না, আমি আজ সেই-প্রকার এক ব্যুহ রচনা কবিব। তোমবা কোন উপাবে অর্জ্জ্নকে অন্তদিকে লইযা যাও ॥১৪॥

কাবণ, যুদ্ধবিষয়ে অর্জ্জনেব অজ্ঞাত বা অসাধ্য কিছুই নাই। কেন না, তিনি মর্ত্তালোক এবং স্বর্গলোক হইতে সর্ববপ্রকার অন্ত্রজ্ঞানই লাভ কবিয়া-ছেন'॥১৫॥

দ্রোণাচার্য্য এইরূপ বলিলে, সংশপ্তকেরা দক্ষিণদিকে যাইয়া যুদ্ধ কবিবার জন্ত পুনবায় অর্জ্জুনকে আহ্বান কবিল ॥১৬॥

তাহার পর সংশপ্তকপ্রভৃতির সহিত অর্জ্জুনের যেরূপ যুদ্ধ হইল, সেরূপ অগ্ত যুদ্ধ আমবা কখন দেখিও নাই বা শুনিও নাই ॥১৭॥

⁽১৪) চক্রব্যুহং বিধাস্থামি—নি। (১৫)···সকলং সর্বজ্ঞানম্—বা নি। (১৬)···
আহ্বযন্তোহর্জ্বনম্—পি ব। (১৮)···চরমধ্যন্দিনে—বা নি।

তঞ্চাভিমনু যুব্বিচনাৎ পিভুর্জ্যেষ্ঠস্থ ভারত!।
বিভেদ ছুর্ভিদং সংখ্যে চক্রব্যুহমনেকধা ॥১৯॥
স কৃত্বা ছুদ্ধরং কর্ম হত্বা বীরান্ সহস্রশঃ।
ষট্স্থ বীবেষু সংসক্তো দৌঃশাসনিবশং গতঃ॥২০॥
বয়ং পরমসংহাটাঃ পাগুবাঃ শোককর্ষিতাঃ।
সোভদ্রে নিহতে বাজনবহাবং স্ম কুর্ম্মহে॥২১॥
ধৃতরাষ্ট্র উবাচ।

পুত্রং পুরুষসিংহস্ত সঞ্জয়াপ্রাপ্তযৌবনম্। রণে বিনিহতং প্রুক্তা ভূশং মে দীর্য্যতে মনঃ ॥২২॥ দারুণঃ ক্ষত্রধর্ম্মোহয়ং বিহিতো ধর্মকর্তৃভিঃ। যত্র রাজ্যেন্দবঃ শূবা বালে শস্ত্রমপাতয়ন্ ॥২৩॥

তমিতি। জ্যেষ্ঠতা পিতৃযুঁ ধিষ্টিরস্তা। অতৈয়র্গ্রনা ভিদা ভেদো যক্ত তম্ ॥১৯॥

শ ইতি। সংসক্তো যুদ্ধে মিলিড:, দৌঃশাসনিত্র শাসনপুত্র: ॥২০॥

বন্ধমিতি। সৌভত্তে অভিমত্তো। অবহারং তদ্দিনযুদ্ধনিবৃত্তিম্ ॥২১॥

পুত্রমিতি। পুক্ষদিংহস্ত অর্জ্জুনস্তা। এতেনোবেগোহপি স্চ্যতে ॥২২॥

তৎকালে এদিকে দ্রোণ যে বৃহহ বচনা করিয়াছিলেন, শবৎকালের মধ্যাহ্ন- সমযে জগৎসন্তাপকারী সূর্য্যের স্থায় সেই বৃহহেব প্রতি দৃষ্টিপাত করাও ছুক্তর হইয়াছিল ॥১৮॥

কিন্তু ভরতনন্দন। অভিমন্যু যুধিষ্ঠিরের আদেশে চূর্ভেন্ত সেই চক্রব্যুহকে অনেক ভাবে ভেদ করিলেন ॥১৯॥

তৎপবে তিনি চুক্ষর কার্য্য করিয়া সহস্র সহস্র বীর সংহারপূর্ববক ছয় জন বীবেব সহিত মিলিত হইয়া পবে চুঃশাসনপুত্রেব হাতে নিহত হইলেন ॥২০॥

রাজা। অভিমন্যু নিহত হইলে, আমরা পরমানন্দিত এবং পাণ্ডবেবা অত্যস্তশোকার্ত্ত হইযা (সে দিনের মত) যুদ্ধ সমাপ্ত কবিলাম" ॥২১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয। পুরুষসিংহ অর্জ্জুনের পুত্র এবং অপ্রাপ্তযৌবন অভিমন্মকে যুদ্ধে নিহত শুনিয়া আমাব হৃদয় অত্যন্ত বিদীর্ণ হইতেছে ॥২২॥

ধর্মব্যবস্থাপকেবা এই ক্ষত্রিয়ধর্মকে দারুণ কবিয়া বিহিত করিয়াছেন। কাবণ, যে ধর্ম অনুসাবে বাজ্যাভিলাষী বীরেরা বালকেব উপরেও অন্ত্রক্ষেপ করিয়াছেন ॥২৩॥

⁽২১) অবহারমকুর্মহি—বা ব রা নি। ইতঃ পরং বছ্যু পুস্তকেযু বহব এব পাঠভেদা শক্ষ্যস্তে। (২০)···বালে শস্ত্রাণ্যপাত্যন্—পি। জোপ (২১)-০৬

বালমত্যন্তস্থ বিনং বিচরন্তমভীতবং।
ক্বতান্ত্রা বহবো জন্ম ক্রেহি গাবন্ধনে! কথম্ ॥২৪॥
বিভিৎসতা রথানীকং সোভদ্রেণামিতোজ্সা।
বিক্রীড়িতং যথা সংখ্যে তন্মমাচক্ষ্ সঞ্জয়! ॥২৫॥
সঞ্জয় উবাচ।

যন্দাং পৃচ্ছদি রাজেন্ত ! সোভদ্রশু নিপাতনম্।
তত্তে কার্থসেন বক্ষ্যামি শৃণু রাজন্ ! সমাহিতঃ ॥২৬॥
বিক্রীড়িতং কুমারেণ যথানীকং বিভিংসতা।
আরুগ্লাশ্চ যথা বীরা ছুরাবারাসহিষ্ণবঃ ॥২৭॥
দাবাগ্যভিপরীতানাং ভুরিগুলাতৃণক্রমে।
বনৌকসামিবারণ্যে ছনীয়ানামভূদ্রয়ম্ ॥২৮॥

দারণ ইতি। ধর্মকর্ত্ ভির্কাতিধর্মহাবস্থাপকৈর্মানিভি:। যহ যেন হেথা বালমিতি। হে গাবননে ! গবননপুত্র ! সঞ্চঃ । হেঙা বিভিৎসতেতি । বিভিৎসতা ভেত্ত্ বিচ্ছতা । বিক্রীড়িতং বিক্রীড়িতংদের বিচরিতন্ । ২০০ যদিতি । কার্ম্মেন সাকল্যেন । সমাহিত্য কৃত্যনোযোগ্য । ২৬। বীতি । আরুমা ভয়াঃ । ত্রাবারা ছনিবারাশ্য তে অসহিষ্করশ্যেতি তে হেং।

সে যাহা হউক.) সঞ্চয়! বালক ও অত্যন্তত্ত্বী অভিমত্যু নির্ভয়ের হাষ বিচরণ কবিতেছিল, এই অবস্থায় শিক্ষিতান্ত বহু বীব তাহাকে কি করিয়া বং কবিলেন ? ॥২৪॥

সঞ্জয়। অমিততেজা অভিমন্ম বথিসৈতা ভেদ কবিবার ইচ্ছা করিয়া বে ভাবে যুদ্ধে বিচরণ কবিয়াছিল, তাহা আমার নিকট বল'॥২৫॥

সঞ্চয় বলিলেন—"রাজশ্রেষ্ঠ ! আপনি যে আমার নিকটে অভিমন্থাবাংর কথা জিজ্ঞাসা কবিলেন, তাহা আমি সমস্তই বলিব; আপনি মনোযোগ বিহা শুসুন ॥২৬॥

কুমার অভিমন্য কৌরবদৈন্য ভেদ করিবার ইচ্ছা কবিয়া বেভাবে বিচরণ করিয়াছিলেন এবং যে ভাবে দুর্নিবারও অসহিষ্ণু বীবগণকে পরাভূত কবিয়াছিলেন, (তাহাও বলিব) ॥২৭॥

সঙ্গর উবাচ।

नगरत्रश्र्यकर्यानः कर्यचित्रश्चित्रश्चेमाः। नङ्ग्याः भाष्याः भक्ष एरिद्रमि वृद्गोनहाः।

⁽২৭) -- ত্শ্চরাশ্চাসহিক্ষবং—পি, -- ত্ংসাধ্যাশ্চাপি বিপ্লবে—বা নি। (২৮) ইতঃ পর্ম্ '-- ছাতিংশো২ধ্যায়ঃ' ব্, '-- ত্রপ্রজিংশো২ধ্যায়ঃ' বা রা নি। তৎপর্ক জ্ঞাস্থিক। ধর্ম শ্লোকাঃ পি বা ব। তে চ হথা—

ধৃতরাষ্ট্র উবাচ।

অভিমন্ত্যমহং সূত। সোভদ্রমপরাজিতম্। শ্রোভূমিচ্ছামি কার্ৎস্যেন কথমাযোধনে হতঃ ॥২৯॥ সঞ্জয় উবাচ।

স্থিরো ভব মহারাজ ! শোকং ধারায তুর্দ্ধরম্ ।
মহান্তং বন্ধুনাশং তে কথয়িয়ামি তচ্ছ পু ॥৩০॥
চক্রব্যুহো মহারাজ ! আচার্য্যোগভিকল্পিতঃ ।
তত্ত্ব শক্তোপমাঃ মর্কে রাজানো বিনিবেশিতাঃ ॥৩১॥

দাবেতি। দাবায়িনা অভিপরীতানাং পরিবেষ্টিভানাম্। বনৌকসাং বনবাসিনাম্॥২৮॥
অভীতি। ছে হৃত। হৃতবংশীব সম্ভয়া। আয়োধনে যুদ্ধে॥২৯॥
স্থির ইতি। ধারয় সংবৃণ্ ॥৩০॥
চক্রেতি। আচার্য্যেণ দ্রোণেন, অভিকল্পিতো বচিতঃ। তক্র চক্রব্যুছে ॥৩১॥

প্রচুব গুল্ম, তৃণ ও বৃক্ষপূর্ণ বনে দাবাগ্নিপন্থিতি বনবাসীদিগের থেরপ ভয় হয়, আপনার পক্ষেব বীরগণেবও দেইরূপ ভয় হইযাছিল" ॥২৮॥

ধৃতবাষ্ট্র বলিলেন—"দঞ্জয়। অপবাজিত স্থভদ্রানন্দন অভিমন্মার বধর্ত্তান্ত আমি সমস্তই শুনিতে ইচ্ছা করি; সে কি প্রকারে যুদ্ধে নিহত হইল" ॥২৯॥

সঞ্জয় বলিলেন—"মহাবাজ। স্থির হউন, ছুর্দ্ধব শোক সম্ববণ ককন। গুক্তর বন্ধুনাশ আপনাব নিকট বলিব, তাহা শ্রেবণ করুন ॥৩০॥

মহারাজ। সে দিন দ্রোণাচার্য্য চক্রব্যুহ নির্ম্মাণ কবিলেন এবং ভাহাতে ইক্রতুল্য সকল রাজাকে স্থাপন করিলেন ॥৩১॥

সন্ধর্শার্থরের্দ্ধা কীর্জ্যা চ ষশসা প্রিয়া। নৈব ভূতো ন ভবিতা রুঞ্জুলাগুণঃ প্যান্ ॥
সত্যধর্মরতো দাস্তো বিপ্রপুজাদিভিগু পৈ:। সদৈব ত্রিদিবং প্রাপ্তো রাজা কিল যুখিছিরঃ ॥
যুগান্তে চাস্তকো রাজন্ জামদগ্যশ্চ বীর্যাবান্ । রথস্থো ভীমসেনশ্চ কথান্তে সদৃশাস্তঃ ॥
প্রতিজ্ঞাকর্মদক্ষস্ত রবে গাণ্ডীবধরনঃ । উপমাং নাধিগছামি পার্থস্ত সদৃশীং ক্ষিতো ॥
ভক্ষবাৎসল্যমত্যন্তং নৈভ্তাং বিনযো দমঃ । নকুলেংপ্রাতিক্পাঞ্চ শৌর্যাঞ্চ নিয়ভানি ষটু ।
শতগান্তীর্যামাধ্র্যসন্তর্মপরাক্রমেঃ । সদৃশো দেবরোর্মীরঃ সহদেবঃ কিলায়িনোঃ ॥
যে চ রুফে গুণাঃ ক্ষীভাঃ পাণ্ডবেরু চ যে গুণাঃ । অভিমন্তে কিলৈক্স্থা দৃষ্ঠন্তে ওণদধারাঃ ॥
যুখিছিরস্ত থৈর্যোণ রুফ্স্য চরিভেন চ । কর্মভির্তীমসেনস্ত সদৃশো ভীমকর্মণঃ ॥
ধনপ্রয়ন্ত রূপেণ বিক্রমেণ প্রতেন চ । বিন্যাৎ সহদেবক্ত সদৃশো নকুল্স চ ॥
(২৯)
পর্বাযোধনে হতন্—পি । (৩০) স্থিরীভব—পি । (৩১) পর্বাহো মহারাছ ।

"তেন্ত্র পদ্মোপমাঃ সর্বেং—নি ।

অবস্থানের বিশুন্তাঃ কুমারাঃ সূর্য্যবর্চ্চসঃ।
সংঘাতো রাজপুত্রাণাং সর্বেষামভবন্তদা ॥৩২॥
কৃতাভিসময়াঃ সর্বের স্থর্বাবিকৃতধ্বজাঃ।
রক্তাম্বরধরাঃ সর্বের সর্বের রক্তবিভূষণাঃ ॥৩৩॥
সর্বের রক্তপতাকাশ্চ সর্বের বৈ হেমমালিনঃ।
চন্দনাগুরুদিঝাঙ্গাঃ ভ্রম্বিণঃ সূক্ষ্মবাসসঃ ॥৩৪॥
সহিতাঃ পর্য্যধাবন্ত কাফিং প্রতি যুষ্ৎসবঃ।
তেষাং দশ সহল্রাণি বভূরুদ্ চৃধয়িনাম্।
পোত্রং তব পুরস্কৃত্য লক্ষ্মণং প্রিয়দর্শনম্ ॥৩৫॥ (বিশেষকম্)
অন্যোশ্তসমন্থান্তে অন্যোশ্তসমসাহসাঃ।
অন্যোশ্তং স্পর্কমানাশ্চ অন্যোশ্তম হিতে রতাঃ ॥৩৬॥
হর্ষ্যোধনস্ত রাজেন্ত্র! সৈশ্তমধ্যে ব্যবস্থিতঃ।
কর্ণকুঃশাসনকৃপৈর্ব তো রাজা মহারথৈঃ ॥৩৭॥

অবেতি। অবস্থানেষ্ বথাযোগ্যস্থানেষ্। সংঘাতঃ সন্দেলনন্।৩২॥
কতেতি। কৃতাভিদময়াঃ সর্বেণ ভাবেন কৃতশপথাঃ, স্বর্ণবিকৃতধ্বজাঃ স্বর্ণথচিতধ্বজাঃ।
চন্দনাগুকুভির্দিখ্যালা লিপ্তগাত্রাঃ, প্রস্থিণঃ পুস্পমালাবস্তঃ। কার্ফিমভিমহান্। পৌত্রং
হুর্যোধনপুত্রস্থাৎ। বটুপালোহয়ং শ্লোকঃ ॥৩০—৩৫॥
অক্যোক্তেতি। সর্বত্র আ্যান্নতি শেষঃ ॥৩৬॥

এবং সূর্য্যের তুল্য তেজস্বী বাজকুমাবদিগকে যথাস্থানে সন্নিবেশিত করিলেন। তথন সমস্ত রাজপুত্রের একটী সমবায় হইল ॥৩২॥

তাঁহাবা সকলেই যুদ্ধের সমস্ত বিষয়ে শপথ কবিলেন; সকলেব ধ্বজই স্বর্ণখিচিত ছিল, সকলের পরিধানেই রক্ত বন্ত্র, সকলেরই রক্ত ভূষণ, সকলেরই রক্ত পতাকা, সকলের কণ্ঠেই স্বর্ণমালা, সকলেব অঙ্গই চন্দন ও অগুক্ষারা লিপ্তা, সকলের গলদেশেই পুস্পমালা এবং সকলের পরিধানেই সৃদ্ম বন্ত ছিল। তাঁহারা সন্মিলিত হইয়া আপনাব পোত্র প্রিয়দর্শন লক্ষ্মণকে অগ্রবর্তী করিয়া যুদ্ধ করিবাব ইচ্ছায় সকল দিক্ হইতে অভিমন্ত্যুর প্রতি ধাবিত হইলেন। তৎকালে দৃঢ়ধনুদ্ধিব সেই রাজপুত্রেরা সংখ্যায় দশ সহন্দ হইয়াছিলেন ॥৩৩—৩৫॥

তাঁহাদের পরস্পর সমান তুঃখ, সমান সাহস ও সমান স্পদ্ধা ছিল এবং তাঁহাবা প্রস্পব হিতে নিরত ছিলেন ॥৩৬॥

রাজত্রেষ্ঠ। সেই সৈন্যেব মধ্যস্থানে রাজা ছর্য্যোধন অবস্থান করিতে

দেবর্রাজ্ঞাপমঃ শ্রীমান্ খেতচ্ছত্রাভিসংর্তঃ।
চামরব্যজনক্ষেপৈরুদয়নিব ভাস্করঃ॥৩৮॥ (যুগ্মকম্)
প্রমুখে তস্ত দৈন্তস্ত দ্রোণোহবান্থিত নায়কঃ।
দিন্ধুরাজস্তথাতিষ্ঠচ্ছীমান্ মেরুনিবাচলঃ॥৩৯॥
দিন্ধুরাজস্ত পার্থস্থা অশ্বত্থামপুরোগমাঃ।
স্থতাস্তব মহারাজ! ত্রিংশজ্রিদশসনিভাঃ॥৪০॥
গান্ধাররাজঃ কিতবঃ শল্যো ভুরিশ্রবান্তথা।
পার্শতঃ দিন্ধুরাজস্ত ব্যরাজন্ত মহারথাঃ॥৪১॥
তিঃ প্রবর্তে যুদ্ধং ভুমুলং লোমহর্ষণম্।
তাবকানাং পরেষাঞ্চ মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্॥৪২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈযাসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্ত্যবধে সংক্ষেপতোহভিমন্ত্যবধর্ণনে একত্রিংশোহধ্যায়ঃ ॥০॥ #

ছর্ব্যোধন ইন্ডি। বৃত্তঃ পরিবেষ্টিতঃ। চামরব্যজনকেপৈযুক্তঃ ॥০৭—০৮॥ প্রেডি। প্রমুধে অগ্রে। নাযকঃ সেনাপতিঃ। সিন্ধুরাজো জ্যদ্রথং ॥০৯॥ সিন্ধুরাজভেতি। ত্রিদশসমিভা দেবতুব্যাপরাক্রমাঃ ৪৪০॥

গান্ধারেডি। কিডবো ধৃর্ত্তঃ। পার্শ্ব চং পার্শ্বে ।৪১।

ভঙ ইতি। নিবর্ত্তনং যুদ্ধান্নিবৃত্তিজনকন্। মুজ্যোরভাবে যুদ্ধান্ন নিবৃত্তিরিত্যাশযঃ ॥৪২॥ ইতি মহামহোপাখ্যার-ভারভাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-

বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমূদীনমাখ্যায়াং জোণপর্বানি
অভিমন্নাবধে একজিংশোহখায়ঃ I•I

লাগিলেন; মহারথ কর্ণ, তুঃশাসন ও কুপ তাঁহাকে পবিবেষ্টন করিয়া বহিলেন; তাঁহার মস্তকের উপবে একটা শেভচ্ছত্র ধাবণ কবিল এবং তুই পার্শ্বে চামব-ব্যজন কবিতে লাগিল। তথন তিনি দেববাজেব স্থায় এবং উদযমান সূর্য্যের তুল্য শোভা পাইতে লাগিলেন ॥৩৭—৩৮॥

সেই সৈন্মের সম্মুখদেশে সেনাপতি দ্রোণ থাকিলেন এবং বীরশোভায শোভিত সিন্ধুরাজ জযত্ত্রথ স্থমেরূপর্বতেব গ্রায অচল হইষা রহিলেন ॥৩৯॥

মহারাজ। সিন্ধুরাজের পার্শে অশ্বথামা এবং দেবতাব তুল্য পরাক্রদশালী আপনার ত্রিশ জন পুত্র থাকিলেন ॥৪০॥

আর ধূর্ত্ত শকুনি, শল্য ও ভূরিশ্রবা এই মহাবথেবা জযদ্রথেব অপর পার্থে শোভা পাইতে লাগিলেন ॥৪১॥

⁽৩৯)···জোণাবস্থিতনাযক:—পি, জোণাহবস্থিত নাযক:—বা ব নি। * ' ত্রহ-স্থিপোহধ্যার:' ব, '···চতুস্থিংশোহধ্যায়:' বা রা নি।

দাত্রিংশো>ধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

-8#8-

তদনীকমনাধ্যাং ভারদ্বাজেন রক্ষিতম্।
পার্থাঃ সমভ্যবর্ত্তত্ত ভীমদেনপুরোগমাঃ ॥১॥
সাত্যকিশ্চেকিতানশ্চ ধৃষ্টপুরুদ্ধশ্চ পার্যতঃ।
কুন্তিভোজশ্চ বিক্রান্তো দ্রুপদশ্চ মহারথঃ ॥২॥
আর্জ্জনিঃ ক্ষত্রধর্মা চ রহৎক্ষত্রশ্চ বীর্য্যবান্।
চেদিপো ধৃষ্টকেভুশ্চ মাদ্রীপুর্ত্রো ঘটোৎকচঃ ॥৩॥
র্ধামন্যুশ্চ বিক্রান্তঃ শিখণ্ডী চাপরাজিতঃ।
উত্তমোজাশ্চ মুর্দ্রের্যা বিরাটশ্চ মহারথঃ ॥৪॥
ক্রোপদেয়াশ্চ সংরক্ষাঃ শৈশুপালিশ্চ বীর্য্যবান্।
কেকরাশ্চ মহাবীর্যাঃ স্প্পর্যাশ্চ সহন্রশঃ ॥৫॥
এতে চান্মে চ সগণাঃ কৃতান্ত্রা যুদ্ধমুর্দ্মদাঃ।
সমভ্যধাবন্ সহসা ভারদ্বাজং যুরুৎসবঃ ॥৬॥ (কুলকম্)

তদিতি। অনীকং কৌরবসৈম্বস্, অনাধুম্বস্ অনভিভবনীয়স্। পার্থাঃ পাগুবাং ॥১॥
সাত্যকিরিভি। পার্ধতঃ পৃষতপোঁতঃ। আর্জুনিরভিমস্তাঃ। চেদিপশ্চেদিরাজঃ।
ত্র্দ্ধধো মহাবীরঃ। দ্রৌপদেযা দ্রৌপদ্ধাঃ পূর্তাঃ, সংরক্ষাঃ সোৎসাহাঃ, শৈশুপালিঃ ধুষ্টকেতৃভিমঃ
শিশুপালপুতঃ। সগণাঃ পরিজনসহিতাঃ, কুতাম্বাঃ শিক্ষিভাম্বাঃ। যুষ্ৎসবো যোদ্ধ্যিচ্ছবঃ ॥২-৬॥

তাহাব পর 'মৃত্যুই আমাদিগকে যুদ্ধ হইতে নিবৃত্ত করিতে পারিবে' এই-কপ সঙ্কল্প কবিয়া আপনাব পক্ষ ও বিপক্ষ তুমুল ও লোমহর্ষণ যুদ্ধে প্রবৃত্ত হইলেন॥৪২॥

সঞ্জয বলিলেন—"ভীমসেনপ্রভৃতি পাণ্ডবেরা দ্রোণরক্ষিত হুর্দ্ধর্ব সেই কৌবব-সৈন্মের প্রতি ধাবিত হইলেন ॥১॥

আর সাত্যকি, চেকিতান, পৃযতনন্দন ধৃষ্টত্যুন্ন, বিক্রমশালী কুস্তিভোজ, মহারথ ফ্রেপদ, অভিমন্মা, ক্ষত্রধর্মা, বলবান্ বৃহৎক্ষত্র, চেদিরাজ ধৃষ্টকেডু, নকুল,

⁽৩) --- ক্ষত্রবর্মা চ--- পি।

সমীপে বর্ত্তমানাংস্তান্ ভারদ্বাজোহতিবীর্য্যবান্।
অসংজ্রান্তঃ শরোবেণ মহতা সমবারয়ৎ ॥৭॥
মহোঘঃ সলিলস্তাব গিরিমাসাত্ত তুর্ভিদম্।
ক্রোণং তে নাভ্যবর্ত্তন্ত বেলামিব জলাশয়াঃ ॥৮॥
পীড্যমানাঃ শরৈ রাজন্। ক্রোণচাপবিনিঃস্থতৈঃ।
ন শেকুঃ প্রমুখে স্থান্তুং ভারদ্বাজন্ত পাণ্ডবাঃ ॥৯॥
তদছ্তমপশ্রাম ক্রোণস্ত ভুজযোর্বলম্।
যদেনং নাভ্যবর্ত্তন্ত পাঞ্চালাঃ স্প্রের্টিরঃ।
বহুধা চিন্তয়ামাস ক্রোণস্ত প্রতিবারণম্ ॥১১॥

সমীপ ইতি। অসংপ্রাস্তঃ প্রবলবিপক্ষদর্শনেংপি অবিচলিডচিত্তঃ ॥१॥
মহৌষ ইতি। তৃষ্ণরা ভিদা বিদারণং যস্ত তম্। নাভ্যবর্ত্তর নাতিক্রামন্, বেলাং
তীরম্ ॥৮॥

পীজ্যেতি। প্রমূপে সম্মূপে, ভারম্বান্ধস্ম দ্রোণস্ম ॥১॥
ভদিতি। দ্রোণাভিমূপ্যেন যদনবস্থানং তদেবান্ধৃতমিতি ভাবঃ ॥১০॥
ভমিতি। কেনোপাযেন প্রতিবারণং ভবেদিতি বিষয়ং বহুবা চিস্তর্গামান ॥১১॥

সহদেব, ঘটোৎকচ, বিক্রমশালী যুধামন্ত্রা, অপরাজিত শিখণ্ডী, তুর্জর্ব উত্তমৌজা, মহারথ বিরাট, উৎসাহসম্পন্ন দ্রৌপদীব পুত্রগণ, বলবান্ শিশুপালপুত্র, মহাবীব কেবয়গণ এবং সহস্র সহস্র স্থপ্তয়, ইহাবা এবং অন্তও বহুতর যুদ্ধত্রর্জর্ম ও অস্ত্রে স্থশিক্ষিত বার অনুচবগণের সহিত মিলিত হইরা যুদ্ধ কবিবাব ইচ্ছা করিয়া সম্বর দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥২—৬॥

তথন অত্যন্ত বলবান্ দ্রোণ অবিচলিত থাকিয়া বিশাল শরজালদ্বাবা নিকটবর্ত্তী সেই পাণ্ডবপক্ষীয় বীরগণকে বারণ করিতে লাগিলেন ॥৭॥

জলের মহাস্রোত যেমন তুর্ভেন্ত পর্ববেতর নিকটে যাইয়া তাহা ভেদ করিতে পারে না এবং নদীপ্রভৃতি যেমন তীব অতিক্রম করিতে সমর্থ হয না, সেইবপ পাণ্ডবেরা দ্রোণকে অতিক্রম করিতে পারিলেন না ॥৮॥

রাজা ! দ্রোণের ধনু হইতে নির্গত বাণসমূহ পীড়ন করিতে লাগিলে, পাণ্ডবেরা দ্রোণের সম্মুখেই থাকিতে পারিলেন না ॥১॥

তখন আমরা দ্রোণের অদ্ভূত বাহুবল দেখিলাম ; যে হেডু স্ফ্রেযগণের সহিত পাঞ্চালেরা দ্রোণের সম্মুখে থাকিতেই সমর্থ হইল না ॥১০॥

⁽১১) -- অভিকৃদ্ধ্য-বা ব রা নি।

অশক্যন্ত তমন্তেন দ্রোণং মত্বা যুধিন্তিরঃ।
অবিষহং গুরুং ভারং সোভদ্রে সমবাস্তলং ॥১২॥
বাহ্নদেবাদনবরং ফাল্পনাচ্চামিতোজসম্।
অত্রবীৎ পরবীরত্মমভিমনুস্মিদং বচঃ॥১৩॥
এত্য নো নার্জ্জনো গর্হেদ্যথা তাত। তথা কুরু।
চক্রবৃহস্থ ন বয়ং বিদ্যো ভেদং কথঞ্চন ॥১৪॥
তং বার্জ্জনো বা কুফো বা ভিন্দ্যাৎ প্রছ্যন্ত্ম এব বা।
চক্রবৃহং মহাবাহো। পঞ্চমো নোপপত্যতে॥১৫॥
অভিমন্তো! বরং তাত। যাচতাং দাভুমইসি।
পিতৃণাং মাতুলানাঞ্চ সৈন্তানাক্ষৈব সর্ববশঃ॥১৬॥
ধনপ্রব্যে হি নস্তাত। গর্হেদেত্য সংযুগাৎ।
ক্রিপ্রমন্ত্রং সমাদায় দ্রোণানীকং বিশাত্য়॥১৭॥

অশক্যমিতি। অশক্যং বাব্যিত্মিতি শেবং। সম্বাস্ত্তং সম্পন্নিং ॥১২॥
বাস্থিতি। অনবর্মন্যনম্, ফাল্কনাদর্জ্নাং। অব্রবীদ্যুধিন্তির এব ॥১৩॥
এত্যেতি। নঃ অস্মান্। বিদ্যো জানীমঃ ॥১৪॥
হমিতি। প্রহান্তাঃ রুফ্টেশ্রব পুরেঃ। নোপণন্ততে অস্কান্ত সম্ভান্ত ॥১৫॥
অভীতি। যাচতাং যাচমানানান্। পিভূণামস্মাকম্, মাতুলানাং সাভাকিপ্রভূতীনাম্॥১৬॥

অত্যম্ভক্রুন্ধ দ্রোণকে আসিতে দেখিয়া যুধিন্ঠির তাঁহার নিবারণের বিষয়ে বছপ্রকার চিন্তা করিলেন ॥১১॥

ক্রমে অন্য কেহই দ্রোণকে নিবারণ কবিতে সমর্থ হইবে না এইরূপ মনে করিয়া যুধিষ্ঠির অভিযন্তাব উপরে অসহ্য গুরুতব ভার অর্পণ করিলেন ॥১২॥

কৃষ্ণ ও অর্জ্জুন অপেক্ষা অন্যূন, অমিভতেজা ও বিপক্ষবীরহস্তা অভিমন্থাকে তিনি এই কথা বলিলেন—॥১৩॥

'বৎস। অর্জ্জুন আসিয়া যাহাতে আমাদের নিন্দা না কবেন, তুমি সেইরপ কার্য্য কব। আমরা কোন প্রকাবেই চক্রব্যুহের ভেদ জানি না ॥১৪॥

মহাবাহা। ভুমি, বা অর্জ্জুন, কিংবা কৃষ্ণ, অথবা প্রাত্মন, তোমবা এই চাবি জনই চক্রবাহ ভেদ করিতে পার; কিন্তু পঞ্চম কেহ পারে না ॥১৫॥

ব্যত এব বৎস অভিমন্ম। ভোমাব পিতৃগণ, মাতৃলগণ ও সমস্ত সৈত্য তোমার নিকট বর প্রার্থনা করিতেছেন, তুমি তাহা দান কর॥১৬॥

⁽১৩) শ্লোকাৎ পরম্ 'ঘ্ধিন্তির উবাচ' নি। (১৪)···পদ্মবৃহত্ত ন বয়ম্—নি, ··বিদ্ম ভেদম্—পি। (১৫) দ্বকাৰ্জ্নো বা—পি,···শ্লোণানীকং মহাবাহো!—নি।

অভিমন্যুরুবাচ।

দ্রোণস্থ দৃঢ়মন্ত্যুগ্রমনীকপ্রবরং যুধি।
পিতৃণাঃ জয়মাকাজ্মনবগাহেংবিলম্বিতম্ ॥১৮॥
উপদিফৌ হি মে পিত্রা যোগোংনীকবিশাতনে।
নোৎসহে তু বিনির্গন্তমহং কস্থাঞ্চিদাপদি ॥১৯॥
যুধিষ্ঠিব উবাচ।

ভিন্ধ্যনীকং যুধাং শ্রেষ্ঠ । দ্বারং সংজনয়স্ব নঃ।
বয়ং দ্বাহকুগমিয়ামো যেন দ্বং তাত । যাস্থাসি ॥২০॥
ধনঞ্জয়সমং যুদ্ধে দ্বাং বযং তাত । সংযুগে।
প্রণিধায়ানুযাস্থামো রক্ষন্তঃ সর্বতোমুখাঃ ॥২১॥

ধনপ্তৰ ইতি। নঃ অস্মান্। দ্রোণানীকং চক্রব্যুহস্থন্, বিশাতর ভিন্ধি ॥১ গা দ্রোণস্তেতি। পিতৃণাং ভরতাম্। অবসাহে প্রবিশামি, অবিলম্বিতং ক্রতমেব ॥১৮॥ ড্রাম্বণপত্তিমাহ উপেতি। পিত্রা অর্জ্জ্নেন, যোগ উপায়ঃ, অনীকবিশাতনে চক্রব্যুহস্থ-সৈক্তভেদনে। কিন্তু তত্র কস্তাঞ্চিদ্বাপদি ভাবিস্থাম্, বিনির্গল্ভং নোৎসহে ন শক্ষোমি, পিত্রা ভত্তপাযুসামুণদিষ্টবাদিত্যাশয়ঃ ॥১৯॥

ভিন্নীতি। যেন পথা দং যাশুনি, বয়মপি তেন পথৈব দ্বা দ্বামন্থগিমিয়ামঃ ঃ২০॥ ধনপ্লয়েতি। যুদ্ধে ধনপ্লধনমং দ্বাম্, সংযুগে প্রাণিধায় অগ্রতঃ সংস্থাপ্য ॥২১॥

বৎস। অর্জ্জুন যুদ্ধ হইতে আসিয়া আমাদিগকে নিন্দা কবিবেন। অতএব তুমি সত্বব অন্ত ধাবণ করিয়া জোণের চক্রব্যুহ ভেদ কব'॥১৭॥

অভিমন্ম বলিলেন—'আমি পিতৃগণেব জয়কামনা করিয়া সত্ববই যুদ্ধে দ্রোণেব অতিভীষণ ও দৃঢ প্রধানসৈশুমধ্যে প্রবেশ কবিতেছি ॥১৮॥

কিন্তু আমাব পিতা আমাব নিকট কেবল চক্রবাহভেদেব উপায বলিযা-ছিলেন। স্থতবাং সেখানে কোন বিপদ উপস্থিত হইলে আমি নির্গত হইতে সমর্থ ইইব না' ॥১৯॥

যুধিষ্ঠিব বলিলেন—'বৎস যোদ্ধ্শ্রেষ্ঠ। তুমি বৃাহ ভেদ কব এবং দার প্রস্তত করিয়া দাও; তা'ব পর তুমি যে পথে যাইবে, আমবা সেই পথে তোমাব পিছনে পিছনে যাইব॥২০॥

বৎস! তুমি যুদ্ধে অর্জ্জনেব তুলা। তথাপি আমবা ভোমাকে যুদ্ধে সম্মুখে রাথিয়া বক্ষা করিতে থাকিয়া সকল দিক্ দেখিতে দেখিতে ভোমার অনুসরণ করিব'॥২১॥

ছোণ (২১)-৩৭

ভীয উবাচ।

অহং ত্বাহনুগনিয়ানি ধৃষ্টগ্ন্যাহেথ সাত্যকিঃ।
পাঞ্চালাঃ কেকয়া মৎস্থান্তথা দর্বে প্রভদ্রকাঃ॥২২॥
সকৃদ্ধিনং ত্বয়া ব্যহং তত্র তত্র পুনঃ পুনঃ।
বরং প্রধ্বংসয়িয়ামো নিম্নমানা বরান্ বরান্॥২৩॥
অভিমন্ত্যক্ষবাচ।

অহমেতৎ প্রবেক্ষ্যামি দ্রোণানীকং ছুরাসদম্।
পতঙ্গ ইব স ক্রেন্ধাে জ্বলিতং জাতবেদসম্॥২৪॥
তৎ কর্মান্ত করিয়ামি হিতং যহংশরাের ফােঃ।
মাতুলস্ত চ বৎপ্রীতিং করিয়াতি পিতুশ্চ মে॥২৫॥
শিশুনৈকেন সংগ্রামে কাল্যমানানি সংঘশঃ।
দ্রুক্যন্তি সর্ব্বভূতানি দ্বিষ্ৎসৈন্তানি বৈ ময়া॥২৬॥

অহমিতি। তা তান্। অহগমিয়তি অহগমিয়তি যথাসভবমহ্বদ: ॥২২॥ সক্লিতি। ভিন্নং কৃত্যারমৃ, বৃহেং চক্রবৃহেম্। নিম্নানা ইত্যার্বং প্রয়োগ: ॥২০॥ অহমিতি। জাতবেদসং বহ্নিমৃ। এতেনাত্মনো মৃত্যুরবগুভাবীতি হচিতম্ ॥২৪॥ ডদিতি। হয়োর্মাতাপিতৃসম্বিনো:। মাতুলস্ত কৃষ্ণস্ত, পিতৃরর্জ্নস্ত ॥২৫॥

ভীম বলিলেন—'বংস! আমি ভোমার অন্তুসবণ কবিব এবং ধৃষ্টগ্রুত্ম ও সাত্যকি যাইবেন; আর পাঞ্চালগণ, কেকরগণ, মৎস্তুগণ ও সমস্ত প্রভদ্রক যোদ্ধা ভোমাব পিছনে পিছনে গমন করিবেন ॥২২॥

ভূমি একবার চক্রবাহ ভেদ করিয়া দিলে, আমরা প্রধান প্রধান শক্ত সংহার করিতে থাকিয়া সেই সেই স্থানে বার বার ঐ ব্যুহ বিধ্বস্ত করিব'॥২৩॥

অভিমন্যু বলিলেন—'পতঙ্গ (ফড়িং) যেমন প্রজ্বলিত অগ্নিব মধ্যে প্রবেশ করে, আমিও সেইরূপ অত্যম্ভকুদ্ধ হইয়া এই চুর্দ্ধর্ব জ্যোণসৈগ্রমধ্যে প্রবেশ করিব॥২৪॥

যে কার্য্য মাতৃবংশ ও পিতৃবংশ চুই বংশেরই হিতজনক হইবে এবং যে কার্য্য আমার মাতৃল ক্ষয়ের ও পিতা ধনঞ্জযের প্রীতিসম্পাদন করিবে, আমি আজ সেই কার্য্য কবিব ॥২৫॥

⁽২২) ··· কেবরা মাৎস্তাঃ—নি। (২৫) ··· করিয়ামি পিতৃশ্চ মে—পি। (২৬) শ্লোকাৎ
পরমিদং শ্লোকন্মমধিকং বা ব রা নি। তদ্যথা—
নাহং পার্থেন জাতঃ স্তাং ন চ জাতঃ স্বভদ্রয়া। যদি নে সংযুগে কশ্চিজীবিতেনান্ত মূচাতে।
যদি বৈক্রথেনাহং সমগ্রং ক্তমগুলন্। ন করোম্যপ্রধা যুদ্ধে ন ভ্বাম্যর্জুনাত্মকঃ।

যুধিষ্ঠির উবাচ।

এবং তে ভাষমাণস্থ বলং দোভদ্র ! বর্দ্ধতাম । যৎ সমুৎসহসে ভেভুং দ্রোণানীকং তুরাসদম্ ॥২৭॥ রক্ষিতং পুরুষব্যাদ্রৈমহেম্বাসৈর্মহাবলৈঃ । সাধ্যক্ষদ্রমক্ষৎকল্পৈর্বস্বগ্ন্যাদিত্যবিক্রমৈঃ ॥২৮॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

তস্ম তদ্বচনং শ্রুত্বা স যন্তারমচোদয়ৎ। স্থমিত্রাশ্বান্ রণে ক্ষিপ্রং দ্রোণানীকায় চোদয় ॥২৯॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্ত্যুবধে অভিমন্ত্যুপ্রতিজ্ঞায়াং দ্বাত্রিংশোহধ্যায়ঃ॥•॥*

गंगांने । मर्कणकांनि फलकां! मार्क क

শিশুনেতি। কাল্যমানানি হক্ত মানানি। সর্বভ্তানি তত্তত্যা: সর্ব্বে লোকা: ॥२७॥
এবমিতি। সম্ৎসহসে সম্যঞ্জনাহং প্রকাশয়সি, ক্রোণশু অনীকং চক্রবৃহস্থ সৈক্তম্।
মহেছাসৈর্যহাধমুর্দ্ধরৈ: কর্ণাদিভি:। মক্ত প্রন: ॥২৭—২৮॥

তত্যেতি। তত্ম যুখিষ্টিরতা। সং অভিমহ্যা, যস্তারং সার্থিম্, অচোদয়ৎ প্রৈরন্থ। তে স্মাত্র ! তদাখ্য ! সার্থে !। চোদ্য প্রেরয় ॥২৯॥

ইতি মহামহোপাধ্যার-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাস সিদ্ধান্তবাদী শভট্টাচার্য্য-বিরচিতারাং মহাভাবতটীকারাং ভারতকৌমুদীসমাধ্যায়াং দ্রোণপর্বাদি অভিমন্ত্যবধে দ্বাজিংশোহধ্যারঃ ॥০॥

আমি—বালক এবং একাকী হইথাও যুদ্ধে দলে দলে শক্রাসৈশ্য সংহার কবিব; ভাহা তত্রত্য লোকেরা দেখিতে পাইবে ॥২৬॥

যুধিষ্ঠির বলিলেন—'বৎস স্বভ্যানন্দন। সাধ্য, রুদ্র ও বাযুব সমান এবং বস্তু, অগ্নি ও সূর্য্যের তুলা বিক্রমশালী, আর মহাবল ও মহাধনুর্দ্ধর পুক্ষভোষ্ঠ-গণ যাহা বক্ষা কবিতেছেন, সেই হর্দ্ধর দ্রোণসৈশ্য ভেদ কবিবাব জন্য তুমি যখন উৎসাহ প্রকাশ করিতেছ এবং এইরূপ বলিতেছ, তখন তোমার শক্তি বৃদ্ধি লাভ করুক'॥২৭—২৮॥

সঞ্জয বলিলেন—"থুধিষ্ঠিরের সেই কথা শুনিয়া অভিমন্যু সার্থিকে আদেশ করিলেন—'স্থমিত্র। তুমি সমবাঙ্গনে জোণসৈন্মের দিকে সহর অখুগণকে সঞ্চালন কব'॥২৯॥

^{* &#}x27;.. চতু खिः (শাহধ্যায়:' व, '... পঞ্চ জিং শোহধায়:' वा जा नि।

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।

_____0%°____

সঞ্জয় উবাচ।

সেতিদেয়ত যন্তারং দ্রোণানীকায় ভারত!॥॥
তেন সঞ্চোদ্রমানস্ত যাহি যাহীতি সার্থিঃ।
প্রভাবাচ ততো রাজন্নভিমন্যুমিদং বচঃ॥২॥
অতিভারোহয়মায়ুম্মনাহিতস্ত্রমি পাণ্ডবৈঃ।
সম্প্রধার্য ক্ষমং বুদ্ধা ততস্তং যোদ্ধু মর্হসি॥৩॥
আচার্য্যো হি কৃতী দ্রোণঃ পরমান্ত্রে কৃতপ্রমঃ।
অত্যন্তপ্রথসংবৃদ্ধস্ত্রপাযুদ্ধবিশারদঃ॥৪॥
ততোহভিমন্যঃ প্রহসন্ সার্থিং বাক্যমত্রবীৎ।
সার্থে! কো শ্বয়ং দ্রোণঃ সমগ্রং ক্ষত্রমেব বা॥৫॥

উত্তমপার্থং হতোজিপ্রসক্তমে পুনরাহ সোভদ্র ইতি। ধীমতো যোগ্যজননিয়োগাৎ ।>। তেনেতি। সঞ্চোজমান: প্রেল্লমাণ: ।২। অতীতি। আহিতঃ হাপিতঃ। সম্প্রধার্য নিশ্চিতা, ক্ষমমূচিতম্ ।০। আচার্য্য ইতি। অযুদ্ধবিশারদ:, বালফেন তাদৃশশ্রমাসহিষ্ণুত্বাৎ ॥৪॥

সঞ্জয় বলিলেন—"ভবতনন্দন! বুদ্ধিমান্ যুধিষ্ঠিরের সেই কথা শুনিয়া অভিমন্থ তাঁহাব সাব্থিকে দ্রোণসৈত্যেব দিকে প্রেবণ কবিলেন ॥১॥

রাজা। 'যাও যাও' বলিয়া অভিমন্ম আদেশ কবিতে লাগিলে, সাবধি অভিমন্মকে এই কথা বলিল—॥২॥

'আযুদ্মন্! পাশুবেরা আপনাব উপরে এটা গুরুতব ভার ক্যস্ত কবিয়াছেন। তথাপি আপনি আপন বুদ্ধিতে উচিত বিষয় স্থিব কবিয়া যুদ্ধ কবিতে পাবেন॥৩॥

কাবণ, দ্রোণাচার্য্য যুদ্ধে স্থনিপুণ, বিশেষতঃ তিনি উত্তম উত্তম অন্ত্রশিক্ষায পরিশ্রম কবিয়াছেন ; আব আপনি অত্যন্তস্থথে বৃদ্ধি লাভ কবিয়াছেন, তা'ব পব আবার বালক বলিয়া যুদ্ধেও সেরূপ নিপুণ নহেন'॥৪॥

ঐরাবতগতং শক্রং সহামরগণৈরহম্।

যোধয়েয়ং রণমুখে ন মে ক্ষত্রেহছ বিস্ময়ঃ॥৬॥
ন মমৈতদ্বিষৎসৈত্যং কলামহতি ষোড়শীম্।
অপি বিশ্বজিতং বিষ্ণুং মাতুলং প্রাপ্য সূতজ!।
পিতরঞ্চার্জ্বনং যুদ্ধে ন ভীর্মামুপযাস্থতি॥৭॥
ততোহভিমনুমুন্তাং বাচং কদর্থীক্বত্য সারখেঃ।
যাহীত্যেবাব্রবীদেনং দ্রোণানীকায় মা চিরম্॥৮॥
ততঃ সঞ্চোদয়ামাস হয়ানাশু ত্রিহায়নান্।
নাতিহুক্তমনাঃ সূতো হেমভাগুপরিচ্ছদান্॥৯॥
তে প্রেষিতাঃ স্থমিত্রেণ দ্রোণানীকায় বাজিনঃ।
দ্রোণমভ্যদ্রবন্ রাজন্! মহাবেগপরাক্রমাঃ॥১০॥

ভঙ ইতি। ক্ষত্রং ক্ষত্রির্নদ্। মংসমকে কোহিপি কিমপি চ নেতার্থ: ॥৫॥
ঐরেতি। যোধযেবং যোজ্ং শকুরাম্। ক্ষ্যবিপরীতো বিক্সযো বিষাদ: ॥৬॥
নেতি। বোজনীং কলাং ষোজনভাগৈকভাগম্। বিষ্ণুং ক্ষুক্ষ্য্। ষট্পাদোহযং শ্লোক: ॥৭॥
তভ ইতি। কদর্থীকৃত্য বুংসিতার্থীকৃত্য অবজ্ঞায়েত্যর্থ:। মা চিবং ন বিলম্বস্থ ॥৮॥
তভ ইতি। ভতো নাভিক্সমনা: স্তঃ সার্থি, ত্রিহামনান্ ত্রিবর্ষব্যস্কান্ তত এব
যুন ইতার্থ:, হেমভাগুপরিচ্ছদান্ ক্র্ণালক্ষারাবৃতান্ হয়ান্, আশু সঞ্চোদ্যামাস ॥৯॥
ত ইতি। ক্মিত্রেণ তদাধ্যেন সার্থিনা। মহাস্কৌ বেগপরাক্রমৌ যেষাং তে ॥১০॥

তাহার পর অভিমন্ম হাস্ত কবিয়া সার্থিকে এই কথা বলিলেন—'সাব্থি। আমাব সমক্ষে এ দ্রোণ কে ? সমস্ত ক্ষত্রিযমগুলই বা কে ? ॥৫॥

আমি দেবগণের সহিত সন্মিলিত ঐবাবতগজাবাঢ় ইন্দ্রেব সহিতও যুদ্ধ কবিতে পাবি। স্থতবাং ক্ষত্রিযগণের বিষয়ে আমাব কোন বিষাদ নাই ॥৬॥

অতএব এই শক্রসৈশ্য আমাব ষোড়শভাগেব একভাগেরও তুলা নহে। তা'ব পর, সাব্যিনন্দন। বিশ্ববিজ্ঞয়ী মাতুল কৃষ্ণকে কিংবা পিতা অর্জ্জুনকে যুদ্ধে বিপক্ষ-রূপে দেখিতে পাইলেও ত' আমাব ভয হয় না'॥-॥

তাহাব পর অভিমন্যু সারথিব সেই কথা অগ্রাহ্ম করিয়া তাহাকে বলিলেন— 'জোণসৈন্মের দিকে যাও, বিলম্ব কবিও না' ॥৮॥

তদনন্তব সার্থি অনভিজ্ঞচিত্তে স্বর্ণালঙ্কারে অলঙ্কত এবং ত্রিবর্ধবযক্ষ অশ্বগণকে জ্রুত সঞ্চালন কবিল ॥৯॥

⁽৮) অভিযন্তান্ত তাং বাচম্—বা নি। (১) ততঃ সংনোদয়ামাস—বা নি। (১০)...
মহাবেগা মহাবেলা:—নি, মহাবেগপন্নাক্রমম্—বা।

তমুদীক্ষ্য তথায়ান্তং দর্বেব দ্রোণপুরোগমাঃ।
অভ্যবর্ত্ত কোরব্যাঃ পাগুবাক্চ তমন্বয়ুঃ ॥১১॥
স কর্ণিকারপ্রবরোচ্ছি তথাজঃ স্থবর্ণবর্ণ্যার্চ্জুনিরর্জ্জুনাবরঃ।
য়ুমুৎসয়া দ্রোণমুখান্ মহারথান্ সমাসদৎ সিংহশিশুর্যথা দ্বিপান্ ॥১২॥
তে বিংশতিপদে যত্তাঃ সম্প্রহারং প্রচক্রিরে।
আসীদ্গাঙ্গ ইবাবর্ত্তো মুহুর্তুমুদ্ধাবিব ॥১৩॥
শ্রাণাং য়ুধ্যমানানাং নিম্নতামিতরেতরম্।
সংগ্রামস্তমুলো রাজন্। প্রাবর্ত্ত স্থদারূণঃ ॥১৪॥

তমিতি। উদীক্ষা দৃষ্ট্ৰা। অৱযু: পশ্চাদগচ্ছন্ ॥১১॥

স ইতি। কর্ণিকাবপ্রবরঃ তদাখাবৃক্তপ্রেষ্ঠ এব উদ্ভিত উত্তোলিতো ধ্বজো যশু সঃ, স্থবর্ণবর্মা স্বর্ণনিশ্বিতক্বচঃ, আর্জুনিরভিমন্তাঃ, অর্জুনাদ্বর ঈষম্যুনঃ ॥১২॥

ত ইতি। অভিমক্তো বিংশতিপদে গত এবেতার্থ:, তে কোরবা:, যতা জ্যায় যত্বস্তঃ সস্তঃ, তন্মিন্ সম্প্রহারং প্রচক্রিরে। তদা চ গদায়া অ্যমিতি গাদঃ, আবর্জো জ্লভ্রমিরিব, উদধো আবর্জ ইব চ তেয়ামূভয়েষাং মুহুর্জমাবর্জো ভ্রমণমাসীৎ ॥১৫॥

বাজা। সারথি স্থমিত্র অশগুলিকে জোণসৈত্যেব দিকে চালাইযা দিলে, মহাবেগশালী ও অত্যন্তপবাক্রমযুক্ত অশ্বগণ জোণের দিকে ধাবিত হইল ॥১০॥

তখন অভিমন্মকে সেইভাবে আসিতে দেখিয়া দ্রোণপ্রভৃতি কৌববেবা সকলে তাঁহাব অভিমূখবর্ত্তী হইয়া বহিলেন; আর পাণ্ডবেরা তাঁহাব পিছনে যাইডে লাগিলেন ॥১১॥

তৎকালে অভিমন্তাব বথে উত্তম কর্ণিকাবরক্ষেব একটা ধবজ উত্তোলিত ছিল এবং তাঁহাব গাত্রে একটা স্বর্ণময় বর্ণ্ম নিবদ্ধ বহিয়াছিল; এই অবস্থায় অর্জ্জুনের তুলা যোদ্ধা অর্জ্জুননন্দন অভিমন্তা—সিংহশিশু যেমন হস্তিগণের প্রতি ধাবিত হয়, সেইকপ যুদ্ধ কবিবাব ইচ্ছায় জোণপ্রভৃতি মহাবখগণেব প্রতি ধাবিত হইলেন ॥১২॥

অভিমন্যু বিংশতি পদ অগ্রসর হইবামাত্রই কোরবগণ যতুবান হইবা প্রহাব আরম্ভ করিয়া দিলেন। তখন গঙ্গাব ও সমুদ্রেব আবর্ত্তের (ঘোলাব) স্থায উভয় সৈম্মেব সংঘর্ষ উপস্থিত হইল॥১৩॥

বাজা। ক্রমে বীবগণ যুদ্ধে প্রবৃত্ত হইযা পবস্পর সংহার কবিতে থাকিলে, তুমুল ও অভিভীষণ যুদ্ধ চলিতে লাগিল ॥১৪॥

⁽১২) ... वर्ष्क् नाषतः — नि ।

প্রবর্তনানে সংগ্রামে তত্মিয়তিভয়য়য়য়ে।
তোপস্থ মিষতো ব্যুহং ভিত্বা প্রাবিশদার্জ্জনিঃ ॥১৫॥
তং প্রবিষ্টং বিনিম্নন্তং শক্রসংঘান্ মহাবলম্।
হস্ত্যশ্বরথপত্যোঘাঃ পরিবক্রক্রদাযুধাঃ ॥১৬॥
নানাবাদিত্রনিনদৈঃ ক্ষেবুড়িতোহকুষ্টগর্জিতৈঃ।
হঙ্কারৈঃ সিংহনাদৈশ্চ ভিষ্ঠ তিষ্ঠেতি নিম্বনৈঃ ॥১৭॥
ঘোরের্হলহলাশবৈদ্যা গান্তিষ্ঠেহি মামিতি।
অসাবহমমুত্রেতি প্রবদন্তো মুহুর্মুহঃ ॥১৮॥
বংহিতৈঃ শিঞ্জিতৈর্হাদেঃ ক্ষুরনেমিস্বনৈরপি।
সমাদয়ন্তো বস্থধামভিত্বজনুরার্জ্জনিম্ ॥১৯॥ (বিশেষকম্)

শ্রাণামিতি। ইতরেতরং পরস্পরম্ ॥১৪॥ প্রেতি। মিষতঃ পশ্যতঃ পশ্যতঃ জোপমনাদৃত্যেত্যর্থঃ। অনাদরে বন্ধী ॥১৫॥ তমিতি। পরিবক্রঃ পরিবেষ্টিতবস্তঃ ॥১৬॥

নানেতি। ক্ষেত্তিম্ অম্পষ্টমুখধনিং, আজুষ্টম্ আহ্বানশৰং, গর্জিতং স্পষ্টং গর্জনঞ্চ তৈ:। মা গা ন গচ্ছ, এহি আগচ্ছ। অমৃত্র অস্মিন্ স্থানে ডিষ্ঠামীতি শেষং। বংহিতৈ- গ্রন্থাজিতৈং, নিঞ্জিতৈরস্থাণামব্যক্তশব্ধেং, ক্ষ্মাণামধপদন্থিতানাং নেমীনাং চক্রপ্রান্তানাঞ্চ স্থানাঃ শব্ধৈঃ। অভিহ্বজ্বব্ধ অভিদ্বাব্ধু, আর্জ্জ্নিমভিমন্ত্রাম্ ॥১৭—১৯॥

অভিভীষণ সেই যুদ্ধ চলিতে লাগিলে, অভিমন্যু দ্রোণের সমক্ষেই বৃাহ ভেদ করিয়া ভাহার মধ্যে প্রবেশ কবিলেন ॥১৫॥

মহাবল অভিমন্য প্রবেশ কবিয়াই শত্রুসমূহ সংহাব কবিতে লাগিলে, গজাবোহী, অশাবোহী, বথী ও পদাভিবা অস্ত্র উত্তোলন কবিয়া ভাঁহাকে পরিবেইটন করিল ॥১৬॥

আর নানাবিধ বাগুধবনি, অস্পষ্ট কণ্ঠস্বর, গর্জন, হুলার ও সিংহনাদ এবং 'থাক থাক' ইত্যাকাব শব্দ, ভয়ন্ধব হলহলাশব্দ, 'যাইও না' 'দাঁড়াও' 'আমাব দিকে আইদ' এবং 'এই আমি এইখানে রহিয়াছি' ইত্যাকার বাক্য মুক্ত্মুক্তঃ বলিতে থাকিয়া, বিশেষতঃ হস্তীর বৃংহতিধ্বনি, অন্তেব অব্যক্ত শব্দ, হাস্থবব, অশ্বন্ধুবের শব্দ-ও চক্রপ্রান্তের শব্দে সমবভূমি নিনাদিত কবিয়া বীবগণ অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥১৭—১১॥

⁽১৫) · ভিত্তা বাচরদার্জ্নি: —নি। (১৬) · · শক্রমধ্যে মহাবলম্ —পি ব। (১৮) · · · অসাবহমমিত্রেভি—বা নি। (১৯) · · · করনেমিশ্বনৈরপি—নি · · ।

তেষামাপততাং বীরঃ শীঘ্রযোধী মহাবলঃ।

ক্ষিপ্রান্ত্রো অবধীদ্রাতান্! মর্ম্মজ্যে মর্মভেদিভিঃ ॥২০॥
তে হল্তমানা বিবশা নানালিক্ষৈঃ শিতৈঃ শরৈঃ।
অভিপেভুঃ স্থবহুশঃ শলভা ইব পাবকম্ ॥২১॥
ততন্তেষাং শরীরৈশ্চ শরীরাবয়বৈশ্চ সঃ।
আতন্তার ক্ষিতিং কিপ্রং কুশৈর্বেদীমিবাধ্বরে ॥২২॥
বদ্ধগোধাঙ্গুলিত্রাণান্ সশরাসনসায়কান্।
সাসিচর্মাঙ্গুশাভীয়ন্ সতোমরপরশ্বধান্ ॥২০॥
সগদায়োগুড়প্রাসান্ সন্তি তোমরপটিশান্।
সভিন্দিপালপরিঘান্ সশক্তিবরকম্পনান্ ॥২৪॥
সপ্রতোদমহাশন্থান্ সক্তান্ সকচগ্রহান্।
সমূদ্গরক্ষেপণীয়ান্ সপাশপরিঘোপলান্ ॥২৫॥
সকেযুরাঙ্গদান্ বাহুন্ হল্তগন্ধামুলেপনান্।
সংচিচ্ছেদার্জ্জনির জাংস্তুদীয়ানাং সহস্রশঃ ॥২৬॥ (কলাপকম্)

তেষামিতি। বীরোহভিমহা:। বা জান্ সম্হান্, মর্মভেদিভি: শরৈ: ॥२०॥
ত ইতি। নানা বছবিধানি দিদানি চিহ্নানি যেষু তৈ:। অভিপেতৃকপাজগা,: ॥२১॥
তত ইতি। আতস্তার আচ্ছাদয়ামাস। বেদীং পরিদ্ধতাং ভূমিন্ ॥२२॥
বদ্ধেতি। বদ্ধানি ধৃতানি গোধা হস্তাবাপা অঙ্গুলিত্রাণানি চ যেষু তান্। শরাসনৈধ ছভি:

বদ্ধেতি। বন্ধানি ধৃতানি গোধা হস্তাবাপা অঙ্গুলত্রাণানি চ বেষ্ তান্। শরাসনেধ ছাঙ্গ সায়কৈর্বাণেন্চ সহেতি তান্। এবমগ্রত্ত। অভীষবঃ প্রগ্রহা অধ্যুধরজ্জবঃ, "অভীরুঃ প্রগ্রহ

তাঁহাবা আসিতে লাগিলে, বাব, শীঘ্রষোধী, মহাবল, দ্রুভান্তক্ষেপী ও মর্শ্বজ্ঞ অভিমন্যু মর্শ্বভেদী বাণদ্বাবা তাঁহাদিগকে বধ কবিতে লাগিলেন ॥২০॥

অভিমন্যু নানাবিধচিহ্নযুক্ত ও স্থাব বাণসমূহদ্বাবা বধ কবিতে লাগিলেও, পরাধীন সেই বহুতব বীব—পভঙ্গ যেমন অগ্নিব দিকে ধাবিত ্হয়, সেইবপ অভিমন্যুব দিকে ধাবিত হইতে লাগিলেন ॥২১॥

তাহাব পর যাজ্ঞিকেবা বেমন কুশদাবা যজ্ঞেব বেদি আর্ত করেন, সেইরূপ অভিমন্যু তাঁহাদের শবীর ও শবীরেব অঙ্গ-প্রতাঙ্গদাবা সত্তর সমবভূমি আর্ত কবিয়া ফেলিলেন ॥২২॥

মহারাজ! ক্রমে হস্তাবাপ (চর্মানিশ্মিত হস্তাবরণ), অঙ্গুলিত্র (অঙ্গুলিবক্ষক চর্ম্মাবরণ), ধনু, বাণ, তরবাবি, চর্ম্ম (ঢাল), অঙ্গুশ, অধ্যনুখরজ্জু, তোমব, পবশু,

(২০)···নীদ্রপূর্ব্বমথো দৃঢ়ন্—পি ব,···স্তবধীদ্রাজন্।—নি। (২২)·· সংভস্তার—নি।
(২৩)···সাসিচর্মাঙ্কুশান্ সেয়ুন্—পি।

তিঃ স্কুরন্তির্মহারাজ! শুশুভে ভূঃ স্থলোহিতৈঃ।
পঞ্চাস্তৈঃ পন্ধগৈশ্ছিনের্গরুড়েনের মারিষ! ॥২৭॥
স্থনাসাননকেশান্তৈবত্রণৈশ্চারুকুণ্ডলৈঃ।
সন্দক্ষীষ্ঠপুটেঃ ক্রোধাৎ ক্ষরন্তিঃ শোণিতং বহু ॥২৮॥
চারুক্রঙ্ মুকুটোফ্টামৈর্মণিরত্ববিভূষিতৈঃ।
বিনালনলিনাকারের্দিবাকরশশিপ্রতিঃ ॥২৯॥
হিতপ্রিয়ংবদৈঃ কালে বহুভিঃ পুণ্যগন্ধিভিঃ।
দ্বিষচ্ছিরোভিঃ পৃথিবীমবতস্তার কাল্কনিঃ ॥৩০॥ (বিশেষকম্)

রশো" ইত্যমর:। তোমরাদীনি তদানীন্তনাম্বস্তাণি। ক্ষুবিশালভেদেন তোমবভেদা-দপৌনক্ষন্তান্। অয়োগুডানি দোহগুলিকা:। প্রতোদা অখাদিতাডনদণ্ডা:। কচগ্রহোহণ্যস্ত্র-বিশেষ:। বুত্তান্ গোলাকারান্ ॥২৩—২৬॥

ভৈরিতি। পঞ্চ আত্যানি মুধানি যেষাং ভৈ:। এতেন পঞ্চাঙ্গুলিযুক্তা বাহব ইতি স্কাতে ॥২ ৭॥

স্থিতি। শোভনা নাসা আননানি কেশাস্তাশ্চ যেষাং তৈঃ, অব্রণৈরক্ষতৈঃ। সন্দুর্চানি দক্তিঃ কুভদংশানি ওর্চপুটানি যেষাং তৈঃ। চারবঃ স্থলরাঃ অজা মালা মুকুটানি উফীষাশ্চ যেষু তৈঃ। বিনালানি দণ্ডশুক্তানি যানি নলিনানি পদ্মানি ভদাকারৈঃ। কালে যথাসময়ং ছিতং প্রিয়ঞ্চ বদস্ভীতি তৈঃ। পৃথিবীং যুদ্ধভূমিষ্, অবভন্তার আচ্ছাদরামাস কান্তনির বিভিম্নাঃ ॥২৮—৩০॥

গদা, লোহগুলিকা, ঋষ্টি, তোমর, পট্টিশ, ভিন্দিপাল, পবিষ, শক্তি, কম্পন, চাবুক, মহাশদ্ধ, কুন্ত, কচগ্রহ, মুদ্গব, ক্ষেপণীয়, পাশ, পবিষভুল্য প্রস্তব, কেযূব ও অঙ্গদযুক্ত, মনোহবচন্দনলিপ্ত এবং গোলাকার আপনার পক্ষীয় যোদ্ধাদেব সহস্র সহস্র বাস্ত অভিমন্যু ছেদন কবিতে লাগিলেন ॥২৩—২৬॥

মাননীয মহারাজ! গরুড় চঞুদারা মধ্যে ছিন্ন কবিলে, পঞ্চমুখ সর্পের ভাষ স্পান্দমান, পঞ্চাঙ্গুলীযুক্ত ও বক্তে রক্তবর্ণ সেই সকল বাছদাবা সমরভূমি শোভা পাইতে লাগিল ॥২৭॥

অভিমন্য শত্রগণের বছতর মস্তকদ্বারাও সমবভূমি আর্ত কবিয়া ফেলি-লেন। সে মস্তকগুলির নাসিকা, মুখ ও বেশপ্রান্ত স্থলর ছিল, সেগুলিতে কোন ক্ষতিচিক্ত ছিল না, স্থলর কুণ্ডল ছিল, ক্রোধে দস্তদ্বারা ওঠপুট দংশন করিতেছিল, সেগুলি হইতে প্রচুর বক্ত নির্গত হইতেছিল, মনোহর মালা, মুকুট, উষ্ণীয়, মণি ও বত্বদারা সেগুলি শোভিত ছিল, নালশৃত্য পদ্ম, চন্দ্র ও সূর্য্যের

⁽२৯) · সচাৰুসূক্টোফীবৈ:—বা নি। (৩•)···স বৈ ভন্তার ফাল্পনি:—বা ব রা নি। লোণ (২১)-০০

গন্ধর্বনগরাকারান্ বিধিবৎ কল্লিতান্ রথান্। বীবামুখান্ বিত্রিবেণ্ন্ অস্তদণ্ডকবন্ধরান্ ॥৩১॥ বিজ্ঞাক্বরাংস্তত্ত্ব বিনেমীংশ্চ ব্যরানপি। বিচক্রোপস্বরোপস্থান্ ভয়োপকরণানপি॥৩২॥ প্রপাতিতোপস্তরণান্ হতযোধান্ সহস্রশঃ। শবৈর্বিশকলীকুর্বন্ দিক্ষু সর্বাস্থদ্শত ॥৩৩॥ (বিশেষকম্) পুনর্দ্বিপান্ বরারোহান্ বৈজ্যস্ত্যঙ্গুশধ্বজান্। ভূণান্ বর্মাণ্যথো কক্ষ্যা ত্রৈবেয়াংশ্চ সকন্ধলান্॥৩৪॥ ঘণ্টাঃ শুণু। বিষাণাগ্রান্ ক্ষুর্মাল্যপদানুগান্। শবৈর্নিশিতধারাত্রিঃ শাত্রবাণামশাত্রৎ ॥৩৫॥ (যুগ্মকম্)

গন্ধবিতি। করিতান্ সজ্জিতান্। ছেদনেন বিগতানি ঈষাম্থানি উর্দ্ধদারণিরিতাগা যেযাং তান্, বিগতার্রযো বেণবো বংশবৎ সরলকাঠানি যেযাং তান্, ছণ্ডাশ্ছিত্বা পাতিতা দণ্ডাঃ স্তম্ভা যেযাং তে অতএব বন্ধরা উন্নতাবনতান্তান্। বিগতা জন্মাক্বরাঃ তির্যাগ্দারুবিশেষা যেযাং তান্, বিগতা নেময়শ্চক্রপ্রান্তা যেযাং তান্। বিগতা অরাঃ চক্রান্তর্গতির্যাগ্দার্মনি যেযাং তান্। বিগতাঃ চক্রানি উপস্করাঃ সংযোজনকাঠানি উপস্থা নিম্নকাঠানি চ যেযাং তান্, ভ্য়ানি উপক্রণানি ধহন্ত্বধাদিধারকানি শিক্যাদীনি যেযাং তান্। প্রণাতিতানি উপন্তরণানি আত্তরণবন্ধানি যেভান্তান্। বিশকনীক্র্বন্, খণ্ডথণ্ডীক্র্বন্, অদৃশ্যত ফান্থনিরিত্যমুর্জিঃ ॥০১—০০্যা

পুনরিতি। দিপান্ গজান্, বরা উত্তযা আরোহা আরোহিণো যেষাং তান্, বৈজ্যস্ত্য-তেষাং দিপানামের পতাকাশ্চ অফুশাশ্চ ধ্বজাশ্চ তান্। কক্ষ্যা মধ্যবন্ধনরজ্জুঃ, গ্রৈবেযান্ গ্রীবালফারান্। বিবাণাগ্রান্ দন্তাগ্রদেশান্, ক্রাশ্চ মাল্যানি চ পদাহ্যা অহ্চরাশ্চ তান্। অশাতয়ৎ অভিমহারচ্ছিনৎ ৪০৪—০০৪

খ্যায় বিরাজিত ছিল, সেগুলি যথাসময়ে হিত ও প্রিয় বাক্য বলিত এবং সেগুলি হইতে পবিত্র সৌবভ বাহির হইতেছিল ॥২৮—৩০॥

আর অভিমন্য বাণদ্বারা গন্ধর্বনগবসুলা ও বথাবিধানে স্থ্যজ্জিত বহুতর বথকে খণ্ড খণ্ড কবিতে থাকিয়া সকল দিকে দৃষ্টিগোচর হুইতে লাগিলেন। সেরথগুলির ঈষামুখ (খাড়াকাঠের উপর), ত্রিবেণু (তেরচা ভিনখানা কঠি), ও স্তম্ভ না থাকায় সে রথগুলি উচুনীচু হুইযা গিয়াছিল এবং সেগুলির মধ্যের কঠি, চক্রপ্রান্ত, চক্রের ভিতবের কঠি, চক্র, সংযোগস্থানের কঠি, নীচেব কঠি, সমস্ত উপকরণ ও আস্তরণবন্ত্র ছিল না, যোদ্ধারাও নিহত হুইয়াছিল ॥৩১——৩৩॥

অভিমন্য স্থার বাণসমূহদাবা পুনবায আরোহিগণের সহিত বিপক্ষহস্তি-

বানায়ুজান্ পার্ববতীয়ান্ কাম্বোজানথ বাহ্লিকান্।
স্থিরবালধিকর্ণান্ধান্ জবনান্ সাধুবাহিনঃ ॥৩৬॥
আরুঢ়ান্ শিক্ষিতৈর্যোধ্যঃ শক্তৃষ্টিপ্রাসযোধিভিঃ।
বিধ্বস্তচামরমুখান্ বিপ্রবিদ্ধপ্রকীর্ণকান্॥৩৭॥
নিবস্তজিহ্বানয়নান্ নিকীর্ণান্ত্রযক্তৃদ্বনান্।
হতারোহাংশ্চিত্রঘণ্টান্ ক্রব্যাদগণমোদকান্।
নিক্বত্রচর্মকবচান্ শকুমা ক্রাস্থগাপ্লুতান্॥৩৮॥
নিপাতয়নশ্বরাংস্তাবকান্ স ব্যরোচত।
একো বিষ্ণুরিবাচিন্ত্যং কুত্বা কর্মা স্বত্নদ্বরম্ ॥৩৯॥ (কলাপকম্)

বানেতি। বনাযুপ্রভূতয়ো দেশাঃ তত্রতান্। ছিরাণি বালধযো লাল্লানি কণোঁ অঞ্জিণী চক্ষী চ বেষাং তান্, জবনান্ বেগবতঃ, সাধুবাহিন আবোহিণাং সুঠুবহনকারিণঃ। বিশ্বস্তানি চামরাণি মুখানি চ বেষাং তান্, বিপ্রবিদ্ধানি পাতিতানি প্রকীর্ণকানি চামরাণি বেষাং তান্। ব্যক্তিভেদেন বছবিধাক্তিঃ। নিরন্তানি ছিন্তা নিঞ্চিপ্রানি জিহ্বান্যনানি বেষাং তান্, নিঞ্চীণৈশ্ছিত্বা নিজাশিতৈঃ অল্প্রেনাভীবিশেবৈর্যক্তিশ্চ বনান্ নিরন্তরগাত্রান্। কব্যাদগণযোদকান্ মাংসভোজিপ্রাণিগণানলজনকান্। নিরন্তানি ছিন্নানি চর্মাণি কবচানি চ বেষাং তান্, শক্তিবিঠাভিঃ মুত্রৈঃ অস্থ্য ভিঃ রক্তিশ্চ আপ্র্তান্ ব্যাপ্তদেহান্। বটুপাদো-হন্ধ প্রোকঃ। সং অভিমন্তঃ ৪০৬—০১৪

গণকে নিপাতিত করিতে লাগিলেন এবং সেগুলিব পতাকা, অঙ্কুণ, ধ্বজ, তৃণ, বর্দ্ম, মধ্যবদ্ধনবজ্জু, গ্রীবালস্কাব, কম্বল, ঘণ্টা, শুণ্ড, দস্তাগ্রা, ক্ষুব, মালা ও অনুচর-দিগকে ছেদন কবিতে থাকিলেন ॥৩৪—৩৫॥

তা'র পব শক্তি, ঋষ্টি ও প্রাস্বোধী শিক্ষিত যোদ্ধারা যে অনগুলির উপরে আবোহণ করিয়া ছিলেন, যে অন্থগণ আরোহিগণকে ফুল্দবভাবে বহন কবিত ও অত্যম্ভ বেগবান্ ছিল এবং থেগুলির ঘণ্টা সকল বিচিত্র ছিল, আপনার পক্ষের সেই সকল বনায়, কাম্বোক্ত বাহ্লিকদেশীয় এবং পার্বতীয় উত্তম উত্তম অন্থকে, আব সেগুলির আবোহিগণকে নিপাতিত কবিয়া এক অভিমন্যু বিষ্ণুর ত্যায় অচিম্বনীয় অতিমুক্তর কার্য্য করিয়া শোভা পাইতে লাগিলেন। তৎকালে কতকগুলি অন্থেব লাঙ্গূল, কর্ণ ও নয়ন দ্বির ছিল, কতকগুলির চামব ও মুখ বিনফ্ট হইয়াছিল, কতকগুলিব চামব পড়িয়া গিয়াছিল, কতকগুলির ক্রিয়া ও নয়ন বিশ্বিপ্ত হইয়াছিল, কতকগুলির নাড়ী ও যকুৎ বাহিব হইয়া দেহকে ব্যাপ্ত কবিয়াছিল, কতকগুলিব গাত্রেব চর্ম্ম ও কবচ ছিল্ল হইয়াছিল,

⁽७७) वनायूकान्-नि। (०৯) निकुख्वर्धकवर्गान्-व।

তথা বিমথিতং তেন চতুরঙ্গবলং মহৎ।

যথাহস্তরবলং যোরং ত্রাম্বকেন মহোজদা ॥৪০॥

কৃষা কর্মা রণেহসম্থং পরৈরার্জ্জনিরাহবে।

অভিনচ্চ পদাত্যোঘাংস্থদীযানেব ভারত! ॥৪১॥

এবমেকেন তাং সেনাং সোভদ্রেণ শিত্যে শরৈঃ।

ভূশং বিপ্রহতাং দৃকী শক্রেণেবাস্থরীং চমুম্ ॥৪২॥

স্থদীয়ান্তব পুত্রাশ্চ বীক্ষমাণা দিশো দশ।

দংশুক্ষাস্থাশ্চলমেত্রাঃ প্রস্থিনা রোমহর্ষিণঃ ॥৪৩॥

পলায়নক্তোৎসাহা নিরুৎসাহা দ্বিম্বজ্জয়ে।

গোত্রনামভিরন্থোন্থং ক্রন্সন্তো জীবিতৈষিণঃ ॥৪৪॥

হতান্ পুত্রান্ পিতৃন্ ভ্রাতৃন্ বন্ধূন্ সম্বন্ধিনন্তথা।

প্রাতিষ্ঠন্ত সমুৎস্ক্র্য স্বরন্তো হয়দ্বিপান্ ॥৪৫॥ (কলাপকম্)

ইতি ঐ্রিমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং দ্রোণপর্বাণ

অভিমন্যুবধে অভিমন্যুপরাক্রমে ত্রয়স্ত্রিংশোহধ্যায়ঃ॥।॥ #

তথেতি। চতারি হন্তাধ্বথপদাতিরপাণি অদানি যক্ত তৎ। ত্রামকেন শিবেন ॥৪०॥

कृष्पि । वार्क्न्नियिक्यः । शर्माकाचिन् शर्माकिमम्शन् ॥ ॥ ॥

এবমিতি। বিশেষেণ প্রকর্ষেণ চ হতাম্। সংশুক্ষাস্থাঃ সম্যক্শুক্স্থাঃ, প্রস্থিন। বর্মাকাঃ। ক্রন্যন্ত আহরেরতঃ। সমুৎস্ক্য বিহায় 18২—৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌনুদীসমাখ্যায়াং জোণপর্কণি অভিমন্ত্যবধে জয়ন্ত্রিংশোহধ্যায়ঃ ॥•॥

কতকগুলির গাত্র—বিষ্ঠা, মৃত্র ও রক্তে আপ্লুড হইয়া গিয়াছিল এবং এই সমস্ত অশ্বই মাংসভোজী প্রাণিগণের আনন্দ জন্মাইতেছিল ॥৩৬—৩৯॥

পূর্ববকালে মহাতেজা মহাদেব যেমন ভয়ঙ্কর অস্তরসৈত্য আলোড়ন করিয়া-ছিলেন, সেইবাপ অভিমন্যু চতুরজ বিশাল কৌরবদৈত্য আলোড়ন ক্রিলেন ॥৪০॥

ভবতনন্দন। অভিমন্যু যুদ্ধে বিপক্ষের অসহ্য কার্য্য করিয়া আবার যুদ্ধেই আপনার পদাতিসমূহকেও বিশ্লিফ কবিলেন ॥৪১॥

পূর্ববিশালে ইন্দ্র বেমন অন্তর্গৈত্য বিনাশ করিয়াছিলেন, সেইরূপ এক (৪০) ... আংশং তব বলং মহৎ—পি ব, ... জ্রান্ধং তব বলং মহৎ—বা। (৪১) ... অদীয়ানেব সর্বাশঃ—বা ব রা নি। (৪২) ... অন্তর্গেশাহ্যারঃ চমূন্—বা ব রা নি। (৪৫) ... অর্মাণা হয় ছিপান্—পি। * '...পঞ্জিংশোহ্যারঃ' ব, '... বট্জিংশোহ্যায়ঃ' বা রা নি।

চতুক্ত্রিংশো২ধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

-8#8--

তাং প্রভগ্নাং চমুং দৃষ্ট্বা সোভদ্রেণামিতোজদা।
ছর্ষ্যোধনো ভূশং কুদ্ধঃ স্বযং সোভদ্রমভ্যগাৎ ॥১॥
ততো রাজানমারত্তং সোভদ্রং প্রতি সংযুগে।
দৃষ্ট্বা দ্রোণোহত্রবীদ্যোধান্ পরীক্ষধ্বং নরাধিপম্ ॥২॥
পুরাভিমন্মূর্লক্ষ্যং নঃ পশ্যতাং হন্তি বীর্য্যবান্।
তমাদ্রবত মা ভৈষ্ট কিপ্রং রক্ষত কৌরবম্ ॥৩॥

তামিতি। প্রভয়াং প্রকর্ষেণ পরাভ্তান্। সৌতত্তেণ ক্রভজাপুত্রেণাভিমস্থানা ॥১॥ তত ইতি। আবৃত্তং পরিবৃত্তন্। পরীক্ষধ্বং রক্ষত, নরাধিপং ছর্য্যোধনন্ ॥২॥ পুরেতি। পুরা পরবর্ত্তিনি কালে, "নিকটাগামিকে পুরা" ইত্যমরঃ ॥০॥

অভিনস্থাই স্থার বাণসমূহদাবা কৌববলৈক্সকে বিনাশ কবিয়াছেন দেখিয়া আপনাব পুত্রেরা ও অক্যান্য যোদ্ধাবা দশ দিকে দৃষ্টিপাত কবিতে থাকিয়া, শুক্ষমুখ, অস্থিবনয়ন, যর্মাক্তদেহ, বোমাঞ্চিত্রশরীব, শক্রেজযে নিরুৎসাহ, জীবনার্থী ও পলাযনাভিলাধী হইয়া গোত্র ও নাম লইয়া পবস্পাব আহ্বান কবতঃ, নিহত পুত্র, পিতা, ভ্রাতা, বন্ধু ও সম্বন্ধীদিগকে পরিত্যাগ করিয়া নিজ নিজ বাহন হস্তী ও অশ্বগণকে সম্বর চালাইতে থাকিয়া সমবাঙ্গন হইতে প্রস্থান করিতে লাগিলেন ॥৪২—৪৫॥

সঞ্জয় বলিলেন—"অমিততেজা অভিমন্যু সেই কোরবদৈয়াকে পরাভূত কবিযাছেন দেখিয়া তুর্য্যোধন অত্যস্তক্রুদ্ধ হইযা নিজেই অভিমন্যুব দিকে ধাবিত হইলেন ॥১॥

তদনম্ভর ছুর্য্যোধনকে যুদ্ধে অভিমন্থাব দিকে ফিরিতে দেখিয়া দ্রোণ কোরবযোদ্ধাদিগকে বলিলেন—'আপনাবা বাজাকে রক্ষা ককন ॥২॥

বলবান্ অভিমন্থা আমাদেব সমক্ষেই উহাব লক্ষ্য ছর্ব্যোধনকে পরে বধ কবিতে পারেন। অভএব আপনারা ছর্ব্যোধনেব দিকে যান, ভয় কবিবেন না, সম্বব ছর্ব্যোধনকে রক্ষা ককন' ॥৩॥

⁽२) ः भर्याखाःखान् नज्ञां विशान् – व । (७) ः ज्ञां बक्क – शि ।

ততঃ কৃতান্ত্ৰা বলিনঃ স্বহুদো জিতকাশিনঃ।

ভ্ৰাম্থমানা ভয়াদ্বীরং পরিবক্রস্তবাত্মজম্ ॥৪॥

ডোণো ডোণিঃ কৃপঃ কর্ণঃ কুতবর্দ্মা চ সোবলঃ।

রহদ্বলো মদ্ররাজো ভূরিভূ রিশ্রবাঃ শলঃ ॥৫॥

পোরবো র্ষদেনশ্চ বিস্কুজঃ শিতান্ শরান্।

সোভদ্রং শরবর্ষেণ মহতা সম্বাকিরন্ ॥৬॥ (রুগ্মকম্)

সম্মোহয়িত্বা তমথ দুর্য্যোধনমমোচয়ন্।

ভাস্থাদ্প্রাসমিবাক্ষিপ্তং ময়্মুষে নার্জ্জুনাত্মজঃ ॥৭॥

তান্ শরোঘণ মহতা সাশ্বসূতান্ মহারথান্।

বিমুখীকৃত্য সোভদ্রঃ সিংহনাদম্থানদ্র ॥৮॥

তম্ম নাদং ততঃ শ্রুত্বা সিংহস্থোমিষৈবিণঃ।

নামুন্ত স্থ্যংরকাঃ পুনর্ট্রোণমুখা রথাঃ ॥১॥

তত ইতি। জিতেন জয়েন কাশন্তে শোভন্ত ইতি তে। ত্রাস্তমানা অভিময়ানৈব ॥৪॥
ক্রোণ ইতি। ক্রোনিরশ্বথামা। সৌবলঃ শকুনিঃ। সমবাকিরন্ আবুগন্॥৫—৬॥
সমিতি। আস্থান্থাৎ, আব্দিপ্তমারুর নীতম্, ময়্বে সেহে॥१॥
তানিতি। অথ্য: হতৈঃ সার্থিভিশ্চ সহেতি তান্। অনদৎ অকরোৎ ॥৮॥
তত্তেতি। আমিবৈরিণো মাংসাভিলাধিণঃ। নামুয়ন্ত নাসহন্ত, সুসংরক্ষা অতীবকুকাঃ ॥>॥

রাজা। তাহার পর অত্রে স্থানিকিত, বলবান্, হিতৈষী, বিজযশোভী, অথচ অভিনন্মার ভয়ে ভীত যোদ্ধাবা আপনাব বীব পুত্র দুর্য্যোধনকে যাইয়া পবিবেষ্টন কবিলেন ॥৪॥

দ্রোণ, অশ্বথামা, ক্বপ, কর্ণ, ক্তবর্মা, শকুনি, বৃহদ্বল, শল্য, ভূরি, ভূরিশ্রবা, শল, পৌরব ও বৃষসেন ইহারা স্থাব বাণবর্ষণ করিতে থাকিয়া সেই বিশাল বাণবর্ষণদ্বাবা অভিমন্মকে আর্ভ কবিয়া ফেলিলেন ॥৫—৬॥

তদনস্তর তাঁহারা অভিমন্মকে মোহিত কবিয়া মুখ হইতে আকৃষ্ট গ্রাসের স্থায় মুর্য্যোধনকে মুক্ত কবিলেন। কিন্তু অভিমন্ম তাহা সহ্য করিলেন না ॥৭॥

স্থতবাং অভিমন্ম বিশাল শবজালদারা অশ্ব ও সার্থিদিগের সহিত সেই মহারথগণকে বিমুখ কবিয়া সিংহনাদ কবিলেন ॥৮॥

তাহার পব মাংসাভিদাবী সিংহেব ন্যায় অভিমন্যুব সেই গর্জন শুনিয়া জোণপ্রভৃতি বথীবা অত্যন্তজুদ্ধ হইবা আর সহ্য করিলেন না ॥৯॥

⁽৪) ততঃ কৃতজা বলিন:…বা ব্, : कৃতজ্ঞানবলোৎসেধা:—নি।

ত এনং কোষ্ঠকীকৃত্য রথবংশেন সারিষ!।

ব্যস্জনিবুজালানি নানালিঙ্গানি সংঘশঃ॥>০॥

তাশুন্তরীক্ষে চিচ্ছেদ পোত্রস্তব শিতৈঃ শবৈঃ।

তাংশ্চৈব প্রতিবিব্যাধ তদভূতমিবাভবৎ ॥>>॥

ততন্তে কোপিতান্তেন শরেরাশীবিষোপনৈঃ।

পরিবক্রজিঘাংসন্তঃ সোভদ্রমপলায়িনম্॥>২॥

সমুদ্রমিব পর্য্যন্তং ত্বদীয়ং তং বলার্ণবম্।

দধারৈকোহর্জ্জনির্ব্বাণৈর্ব্বেলেব ভরতর্বভ।॥>০॥

শ্রাণাং যুধ্যমানানাং নিম্নতামিতরেতরম্।

অভিমন্টোঃ পরেষাঞ্চ নাসীৎ কশ্চিৎ পরাশ্ম্বঃ॥>৪॥

ত ইতি। কোষ্ঠকীকৃত্য মধ্যবর্তীকৃত্য, রখানাং বংশেন সমূহেন। নানালিঙ্গানি বহু-চিহানি ॥১ • ॥

তানীতি। তব পৌত্রোহতিমহা:। অভিমক্তোরতিশযুহস্তত্মবাভূতমিতি তাব: ॥১১॥
তত ইতি। তেন তব পৌত্রেণ। জিঘাংসস্তো হস্তমিচ্ছস্ত: ॥১২॥
সমুদ্রমিতি। পর্যান্তম্ উদ্বেশিভম্। বেলা তীরম্। একোহর্জ্নিরিতি সন্ধিরার্ব: ॥১০॥
শূরাণামিতি। ইতরেতরং পরস্পরম্ ॥১৪॥

মাননীয রাজা। তাঁহাবা রথসমূহদারা অভিমন্থাকে পবিবেফন করিযা দলে দলে নানাচিহুযুক্ত বাণসমূহ অভিমন্থাব প্রতি নিক্ষেপ কবিলেন ॥১০॥

তখন অভিমন্য স্থাব বাণসমূহদাবা সেই বাণগুলিকে আকাশেই ছেদন কবিলেন এবং তাঁহাদিগকেও প্রতিবিদ্ধ কবিলেন। তাহা বেন অভুত বলিযা বোধ হইল ॥১১॥

তদনন্তর অভিমন্ম সর্পতুল্য বাণসমূহদাবা আঘাত কবিলে, তাঁহারা ক্রুদ্ধ হইযা অপলাযী অভিমন্মকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহাকে পবিবেষ্টন করিলেন ॥১২॥

ভবতশ্রেষ্ঠ। তীরের স্থায় এক অভিমন্মই বাণদ্বাবা উদ্বেলিত সমুদ্রতুল্য আপনার সেই সৈম্মসমূদ্রকে ধারণ করিলেন ॥১৩॥

ভৎকালে প্রস্পার প্রহারকারী যুখ্যমান বিপক্ষ বীরগণ বা অভিমন্ত্র মধ্যে কেহই পরাদ্ম্থ হইলেন না ॥১৪॥

⁽১১)···পোত্রস্তে নিশিতৈঃ শরৈঃ—বা নি। (১২) কোপিতাত্ত্বেন শ্রেশ··নি,···
সৌভদ্রমণরাজ্বিত্ন—বা নি। (১৩)···বেলেবোল্রস্তমর্ণবন্—নি।

তিমিংস্ত ঘোরে সংগ্রামে বর্ত্তগানে ভয়য়রে।

ছঃসহা নবভির্বাগৈরভিমন্যুগবিধ্যত ॥১৫॥

ছঃশাননা ঘাদশভিঃ রূপঃ শারদ্বতন্ত্রিভিঃ।

টোণস্ত সপ্তদশভিঃ শরৈরাশীবিষোপমৈঃ ॥১৬॥

বিবিংশতিস্ত সপ্তত্যা রুত্বর্গ্মা চ সপ্তভিঃ।

রুহ্দলন্তথাকীভিরশ্বথামা চ সপ্তভিঃ॥১৭॥

ভূরিপ্রবান্ত্রিভির্বাগৈর্যদেশঃ বড় ভিরাশুগৈঃ।

ঘাভ্যাং শরাভ্যাং শকুনিন্ত্রিভির্হ র্য্যোধনো নূপঃ॥১৮॥ (কলাপকম্)

স তু তান্ প্রতিবিব্যাধ ত্রিভিন্ত্রিভিরজিন্দাগৈঃ।

নৃত্যমিব মহারাজ। চাপহস্তঃ প্রতাপবান্॥১৯॥

ততোহভিমন্যুঃ সংক্রুদ্ধন্তাভ্যমানস্তবাত্মকৈঃ।

বিদর্শয়ন্ বৈ স্ন্যহচ্ছিক্রের্বাক্যকরৈর্হয়ৈঃ।

দাক্তরশ্বকার্যাদং ত্বর্মাণমবারয়ৎ।

বিব্যাধ চৈনং দশভির্বাগৈন্তির্চেতি চাত্রবীৎ॥২১॥ (রুগ্যকম্)

জিনিতি। ঘোরে মহতি। ছাসহো নাম ধার্তরাট্রঃ। শার্রতঃ শর্বতঃ পুতঃ। আশীবিবজীক্ষবিবঃ নর্পত্তর্পথৈঃ। সপ্তত্যা শর্বৈঃ। এবং সর্বতাম্বৃত্তিঃ। মদ্রেশঃ শ্ব্যঃ॥১৫—১৮॥

স ইতি। সোহভিমন্তা:। অজিকাগৈ: সরলগামিভির্বাণে: ॥১৯॥

তত ইতি। শিক্ষা গুবোবাদানন্ ঔরসং দেহস্বভাবস্তাভ্যাং কৃতন্। গরুডানিলয়োরিব রংহো বেগো বেষাং তৈ:, যল্কঃ সারখে:। দাছৈ: শিক্ষিতৈ:, অশ্যকদায়াদন্ অশ্যকদেশরাজ-পুত্রন্, ত্বরমাণং সত্তরমাগচ্ছস্তন্। বট্পাদোহরং শ্লোক: ॥২০—২১॥

সেই ভয়ন্ধর মহাসংগ্রাম চলিতে লাগিলে, আপনার পুত্র চুংসহ নয়টা বাণদ্বারা অভিমন্মকে বিদ্ধ কবিলেন এবং চুংশাসন বারটা, শরদ্বানের পুত্র কুপ
ভিনটা, দ্রোণ তীক্ষবিষ-সপতুল্য সতরটা, বিবিংশতি সন্তরটা, কৃতবর্দ্মা সাতটা,
বৃহদ্বল আটটা, অশ্বত্থামা সাতটা, ভূবিশ্রাবা তিনটা, শল্য ছয়টা, শকুনি চুইটা ও রাজা
দুর্য্যোধন তিনটা বাণদ্বারা অভিমন্মকে তাড়ন কবিলেন ॥১৫—১৮॥

মহারাজ ! ওদিকে চাপহস্ত ও প্রতাপশালী অভিমন্যু নৃত্য করভই যেন তিন তিনটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে প্রতিবিদ্ধ করিলেন ॥১৯॥

তাহার পর অশ্মকদেশেব রাজপুত্র—গরুড় ও বাযুর স্থায় বেগবান্, সার্থির

⁽২•) -- ত্রাশুমানন্তবাত্মকৈ: -- শিক্ষাভ্যাসকতং বলম্—বা ব রা নি।

তস্তাভিমন্ত্যর্দশভির্বাণৈঃ সূতং হয়ং ধ্বজম্।
বাহু ধন্থং শিরশ্চোর্ব্যাং স্মমমানোহভ্যপাতয়ৎ ॥২২॥
ততস্তব্মিন্ হতে বীরে সোভদ্রেণাশ্মকেশ্বরে।
সঞ্চাল বলং সর্বাং পলায়নপরায়ণম্ ॥২৩॥
ততঃ কর্ণঃ ক্বপো দ্রোণো দ্রোণির্গান্ধাররাট্ শলঃ।
শল্যো ভূরিপ্রবাঃ ক্রাথঃ সোমদত্তো বিবিংশতিঃ ॥২৪॥
র্ষসেনঃ স্থ্যেণশ্চ ক্ওভেদী প্রতর্দনঃ।
রন্দারকো ললিখশ্চ প্রবাহ্নদীর্ঘলোচনঃ।
হুর্ব্যোধনশ্চ সংক্রুদ্ধঃ শ্ববর্ষর্বাকিরন্ ॥২৫॥ (য়ুগ্মকম্)
সোহতিবিদ্ধো মহেম্বাসৈরভিমন্ত্যুরজিক্ষাগৈঃ।
শবমাদত্ত কর্ণায় বর্মকাযাবভেদিনম্ ॥২৬॥

তত্যেতি। হয়াশ্চত্যার ইতি পাত্যানামপি দশসংখ্যাপূর্তি:। শ্বয়মান ঈষদ্ধসন্ ॥২২॥
তত ইতি । পলাষনমেব পরম্ অয়নং গতির্বস্থ তৎ পলাষনোৎস্ক্রকমিত্যর্থ: ॥২০॥
তত ইতি । দ্রৌণিরশ্বথামা। অবাকিরন্ অভিমন্ত্যমার্গ্বন্ । ষট্পাদোহ্যং শ্লোক: ॥২৪-২৫॥
স ইতি । মহেদাসৈর্বহাধন্তর্দ্ধরৈ: কর্ত্ ভি:, অজিন্ধগৈর্কাণৈ: করণে: ॥২৬॥

বাক্যানুসাবী ও স্থানিক্ষিত অশ্বগণের গুণে বেগে আসিতে লাগিলে, আপনার পুত্রগণের তাডনে অত্যন্তকুদ্ধ অভিমন্যু শিক্ষা ও দেহেব মহাবল প্রদর্শন করতঃ তাঁহাকে বারণ করিতে প্রবুত্ত হইলেন এবং দশটা বাণদ্বাবা উঁহাকে বিদ্ধ কবিলেন, আর 'থাক' এই কথা বলিলেন॥২০—২১॥

তৎপবে অভিমন্যু ঈষৎ হাস্থ কবতঃ দশটা বাণদারা অশ্মকবান্ধপুত্রের সারথি, চারিটা অশ্ব, ধবল, বাহুযুগল, ধন্ম ও মস্তক ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥২২॥

অভিমন্যু—বীর অশ্মকরাজপুত্রকে বধ করিলে, সমগ্র কোরবসৈশ্বই পলায়নোৎস্থক হইয়া বিচলিত হইল ॥২৩॥

তদনস্তর কর্ণ, ক্বপ, দ্রোণ, অশ্বত্থামা, শকুনি, শল, শল্য ভূরিশ্রবা, ক্রাথ, সোমদন্ত, বিবিংশতি, ব্যসেন, স্থাবেণ, কুগুভেদী, প্রভর্দন, বৃন্দারক, ললিথ, প্রবাহ্য, দীর্ঘলোচন ও দুর্য্যোধন অভ্যন্তকুদ্ধ হইয়া বাণবর্ষণ করিয়া অভিমন্মাকে আর্ভ করিলেন ॥২৪—২৫॥

⁽२२)···দশভির্হয়ান্ হতং ধ্বজং শর্বৈঃ—নি। লোণ (২১)-৩৯

তস্থ ভিত্তা তমুত্রাণং দেহং নির্ভিত্ত চাশুগঃ।
প্রাবিশদ্ধরণীং বেগাদ্বল্লীকমিব পমগঃ॥২৭॥
স তেনাতিপ্রহারেণ ব্যথিতো বিহ্বলমিব।
সঞ্চাল রণে কর্ণঃ ক্ষিতিকম্পে যথাহচলঃ॥২৮॥
তথালৈশিতৈর্বাণেঃ স্থ্যেণং দীর্ঘলোচনম্।
কুণ্ডভেদিঞ্চ সংক্রুদ্ধন্ত্রিভিন্ত্রীনবধীদ্বলী॥২৯॥
কর্ণস্তং পঞ্চবিংশত্যা নারাচানাং সমার্পয়ৎ।
অশ্বত্থামা চ বিংশত্যা কৃতবর্মা চ সপ্রভিঃ॥৩০॥
স শরাচিত্রসর্বাঙ্গঃ ক্রুদ্ধঃ শক্রাত্মজাত্মজঃ।
বিচরন্ দদৃশে সৈত্যে পাশহস্ত ইবান্তকঃ॥৩১॥
শল্যঞ্চ শরবর্ষেণ সমীপস্থমবাকিরৎ।
উদক্রোশন্মহাবাক্ত্রেব সৈন্থানি ভাষয়ন্॥৩২॥

তত্যেতি। তম্ত্রাণং বর্ষ। বল্মীকম্ উষীমৃত্তিকাম্ ॥২ १॥
স ইতি। বিহ্বলন্ আকুলীভবন্। অচলঃ পর্বতঃ ॥২৮॥
তথেতি। দ্বিধাক্তিদর্শনাৎ কুণ্ডভেদিশকো নাস্ত ইকারাস্তাশ্চ মন্তব্যঃ ॥২৯॥
কর্ণ ইতি। সমার্পরিৎ অপীভ্যৎ। বিংশত্যা সপ্তভিশ্চ নারাচৈরেব ॥০০॥
স ইতি। শরৈরাচিতানি ব্যাপ্তানি সর্বাণ্যসানি যস্ত্র সং, শক্রাত্মজাহৃজ্নন্তস্তাত্মজঃ ॥০১॥

তখন অভিমত্যু মহাধনুর্দ্ধরগণেব বাণে অত্যন্তবিদ্ধ হইয়া বর্ণেব উদ্দেশে একটা বর্দ্ম ও দেহভেদী বাণ গ্রহণ কবিলেন ॥২৬॥

সেই বাণটা যাইয়া কর্ণেব বর্দ্ম ও দেহ ভেদ কবিয়া—সাপ যেমন উয়ীর মাটীব ভিতরে প্রবেশ করে, সেইবূপ বেগে ভূতলে প্রবেশ করিল ॥২৭॥

কর্ণ সেই গুরুত্তর প্রহারে ব্যথিত ও বিহ্বলেব স্থায় হইয়া ভূমিকস্পে পর্ববতের স্থায় সমবাঙ্গনে কম্পিত হইলেন ॥২৮॥

এবং অত্যন্তকুদ্ধ ও বলবান অভিমন্থা তিনটা স্থার বাণদ্বাবা স্থাবণ, দীর্ঘলোচন ও কুণ্ডভেদি এই তিন জনকে বধ কবিলেন ॥২৯॥

তখন কর্ণ পঁচিশটা, অশ্বথামা কুড়িটা ও কুতবর্দ্মা সাভটা নারাচ্ছাবা অভিমন্মকে তাড়ন করিলেন ॥৩০॥

বাণব্যাপ্তসর্বাঙ্গ ও ক্রুদ্ধ অভিমন্যু বিপক্ষসৈন্তমধ্যে বিচৰণ করিবার সম্যে পাশহস্ত যমের ন্থায় দৃষ্টিগোচৰ হইতে লাগিলেন ॥৩১॥

⁽২৭) তস্ত ছিত্তা···ধরণীং রাজন্ !---পি,···ধরণীং রাজন্ ৷---ব। (৩১) স শরাদিত-স্কালঃ---পি।

ততঃ স বিদ্ধোহন্ত্রবিদা মর্শ্মভিদ্রিরজিন্সাগৈঃ।
শাল্যা রাজন্! রথোপন্থে নিষসাদ মুমোহ চ ॥৩৩॥
তং হি দৃষ্ট্রা তথা বিদ্ধং সোভদ্রেণ যশস্বিনা।
সংপ্রাদ্রবক্তমুঃ সর্বা ভারদ্বাজন্ম পশ্যতঃ ॥৩৪॥
সংপ্রেক্ষ্য তং মহাবাহুং রুক্মপুষ্থৈঃ সমার্তম্।
ত্বদীয়াঃ প্রপলায়ন্তে মুগাঃ সিংহার্দ্ধিতা ইব ॥৩৫॥

স তু রণযশসাভিপূজ্যমানঃ পিতৃ-স্থর-চারণ-যক্ষ-সিদ্ধ-সংহৈয়। অবনিতলগতৈশ্চ ভূতসংঘৈরতিবিবভৌ হুতভূগ্যথাজ্যসিক্তঃ ॥৩৬॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ববি

অভিমন্যুবধে অভিমন্যুপরাক্রমে চভুদ্রিংশোহধ্যায়ঃ॥।॥ #

শল্যমিতি। উদক্রোশং আগচ্ছেত্যুকৈরাহুত্তবান্, মহাবাছরভিমন্তা: ॥৩২॥

७७ हेकि। न मनाः। द्रश्य जेशव्ह छेशविस्तर्म, निष्नोत्त छेशविस्त्रम् ॥००॥

তমিতি। তং শ্লাম । সংপ্রাদ্রবৎ অপাসরৎ, ভারদ্বান্তস্ত তোণস্ত । ৩৪।

সমিতি। তः भनाम्। क्क्न्यूरेष्यः वर्गश्रिष्ठम्मरात्राः भरेतः ।००॥

স ইতি। অভিপূজামান: সর্বতঃ প্রশস্তমান:। অবনীত্যনেন পিত্রাদীনাং গগনগতত্ব-মান্দিণ্যতে। ভূতগংহৈত্তত্ত্রতিত্রলোহিক:। হতভূক্ অগ্নি:, আজাসিকো দুওল্বভঃ ॥৩৬॥ ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাদীশভট্টাচার্য্য-

াবংখাবাব্যার-ভারভার-সংবাধাব-শন্মভূবন-আধারবাবাবাব্যাবাধ্যার ভারভারভারভার কাষাং ভারভকৌমূলীসমাখ্যায়াং ক্রোণপর্ববি

অভিমন্থ্যবধে চতুজিংশো২ধ্যায়: 101

এবং মহাবাহু অভিমন্ম বাণবর্ষণদ্বারা নিকটবর্ত্তী শল্যকে আর্ভ কবিযা ফেলিলেন, আর আপনাব সৈত্তগণেব ভয উৎপাদন কবতঃ উচ্চস্বরে বীরগণকে আহ্বান কবিতে থাকিলেন ॥৩২॥

বাজা। তাহার পব শল্য—অন্ত্রজ্ঞ অভিমন্যুকর্তৃক মর্শ্মভেদী বাণসমূহদ্বারা বিদ্ধ হইবা রথেব উপরে উপবেশন কবিলেন এবং মুর্চ্ছিত হইলেন ॥৩৩॥

যশসী অভিমন্ম বিদ্ধ কৰায় শল্য মূর্চিছত হইবাছেন দেখিয়া সমস্ত কোববসৈয় শ্রোণের সমক্ষেই পলায়ন কবিতে লাগিল ॥৩৪॥

আব মহাবাহু শল্যকে অভিমন্মাৰ স্বৰণপুত্ম বাণে সমাত্বত দেখিয়া আপনার পদের যোদ্ধারাও সিংহপীডিভ হবিণগণেৰ স্থায় পলায়ন কবিতে থাকিলেন ॥৩৫॥

জ্ঞমে আকাশবন্তী পিতৃগণ, দেবগণ, চাবণগণ, যদ্দগণ ও সিদ্ধগণ এবং ভূতলবন্তী ভত্ৰভা লোকেরাও অভিমন্মার যুদ্ধনৈপুণ্য দেখিয়া সর্বভোভাবে ভাঁচাব

⁽०৫) ष्यदेक्छ महावाहम् । प्रानीयाः व्यवनावछः — वि । र ' । न्हें दिः दर्नाक्शाहः' द, ' । नश्चिः दर्नाक्शायः' वा ता नि ।

পঞ্চত্রিংশোইধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

তথা প্রমথমানং তং মহেম্বাসানজিক্ষাগৈ।
আর্জুনিং মামকাঃ সংখ্যে কে ত্বেনং সমবারয়ন্॥১॥
সঞ্জয় উবাচ।

শূণু রাজন্! কুমারস্থ রণে বিক্রীড়িতং মহৎ।
বিভিৎসতো রথানীকং ভারদ্বাজেন রক্ষিতম্ ॥২॥
মদ্রেশং সাদিতং দৃষ্ট্বা সোভদ্রেণাশুগৈ রণে।
শল্যাদবরজঃ ক্রুদ্ধঃ কিরন্ বাণান্ সমভ্যয়াৎ ॥৩॥
স বিদ্ধা দশভির্বাণেঃ সাশ্বযন্তারমার্জ্জ্নিম্।
উদক্রোশন্মহাশব্দং তিষ্ঠ তিষ্ঠেতি চাত্রবীৎ ॥৪॥

ভথেতি। প্রমথমানমালোভযন্তন্, মহেষাসান্ শল্যাদীন্ মহাধক্ষরান্ ॥১॥
শৃথিতি। বিক্রীভিতং বিশেষক্রীভাবদানন্দপ্রযুক্তং যুদ্ধন্। বিভিৎসতো ভেতু,মিছতঃ ॥২॥
মক্রেশমিতি। সাদিভমবসনীকৃতন্। অবরজঃ কনিষ্ঠো ভ্রাতা ॥৩॥

প্রশংসা করিতে লাগিলেন। তৎকালে অভিমন্যু স্থৃতসিক্ত অগ্নির স্থায় অত্যস্ত শোভা পাইতে থাকিলেন ॥৩৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয় ! অভিমন্যু বাণদ্বারা সেইভাবে মহাধনুর্দ্ধরগণকে আলোড়ন করিতে লাগিলে, আমাব পক্ষের কোন্ বীরেরা উহাকে যুদ্ধে বারণ

করিলেন ?" ॥১॥

সঞ্জয় বলিলেন—"রাজা! কুমার অভিমন্যু জ্যোণরক্ষিত বথিসৈন্য ভেদ কবিবাব ইচ্ছা কবিয়া সমরাঙ্গনে যে বিশাল ও বিশেষ ক্রীড়া করিয়াছিলেন, ভাহা আপনি শ্রাবণ ককন ॥২॥

অভিমন্যু বাণদ্বারা যুদ্ধে শল্যকে অবসন্ন কবিয়া ফেলিয়াছেন দেখিয়া শল্যের কনিষ্ঠভ্রাতা ক্রুদ্ধ হইযা বাণক্ষেপ করিতে করিতে অভিমন্যুর দিকে আসিতে লাগিলেন ॥৩॥

⁽১) ... मदश्चाममिक्षिक्षरेशः -- शि।

তস্মার্চ্জ্নিঃ শিরোগ্রীবং পাণিপাদং ধনুর্হ্যান্।
ছত্রং ধ্বজং নিয়ন্তারং ত্রিবেণুঞ্চাপ্যুপক্ষরম্॥৫॥
চক্রং যুগঞ্চ তৃণীবং ছানুকর্ষঞ্চ সাযকৈঃ।
পতাকাং চক্রগোপ্তারো সর্ব্বোপকরণানি চ॥৬॥
লঘুহস্তঃ প্রচিচ্ছেদ দদৃশে তং ন কশ্চন।
স পপাত ক্ষিতো ক্ষীণঃ প্রবিদ্ধাভবণাম্বরঃ॥৭॥
বাযুনেব মহাচৈত্যঃ সমূলং চিত্রবেদিকঃ।
অমুগাস্তস্থ বিত্রস্তাঃ প্রাদ্রবন্ সর্বতো দিশঃ॥৮॥ (কলাপকম্)
আর্চ্জুনেঃ কর্ম্ম তদ্দৃষ্টা সংপ্রণেত্যঃ সমন্ততঃ।
নাদেন সর্ব্বভূতানি সাধু সাধ্বিতি ভারত।॥৯॥

স ইতি। অধৈর্যন্তার সার্থিনা চ সহেতি তন্। উদক্রোশগ্রুচেরাইতবান্ ॥॥।
তত্তেতি। নিযন্তারং সার্থিন্ ত্রিবেণুং রথদাকবিশেষন্, উপস্করং শিক্যাদিশস্ত্রপানাধারন্। গুগং রথন্থতির্যুক্কার্চন্, অন্তক্ষং রথনিম্নগতকার্চবিশেষন্। চক্রপোপ্তারে চক্রবররক্ষকৌ। সর্কোপকরণানি হন্তাবাপাদীনি। দদৃশে যোদ্ভাবেন দদর্শ তং শল্যান্তলন্।
প্রবিদ্ধাতরণাম্বরং পতিতালস্কারবন্তঃ। মহাতৈত্য আয়তনগতবিশালবৃক্ষঃ, চিত্রা বেদির্মুলোচ্চভূমির্যন্ত সং ॥৫—৮॥

আর্জুনেন্নিতি। সর্বভূতানি তত্তত্যা: সর্বে জনা:, সাধু সাধ্বিতি নাদেন সম্প্রণেত্: ॥১॥

তিনি দশটা বাণদ্বারা অশ্ব ও সাব্থিব সহিত অভিম্মূকে বিদ্ধ কবিয়া বিশাল শব্দে তাঁহাকে আহ্বান করিলেন এবং 'থাক্ থাক্' এই কথা বলিলেন ॥৪॥

তখন লঘুহস্ত অভিমন্য বাণবাবা তাঁহাব মস্তক, গ্রীবা, হস্ত, পদ, ধনু, অশ্ব, ছত্র, ধবজ, সাবণি, ত্রিবেণু (রথেব কাষ্ঠবিশেষ), উপস্কর (অন্ত্র রাখিবার আধার), চক্র, যুগ (রথেব তেবচা কাঠ), তৃণ, বথের নীচেব কাঠ, পতাকা, চক্রবক্ষকদ্বয় ও সমস্ত উপকবণ ছেদন কবিলেন, তখন কোন লোকই আর তাঁহাকে যোদ্ধ ভাবে দেখিতে পাইল না, তাঁহাব অলঙ্কার ও বন্ত্র পডিয়া গেল। ক্রমে প্রবলবাযুরেগে বিচিত্রবেদিন্থিত বিশাল আযতনরক্ষ যেমন সূলেব সহিত পতিত হয, সেইরপ শল্যেব ভ্রাতা ক্ষীণ অবস্থায় রথ হইতে ভূতলে পতিত হইলেন। তখন তাঁহার অনুচবেরা অত্যন্তভীত হইয়া সকল দিকে পলায়ন কবিতে লাগিল। ৫—৮।।

⁽৫) · ত্রিবেণুং তুল্যমেব চ—পি বা ব রা। (৭) ব্যবমন্নাম্বাস্তচ্চ দদৃশেহক্ত ন কন্চন— পি। (৮) বাযুনেব মহাশৈলঃ সংভয়োহমিতভেজ্যা—পি বা ব রা।

শল্যভাতর্য্যথারুগ্ ণে বহুশস্তস্থ সৈনিকাঃ।
কুলাধিবাসনামানি জাবয়ন্তোহর্জ্জনাত্মজম্ ॥১০॥
অভ্যধাবন্ত সংকুদ্ধা বিবিধায়ুধপাণয়ঃ।
রথৈরথৈগজৈশ্চান্তে পদ্দিশ্চান্তে বলোৎকটাঃ ॥১১॥
বাণশব্দেন মহতা রথনেমিস্বনেন চ।
হুস্কারিঃ ক্ষেন্ডিতোৎকুফেঃ সিংহনাদৈঃ সগর্জিতৈঃ ॥১২॥
জ্যাতলত্রস্বনৈরত্যে গর্জস্তোহর্জ্জ্ননন্দনম্।

ক্রবন্তশ্চ ন নো জীবন্মোক্ষ্যসে জীবিতাদিতি ॥>৩॥ (কলাপকম্) তাংস্তথা ব্রুবতো দৃষ্ট্বা সোভদ্রঃ প্রহসন্মিব। যো যোহস্মৈ প্রাহ্বৎ পূর্ববং তং তং বিব্যাধ পত্রিভিঃ ॥>৪॥

শংল্যতি। আকগ্ণে সম্যগ্ভাগে নিহত ইত্যর্থ:। কুলং বংশং অধিবাসো নিবাসং নাম চ তানি। বলেন উৎকটা উদ্ধতাং। ক্ষেড়িতানি অস্পষ্টাং শব্দাং, উৎক্রুষ্টানি উচ্চেরাহ্বানানি তৈ:। জ্যা ধহন্ত গাং তলত্রাণি হস্তাবাপাশ্চ তেবাং স্বনৈ:। নং অস্মাকং সমীপাৎ জীবন্ ন মোক্ষ্যসে, অপি তু জীবিতাজ্জীবনাদেব মোক্ষ্যসে ইতি ত্রুবন্ত চাত্যধাবস্ত ॥> ০—>০॥
তানিতি। পত্রাণি পক্ষিপক্ষা এবাং সন্তীতি তৈঃ পত্রিভির্কাণেঃ ॥>৪॥

ভবতনন্দন! অভিমন্মাব সেই কার্য্য দেখিয়া সকল দিকেব সমস্ত লোক 'সাধু সাধু' এইরূপ শব্দে কোলাহল কবিয়া উঠিল ॥৯॥

ওদিকে শল্যেব ভ্রাজা নিহত হইলে, তাঁহার বহুতব সৈত্য অত্যন্তক্রুদ্ধ হইযা নানাবিধ অন্ত্র ধাবণ কবিয়া আপনাদেব বংশ, বাসস্থান ও নাম অভিমন্তকে শুনাইতে থাকিয়া তাঁহাব দিকে ধাবিত হইল। বিশাল বাণশব্দ ও রথচক্রের শব্দ এবং হুন্ধাব, অস্পষ্ট কণ্ঠধবনি, উচ্চ আহ্বান, সিংহনাদ, গর্জন, ধনুষ্টন্ধাব ও হস্তাবাপেব শব্দ কবিতে থাকিয়া 'তুমি জীবিত অবস্থায আমাদের নিকট হইতে মুক্ত হইতে পাবিবে না, কিন্তু জীবন হইতেই মুক্ত হইবে' এই কথা অভিমন্তাকে বলিতে থাকিয়া সেই বলমত্ত সৈন্তেবা কেহ কেহ রখে, কেহ কেহ অথে, কেহ কেহ হস্তীতে এবং কেহ কেহ চরণে অভিমন্তার দিকে ধাবিত হইযা-ছিল ॥১০—১৩॥

তাহাদিগকে সেইরূপ বলিতে দেখিয়া অভিমন্যু যেন হাস্ত কবিতে থাকিযা—্যে যে উহাকে প্রথমে প্রহাব কবিতে লাগিল, তাহাকে তাহাকেই বাণদ্বাবা বিদ্ধ করিতে লাগিলেন ॥১৪॥

⁽১৪)…যো रः স্থাৎ প্রহরন্ পূর্ব্বন্-পি, …যো যঃ সম্প্রাহরৎ পূর্বন্--ব।

সন্দর্শয়িয়য়াণি বিচিত্রাণি লঘুনি চ।
আর্জুনিঃ সমরে শূরো মৃত্পূর্ববিমযুধ্যত ॥১৫॥
বাহ্ণদেবাত্নপাত্তং যদস্রং যদ্ধ ধনঞ্জয়াৎ।
আদর্শয়ত তৎ কার্ষিঃ কৃষ্ণাভ্যামবিশেষবৎ ॥১৬॥
দূরমস্থ গুরুং ভারং সাধ্বসঞ্চ পুনঃ পুনঃ।
সংদধিদস্জংশ্চেযুন্ নির্বিশেষমদৃশ্যত ॥১৭॥
চাপমগুলমেবাস্থ বিস্ফুবদ্দিক্ষ্বদৃশ্যত।
হুদীপ্তস্থ শরৎকালে সবিভূর্মগুলং ষথা ॥১৮॥
জ্যাশব্দঃ শুক্রাবে তস্থ তলশব্দেচ দারুণঃ।
মহাশনিমুচঃ কালে প্যোদস্থেব নিস্বনঃ॥১৯॥
ব্রীমানমর্যী সোভদ্রো মানকুৎ প্রিয়দর্শনঃ।
সংমিমানয়িয়ুর্বীবানিষ্বৈশ্রেশ্চাপ্যযুধ্যত ॥২০॥

সমিতি। লঘ্নি জতক্ষিপ্তানি। মৃত্পূর্কং কোমলতাপূর্বকম্ ॥১৫॥
বান্ধিতি। উপাত্তং প্রাপ্তম্ । কার্ষিক্রভিমন্তাঃ, ক্ষণাভ্যাং ক্ষণার্জ্নাভ্যাম্ ॥১৬॥
দ্রমিতি। অত্য নিক্ষিপ্য বিহাবেতার্থ:। সাধ্বসং ভরম্। ইয়ন্ বাণান্ ॥১৭॥
চাপেতি। বিক্ত্রং উজ্জ্বং। স্থদীপ্তত্ত অত্যুজ্জ্বলত্ত, সবিতৃঃ স্থাত্ত ॥১৮॥
জ্যেতি। মহাশনিম্চো মহাবজ্রপাতিনঃ, প্রোদত্ত মেহত্ত ॥১৯॥

মহাবীর অভিমন্যু যুদ্ধে বিচিত্র ও দ্রুভক্ষিপ্ত অন্ত্র সকল দেখাইবেন বলিয়াই কোমলভাবে যুদ্ধ কবিতে থাকিলেন ॥১৫॥ '

অভিমন্যু ক্ষেবে নিকট হইতে যে অস্ত্র বা অর্জ্জুনেব নিকট হইতে যে সকল অস্ত্র লাভ করিযাছিলেন, সে সকল অস্ত্র তাঁহাদেব তুল্যই দেখাইতে লাগি-লেন ॥১৬॥

অভিমন্যু গুক্তৰ কর্ত্তব্যভার এবং ভয পবিত্যাগ কবিয়া বাব বাব সমানভাবে বাণসন্ধান ও বাণক্ষেপ কবিতে থাকিলেন দেখা গেল ॥১৭॥

শ্বৎকালে উচ্ছল সূর্য্যমণ্ডলেব স্থায় সকল দিকে অভিমন্ত্যুর উচ্ছল চাপমণ্ডলই দেখা যাইতে লাগিল ॥১৮॥

বর্ষাকালে মহাবজ্রপাতী মেঘেব শব্দেব তায় অভিমন্তার জ্যাশব্দ ও দাকণ ভলশব্দ শুনা যাইতে থাকিল ॥১৯॥

অকার্য্যকবণে লঙ্জাশীল, ক্রোধী, গুরুজনের সন্মানকারী ও প্রিয়দর্শন অভিমন্ত্র বীবগণেব সন্মান কবিবাব্ ইচ্ছা কবিয়া বাণ ও অন্যান্য অন্তন্থাবা যুদ্ধ করিতে লাগিলেন ॥২০॥ মৃত্তু তা মহারাজ! দারুণঃ সমপত্তত।
বর্ষাভ্যতীতো ভগবান্ শরদীব দিবাকরঃ ॥২১॥
শরান্ বিচিত্রান্ রহতো রুক্মপুদ্ধান্ শিলাশিতান্।
মুমোচ শতশঃ ক্রুদ্ধো গভস্তীনিব ভাস্করঃ ॥২২॥
স্কুরপ্রের্বৎসদক্তেশ্চ বিপাঠিশ্চ মহাযশাঃ।
নারাচৈরর্জচন্দ্রভিভিদ্নৈরঞ্জলিকৈরপি ॥২৩॥
অবাকিরদ্রথানীকং ভারদ্বাজম্ম পশ্যতঃ।
ততন্তৎ সৈন্সমভবদ্বিমুখং শর্পীড়িতম্ ॥২৪॥ (যুগ্মকম্)
ধৃতরাষ্ট্র উবাচ।

দ্বৈধীভবতি মে চিত্তং ক্রিয়া তুক্ট্যা চ সঞ্জয় ! । মম পুত্রেস্থ যৎ সৈন্সং সৌভদ্রঃ সমবারয়ৎ ॥২৫॥

হীমানিতি। হীমান্ অকার্য্যকরণে লজ্জাবান্। সংমিমানিষিয়ু: সন্থানিষিত্র্য ॥২০॥
মৃত্বরিতি। দিবাকরক্তাপি বর্ষান্ত্র মৃত্ত্বাৎ শরদি চ দারুণত্বাত্রপমাসিদ্ধিঃ ॥২১॥
শরানিতি। শিলান্ত্র শিতান্ ঘর্ষণেন অধারীকৃতান্। গভন্তীন্ কিরণান্॥২২॥
ক্রুঠপ্রেরিতি। ক্রপ্রাদমন্ডদানীন্তনাঃ শরবিশেষাঃ। অবাকিরদভিমন্তাঃ ॥২৩—২৪॥
বৈধীতি। বালকেন মদীয়ত্র্র্ব্রেসভ্রবারণাৎ হীঃ পৌত্রেণ বারণাচ্চ ভূষ্টিরিতি ভাবঃ॥২০॥

মহাবাজ! ভগবান সূর্য্য যেমন বর্ধাকালে কোমল হইয়া শরৎকালে তীক্ষ হন, সেইরূপ অভিমন্মণ্ড কোমল হইযা তীক্ষ হইলেন ॥২১॥

সূর্য্য যেমন কিরণ নিক্ষেপ কবেন, সেইকপ ক্রুদ্ধ অভিমন্ত্যও বিচিত্র, বিশাল, স্বর্ণপুদ্ধ এবং শিলাশাণিত শত শত বাণ নিক্ষেপ করিতে লাগি-লেন ॥২২॥

মহাযশা অভিমন্ম ক্রমে দ্রোণের সমক্ষেই ক্ষুরপ্র, বৎসদন্ত, বিপাঠ, নাবাচ, অদ্ধিচন্দ্রতুল্য ভল্ল ও অঞ্জলিকদ্বাবা রথিসৈশ্যদিগকে পীড়ন করিতে থাকিলেন। তাহাতে সেই সৈশ্য শরপীড়িত হইযা বিমুখ হইল" ॥২৩—২৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়। অভিমন্মা যে আমার পুত্রের সৈতা বারণ করিতে পাবিল, ইহা শুনিয়া আমাব মন লজ্জায় ও আনন্দে দ্বিবিধ হইয়া পড়িয়াছে ॥২৫॥

⁽২২)···বিচিত্রান্ স্থবহুন্—বা ব দ্বা নি। (২৩)···নারাচৈরর্জনাবাচৈঃ—পি। (২৪) ইড: পরুম্ '···সগুলিংশো২ধ্যায়ঃ' ব, '···অষ্টলিংশো২ধ্যায়ঃ' বা রা নি। (২৫)·· মচিত্তিশ্··· পি বা,···শুচা ভুষ্ট্যা চ···নি,·· ভিয়া ভুষ্ট্যা চ···বা।

বিস্তরেণৈব মে শংস সর্ববং গাবলনে ! পুনঃ। বিক্রীড়িতং কুমারস্থ স্বন্দস্থেবাস্থরৈঃ সহ॥২৬॥ সঞ্জয় উবাচ।

হন্ত তে সম্প্রবক্ষ্যামি বিমর্দমতিদারুণম্।

একস্থা চ বহুনাঞ্চ যথাসীত্ত মুলো রণঃ ॥২৭॥

অভিমন্ত্যু কুতোৎসাহঃ কুতোৎসাহানরিন্দমান্।
রথস্থা রথিনঃ সর্বাংস্তাবকানভ্যবর্ষত ॥২৮॥

ট্রোণং কর্ণং কুলং শল্যং ট্রোণিং ভোজং রহদ্বলম্।

হুর্য্যোধনং সৌমদত্তিং শকুনিঞ্চ মহাবলম্ ॥২৯॥

নানা নূপান্ নূপস্থতান্ সৈন্থানি বিবিধানি চ।

অলাতচক্রবং সর্বাংশ্চরন্ বাণৈঃ সমার্পয়ৎ ॥৩০॥ (য়ুয়্মকম্)

নিম্মমিত্রান্ সোভদ্রঃ পর্মান্ত্রঃ প্রতাপবান্।

অদর্শয়ত তেজস্বী দিক্ষু সর্বাস্থ ভারত।॥৩১॥

বিস্তরেণেতি। হে গাবন্ধনে। গবন্ধনপুত্র। সঞ্চয়।। স্বন্ধস্ম কার্তিকের্স্থ ॥২৬॥
হন্তেতি। হন্তপন্ধো হর্ষে। হর্ষণাভিমস্থাবিক্রমন্মরণাৎ। বিমর্দ্ধং সংঘর্ষন্ ॥২৭॥
অভীতি। অভ্যবর্গত শরৈরিতি শেষং ॥২৮॥
কোশমিতি। সৌমদতিং ভ্রিপ্রব্যস্থা অলাতচক্রবং ঘূর্ণমানাগ্রিযুক্তকার্চবং ॥২৯—৩০॥
নিম্মিতি। অমিত্রান্ শতন্। অদর্শরত নিজবীরস্থমিতি শেষং ॥০১॥

সে বাহা হউক; সঞ্জয! অস্ত্রগণের সহিত কার্ত্তিকের যুদ্ধক্রীড়ার তায কুমার অভিমন্তার সমস্ত যুদ্ধক্রীড়াব বিষয় পুনরায় ভূমি আমার নিকট বিস্তবক্রমে বল" ॥২৬॥

সঞ্জয় বলিলেন—"মহারাজ! আমি আপনাব নিকট অতিদারুণ সংঘর্ষের বিষয বলিব; যেভাবৈ একেব ও বন্তুর ভুমুল যুদ্ধ হ'ইয়াছিল ॥২৭॥

উৎসাহী ও রথারোহী অভিমন্যু—আপনাব পক্ষের উৎসাহী ও শত্রুদমনকারী সমস্ত রথীব উপরে বাণবর্ষণ কবিতে লাগিলেন ॥২৮॥

তিনি সমরাঙ্গনে অগ্নিসংযুক্ত কাঠের ন্যায় বিচবণ কবিতে থাকিয়া বাণদ্বাবা দ্রোণ, কর্ণ, ক্বপ, শল্য, অশ্বত্থামা, ভোজ, বৃহদ্বল, ত্র্যোধন, ভূরিশ্রবা, শকুনি, নানাদেশীয় বাজা, রাজপুত্র ও নানাবিধ সৈন্যদিগকে পীড়ন করিতে থাকিলেন ॥২৯—৩০॥

⁽২৮)···অভ্যবর্ত্তত—পি,···অভ্যবর্ষধ্য—নি। ন্রোণ (২১)-৪•

তদৃদ্ধী চরিতং তস্ত সৈভিদ্রস্থানিতেজিসঃ।
সমকম্পন্ত সৈন্তানি দ্বনীয়ানি সহন্দ্রশঃ ॥৩২॥
অথাব্রবীন্মহাপ্রাজ্ঞা ভারদ্রাজ্ঞঃ প্রতাপবান্।
হর্বেণাৎকুল্লনযনঃ কুপমাভাষ্য সত্ত্বম্ ॥৩৩॥
ঘট্রয়নিব মর্ম্মাণি পুত্রস্ত তব ভারত!।
অভিমন্তাং রণে দৃষ্ট্রা তদা রণবিশারদম্ ॥৩৪॥ (যুগাকম্)
এষ গচ্ছতি সৌভদ্রঃ পার্থানামগ্রতো ঘুবা।
নন্দরন্ স্তহ্নেং সর্বান্ রাজানঞ্চ যুধিন্তিরম্ ॥৩৫॥
নকুলং সহদেবঞ্চ ভীমসেনঞ্চ পাগুবম্।
বন্ধূন্ সন্থানিনান্যান্ মধ্যন্থান্ স্ত্রদন্তথা ॥৩৬॥ (যুগাকম্)
নাস্ত যুদ্ধে সমং মন্ত্রে কঞ্চিদন্তাং ধনুর্দ্ধরম্।
ইচ্ছন হন্তাদিমাং সেনাং কিমর্থমিপি নেচ্ছতি ॥৩৭॥

ভদিভি। অভিমন্তো: শিক্ষাশোধ্যাভিরেকাদেবামং বিপক্ষসৈত্যকপ ইভি ভাব: ॥০২॥ অথেতি। হর্বেণ প্রিয়শিরপুত্রবীরত্বদর্শনানন্দেন। ঘট্রবন্ সঞ্চালয়ন্ ॥০০—০৪॥ এব ইভি। গচ্ছতি কৌরবান্ বিজিত্যেভি শেব:। মধ্যস্থান্ নিরপেক্ষান্ ॥০৫—০৬॥ নেভি। কিমর্থমণি কিমণি নিমিন্তমাঞ্জিত্যেভার্থ: ॥০৭॥

ভরতনন্দন। প্রতাপশালী ও তেজস্বী অভিমন্যু উন্তম উন্তম অস্ত্রদারা শত্রুগণকে বিনাশ কবিতে থাকিয়া সকল দিকেই নিজেব বীবত্ব দেখাইতে লাগিলেন॥৩১॥

অমিতভেন্ধা অভিমন্যুব সেই চরিত্র দেখিবা আপনাব পক্ষেব সহস্রে সৈশ্য কাঁপিতে লাগিল ॥৩২॥

ভরতনন্দন ! তাহার পর মহাপ্রাজ্ঞ ও প্রতাপশালী জোণ সমরাঙ্গনে যুদ্ধবিশারদ অভিমন্মকে দেখিয়া আনন্দে উৎফুল্লন্যন হইয়। দুর্য্যোধনের হৃদয় উদ্বেলিত করিয়। ত্বরাব সহিত কৃপাচার্য্যকে সম্বোধনপূর্ববক বলিলেন—॥৩৩—৩৪॥

'এই যুবা অভিমন্য (কোরবসৈন্তাগণকে জ্বয় কবিষা) সমস্ত স্ক্রং, রাজা যুধিষ্ঠির, ভীম, নকুল, সহদেব, বন্ধু, সম্বন্ধী, নিবপেক্ষ লোক ও আজীয়গণকে আনন্দিত কবতঃ পাণ্ডবগণের নিকটে যাইতেছেন ॥৩৫—৩৬॥

বুদ্ধে ইহার তুল্য অন্ত ধনুর্দ্ধর আমি কাঁহাকেও মনে কবি না। কাবণ,

⁽०२)···षिनीय्रानि श्नः श्नः—िम। (०१) शार्थानांः श्रथिष्ठा यूरां—िन।

দ্রোণস্থ প্রীতিসংযুক্তং শ্রুত্থা বাক্যং তবাত্মজঃ।
আর্জ্জনিং প্রতি সংক্রুদ্ধা দ্রোণং দৃষ্ট্বা স্ময়নিব ॥৩৮॥
অথ মুর্য্যোধনঃ কর্ণমত্রবীদ্বাহ্লিকং রূপম্।
মুংশাসনং মদ্ররাজং তাংস্তাংশ্চান্থান্ মহারথান্ ॥৩৯॥
সর্ববৃদ্ধাভিষিক্তানামাচার্য্যো ত্রন্ধাবিত্তমঃ।
আর্জ্জনস্থ স্কৃতং মূঢ্ং নাযং হস্তমিহেচ্ছতি ॥৪০॥
ন হুস্থ সমবে মুচ্যেদস্তকোহপ্যাততাযিনঃ।
কিমঙ্গ। পুনরেবান্থো মর্ত্যঃ সত্যং ত্রবীমি বঃ ॥৪১॥
আর্জ্জনস্থ স্কৃতং ত্বেষ শিশ্বত্বাদভিরক্ষতি।
শিশ্বাঃ পুত্রাশ্চ দয়িতাস্তদপত্যঞ্চ ধর্ম্মিণাম্ ॥৪২॥

ক্রোণস্থেতি। তবাত্মজো ত্র্যোধন:। সংক্রুদোহভবং। স্থান্ বিস্মাপন: ॥০৮॥
অথেতি। অস্থান্ সোমদন্তাদীন্ ॥৩৯॥
সর্বেতি। সর্বমূর্দ্ধাভিষিক্তানাং সমন্তক্ষ্ত্রিধাণাম্, ব্রন্ধবিত্তমো বেদজ্জপ্রেষ্ঠ: ॥৪ •॥
নেতি। অস্থ্য ক্রোণস্থা। আততায়িন: শস্ত্রপাণে:। অঙ্গেতি সংবাধনে ॥৪১॥
অর্জ্ক্রেতেতি। শিক্ষতাং শিক্ষপুত্রতাং। ধর্মিণাং ধার্মিকানামিতি সোল্পুর্রেনাক্তি: ॥৪২॥

ইনি ইচ্ছা করিলে এই কৌববসৈশ্য সমস্তই সংহার কবিতে পাবেন; কিন্তু কোন কাবণবশতঃ তাহা ইচ্ছা কবেন না'॥৩৭॥

দ্রোণেব প্রীতিযুক্ত বাক্য শুনিযা দুর্য্যোধন তাঁহাব দিকে চাহিয়া যেন বিস্মযাপন্ন হইয়া অভিমন্যুব প্রতি ক্রন্ধ হইলেন ॥৩৮॥

ভাহার পর ভিনি কর্ণ, বাহ্লিক, কুপ, ফু:শাসন, শল্য এবং স্বস্থান্য মহাবর্থগণকে বলিলেন—॥৩৯॥

'সকল ক্ষত্রিয়ের গুরু এবং বেদজ্ঞশ্রেষ্ঠ দ্রোণ মূর্থ অর্জ্জনেব পুত্রটাকে বধ করিতে ইচ্ছা করেন না ॥৪০॥

নতুবা বীবগণ। অস্ত্রধাবী দ্রোণেব যুদ্ধে ষমও মুক্ত হইতে পারেন না; তাহাতে অন্য মানুষের কথা আব কি বলিব। ইহা আপনাদের নিকট সত্য বলিতেছি ॥৪১॥

ইনি (দ্রোণ), শিষ্মের পুত্র বলিষা অর্জ্জুনেব পুত্রকে রক্ষা করিতেছেন। কারণ, ধার্দ্মিকদেব নিকটে শিশ্য ও পুত্র প্রিয এবং তাহাদেব সস্তানও প্রিয়॥৪২॥

⁽७৯)···वािह्लिकः नृथम् ··वा ब,···वािह्लिकः नृथः ·नि,···जाःखयाञान्—वा व न्ना नि।
(८) नक्ष्म नमस्त्र घृस्य —वा नि।

সংরক্ষ্যমাণো দ্রোণেন মন্ততে বীর্যমাত্মনঃ।
আত্মসন্তাবিতো মৃঢ়ন্তং প্রমথ্নীত মা চিরম্ ॥৪৩॥
এবমুক্তান্ত তে রাজ্ঞা সাত্মতীপুত্রমভ্যয়ঃ।
সংরক্ষান্তে জিঘাংসন্তো ভারদ্বাজন্ত পশ্যতঃ ॥৪৪॥
ছঃশাসনন্ত তচ্ প্রুত্বা ছুর্য্যোধনবচন্তদা।
অববীৎ কুরুশার্দ্দিল! ছুর্য্যোধনমিদং বচঃ ॥৪৫॥
অহমেনং হনিয়ামি মহারাজ! ব্রবীমি তে।
মিষতাং পাণ্ডুপুত্রাণাং পাঞ্চালানাঞ্চ পশ্যতাম্ ॥৪৬॥
এদিয়াম্যত্য সোভদ্রং যথা রাহুর্দিবাকরম্।
উৎক্রেশ্য চাব্রবীদ্বাক্যং কুরুরাজমিদং পুনঃ ॥৪৭॥
শ্রুত্বা ক্রেষ্ঠা ময়া গ্রন্তং সোভদ্রমতিমানিনো।
গমিয়তঃ প্রেতলোকং জীবলোকার্ম সংশয়ঃ ॥৪৮॥

সমিতি। আত্মনৈব সম্ভাবিতো বীরত্বেন সন্মতঃ অভিমন্তাঃ ॥৪০॥
এবমিতি। সাত্মতী সাত্মতবংশীবা স্বভন্তা তন্তাঃ পূত্রম্। সংরকাঃ সোৎসাহাঃ ॥৪৪॥
ত্থাসন ইতি। কুকশাদ্ধিলৈতি সম্ভব্ত ধুতরাষ্ট্রসংঘাধনম্ ॥৪৫॥
অহমিতি। মিবতাং পশ্চতাম্। উভ্যত্তাপ্যনাদরে ষষ্ঠী ॥৪৬॥
গ্রাসিয়ামীতি। উৎক্রশ্ব উচ্চৈরাহুব, অত্রবীৎ ত্থাসন এব ॥৪৭॥

দ্রোণ রক্ষা কবিতেছেন বলিয়া অভিমন্যু আপনাকে আপনি বীর মনে কবিতেছে। স্থতবাং নিজেকে নিজে বীর মনে করায় ওটা মূর্থ। সে যাহা হউক, বীবগণ। আপনাবা উহাকে বধ ককন, বিলম্ব কবিবেন না'॥৪৩॥

চুর্য্যোধন এইরূপ বলিলে, সেই বীরগণ উৎসাহী ও হননাভিলাষী হইয়া দ্রোণেব সমক্ষেই অভিমন্তাব দিকে চলিলেন ॥৪৪॥

কৌববশ্রেষ্ঠ । তখন ছঃশাসন ছর্য্যোধনেব সেই কথা শুনিয়া ছুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৪৫॥

'মহাবাজ। আমি বলিতেছি—পাগুৰগণ ও পাঞ্চালগণেৰ সমক্ষে আমিই উহাকে বধ করিব ॥৪৬॥

বাহু যেমন সূর্য্যকে গ্রাস করে, সেইরূপ আমি আজ উহাকে গ্রাস করিব'। ছঃশাসন পুনরায় উচ্চস্ববে সম্বোধন কবিয়া ছুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৪৭॥

'আমি অভিমন্যুকে গ্রাস কবিয়াছি শুনিয়া অত্যন্ত অভিমানী কৃষ্ণ ও অর্জ্জুন নিশ্চয়ই জীবলোক হইতে প্রেতলোকে যাইবে ॥৪৮॥ তে চ শ্রুছা মৃতে ব্যক্তং পাণ্ডোঃ ক্ষেত্রোন্তবাঃ স্থতাঃ।

একাকা সম্ব্রুছাণাঃ ক্রৈব্যাদ্ধাস্থান্তি জীবিতম্ ॥৪৯॥

তত্মাদিম্মিন্ হতে শত্রো হতাঃ সর্বেহহিতান্তব।

শিবেন ধ্যায় মাং রাজন্। এষ হিমি রিপুং তব ॥৫০॥

এবমুক্ত্যা নদন্ রাজন্! পুত্রো হুঃশাসনন্তব।

সোভদ্রমভ্যথাৎ ক্রুদ্ধঃ শরবর্ষেরবাকিরন্ ॥৫১॥

তমতিক্রুদ্ধমায়ান্তং তব পুত্রমরিন্দমঃ।

অভিমন্ত্যঃ শরৈন্তীক্ষৈঃ ষড় বিংশত্যা সমার্পয়ৎ ॥৫২॥

হুংশাসনন্ত সংক্রুদ্ধঃ প্রভিন্ন ইব ক্প্পরঃ।

অযোধয়ত সোভদ্রমভিমন্ত্যুশ্চ তং রণে॥৫০॥

শ্রুছেও। ক্বর্ফো ক্বফার্চ্ছ্নের, গ্রন্তং পরাজিত্যাযন্তীকৃতং নিহতমিত্যর্থ: ॥৪৮॥
তাবিতি। ব্যক্তং ধ্রুবন্। ক্বেন্সেবা: পদ্মাং পরৈকংপদ্মা:। হাস্তন্তি ত্যক্ষান্তি ॥৪৯॥
তন্মাদিতি। অহিতা: শত্রব:। শিবেন মদলেন, মম মদলং চিন্তযেত্যর্থ: ॥৫০॥
এবমিতি। নদন্ সিংহনাদং কুর্বন্। অভ্যয়াৎ অভ্যয়াবৎ ॥৫১॥
তমিতি। স্যার্পবৎ অভাতন্তং ॥৫২॥
তুংশাসন ইতি। প্রভিন্নো মদ্যাবী। তম্যোধ্যতেতি সম্বন্ধ: ॥৫০॥

আবার তাহারা মরিয়াছে শুনিয়া নিশ্চযই পাণ্ডুব ক্ষেত্রজ পুত্রগুলি তুর্বলতাবশতঃ একদিনেই বন্ধবর্গের সহিত জীবন ত্যাগ কবিবে ॥৪৯॥

অতএব রাজা। এই শক্রটা নিহত হইলে আপনার সমস্ত শক্রই নিহত হইবে। স্থতরাং আপনি আমার মঙ্গল চিস্তা করুন; আমি এই আপনার শক্র সংহার করিতেটি' ॥৫০॥

রাজা। আপনার পুত্র ছঃশাসন এইক্রপ বলিয়া ক্রেন্ধ হইয়া সিংহনাদ ও শরবর্ষণ করিতে কবিতে অভিমন্মার দিকে ধাবিত হইলেন ॥৫১॥

আপনাব পুত্ৰ ছুঃশাসন অভ্যস্তক্ৰুদ্ধ হইযা আসিতে লাগিলে, শক্ৰদমনকাবী অভিমন্ম ছাবিবশটা তীক্ষ বাণদ্বাবা ভাঁহাকে পীড়ন কবিলেন ॥৫২॥

তখন তুঃশাসন অত্যস্তকুদ্ধ হইয়া মদস্রাবী হস্তীর স্থায অভিমন্থাকে প্রহাব করিতে লাগিলেন; আবার অভিমন্থাও যুদ্ধে তাঁহাকে প্রহার করিতে থাকিলেন ॥৫৩॥

⁽৫०)··· निर्दात यार शाहि बाकन्।—वा व वा नि। (৫১)·· नवदर्धवर्दाक्विष्ठ-- नि व। (৫২)··· अविन्य ।—नि।

তো মণ্ডলানি চিত্রাণি রথাভ্যাং সব্যদক্ষিণম্। চরমাণাবযুধ্যেতাং রথশিক্ষাবিশারদৌ ॥৫৪॥ অথ পণবমূদঙ্গত্বনুভীনাং ক্রকচমহানকঝর্যরাণাম্। নিনদমতিভূশং নরাঃ প্রচক্রুর্লবণজ্জলোদ্ভবিসংহনাদমিশ্রম্ ॥৫৫॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈয়াসিক্যাং দ্রোণপর্ববি অভিমন্যুবধে তুঃশাদনযুদ্ধে পঞ্চত্রিংশোহধ্যায়ঃ॥০॥ *

ষট্ত্রিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

শরবিক্ষতগাত্রস্ত প্রত্যমিত্রমবস্থিতম্। অভিমন্ত্যঃ স্ময়ন্ ধীমান্ তুঃশাসনমথাত্রবীৎ ॥১॥ দিষ্ট্যা পশ্যামি সংগ্রামে মানিনং শুরমাগতম্। निष्ठू तः ত্যक्তशर्माणमाटकाणनशतायणम् ॥२॥

मख्नानि গোলাকারভ্রমণানি। চরমাণৌ কুঝন্তৌ ac 81 অথেতি। পণবাদীনি তদানীস্তনানি বাঙ্গানি। লবণজলোদ্ভব: শঙ্গন্তলাদ ইত্যর্থ: ॥৫৫॥ ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্রাচার্য্য-

> বিরচিতায়াং মহাভারতটীকারাং ভারতকৌমূদীসমাখ্যায়াং ক্রোণপর্বাণ অভিমন্তাবধে পঞ্চত্রিংশোহধ্যায়: ॥•॥

--(;;)-

শরেতি। প্রত্যবস্থিতমমিতাং শত্রুন্। স্বান্ দ্বিদ্দান্॥১॥

ক্রমে রথশিক্ষাবিশাবদ তুঃশাসন ও অভিমন্যু আপন আপন বথদ্বাবা বামে ও দক্ষিণে মণ্ডলাকারে বিচিত্র ভ্রমণ কবিতে থাকিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৫৪॥

তখন বাছ্যকারেবা শচ্খধ্বনি ও সিংহনাদেব সহিত পণব, মৃদঙ্গ, তুন্দুভি, ক্রকচ, মহানক ও ঝঝ বেব গুরুতব ধ্বনি কবিতে থাকিল" ॥৫৫॥

সঞ্জয় কহিলেন—"তাহাব পৰ বুদ্ধিমান্ অভিমন্যু ঈষৎ হাস্ত কবতঃ সম্মুধে অবস্থিত বাণবিক্ষতদেহ শত্রু ছঃলাসনকে বলিলেন—॥১॥

^{+ &#}x27;…षष्टेविःरनारुशायः' त्, '…बरकानक्षातिःरनारुशायः' वा ता नि ।

যৎ সভায়াং ত্বয়া বাজ্ঞো ধৃতরাষ্ট্রস্থ শৃগতঃ।
কোপিতঃ পক্ষবৈর্বাকৈয়র্থ র্ম্মরাজাে মুথিন্ঠিরঃ ॥৩॥
জামোনাত্তেন মূঢ়েন বহুনর্থং প্রভাষতা।
তত্ত্বমেদমনুপ্রাপ্তং তস্থ কোপানাহাত্মনঃ ॥৪॥ (মুগ্মকম্)
পরবিত্তাপহারস্থ কোধস্যাপ্রশমস্থ চ।
লোভস্থ জ্ঞাননাশস্থ দোহস্যাত্যাহিতস্থ চ॥৫॥
পিতৃণাং মম রাজ্যস্থ হরণস্থোগ্রধন্থিনাম্।
তত্ত্বমেদমনুপ্রাপ্তং প্রকোপাদে মহাত্মনাম্॥৬॥ (মুগ্মকম্)
স তস্যোগ্রমধর্মস্থ কলং প্রাপ্ত হুর্মতে।।
শার্মিতাম্মান্ত তে বাণৈঃ সর্বাক্রম্য পশ্যতঃ॥৭॥
অত্যাহমনৃণস্তস্থ কোপস্থ ভবিতা রণে।
অমর্ষিতাযাঃ কৃষ্ণায়াঃ কাজ্মিতস্থ চ মে পিতুঃ॥৮॥

দিষ্ট্যেভি। দিষ্ট্যা ভাগ্যেন। আক্রোশনগরারণং পবের্ গালিদাননিরতম্ ॥২॥
বিদিভি। পকবৈর্নিষ্ঠুরৈ:। ইদং যুদ্ধে মৎসান্নিগ্যম্ ॥৩—৪॥
পরেভি। অপ্রশমক্ষ পরবিত্তাপহারাদাবিপি শান্তিরাহিত্যক্ত। অভ্যাহিতক্ত জীবানপেক্ষিকর্মণো ক্রোপদীবস্থহরণক্ত। অত্যাপি ইদং যুদ্ধে মৎসান্নিধ্যম্ ॥৫—৬॥
স ইভি। স তুম্। শাসিভা দয্যভা, জন্মি অহম্ ॥৭॥

'আমি আজ ভাগ্যবশতঃ যুদ্ধে আগত অভিমানী, নিষ্ঠুব, ধর্মজ্যাগী এবং অন্তকে গালিদানে নিবত বীবকে দেখিতে পাইযাছি ॥২॥

তুমি মূর্থ। স্থতরাং অক্ষক্রীড়ায় জয়লাভে উন্মন্ত হইয়া বছতর অনর্থজনক বাক্য বলিতে থাকিয়া সভামধ্যে রাজা ধ্বতবাষ্ট্রের সমক্ষে নিষ্ঠুর উক্তিদ্বারা ধর্মবাজ যুধিষ্ঠিরের বে ক্রোধ উৎপাদন করিযাছিলে, সেই মহাত্মার সেই ক্রোধেব ফলেই তুমি আজ আমাব নিকটে আসিয়াছ ॥৩—৪॥

আব পববিত্তাপহবণ, ক্রোধ, শান্তিহীনতা, লোভ, জ্ঞানলোপ, দ্রোহ, অত্যাহিত এবং আমার ভয়ঙ্কব ধনুর্দ্ধব পিতৃগণেব বাজ্যহবণ এই সকলেব ফলবপে সেই মহাত্মাদের কোপে তুমি এই আমার নিকটে আসিযাছ ॥৫—৬॥

অভএব দুর্ম্মতি। তুমি এখন সেই অধর্ম্মেব ভয়ঙ্কর ফল ভোগ কব। আমি আজ সমস্ত সৈন্মেব সমক্ষে বাণদ্বাবা তোমার শাসন করিব॥৭॥

⁽৪) ··জয়োয়ত্তেন ভীমশ্চ বহুববদ্ধং প্রভাষিতঃ। অক্ষকৃটং সমাপ্রিত্য সৌবলস্থাত্মনা বলম্—বা ব নি । (१) সম্মশ্যেসশিক্ষ—পি ব ।

অগ্ন কোরব্য। ভীমস্থ ভবিতাম্যানূণো যুধি।
ন হি মে মোক্ষ্যদে জীবন্ যদি নোৎস্জদে রণম্ ॥৯॥
এবমুক্ত্রা মহাবাহুর্বাণং তুঃশাদনান্তকম্।
দল্পে পরবীরত্মঃ কালাগ্যনিলবর্চ্চসম্ ॥১০॥
তস্থোরস্তর্গমাদাগ্য জক্রদেশে বিভিন্ন তম্ ।
জগাম সহ পুড়োন বল্মীকমিব পন্নগঃ ॥১১॥
অথৈনং পঞ্চবিংশত্যা পুনরেব দমার্পয়ৎ।
শরৈরগ্রিদমস্পশৈরাকর্ণদমচোদিতৈঃ ॥১২॥
দ গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থ উপাবিশৎ।
তুঃশাদনো মহারাজ! কশ্মলঞ্চাবিশন্মহৎ॥১৩॥

অভেতি। অমর্ষিতায়া: সভাষাং প্রবেশনাদিনা কোপিতারা:, রুঞাষা দ্রৌপতাঃ ॥৮॥

অন্তেতি। অনুণ: ত্বধেনেতি ভাব:। এবং দর্বত্র ।১।

এবমিতি। পরবীরত্নোহভিমহাঃ, কালাগ্নানিলবর্চনং তত্তহন্মহাশজিকম্ ॥১০॥

তত্তেতি। উরো বক্ষঃদমীপন্, জ্জুদেশে স্বন্দদন্ধৌ। বল্মীকর্মীমৃত্তিকান্॥১১॥

অথেতি। সমার্পন্নৎ অপীভন্নৎ। আকর্ণং সমং তুল্যঞ্চ চোদিতৈ: প্রেরিতি: ॥১২॥

স ইতি। রথক্ত উপন্থে উপরিভ'গে। কশালং মোহম্॥১৩॥

আব্দ আমি যুদ্ধে তাঁহাদেব সেই ক্রোধের, কোপিতা দ্রোপদীর এবং পিতৃদেবেব আকাজ্ফিত বিষয়ের নিকট অনুণী হইব ॥৮॥

আর কৌবব। আজ আমি যুদ্ধে ভীমসেনেব নিকটেও অনৃণী হইব। কারণ, ভূমি যদি সমরাঙ্গন পবিভাগে না কব, ভবে জীবিত অবস্থায আমাব নিকট হইতে মুক্ত হইতে পারিবে না'॥৯॥

এইরপে বলিয়া মহাবাক্ত ও বিপক্ষবীবহস্তা অভিমন্ত্য কাল, অগ্নি ও বাযুর তুল্য মহাশক্তিশালী তুঃশাসননাশক একটা বাণ সন্ধান করিলেন ॥১০॥

সেই বাণটা তুঃশাসনেব বক্ষেব নিকটে সম্বর যাইয়া তাঁহার স্বন্ধসন্ধিস্থান ভেদ করিয়া—সর্প যেমন উয়ীমৃত্তিকার ভিতরে গমন কবে, সেইরূপ পুড়োব সহিত গমন করিল ॥১১॥

তাহার পর আবার অভিমন্যু অগ্নিসমস্পর্শ এবং আকর্ণাকৃষ্ট কাম্মুকদারা সমান-ভাবে নিক্ষিপ্ত পঁচিশটা বাণদ্বাবা তাঁহাকে পীড়ন কবিলেন ॥১২॥

মহাবাজ। তখন তুঃশাসন দৃঢ়বিদ্ধ ও ব্যথিত হইয়া রথের উপবে বসিযা পড়িলেন এবং গুরুতব মূর্চ্ছা প্রাপ্ত হইলেন ॥১৩॥ সারথিস্থরমাণস্ত তুঃশাসনমচেতনম্।
রণমধ্যাদপোবাহ সোভদ্রশরপীড়িতম্ ॥১৪॥
পাগুবা দ্রোপদেয়াশ্চ বিরাটশ্চ সমীক্ষ্য তম্।
পাঞ্চালাঃ কেকয়াশ্চৈব সিংহনাদমথানদন্ ॥১৫॥
বাদিত্রাণি চ সর্বাণি নানালিঙ্গানি সর্ব্বশঃ।
প্রাবাদয়ন্ত সংহ্নটাঃ পাগুনাং তত্র সৈনিকাঃ ॥১৬॥
অপশ্যন্ স্ময়মানাশ্চ সোভদ্রস্থ বিচেপ্টিতম্।
অত্যন্তবৈরিণং দৃপ্তং দৃষ্ট্য শত্রুং পরাজিতম্ ॥১৭॥
ধর্মমাক্রতশক্রাণামখিনোঃ প্রতিমান্তথা।
ধর্ময়ন্তেশক্রাণামখিনোঃ প্রতিমান্তথা।
ধারয়ন্তো ধ্বজাগ্রেষ্ ক্রোপদেয়া মহারথাঃ ॥১৮॥
সাত্যকিশ্চেকিতানশ্চ ধ্রন্টগ্রন্থশিখণ্ডিনো।
কৈকেয়া ধ্রন্টকেভুশ্চ মৎস্থপাঞ্চালস্প্রেয়াঃ ॥১৯॥
পাণ্ডবাশ্চ মুদা যুক্তা যুধিন্তিরপুরোগমাঃ।
অভ্যন্তবন্ত ত্বরিতা দ্রোণানীকং বিভিৎসবঃ ॥২০॥ (বিশেষকম্)

সার্থিরিতি। অপোবাহ অক্তরাপসারয়ামাস ॥১৪॥

পাগুবা ইতি। জৌপদেয়া জৌপছা: পঞ্চ পূজা:, সমীক্ষা দ্রাং। অনদন্ অকুর্বন্ ॥১৫॥
বাদিজাণীতি। নানালিদানি বছবিধচিহ্নানি। সৈনিকাঃ সৈনিকান্তর্গতবাছকারা: ॥১৬॥
অপশুনিতি। স্ময়মানা মৃত্ব হসস্তঃ। বিচেষ্টিতং কার্যান্। দৃপ্তং গর্বিভম্ ॥১৭॥
ধর্মেতি। প্রতিমা বিগ্রহান্। ধারম্বতঃ স্থাপন্তঃ। কৈকেষা: পঞ্চ। মৃদা অভিময়্যজয়দর্শনাদানন্দেন। অভ্যক্তবন্ত অভ্যধাবন্। বিভিৎসবো ভেত্ব্মিচ্ছবঃ ॥১৮—২০॥

সেই সময়ে তাঁহাব সাবথি ত্বরান্বিত হইয়া অভিমন্মার বাণে পীড়িত ও অচেতন ত্বংশাসনকে সমবমধ্য হইতে অপস্ত কবিল ॥১৪॥

পাশুবগণ, দ্রৌপদীর পুত্রগণ, বিবাট, পাঞ্চালগণ ও কেক্যগণ দূব হইতে অভিমন্মকে দেখিয়া সিংহনাদ করিয়া উঠিলেন ॥১৫॥

এবং তথন পাণ্ডবসেনাৰ বাগুকাবেৰা আনন্দিত হইয়া সমস্ত স্থানে নানাবিধ-চিহ্নযুক্ত সমস্ত বাগু বাজাইতে লাগিল ॥১৬॥

আব অত্যস্তবিদেষী ও গর্বিভ ছঃশাসনকে পরাজিত দেখিয়া মূহ হাস্থ করিতে থাকিয়া অভিমন্তাব কার্য্য দেখিতে থাকিল ॥১৭॥

তাহার পব ধ্বজেব উপবিভাগে ধর্ম, বায়, ইন্দ্র ও অশ্বিনীকুমারছয়েব (১৪) ত্বমাণন্তম্—পি। (১৭) দৃষ্ট্ব শক্তং পরাম্থ্য—পি। (১৯) মংস্তা: পাঞ্চালস্ঞ্জা:—বা, মাৎস্তা: পাঞ্চালস্ঞ্জা:—বি।

লোণ (২১)-৪১

ততোহভবন্মহাযুদ্ধং দ্বনীয়ানাং পরিঃ সহ।
জয়মাকাজ্জমাণানাং শূরাণামনিবর্ত্তিনাম্ ॥২১॥
তথা প্রবর্ত্তমানে বৈ সংগ্রামেহতিভয়স্করে।
দুর্য্যোধনো মহারাজ! রাধেয়মিদমত্রবীৎ ॥২২॥
পশ্য দুংশাদনং বীরমভিমন্যুবশং গতম্।
প্রতপত্তমিবাদিত্যং নিম্নন্তং শাত্রবান্ রণে ॥২৩॥
তথ চৈতে স্থসংরক্ষাঃ সিংহা ইব বলোৎকটাঃ।
দোভদ্রমুদ্যতান্ত্রাভূমভ্যধাবন্ত পাঞ্ডবাঃ ॥২৪॥
ততঃ কর্ণঃ শরৈস্তীক্ষেরভিমন্যুং দুরাসদম্।
ভভ্যবর্ষত সংক্রেদ্ধঃ পুত্রস্থা হিতক্বত্তব ॥২৫॥

তত ইতি। অনিবর্তিনাং বিগৎপাতসভাবনায়ামপীতি ভাব: ॥২১॥
তথেতি। রাধেয়ং রাধায়ান্তদাধ্যায়া অধিরথপত্মাঃ পুত্রং কর্ণম্ ॥২২॥
পখেতি। আদিত্যমিব শাত্রবান্ প্রতপস্তং নিম্নন্তঞ্চেতি সম্বন্ধ: ॥২০॥
অথেতি॥ স্মান্তর্না অতীবোৎসাহিনঃ, বলেন উৎকটা মন্তাঃ ॥২৪॥
তত ইতি। পুত্রশু দুর্য্যোধনশু ॥২৫॥

প্রতিমূর্ত্তি স্থাপনকাবী মহাবথ দ্রোপদীপুত্রগণ, সাত্যকি, চেকিতান, ধৃষ্টগ্রাম, শিখণ্ডী, ধৃষ্টকেত্, কেকয়গণ, মংস্থা, পাঞ্চাল ও স্বঞ্জয়গণ এবং যুধিষ্ঠিরপ্রভৃতি পাণ্ডবেরা আনন্দিত হইয়া দ্রোণসৈশ্য ভেদ কবিবার ইচ্ছা করিয়া সম্বন্ন ধাবির্ত হইলেন ॥১৮—২০॥

রাজা। তদনন্তব বিপক্ষগণের সহিত আপনার পক্ষের জয়াভিলাধী ও অনিবর্ত্তী বীরগণের মহাযুদ্ধ হইতে লাগিল ॥২১॥

মহাবাজ! অভিভয়ঙ্কব যুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, তুর্য্যোধন কর্ণকে এই কথা বলিলেন—॥২২॥

'কর্ণ! দেখ—বীব ছঃশাসন যুদ্ধে সূর্য্যের স্থায় শক্রগণকে সম্ভপ্ত ও নিহত করিতেছিলেন, সেই অবস্থাতেই তিনি অভিমন্মার বশীভূত হইয়াছেন ॥২৩॥

আবার অত্যন্ত উৎসাহী এবং সিংহের স্থায় বলমন্ত এই পাণ্ডবেরাও অভিমন্যুকে বক্ষা করিবাব জন্ম উন্থত হইয়া তোমাদের অভিমূখে ধাবিত হইয়াছে ॥২৪॥

বাজা। তাহাব পর আপনাব পুত্রেব হিতকারী কর্ণ অত্যস্তক্রুদ্ধ হইয়া হুর্দ্ধর্য অভিমন্যুর উপরে তীক্ষ বাণ বর্ষণ কবিতে লাগিলেন ॥২৫॥ তস্থ চাকুচরাংস্তীক্ষৈর্বিব্যাধ পরমেযুভিঃ।
অবজ্ঞাপূর্ববিকং শূরঃ দোভদ্রস্থ রণাজিরে ॥২৬॥
অভিমকুয়স্ত রাধেয়ং ত্রিসপ্তত্যা শিলীমুখৈঃ।
অবিধ্যত্ত্বরিতো রাজন্! দোণং প্রেক্ষর্মহামনাঃ ॥২৭॥
তং তথা নাশকৎ কশ্চিদ্দোণাদ্বারয়িতুং রথী।
আরুজন্তং রথশ্রেষ্ঠান্ বক্রহন্তাত্মজাত্মজম্ ॥২৮॥
ততঃ কর্ণো জযপ্রেক্ষ্র্মানী সর্ব্বধনুষ্মতাম্।
দোভদ্রং শতশোহবিধ্যত্ত্তমান্ত্রাণি দর্শয়ন্ ॥২৯॥
দোহস্তৈরন্ত্রবিদাং জেষ্ঠো রামশিষ্যঃ প্রতাপবান্।
সমরে শক্রত্বর্ধিমভিমকুয়মপীড়য়ৎ ॥৩০॥
স তথা পীড্যমানস্ত রাধেয়েনান্তর্ম্বিভিঃ।
সমরেহমরসঙ্কাশঃ সোভদ্রো ন ব্যসীদত ॥৩১॥

তত্তেতি। অবজ্ঞাপূর্বেকং তুর্বলবোধাৎ, শ্রঃ কর্ণ: ॥২৬॥

ष्पजीजि। শিলীম্থৈর্কাণেঃ প্রেক্স, র্দ্ধার প্রাপ্ত, মিচ্ছুঃ ॥২ १॥

তমিতি। আকর্মন্তং ভঞ্চমৃ। বজ্রহন্ত ইক্রন্তদাত্মধোহর্জ্নন্তদাত্মজমতিমহাশ্ ॥২৮॥

তত ইতি। উত্তমান্তাণি দর্শয়ন্ আবিদুর্বন্ বীরত্বপ্রদর্শনায় ॥২৯॥

স ইতি। স কর্ণ:। রামস্ত জামদগ্রাস্ত শিয়া। ৩০॥

শ ইতি। অমরসঙ্কাশো দেবতুল্যপ্রভাব:। ন ব্যসীদত নাবসন্নোহভবৎ ১০১॥

এবং বীব কর্ণ জীক্ষ্ণ ও উত্তম বাণসমূহদারা সমরাঙ্গনে অবজ্ঞাপূর্ববক অভিমন্মার অমুচরগণকেও বিদ্ধ কবিতে থাকিলেন ॥২৬॥

রাজা ৷ তখন মহামনা অভিমন্যুও দ্রোণেব নিকট যাইবাব ইচ্ছা করিয়া সম্বর ত্রিসপ্ততি বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন ॥২৭॥

বথী অভিমন্যু সেইভাবে বথিশ্রেষ্ঠগণকে পরাভূত করিতে লাগিলে, কোন ব্যক্তিই তাঁহাকে জ্রোণেব নিকটে যাইবাব সমযে বারণ কবিতে পাবিল না ॥২৮॥

তদনন্তর জয়াভিলাষী ও সমস্ত ধনুর্দ্ধবের মধ্যে অভিমানী কর্ণ উত্তম উত্তম অন্ত দেখাইতে থাকিয়া শত শত বার অভিমন্যুকে বিদ্ধ কবিলেন ॥২৯॥

এবং পবশুরামের শিষ্য, অন্ত্রজ্ঞশ্রেষ্ঠ ও প্রভাপশালী বর্ণ যুদ্ধে নানাবিধ অন্ত্রহাবা শত্রুহুর্দ্ধি অভিমন্যুকে পীডন করিতে লাগিলেন ॥৩০॥

দেবতুল্যপ্রভাবশালী অভিমন্যু কর্ণেব অস্ত্রবর্ষণে সেইবপ গীড়িত হইতে থাকিয়াও যুদ্ধে অবসন্ন হইলেন না ॥৩১॥

⁽২৮) আৰুজন্তং রথবাভান্—বা নি। (৩১)…সৌভজো ন ব্যশীর্য্যত—বা নি।

ততঃ শিলাশিতৈন্তীদ্ধৈর্ভলৈরানতপর্বভিঃ।
ছিত্ত্বা ধনৃংযি শূরাণামার্জ্জুনিঃ কর্ণমার্দ্ধরং ॥৩২॥
ধনুম ওলনিমু ক্রৈঃ শরৈরাশীবিষোপনৈঃ।
সচ্ছত্রধ্বজযন্তারং সাশ্বমাশু স্ময়িব ॥৩০॥ (যুগ্মকম্)
কর্ণোহিপি চাম্ম চিক্ষেপ বাণান্ সন্নতপর্ববণঃ।
অসংজ্রান্তশচ তান্ সর্বানগৃহাৎ কাল্ভনাত্মজঃ ॥৩৪॥
ততাে মুহূর্ভাৎ কর্ণম্ম বাণেনৈকেন বীর্যাবান্।
সধ্বজং কাম্মু কং বীরশ্ছিত্ত্বা ভূমো অপাত্মৎ ॥৩৫॥
ততঃ ক্বচ্ছ ুগতং কর্ণং দৃষ্ট্বা কর্ণাদনন্তরঃ।
সোভদ্রমভ্যয়াত্ প্ং দৃচমুগ্ময় কাম্মু কম্ ॥৩৬॥
তত উচ্চু ক্রেশুঃ পার্থান্তেষাঞ্চান্মুচরা জনাঃ।
বাদিত্রাণি চ সংজ্ব্মুঃ সোভদ্রগাপি তুক্টুবুঃ ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্ত্যবধে ছঃশাসনকর্ণপরাজয়ে ষট্তিংশোহধ্যায়ঃ ॥০॥ #

তত ইতি। আর্দায়দপীভরৎ। যন্তা সারথিং। শ্বযন্ ঈষদ্ধসন্ ॥৩২—৩৩॥ কর্ণ ইতি। অসংস্রান্তঃ অবিচলিতচিতঃ। কাল্পনাত্মকোইর্জ্নপুত্রঃ॥৩৪॥ তত ইতি। একেনেতি বীধ্বাবগন্তব্যা। বীরঃ অভিমন্তারেব ॥৩৫॥

তত ইতি। কচ্ছুগতং বিপদাপয়ম্। অনস্তর: পশ্চাজ্জাতঃ কনিষ্ঠল্রাভা ॥৩৬॥

তাহার পব অভিমন্ম শিলাশাণিত, তীক্ষ্ণ ও নতপর্বব ভল্লসমূহবাবা কর্ণ-সহচব বীবগণের ধনুগুলি ছেদন কবিয়া ঈষৎ হাস্ত করতই যেন মণ্ডলীকৃত কাম্মুকনিক্ষিপ্ত সর্পভূল্য বাণসমূহবারা ছত্র, ধ্বজ, সার্থি ও অশ্বগণের সহিত কর্ণকে পীড়ন কবিলেন ॥৩২—৩৩॥

কর্ণও অভিমন্মাব উপবে নতপর্বব বাণ সকল নিক্ষেপ কবিতে লাগিলেন; আবার অভিমন্মাও অবিচলিত চিন্তে সেই বাণ সকল গ্রহণ করিতে থাকি-লেন ॥৩৪॥

ক্রমে বলবান্ ও বীব অভিমন্মা এক এক বাণে কর্ণের ধ্বজ ও ধনু ছেদন করিযা ভূতলে নিপাতিত কবিলেন ॥৩৫॥

তখন কর্ণ বিপদাপন্ন হইয়াছেন দেখিয়া কর্ণেব কনিষ্ঠ ভ্রাভা সত্তর দৃঢ় ধনু উত্তত কবিয়া অভিমন্মার দিকে ধাবিত হইলেন ॥৩৬॥

⁽৩৫)···ভূমাবপাতরং—বা ব নি। (৩৬) ভতঃ ক্বচ্ছং গতং কর্ণন্—পি। * '··· একোনচম্বারিংশোহধ্যায়ঃ' ব, '···চম্বারিংশোহধ্যায়ঃ' বা রা নি।

সপ্তত্তিংশোইধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

সোহভিগর্জন্ ধনুষ্পাণির্জ্যাং বিকর্ষন্ পুনঃ পুনঃ।
তয়োর্মহাত্মনান্ত ব্বং রথান্তরমবাপত ॥ ১॥
সোহবিধ্যদ্দশভির্বাণৈরভিমন্ত্যুং তুরাসদৃদ্।
সচ্ছত্র ধ্বজ্বতারং সাশ্বমাশু স্বয়নিব ॥ ২॥
পিতৃপৈতামহং কর্ম কুর্ববাণমতিমানুষদ্।
দৃষ্ট্রাদ্দিতং শবৈঃ কার্ষিং ছদীয়া হৃষিতাভবন্॥ ৩॥

তত ইতি। উচ্চ্ ক্রুশু: উচ্চৈরাননকোলাহলং চক্রু:, পার্থা: পাওবা: ১০৭।
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসনিকাতবার্গ্য-শভ্রীচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকারাং ভারতকোম্দীসনাধ্যায়াং জোণপ্রকৃতি
অভিমন্তাব্যে ষ্ট্রিংশোহধ্যায়: ১০॥

न ইতি। তয়ো: কর্ণাভিময়ো:। রথয়োরস্করং মধ্যন্, অবাপতদগচ্ছং ।)। ন ইতি। ছত্ত্বে ধ্বজেন যন্ত্রা সারখিনা চ নহ তন্। স্মন্ ইযক্ষন্ । থে পিত্রিতি। কর্ম যুদ্ধন্। কার্ফিমভিমস্থান্। হ্বিতাভব্মিতি সফিরার্থ: ১০.

সেই সমযে পাশুবগণ ও তাঁহাদেব অনুচবগণ উচ্চস্থরে আনন্ধবোলাইল করিয়া উঠিলেন, বাছাকারেরা বাছা বাজাইতে লাগিল এবং অহা সবলে অভিনন্ত্য প্রশংসা কবিতে থাকিল" ॥৩৭॥

সঞ্জয় বলিলেন—"কর্ণের সেই জাতা ধনু ধারণ করিয়। বার বাদ গানি ও ধনুব গুণ আকর্ষণ করতঃ বর্ণ ও অভিমন্তার রথহুয়ের মধ্যমানে যাইয়ে উপ্লিত্ত ইইলেন ॥১॥

তৎপরে তিনি ঈষ্ৎ হাস্ত কবতই যেন দৃশটা বংগ্রেরে চত্র, ২০০, সংগতি প অখ্যাণের সহিত দুর্জর্ব অভিস্থাকে সহর বিদ্ধ বরিহেন :২

পিতা যে কার্যা ববিতেছেন এবং পিতামস্প্রভৃতি যে করা কৰিব পিতামান, শেই অলৌবিক কার্যা ববিতে প্রবৃত্ত অভিমন্তাবে শ্বর্গতিত কেতি বিশেষ গ্রামান করিব কার্যা ববিতে প্রবৃত্ত অভিমন্তাবে শ্বর্গতিত কেতি বিশ্বনার বিশ্বনার

⁽३) स्मिर्डार,यस्मुलिः स्ट्रिश्यस्य । १५—दि ।

তস্থাভিমনুররায়য়য় শ্বয়য়েকেন পত্রিণা।
শিরঃ প্রচ্যাবয়ায়াস তদ্রথাৎ প্রাপতভূবি ॥৪॥
কর্ণিকারমিবাধৃতং বাতেন পতিতং নগাৎ।
ভাতরং নিহতং দৃষ্ট্ব। রাজন্। কর্ণো ব্যথাং যথো ॥৫॥
বিমুখীকৃত্য কর্ণস্ত সোভদ্রঃ কঙ্কপত্রিভিঃ।
ত্যস্তানপি মহেম্বাসাংস্তর্গমেবাভিত্নজ্জবে ॥৬॥
ততন্তদ্বিততং সৈন্তং হস্ত্যশ্বরথপত্তিমৎ।
ভূদ্দোহভিমনুরভিনতিগ্যতেজা মহারথঃ॥৭॥
কর্ণস্ত বহুভির্ববাণেরদ্ধ্যমানোহভিমনুরনা।
ত্যপায়াজ্জবনৈরশ্বৈস্ততোহনীকমভজ্যত ॥৮॥
শলভৈরিব চাকাশে ধারাভিরিব চারতে।
ত্তিমন্যোঃ শরৈ রাজন্! ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৯॥

তত্তেতি। আয়ম্য ধ্রুরাক্কয়। প্রচ্যাবয়ামাস দেহাৎ পৃথক্ চকার ॥৪॥
কণীতি। কণিকারং বৃক্ষম্, আধৃতং কম্পিতম্। নগাৎ পর্বতাৎ ॥৫॥
বিম্থীতি॥ কম্পত্রিভির্বাণেঃ। অভিত্তুত্বে অভিদধাব ॥৬॥
তত ইতি। বিততং বিস্তৃতম্। পত্তিঃ পদাতিঃ ॥৭॥
কর্ণ ইতি। অপায়াৎ সমরাজনাদপাসরৎ, জবনৈর্বেগবস্তিঃ। অনীকং সৈক্সম্ ॥৮॥

ক্রমে অভিমন্যু ঈষৎ হাস্ত করতঃ ধনু আকর্ষণ করিয়া একটা বাণদ্বারা কর্ণেব ভাতার মস্তক ছেদন করিলেন ; তখন তাহা ভূতলে পতিত হইল ॥৪॥

রাজা। বাযুসঞ্চালিত কর্ণিকাববৃক্ষ যেমন পর্বত হইতে পতিত হয়, সেইরূপ ভ্রাতা নিহত ও রথ হইতে পতিত হইয়াছেন দেখিয়া কর্ণ দারুণ ব্যথিত হইলেন ॥৫॥

অভিমন্যু বাণদ্বারা ক্রেমে কর্ণকেও পবাদ্মুখ করিয়া অন্যান্য মহাধনুর্দ্ধরগণেব দিকে সত্তর ধাবিত হইলেন ॥৬॥

তাহার পর মহাতেজা ও মহারথ অভিমন্যু ক্রেদ্ধ হইয়া হস্তী, অশ্ব, বথ ও পদাতিযুক্ত সেই বিস্তৃত কৌরবসৈশ্যকে ছিন্নভিন্ন করিয়া ভূলিলেন ॥৭॥

অভিমন্য বহুতব বাণদ্বারা পীড়ন কবিতে লাগিলে, কর্ণ বেগবান্ অশ্বগণের গুণে সত্ত্ব সমবাঙ্গন হইতে অপস্থত হইলেন। তাহাব পর কৌরবগৈন্য বিচ্ছিন্ন হইতে লাগিল ॥৮॥

⁽৫)···বাতেনাপতিতং নগাৎ—বা ব নি। (৮)···ততোহনীকমভিন্নত—পি,···ততোহ-নীকমভিদ্রবৎ—নি। (৯) শলতৈরিব চাকাশং ধারাভিরিব পর্বতঃ।···শরৈশ্হরম্—নি।

তাবকানান্ত যোধানাং বধ্যতাং নিশিতৈঃ শরৈঃ।

অম্যত্র সৈশ্ববাদ্রাজন্! ন শ্ব কশ্চিদতিষ্ঠত ॥১০॥

সৌভদ্রস্ত ততং শব্ধং প্রধ্যাপ্য পুরুষর্বভঃ।

শীঘ্রমভ্যপতৎ সেনাং ভারতীং ভরতর্বভ! ॥১১॥

স কক্ষেহগ্রিরিবোৎস্টো নির্দ্দহংস্তরসা রিপূন্।

মধ্যে ভারতসৈন্তানামার্চ্জ্নিঃ পর্য্যবর্ত্তত ॥১২॥

রথনাগাশ্বমমুজানর্দ্রয়ন্ নিশিতৈঃ শরৈঃ।

স প্রবিশ্যাকরোন্ত মিং কবন্ধগণসঙ্কুলাম্ ॥১৩॥

সৌভদ্রচাপপ্রভবৈনিক্বতাঃ পরমেষ্টিঃ।

স্বানেবাভিমুখান্ দ্বস্তঃ প্রাদ্রবন্ জীবিতার্থিনঃ ॥১৪॥

শনতৈরিতি। শনতে: পতকৈ:, ধাবাভির্মেঘর্ষিপ্রবি: ॥৯॥
ভাবকানামিতি। বধ্যতাং বধ্যমানানান্। অক্সত্র অক্স:, সৈন্ধবাজ্জ্যক্রথাং ॥১ •॥
সৌজ্জ ইতি। প্রশ্নাপ্য বাদযিত্বা। ভারতীং কৌরবীন্ ॥১১॥
স ইতি। কক্ষে তৃণরাশোঁ, উৎস্পৃত্তঃ অপিতঃ, তর্মা বেগেন ॥১২॥
রথেতি। নাগা হন্তিনঃ। সং অভিমন্ত্যঃ। কবন্ধঃ শিরঃশৃতদেহঃ ॥১৩॥
সৌভরেতি। সৌভরচাপপ্রভবৈরভিমন্ত্যকামু কনিগতৈঃ, নিক্তাশ্হিয়াঃ ॥১৪॥

বাজা। পতঙ্গ ও জলধাবার গ্যায অভিমন্মাব বাণে আকাশ আহৃত হইলে কিছুই দেখা গেল না ॥১॥

রাজা। আপনাব পক্ষেব যোদ্ধাবা অভিমন্মার ভীক্ষবাণে নিহত হইতে থাকিলে, এক জযদ্রথভিন্ন অপব কেহই রণস্থলে রহিল না ॥১০॥

ভরতশ্রেষ্ঠ ! তাহাব পব পুরুষশ্রেষ্ঠ অভিমন্ম শঙ্খধনি কবিয়া সত্ত্ব কৌরব-সৈন্মেব উপরে আপতিত হইলেন ॥১১॥

তৃণরাশিতে প্রদন্ত অগ্নির স্থায অভিমন্ম বেগে শক্রগণকে দগ্ধ বরিতে থাকিয়া কৌববসৈম্মধ্যে অবস্থান কবিতে লাগিলেন ॥১২॥

জ্রুমে তিনি তাহাতে প্রবেশ কবিষা নিশিত শরসমূহদাবা হস্তী, অশ্ব, বথী ও পদাতিদিগকে পীডন করিতে থাকিষা সমবভূমিকে কবন্ধগণে ব্যাপ্ত করিষা ফেলিলেন ॥১৩॥

অভিমন্তাব কাম্মুকনির্গত উত্তম বাণসমূহ যাইযা ছেদন কবিতে লাগিলে, বিপক্ষেবা আপন পক্ষেব লোকদিগকেই আঘাত কবতঃ জীবনবক্ষার্থী হইযা পলায়ন করিতে লাগিল ॥১৪॥

⁽১১) --- श्रिषाय-नि ।

তে ঘোরা রোদ্রকর্মাণো বিপাঠা বহবং শিতাঃ।
নিম্নতো রথনাগাশ্বান্ জগ্মুরাশু বহুন্ধরাম্॥১৫॥
সায়ুধাঃ সাঙ্গুলিত্রাণাঃ সগদাঃ সাঙ্গদা রণে।
দৃশ্যত্তে বাহবশ্ছিন্না হেমাভরণভূষিতাঃ ॥১৬॥
শরাশ্চাপানি খড়গাশ্চ শরীরাণি শিরাংসি চ।
সকুগুলানি অথীণি ভূমাবাসন্ সহক্রশঃ ॥১৭॥
সোপস্করৈরধিষ্ঠানৈরীশাদণ্ডকবন্ধুরৈঃ।
অক্রৈরিধিষ্ঠানেরীশাদণ্ডকবন্ধুরৈঃ।
অক্রৈরিধিষ্ঠানেরীশাদণ্ডকবন্ধুরৈঃ।
শক্তিচাপাসিভিশ্চেব পতিতৈশ্চ মহাধ্বজৈঃ।
চর্মাচাপশরৈশ্চেব ব্যবকীর্ণাঃ সমন্ততঃ ॥১৯॥
নিহতেঃ ক্ষত্রিয়েরশ্বৈর্বারণেশ্চ বিশাংপতে!।
অগম্যরূপা পৃথিবী ক্রণেনাসীৎ স্থদারুণা ॥২০॥ (বিশেষকম্)

ভ ইতি। বিপাঠা বাণবিশেষা:। জগা; প্রবিবিশু:, বস্তর্নাং রণভূমিম্ ॥১৫॥
সায়্ধা ইতি। অসুলিত্রাণৈশ্রমনির্দ্ধিতৈরসূলিত্র: সহেতি তে ॥১৬॥
শরা ইতি। অজা মালা এষাং সস্তীতি অধীনি। মত্বামা বিণ্ ॥১৭॥
সোপেতি। উপস্করাদীনি রথাদানি প্রাগ্ বিবৃতানি। সন্তণনিশু ণভেদাচ্চাণশু দিকজি:।
ব্যবকীর্ণবিশিপ্তি:। বারণেইস্কিভি:। অগম্যবুপা ব্যাপ্তত্বাৎ, পৃথিবী সমরভূমি:॥১৮—২০॥

অভিমন্থানিক্ষিপ্ত ভয়স্কবমূর্ত্তি ও ভয়স্কবকার্য্যকাবী বহুতব স্থধাব বিপাঠ (বাণবিশেষ) হস্তী, অশ্ব ও বথ বিনাশ কবতঃ সত্বর সমবভূমিতে প্রবেশ কবিতে লাগিল ॥১৫॥

ষদ্ৰ, অঙ্গুলিত্ৰ, গদা ও অঙ্গদযুক্ত এবং অন্যান্য স্বৰ্ণালঙ্কাবে অলঙ্কুত ছিন্ন বাহু সকল দেখা যাইতে থাকিল ॥১৬॥

সহস্র বাণ, ধনু, তরবাবি, শবীব এবং কুগুল ও মালাযুক্ত মন্তক ভূতলে পতিত হইতে লাগিল ॥১৭॥

নবনাথ! নিপতিত উপকরণ, আধাবকান্ঠ, স্তস্তদণ্ড, ভগ্ন চক্রের কান্ঠ, চক্রে, বহুতর তির্ঘ্যক্ দারু (তেবচা কাঠ), শক্তি, গুণযুক্ত ধনু, তরবারি, বিশাল, ধবদ্ধ, ইতস্ততঃ বিক্ষিপ্ত চর্ম্ম (ঢাল), গুণশূল্য ধনু ও বাণ এবং নিহত ক্ষত্রিয়, অশ্ব ও হস্তিঘাবা সমবভূমি ক্ষণকালমধ্যে অগম্য ও অতিভয়ঙ্কব হইযা পড়িল ॥১৮—২০॥

⁽२०) -- অগম্যকল্লা পৃথিবী--পি।

বধ্যতাং রাজপুত্রাণাং ক্রন্দতামিতরেতরম্ প্রান্তরাসীন্মহাশন্দো ভীরূণাং ভয়বর্দ্ধনঃ ॥২১॥ স শব্দো ভরতশ্রেষ্ঠ ! দিশঃ সর্ববা ব্যনাদয়ৎ । সোভদ্রশ্চাদ্রবৎ সেনাং দ্বন্ নরাশ্বরথিদ্বপান্ ॥২২॥ কক্ষমগ্রিরিবোৎস্ফৌ নির্দ্দহংস্তরসা রিপূন্ । মধ্যে ভারতসৈন্থানামার্চ্জনিঃ প্রত্যদৃশ্যত ॥২৩॥ বিচরস্তং দিশঃ সর্ববাঃ প্রদিশশ্চাপি ভারত !। তং তদা নামুপশ্রামঃ সৈন্থেন রজসার্তম্ ॥২৪॥ আদদানং গজাশ্বানাং নৃণাঞ্চায়ুংষি ভারত !। ক্রন্দেন ভুয়ঃ পশ্রামঃ সূর্য্যং মধ্যন্দিনে যথা। অভিমন্ত্যং মহারাজ ! প্রতপন্তং দ্বিষদ্গণান্ ॥২৫॥

বধ্যতামিতি। বধ্যতাম্ অভিমন্থানা বধ্যমানানাম্, ক্রন্দতামাহবরতাম্ ॥২১॥ স ইতি। অক্রবৎ অভ্যধাবৎ, সেনাং কৌরবীযাম্, দ্বন্ বিনাশন্তন্ ॥২২॥ কক্ষমিতি। কক্ষম তৃণরাশিম্॥ তরসা বেগেন। আর্জুনিরভিমন্থাঃ ॥২০॥ বিচরস্কমিতি। প্রদিশো বিদিশঃ। সৈঞ্জেন সৈজোত্যোলিতেন ॥২৪॥

বধ্যমান রাজপুত্রগণ পরস্পর আহ্বান করিতে থাকিলে, ভীকজনেব ভয়বর্দ্ধক মহাশক হইতে থাকিল ॥২১॥

ভরতশ্রেষ্ঠ। সেই শব্দ সমস্ত দিক্ নিনাদিত কবিল এবং অভিমন্যুও পদাতি, অখ, রথ ও হস্তিগণকে বিনাশ করিতে কবিতে বিপক্ষসৈত্যেব দিকে ধাবিত হইলেন ॥২২॥

প্রদত্ত অগ্নি যেমন তৃণবাশি দগ্ধ কবে, সেইকণ অভিমন্ম বেগে শক্তগণকে দগ্ধ কবিতে লাগিলেন; সেই অবস্থায় তাঁহাকে কোববলৈয়মধ্যে দেখা গেল ॥২৩॥

ভরতনন্দন ৷ অভিমন্যু তখন সমস্ত দিক্ ও বিদিক্ বিচবণ করিতেছিলেন ; তথাপি সৈম্মগণের ধূলিজালে আর্ত থাকায় তাঁহাকে আমরা দেখিতেছিলাম না ॥২৪॥

ভরতনন্দন মহারাজ! ক্ষণকালমধ্যে আবার আমবা দেখিলাম—অভিমন্য হস্তী, অশ্ব ও মনুয়াগণেব আয়ু হবণ কবিতেছেন এবং মধ্যাহ্নকালেব সূর্য্যের স্থায় শক্রগণকে সম্ভপ্ত করিতেছেন ॥২৫॥

⁽२२)···वत्रायतथियान्—नि। (२४)···देनत्त्र ह ब्रह्मा वृष्ठ—नि।
प्याप (२১)-४२

স বাসবসমঃ সংখ্যে বাসবস্থাত্মজাত্মজঃ।
অভিমন্মূর্মহারাজ! সৈন্তমধ্যে ব্যরোচত ॥২৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বাণি
অভিমন্মূর্বধে অভিমন্মুপরাক্রমে সপ্তব্রিংশোহধ্যায়ঃ ॥০॥ *

অফত্রিংশো্২খ্যায়ঃ।

一3条3----

ধৃতরাষ্ট্র উবাচ।

বালমত্যন্তস্থানং স্ববাহুবলদর্পিতম্।

যুদ্ধে স্থকুশলং বীরং কুলপুত্রং তন্তুত্যজম্ ॥১॥
গাহমানমনীকানি সদধ্যৈশ্চ ত্রিহায়নৈঃ।

অপি যৌধিষ্ঠিরাৎ সৈন্তাৎ কশ্চিদন্থপতদ্বলী ॥২॥ (যুগ্মকম্)

আদদানমিতি। আদদানং সংহরম্ভমিতার্থ:। বট্পাদোহয়ং শ্লোক: ॥২৫॥
স ইতি। বাসবসম ইন্দ্রত্ব্যঃ, বাসবস্থ ইন্দ্রস্থ আত্মজোহর্জ্নন্তদাত্মজ: ॥২৬॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভ্যণ-শ্রীহরিদাসদিদান্তবাদীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটাকায়াং ভারতকৌমূদীসমাধ্যায়াং ক্রোণপর্বাণী
অভিমন্তাব্বে সপ্তত্তিংশোহধ্যামঃ ॥৩॥

বালমিতি। কুলপুত্রং দদংশব্দাতম্, তহুত্যবং দেহত্যাগায়োগতম্। অপি: প্রশ্নে ॥১—২॥

মহাবাজ। ক্রমে ইন্দ্রের পুত্রেব পুত্র অভিমন্যু রণস্থলে বিপক্ষসৈত্যের মধ্যে ইন্দ্রের স্থায় শোভা পাইতে লাগিলেন"॥২৬॥

____o %o____

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! বালক, অত্যন্তস্থনী, আপন বাহুবলে দর্পিত, যুদ্ধে বিশেষনিপুণ, বীর, সদ্বংশজাত ও দেহত্যাগে উন্নত অভিমন্মা যখন ত্রিবর্ধ-বয়স্ক উত্তম অশ্বগণের গুণে কোববসৈন্ত আলোড়ন কবিতেছিল, তখন যুধিষ্ঠিবের সৈত্যমধ্য হইতে কোন বলবান্ বোদ্ধা তাহাব অনুসরণ করিয়াছিলেন কি ?" ॥>—-২॥

^{* &#}x27;... ठणातिःरमशिषात्रः' व, '... এक ठणातिःरमशिषायः' वा त्रा नि । (১)... यूष्कव् कृतवम्-- शि वा,... यूष्कचकूतवम्-- नि ।

সঞ্জয় উবাচ।

যুধিছিরো ভীমসেনঃ শিখণ্ডী সাত্যকির্যমো।
ধৃষ্টপুরের বিরাটশ্চ ক্রুপদশ্চ সকেকয়ঃ ॥৩॥
ধৃষ্টকেতুশ্চ সংরক্ষো মৎস্থাশ্চাম্বপতন্ রণে।
তেনৈব তু পথা যান্তঃ পিতরো মাতুলৈঃ সহ ॥৪॥
অভ্যন্তবন্ পরীক্ষন্তো ব্যূঢ়ানীকাঃ প্রহারিণঃ।
তান্ দৃষ্টা দ্রবতঃ শ্রাংস্কদীয়া বিমুখাভবন্ ॥৫॥ (বিশেষকম্)
ততন্তবিমুখং দৃষ্ট্বা তব সূনোর্মাহদ্দলম্।
জামাতা তব তেজস্বী তিস্তম্ভয়িষুরাদ্রবৎ ॥৬॥
সৈদ্ধবন্দ্র মহারাজ। পুত্রো রাজা জয়দ্রথঃ।
স পুত্রগৃদ্ধিনঃ পার্থান্ সহসৈন্থানবারয়ৎ ॥৭॥

যুধীতি। ধর্মো নকুলসহদেবৌ। সংরক্ষ উৎসাহী। তেনৈব অভিমন্তানা কুতেনৈব।
পিতরো যুধিটিরাদয়ঃ মাতুলৈঃ শিখণ্ডিপ্রভৃতিভিঃ। অভ্যন্তবন্ অভ্যধাবন্, পরীপ্রস্তঃ অভিমহ্য প্রাপ্ত,মিচ্ছন্তঃ, ব্যুঢ়ানীকাঃ সজ্জীকৃতসৈন্তাঃ। বিস্থাভবিন্নতি বিসর্গলোপেহপি
সন্ধিরাবঃ ১০—৫॥

তত ইতি। জামাতা জয়দ্রথ:। তিস্তভয়িষ্: গুভরিতৃং বারবিত্মিচ্ছ: ॥৬॥ সৈমবত্যেতি। সিমুরাজ্য বৃদ্ধক্ষত্রতা। পুত্রগৃদ্ধিন: পুত্রবৎসলান্॥१॥

সঞ্জয বলিলেন—"মহাবাজ। যুথিন্তিব, ভীম, নকুল, সহদেব, শিখণ্ডী, সাভাকি, খুইছাল্ল, বিবাট, জ্রুপদ, কেক্যগণ, উৎসাহী খুইুকেতু এবং মৎস্থদেশীয় অভ্যান্ত যোদ্ধারা অভিমন্তাব অনুসবণ কবিয়াছিলেন। শিখণ্ডিপ্রভৃতি মাতৃলগণের সহিত যুথিন্তিবাদি পিতৃগণ ও অন্তান্ত যোদ্ধাবা অভিমন্তাব নিকটে যাইবার ইচ্ছায় সৈত্ত সন্জিত করিয়া প্রহাবার্থী হইয়া অভিমন্তাকৃত পথেই যাইতে থাকিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন। সেই বীরগণকে ক্রুত আসিতে দেখিয়া আপনাব পক্ষেব যোদ্ধারা বিমুখ হইলেন॥৩—৫॥

তখন আপনার পুত্রের বিশাল সৈন্যকে বিমুখ দেখিয়া আপনার তেজস্বী জামাতা জয়দ্রথ তাঁহাদিগকে বারণ কবিবাব ইচ্ছায় ধাবিত হইলেন ॥৬॥

মহারাজ! সিন্ধুবাজেব পুত্র বাজা জয়দ্রথ ক্রমে সৈন্মগণেব সহিত পুত্রবংসল পাণ্ডবগণকে বারণ কবিতে লাগিলেন ॥৭॥

⁽৪) মাৎস্তাশ্চান্থপতন্ রণে—নি, মংস্তাশ্চাভাগতন্ রণে—বা ব। (৬) ছত্তে বিম্থম্—পি,···সংস্তম্ভয়িষ্বাদ্রবৎ—বা নি,···বিষ্টম্ভযিষ্বাদ্রবৎ—ব।

উগ্রধন্ব। মহেম্বাসো দিব্যমন্ত্রমুদীরয়ন্। বার্দ্ধক্ষত্রিরুপাসেধৎ প্রবণাদিব কুঞ্জরঃ ॥৮॥ ধৃতরাষ্ট্র উবাচ।

অতিভারমহং মত্যে সৈশ্ববে সঞ্জয়াহিতম্।

যদেকঃ পাণ্ডবান্ ক্রুদ্ধান্ পুত্রপ্রেক্ষ্ নবারয়ৎ ॥৯॥

অত্যন্তুতমহং মত্যে বলং শোর্যাঞ্চ সৈন্ধবে।

তত্য প্রক্রহি মে বীর্যাং কর্ম চাগ্রাং মহাত্মনঃ ॥১০॥

কিং জপ্তং হুতমিন্টং বা কিং হুতপ্রমথো তপঃ।

সিন্ধুরাজেন যেনৈকঃ ক্রুদ্ধান্ পার্থানবারয়ৎ ॥১১॥

সঞ্জয় উবাচ।

দ্রোপদীহরণে যত্তশুমদেনেন নির্জিতঃ। যানাৎ দ তপ্তবান্ রাজা বরার্থী স্থমহত্তপঃ ॥১২॥

উত্তোতি। বার্দ্ধক্ষত্রি: বৃদ্ধক্ষত্রপূত্রো জয়ত্রথ:, উপাদেধৎ পাগুবাদীন্ অবার্যৎ, প্রবণাৎ ক্রমনিয়দেশাৎ, "প্রবণং ক্রমনিয়োর্ব্যাং প্রহের না তু চতুস্পথে" ইত্যমর: ॥৮॥

অতীতি। সৈন্ধবে জয়ন্তথে, আহিতং সেনাপতিনা হুর্য্যোধনেন বা স্থাপিতস্ ॥১॥

অতীতি। বলং শক্তিন্, শৌর্যান্ৎসাহন্। বীর্যাং শিক্ষাদাক্ষ্যন্, অগ্রাং প্রধানম্ ॥> •॥

কিমিডি। ইষ্টা যজ্ঞা কড়া, স্বতপ্তা সুষ্ঠু কুত্য। যেন হেতুনা ।১১॥

त्कोननीषि । षश्चनान् कृष्नान्, त्रांका क्यस्यः ॥>२॥

হস্তী যেমন ক্রমনিম্নস্থান হইতে শক্রকে নিবারণ করে, সেইরূপ ভীষণধন্বা ও মহাধনুদ্ধির জয়ন্ত্রথ অলৌকিক অন্ত্র সকল নিক্ষেপ করিতে থাকিয়া পাশুবপক্ষকে নিবারণ করিতে লাগিলেন" ॥৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয। আমি মনে করি—জযদ্রথেব উপরে গুরুতব ভার গুস্ত করা হইরাছিল। যে হেডু তিনি একাকী—পুত্রের নিকট গমনার্থী ও ক্রুদ্ধ পাগুবপক্ষকে বারণ করিতেছিলেন॥৯॥

আমি আবও মনে করি—জয়দ্রথের শক্তি ও উৎসাহ অত্যস্ত অভূতই বটে। সে যাহা হউক, সেই মহাত্মার শক্তি ও প্রধান কার্য্যগুলি তুমি আমার নিকট বল ॥>০॥

জয়ত্রথ কি জপ, কি হোম, কি যজ্ঞ, অথবা কোন্ ভপস্থা কবিযাছিলেন, যাহার বলে ভিনি একাকী ক্রেদ্ধ পাণ্ডবগণকে বারণ করিতে লাগিলেন" ॥১১॥

সঞ্জয় বলিলেন—"দ্রোপদীহরণের সমযে ভীম সেই যে জয়দ্রথকে জয় (৮)···বাৰ্দ্ধক্ষেত্রি:—পি ব। (১১)···কিং দত্তং হতমিষ্টং বা স্থতপ্তমথবা তপ:—পি ব। ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যঃ প্রিয়েভ্যঃ সন্নিবর্ত্ত্য সঃ।
স্কুৎপিপাসাতপসহঃ কুশো ধমনিসন্তত্তঃ ॥১৩॥
দেবমারাধ্য়ৎ সর্ব্যং গৃণন্ ব্রহ্ম সনাতনম্।
ভক্তাসুকম্পা ভগবাংস্তস্ত চক্রে ততাে দ্যাম্ ॥১৪॥ (যুগ্মকম্)
স্বপ্লান্তেৎপ্যথ চৈবাহ হরঃ সিন্ধুপতেঃ স্কৃত্য্ ।
বরং রণীম্ব প্রীতােহন্মি জয়দ্রথ! কিমিচ্ছসি ॥১৫॥
এবমুক্তস্ত সর্বেণ সিন্ধুরাজাে জযদ্রথঃ।
উবাচ প্রণতাে ক্রদ্রং প্রাপ্তালিনিয়তাত্মবান্ ॥১৬॥
পাণ্ডবেয়ানহং সংখ্যে ভীমবীর্য্যপরাক্রমান্ ।
বারয়েয়ং রথেনকঃ সমস্তানিতি ভারত ! ॥১৭॥
এবমুক্তস্ত দেবেশাে জয়দ্রথম্পাব্রবীৎ।
দদানি তে বরং সোম্য ! বিনা পার্থং ধনঞ্জয়ম্ ॥১৮॥

ইন্দ্রিরাণীতি। ইন্দ্রিরার্থেভ্য: শব্দাদিবিষয়েভ্য:। ধ্যনিভির্নাডীভি: সম্ভতো ব্যাপ্তদেহ:।
সর্বাং শিবদ্, গৃণন্ স্থবন্, ব্রহ্ম পর্মাত্মস্বরূপন্, সনাতনং নিত্যন্। ভগবান্ দিব: ॥১৩—১৪॥
স্বপ্লেতি। স্বপ্লত্ত অস্তে মধ্যে, হর: স শিব:। স্থতং জয়দ্রুপন্ ॥১৫॥
এবমিতি। সর্বোণ শিবেন। নিয়তাত্মবান্ সংযতচিত্ত: ॥১৬॥
পাগুবেয়ানিতি। সংখ্যে যুদ্ধে। ইতি বরং প্রার্থিয ইতি শেব: ॥১৭॥

করিযাছিলেন, সেই অভিমানে জযদ্রথ ববপ্রার্থী হইযা গুরুতব তপস্থা করিয়া-ছিলেন ॥১২॥

তিনি প্রিয় শব্দপ্রভৃতি বিষয় হইতে ইন্দ্রিয়গুলিকে নির্ত্ত বাখিয়া ক্ষুধা, পিপাসা ও আতপ সহ্য কবায় কুশ ও নাড়ীব্যাপ্তদেহ হইয়া সর্ববদা সনাতন অক্ষরূপে স্তব করিতে থাকিয়া মহাদেবেব আরাধনা কবিয়াছিলেন। তাহাতে ভক্তানুকম্পী ভগবান্ মহাদেব তাঁহাব উপবে দয়া করিয়াছিলেন ॥১৩—১৪॥

একদিন মহাদেব আসিয়া স্বপ্নেব মধ্যে জযত্রথকে বলিয়াছিলেন—'জযত্রথ! আমি সম্ভট্ট হইয়াছি, বব গ্রহণ কব, ভূমি কি ইচ্ছা কব—(বল)' ॥১৫॥

মহাদেব এইবাপ বলিলে, সিন্ধুবাজ জয়ন্ত্রথ অবনত, কৃতাঞ্চলি ও সংযতচিত্ত হইয়া মহাদেবকে বলিলেন—॥১৬॥

(অর্থাৎ) ভরতনন্দন! তিনি এই বর প্রার্থনা কবিলেন যে, 'আমি রথে আবোহণ কবিয়া একাকী যুদ্ধে ভযঙ্কবশক্তি-বিক্রমশালী সমস্ত পাশুবকে যেন বাবণ কবিতে পারি'॥১৭॥

বারয়িয়াসি সংগ্রামে চতুরঃ পাণ্ডুনন্দনান্। এবমস্থিতি দেবেশমুক্ত্বাবুধ্যত পার্থিবঃ ॥১৯॥ (যুগ্মকম্) স তেন বরদানেন দিব্যেনাস্ত্রবলেন চ। একঃ সংবারয়ামাস পাগুবানামনীকিনীয় ॥২০॥ তস্থ জ্যাতলঘোষেণ ক্ষত্রিয়ান্ ভয়মাবিশৎ। পরাংস্তু তব দৈন্যস্ত হর্ষঃ পরমকোহভবৎ ॥২১॥ দৃষ্ট্বা তু ক্ষত্রিয়া ভারং সৈন্ধবে সর্ববিমাহিতম্। উৎক্রেশ্যাভ্যদ্রবন্ রাজন্! যেন যৌধিষ্ঠিরং বলম্ ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ববণি অভিমন্ত্যুবধে জয়দ্রথপরাদ্রুমে অইত্রিংশোহধ্যায়ঃ॥।॥ #

এবমিতি। হে সৌমা। ভজ্ঞা স্থলরসভাব।। চতুর: চতু:সংখ্যকান্। অবুধ্যত নিক্রাতো জাগরিতবান্, পার্থিবো জয়দ্রথ: ॥১৮—১৯॥

স ইতি। স বয়দ্রথা। সংবারস্থামাস অভিমন্তাযুদ্ধকালে ॥২০॥ তত্তেতি। জ্যা ধহপুর্ত ণ: তলং হস্তাবাপশ্চ তযোর্ঘোষেণ। পরান্ বিপক্ষান্ ॥২১॥ দৃষ্টে,তি। ক্ষত্রিরা: কৌরবীয়াঃ, সৈন্ধবে জয়দ্রথে। উৎজুশু উচ্চৈরাহুর ॥২২॥ ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিভায়াং মহাভারভটীকা্যাং ভারতকোমূদীসমাধ্যায়াং দ্রোণপর্বাণ অভিমন্তাবধে অষ্টব্রিংশো২ধ্যায়: ॥•॥

জয়দ্রথ এইবাপ বলিলে, মহাদেব তাঁহাকে বলিলেন—'সৌম্য! আমি তোমাকে বর দিতেছি—তুমি যুদ্ধে পৃথানন্দন অর্জ্জুন ব্যতীত অপব চাবি জন পাণ্ডবকেই বারণ কবিতে পারিবে'। 'এইরূপই হউক' এই কথা মহাদেবকে বলিয়া জয়ত্রথ নিদ্রা হইতে জাগবিত হইলেন ॥১৮—১৯॥

জয়দ্রথ মহাদেবেব সেই বরেব প্রভাবে এবং অলোকিক অস্ত্রের বলে একাকীই সে দিন পাগুৰসৈশ্য বারণ করিতে পাবিয়াছিলেন ॥২০॥

মহারাজ! স্থতরাং জয়ত্রথের ধনুষ্টস্কাবে ও তলশব্দে বিপক্ষ সৈভাগণের ভয় উপস্থিত হইল এবং আপনাৰ সৈত্যগণেৰ অত্যস্ত আনন্দ জন্মিল ॥২১॥

রাজা! আপনার পক্ষেব ক্ষত্রিযেরা জয়দ্রথেব উপরে সমস্ত ভার অপিত হইযাছে দেখিয়া উচ্চন্ববে আহ্বান কবিয়া—যে দিকে যুধিষ্ঠিরেব সৈশ্য ছিল, সেই দিকে ধাবিত হইলেন" ॥২২॥

 ^{&#}x27;…वक्ठचातिःरमाश्यागः' व, '…िष्ठचातिःरमाश्यागः' वा ता नि ।

উনচত্বারিংশো২ধ্যায়ঃ।

----°*°

সঞ্জয় উবাচ।

যন্নাং পৃচ্ছদি রাজেন্দ্র! দিন্ধুরাজস্থ বিক্রমন্।
শৃণু তৎ দর্বমাখ্যাস্থে যথা পাণ্ডুনযোধয়ৎ ॥১॥
তমুহুঃ দারথের্বশুণঃ দৈন্ধবাঃ দাধুবাহিনঃ।
বিকুর্বাণা রহন্তোহশ্বাঃ শ্বদনোপমরংহসঃ ॥২॥
গন্ধর্বনগরাকারং বিধিবৎ কল্লিতং রথম্।
তস্থাভ্যশোভয়ৎ কেতুর্বারাহো রাজতো মহান্ ॥৩॥
শেতচ্ছত্রপতাকাভিশ্চামরব্যজনেন চ।
দ বভৌ রাজলিকৈস্তৈস্তারাপতিরিবাম্বরে ॥৪॥
মুক্তাবজ্রমণিস্বর্ণৈর্ভ্ যিতং তদযস্ময়ন্।
বর্রথং বিবভৌ তস্থ জ্যোতির্ভিঃ থমিবার্তম্ ॥৫॥

যদিতি। পৃচ্ছসি, "তম্ম প্রক্রাহি মে বীর্যান্" ইত্যাদিনা পূর্ব্বোক্তেনেত্যাশয়: ॥১॥
তমিতি। উত্ত: উত্তবস্ত:। সৈন্ধবাং সিন্ধুদেশীয়াং, সাধু স্মষ্ট্র বহস্তীতি তে। বিকুর্বাণা
বিবিধাং গতিং কুর্বস্তঃ। বসনোপমন্নংহসো বাযুতুলাবেগাং ॥২॥

গন্ধবিতি। কল্পিডং সজ্জিতন্। বারাহো বরাহচিহ্নিডং, রাজতো রোণ্যময়: ।আ খেতেতি। রাজাং শিকৈন্টিহৈং, ডেং খেতজ্জাদিভিং, তারাণতিশুলু: ।৪॥

সঞ্জয় বলিলেন—"রাজভোষ্ঠ। আপনি যে সিস্কুবান্ধ জয়দ্রথেব বিক্রমের বিষয় আমার নিকট জিজ্ঞাসা কবিলেন এবং তিনি যেভাবে পাণ্ডবদেব সহিত যুদ্ধ কবিযা-ছিলেন, সে সমস্তই আমি বলিব, আপনি শ্রবণ ককন ॥১॥

সাবথির বণীভূত, সিন্ধুদেশীয়, স্মুষ্ঠুভাবে বহনকারী ও বাযুব তুল্য বেগবান্ বিশাল চাবিটা অত্থ নানাবিধ গতি অবলম্বন করিয়া সিন্ধুরাজকে বহন করিতে লাগিল ॥২॥

বরাহমূর্দ্ভিচিহ্নিত, রজভময় ও বিশাল একটা ধ্বজ তাঁহার গন্ধর্বনগরাকার ও ব্যাবিধানে সম্প্রিত বথখানাব শোভা জন্মাইতে থাকিল ॥৩॥

চন্দ্র যেমন আকাশে শোভা পান, সেইবাপ জযত্ত্রথও সেই বথে রাজচিহুত্বরূপ থেডচ্ছত্র, পতাকা ও চামবান্দোলনদ্বারা শোভা পাইতে লাগিলেন ॥৪॥

⁽२) जग्हर्काकिता वर्णाः—वा नि ।

স বিক্ষার্য্য মহচ্চাপং কিরমির্গণান্ বহুন্।
তৎ থগুং প্রয়ামাস যদার্জ্জনিরদারয়ৎ ॥৬॥
স সাত্যকিং ত্রিভির্বাণেরইডিশ্চ রকোদরম্।
ধ্রইত্যুন্ধং তথা ষষ্ট্যা বিরাটং দশভিঃ শরৈঃ ॥৭॥
ত্রুপদং পঞ্চিন্তীক্ষেঃ সপ্তভিশ্চ শিখণ্ডিনম্।
কেকয়ান্ পঞ্চবিংশত্যা দ্রোপদেয়াংস্ত্রিভিস্ত্রিভিঃ ॥৮॥
যুধিষ্ঠিরস্ত সপ্তত্যা ততঃ শেষানপাত্রদৎ।
ইযুজালেন মহতা তদত্তুত্মিবাভবৎ ॥৯॥ (বিশেষকম্)
অথাস্থা শিতুপীতেন ভল্লেনাদিশ্য কান্ম্ক্র্ক্ম্ ।
চিচ্ছেদ প্রহুসন্ রাজা ধর্মপুত্রঃ প্রতাপবান্ ॥১০॥
অক্ষোর্নিমেষমাত্রেণ সোহম্যদাদায় কান্ম্ক্র্ক্ম্ ।
বিব্যাধ দশভিঃ পার্থঃ তাঃশৈচবান্থাংস্ত্রিভিস্তিভিঃ ॥১॥

মুক্তেতি। বজ্ঞং হীরকন্। অযশ্মং লোহময়ন্। বর্মথমাবরণন্। জ্যোতির্ভির্ক্ষতৈঃ ॥৫॥
স ইতি। খণ্ডং চক্রবৃহস্ত শ্রুদেশন্। আর্জুনিরভিমহ্যঃ, অদারয়ৎ বিদার্যাকরোৎ ॥৬॥
স ইতি। স জয়দ্রথঃ। দ্রোপদেযান্ ক্রোপজাঃ পূর্রান্। অপাহদদতাভয়ৎ ॥৭—৯॥
অথেতি। শিতঃ শিলাযাং ঘর্ষণেন স্থারীয়তঃ পীতঃ প্রাক্পীতরক্তণ্চ তেন ॥১০॥
অক্যোরিতি। অক্যোশক্ষ্যোঃ। দশভিঃ শরেঃ, পার্থং যুধিষ্টিরম্ ॥১১॥

নক্ষত্রাব্ত আকাশ যেমন প্রকাশ পায, সেইরূপ মণি, মুক্তা, স্বর্ণ ও হীরকমণ্ডিত ভাঁহার লোহময় রথাবরণ প্রকাশ পাইতে থাকিল ॥৫॥

এই অবস্থায় জয়ত্ত্রথ বিশাল ধনু বিস্ফারিত কবিয়া বহুতব বাণজাল নিক্ষেপ কবিতে থাকিয়া—পূর্বেব অভিমন্ম্য বিদাবণপূর্বেক চক্রব্যুহের যে স্থান শূন্য কবিয়া-ছিলেন, সেই স্থান পূবণ করিলেন ॥৬॥

ক্রমে জয়ড়থ তিন বাণে সাত্যকিকে, আট বাণে ভীমকে, বাট বাণে ধ্রুইছামকে, দশ বাণে বিরাটকে, পাঁচ বাণে ক্রুপদকে, সাত বাণে শিখণ্ডীকে, পাঁচিশ বাণে কেকয়িদগকে, তিন তিন বাণে জৌপদীব পুত্রগণকে, সত্তর বাণে য়ুধিষ্ঠিবকে এবং ভৎপবে বিশাল বাণজালে অবশিষ্ট সকলকে তাড়ন কবিলেন। তাহা যেন অভুত বলিয়া বোধ হইল ॥৭—১॥

তাহার পর প্রতাপশালী বান্ধা যুধিষ্ঠিব হাস্থ করতঃ (এই তোমাব ধনু ছেদন করিলাম) এই কথা বলিয়া স্থাব ও বক্তপায়ী একটা ভল্লদ্বারা জয়ত্তথেব ধনু ছেদন কবিয়া ফেলিলেন ॥১০॥

⁽৮) --- দশভিশ্চ শিথণ্ডিনম্—পি। (১১) --- পার্থাংস্ডাংশ্চৈবাক্যাংস্কিভিস্কিভি:—পি বা।

তস্থ তল্লাঘবং জ্ঞাত্বা ভীমো ভলৈফ্রিভিঃ পুনঃ।
ধন্ধ জঞ্চ চ্ছত্রঞ্চ ক্ষিতো ক্ষিপ্রমপাতয়ৎ ॥২॥
সোহত্যদাদায বলবান্ সজ্যং কৃত্বা চ কান্ম ক্ম।
ভীমস্থাপাতয়ৎ কেতুং ধনুরশ্বাংশ্চ মারিষ।॥১৩॥
স হতাশ্বাদবপ্লুত্য ছিমধন্বা রপোত্তমাৎ।
সাত্যকেরাপ্লুতো যানং গির্য্যগ্রমিব কেশরী॥১৪॥
ততস্ত্বদীযাঃ সংহ্নফীঃ সাধু সাধ্বিতি বাদিনঃ।
সিন্ধুরাজস্থ তৎ কর্ম প্রেক্ষ্যাপ্রদেষমমূত্রম্ ॥১৫॥
সংক্রেদ্ধান্ পাণ্ডবানেকো যদ্ধারান্ত্রতেজসা।
তত্তস্থ কর্ম ভূতানি সর্বাণ্যবাভ্যপূজয়ন্ ॥১৬॥

তত্তেতি। লাঘবং শরক্ষেপে শীদ্রতাম্। অপাত্যৎ ছিত্তেতি শেবং ॥১২॥
ন ইতি। ন অযক্রথং। সজ্ঞাং সপ্তাণম্ ॥১৩॥
ন ইতি। ন ভীমং। আপ্লুভ উৎপ্লুভাক্তিং, যানং রথম্ ॥১৪॥
ভত ইতি। ইতি বাদিন আসন্। অশুদ্ধেং পূর্ব্যদর্শনাদবিধাস্তম্ ॥১৫॥

তখন জযদ্রথ চোখেব নিমেষমধ্যে অন্য একখানা ধনু লইয়া দশটা বাণে যুধিষ্ঠিবকে এবং তিন তিনটা বাণে তাঁহাদেব অন্য সকলকে বিদ্ধ করিলেন ॥১১॥

জয়ত্রথেব সেই লযুহস্ততা দেখিয়া ভীমসেন পুনবায তিনটা ভল্লবারা জযত্রথের ধন্ম, ধ্বজ ও ছত্র ছেদন কবিয়া সম্বব ভূতলে নিপাতিত করিলেন ॥১২॥

মাননীয বাজা। তখন জয়দ্রথ অন্য ধনু লইযা এবং তাহাতে গুণাবোপণ কবিযা ভীমের ধ্বজ, ধনু ও অশ্বগণকে নিপাত করিলেন ॥১৩॥

অশ্বগণ নিহত ও ধনু ছিন্ন হইলে, ভীমসেন নিজেব উত্তম রথ হইতে লাফাইযা পড়িযা—সিংহ যেমন পর্ববতাত্রো লাফাইয়া উঠে, সেইকপ যাইয়া সাত্যকিব রথে লাফাইয়া উঠিলেন ॥১৪॥

মহাবাজ! তাহার পর আপনার পক্ষেব যোদ্ধাবা জয়দ্রথেব সেই অবিশাস্থ ও অভুত কার্য্য দেখিয়া অত্যন্ত আনন্দিত হইয়া 'সাধু সাধু' এইরপ বলিতে লাগিলেন ॥১৫॥

এবং জযত্ত্রথ অন্ত্রেব বলে যে হেন্তু একাকী ক্রুদ্ধ পাণ্ডবপক্ষকে বাবণ করিতে থাকিলেন, সেই হেন্তু ভত্রভ্য সমস্ত লোক তাঁহাব কার্য্যেব প্রশংসা করিতে লাগিল ॥১৬॥

⁽১২) ··ভীমো ভল্লৈস্ত্রিভিস্তিভিঃ—বা নি । ন্যোগ (২১)-৪৩

সোভদ্রেণ হতৈঃ পূর্বাং সোত্তরায়ুখিভির্দ্ধিপাঃ।
পাণ্ডুনাং দর্শিতঃ পন্থাঃ সৈন্ধবেন নিবারিতঃ ॥১৭॥
যতমানাস্ত তে বীরা মৎস্থপাঞ্চালকেকয়াঃ।
পাণ্ডবাশ্চাম্বপদ্মন্ত প্রতিশেকুন সৈন্ধবম্ ॥১৮॥
যো যো হি যততে ভেতুং দ্রোণানীকং তবাহিতঃ।
তং তমেব বরং প্রাপ্য সৈন্ধবঃ প্রত্যবারয়ৎ ॥১৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বাণি
অভিমন্ত্যবধে জয়দ্রথপরাক্রমে উনচত্বারিংশোহধ্যায়ঃ ॥০॥ %

সমিতি। দধাব নিবার্যামাস। ভূতানি তত্ততা জনাং, অত্যপূজ্যন্ প্রাশংসন্ ॥১৬॥ সৌভদ্রেণেতি। উত্তরৈরার্রটেঃ আযুখিভিঃ অস্ত্রধারিভিঃ সহেতি তৈঃ ॥১৭॥ যতেতি। যতমানাঃ পরাভ্যায। অরণগ্রস্ত বৃহেম্বং প্রাপ্তর্বন্, প্রতিশেকুঃ পরা-ভবিতুম্ ॥১৮॥

য ইতি। অহিন্ত: শক্রং। প্রাপ্য শিবাৎ, সৈরবো জয়দ্রথং ॥১৯॥
ইতি মহামহোপাধ্যার-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাস সির্বান্তবাগীশভট্টাচার্য্যবিরচিত্তাবাং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং জোণপর্বাণী
অভিমন্তাবধে উনচত্তারিংশোহধ্যায়ঃ ॥০॥

অভিমন্যু পূর্বের আরোহিগণের সহিত যে সকল হস্তী নিহত কবিযা গিয়াছিলেন, সেই সকল হস্তীই পাণ্ডবগণকে বৃহেপ্রবেশের পথ দেখাইয়া দিতেছিল বটে; কিন্তু জয়ত্রথ সে পথ কদ্ধ করিয়া রাখিলেন ॥১৭॥

ক্রমে মৎস্ত, পাঞ্চাল ও কেকয়দেশীয় সেই বীবেবা এবং পাগুবেবা বূাহ্মুখে উপস্থিত হইয়া যত্ন কবিয়াও জয়দ্রথকে পবাজয় কবিতে পাবিলেন না ॥১৮॥

মহারাজ। তা'র পর আপনার যে যে শত্রু যাইযা জ্রোণের সৈন্ম ভেদ করিবার চেফী করিতে লাগিল, জযত্রথ শিবেব ববপ্রভাবে তাহাকে তাহাকেই বারণ কবিতে লাগিলেন" ॥১৯॥

⁽১৭)···সান্তরামূ ধিভির্দিথৈ:—পি,···হতিঃ পূর্ব্বমন্তরানিহিতৈর্দিথৈ:—বা,···সোত্তরারো-ধিভির্দিথৈ:

নি । (১৮)···প্রত্যেকং তে হু সৈন্ধবদ্—পি বা, একৈকণ্ডেন সৈন্ধবদ্—ব।
(১৯)···বরপ্রাপ্ত্যা—পি । * '

'

দ্বিচত্বারিংশোহধ্যায়' ব

,

'

ভিচত্বারিংশোহধ্যায়' ব

রা নি ।

চত্বারিংশোইধ্যায়ঃ।

---(%#\$)----

সঞ্জয় উবাচ।

শৈশ্ববেন নিরুদ্ধেয়ু জয়গৃদ্ধিয়ু পাণ্ডুয়ু।
ন্থবোরমভবদ্যুদ্ধং স্থদীয়ানাং পরিঃ সহ ॥১॥
প্রবিশ্যাথার্জ্জনিঃ সেনাং সত্যসদ্ধা তুরাসদঃ।
ব্যক্ষোভয়ত তেজস্বী মকরঃ সাগরং যথা ॥২॥
তং তথা শরবর্ষেণ ক্ষোভয়ন্তমরিন্দমম্।
যথাপ্রধানাঃ সোভদ্রমভ্যয়ন্রসন্তমাঃ ॥৩॥
তেষাং তস্ত চ সম্মর্দ্ধো দারুণঃ সমপতত।
স্জতাং শরবর্ষাণি প্রসক্তমমিতোজসাম্ ॥৪॥
রথব্রজেন সংক্রদ্ধান্তরমিত্ররথার্জ্জনিঃ।
র্ষসেনস্ত যন্তারং হল্লা চিচ্ছেদ কার্ম্মুকম্ ॥৫॥

শৈন্ধবেনেতি। গৈন্ধবেন জযক্রথেন, জরগৃদ্ধিবু জরাভিলাবিবু ॥১॥ প্রবিশ্রেতি। সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞা, সারথিং প্রতি কৃতাযাঃ প্রতিজ্ঞায়াঃ সর্বাথা পালনাং ॥২॥

তমিতি। প্রধানাননতিক্রম্যেতি ষথাপ্রধানা:। অন্তাবাভাব আর্ব: ॥०॥ তেষামিতি। সন্মর্ফো বৃদ্ধসংঘর্ব:। প্রসক্তং পরস্পরসংলগ্নং ষথা স্থাত্তথা ॥৪॥

সঞ্জয় বলিলেন—"জযদ্রথ জয়াভিলাষী পাগুবগণকে নিরুদ্ধ করিলে, বিপক্ষগণের সহিত আপনাব পক্ষীয় যোদ্ধাদেব অতিদাকণ যুদ্ধ হইতে লাগিল ॥১॥

ক্রমে সত্যপ্রতিজ্ঞ, চুর্দ্ধর্ষ ও তেজস্বী অভিমন্যু বিপক্ষদৈশুমধ্যে প্রবেশ করিযা—মকর যেমন সমুদ্র আলোড়ন করে, সেইরূপ সেই সৈশু আলোড়ন করিতে লাগিলেন ॥২॥

শক্রদমনকাবী অভিমন্য বাণবর্ষণদ্বাবা সেইভাবে শক্রসৈন্য আলোড়ন ক্রিতে লাগিলে, কোববপক্ষের নবত্রেষ্ঠগণ প্রধানক্রমে তাঁহাব দিকে ধাবিত হইলেন ॥৩॥

তখন অমিততেজা সেই কোববযোদ্ধারা পরস্পার সংলগ্নভাবে বাণবর্ষণ করিতে থাকিলে, তাঁহাদেব ও অভিমন্মাব দারুণ যুদ্ধ হইতে লাগিল ॥৪॥

⁽৩) · ছাদয়ন্তমরিলমম্ —নি, · অব্যুন্ রসন্তমা:—পি। (৫) রথবাতেন—পি।

তস্থ বিব্যাধ বলবান্ শরৈরশ্বানজিন্ধাগৈঃ।
বাতায়মানৈরথ তৈরশৈরপহতো রণাৎ ॥৬॥
তেনান্তরেণাভিমন্থোর্যন্তাপাদারয়দ্রথম্।
রথব্রজান্ততো হাটাঃ দাধু দাধ্বিতি চুক্রুশুঃ ॥৭॥
তং সিংহমিব সংক্রুদ্ধং প্রমথু ন্তং শরৈররীন।
আবাদায়ান্তমভ্যেতা বদাতীয়োহভ্যয়াদ্দ্রুতম্ ॥৮॥
সোহভিমন্ত্যং শরৈঃ ষষ্ট্যা রুবাপুট্খেরবাকিরং।
অব্রবাচ্চ ন মে জীবন্ জীবতো যুধি মোক্যাদে ॥৯॥
তময়ন্ময়বর্মাণমিষুণা দূরপাতিনা।
বিব্যাধ হুদি দোভদ্রঃ স পপাত ব্যহ্থঃ ক্ষিতো ॥১০॥

রথেতি। রথানাং ব্রজেন সমৃহেন। অমিত্রৈং শক্রভি:। বস্তারং সারথিম্ ॥৫॥
তন্তেতি। বলবানভিমন্থা:। অজিলগৈ: সরলগামিভি:। বাডারমানৈর্বায়্বদ্জেতি: ॥৬॥
তেনেতি। অস্তরেণ অবকাশেন, যস্তা সারথি:। চুকুগুরুচিচক্চ; ॥৭॥
তমিতি। আরাং দ্বাং. "আরাদ্দ্বসমীপযোং" ইভামর:। বসাভীরন্তক্রভাো বাজা ॥৮॥
স ইতি। কর্পুট্রে: স্বর্গচিতমূলদেশৈ:। জীবতো মে ইতি সম্বন্ধ: ॥৯॥
তমিতি। অরম্বারং লৌহমরং বর্ম যস্ত তম্। ব্যস্থবিগতপ্রাণ: ॥১০॥

ভদনন্তব সেই বিপক্ষেবা বথসমূহদাবা অভিমন্থাকে অবকদ্ধ কবিলে, অভিমন্যু বুষসেনেব সাব্থিকে বধ কবিযা তাঁহাব ধনু ছেদন কবিলেন ॥৫॥

এবং বলবান্ অভিমন্তা সবলগামী বাণসমূহদারা ব্যসেনেব অশ্বগণকেও বিদ্ধ কবিলেন। তা'র পব বাযুব ন্যায ক্রতগামী সেই অশ্বগণ ব্যসেনকে রণস্থল হইতে লইয়া গেল ॥৬॥

তখন অভিমন্যুব সাবথি সেই অবকাশে (ফাঁক্ দিয়া) অভিমন্যুর বথখানাকে সবাইয়া লইয়া গেল। ভৎপবে বথীবা আনন্দিত হইয়া 'সাধু সাধু' বলিয়া কোলাহল কবিয়া উঠিলেন ॥৭॥

সিংহেব স্থায় ক্রুদ্ধ অভিমন্য উপস্থিত হইযা বাণদ্বাবা শত্রুগণকে প্রহাব কবিতে কবিতে দূব হইতে আসিতে লাগিলে, বসাতিদেশের বাজা তাঁহাব দিকে দ্রুত গমন কবিলেন ॥৮॥

তিনি স্বৰ্ণপূষ্খ ষাটটা বাণদ্বারা অভিমন্যুকে পীড়ন করিলেন এবং বলিলেন— "আমাব জীবিত অবস্থায় তুমি জীবিত থাকিয়া মুক্তি পাইবে না' ॥৯॥

⁽৬) তঞ্চ বিব্যাধ বলবাংস্তস্ত চাখানজিন্সগৈঃ। বাভায়মানৈস্তৈর বৈদংজ্ঞাংপহতো রগাং—নি।

বসাতীয়ং হতং দৃষ্ট্বা কুদ্ধাঃ ক্ষত্রিয় পুশ্ববাঃ।
পরিবক্রন্তদা রাজংস্তব পোত্রং জিঘাংসবঃ॥১১॥
বিক্ষারয়ন্তশ্চাপানি নানারপাণ্যনেকশঃ।
তদ্যুদ্ধমভবদ্রেজিং সোভদ্রস্থারিভিঃ সহ ॥১২॥ (যুগ্মকম্)
তেষাং শরান্ সেষসনান্ শরীরাণি শিরাংসি চ।
সক্ওলানি স্রখীণি কুদ্ধশ্চিচ্ছেদ ফাল্পনিঃ ॥১৩॥
সথড়গাঃ সাঙ্গুলিত্রাণাঃ সপট্টিশপরশ্বধাঃ।
অদৃশ্যন্ত ভুজাশ্ছিয়া হেমাভরণভূষিতাঃ ॥১৪॥
স্রগ্ ভিরাভরণৈর্ববিদ্রঃ পতিতৈর্বিবিধ্ধে জৈঃ।
বর্ণ্মভিশ্চর্মভিহারেমু কুটেশ্ছত্রচামরৈঃ ॥১৫॥
উপন্করেরধিষ্ঠানেরীশাদণ্ডকবন্ধুরৈঃ।
অকৈর্বিমথিতেশ্চকৈর্ভগ্রেশ্চ বন্ধ্বা যুগৈঃ ॥১৬॥
অনুকর্বিঃ পতাকাভিন্তথা সার্থিবাজিভিঃ।
রথৈশ্চ ভগ্রেন বিগেশ্চ হতৈঃ কীর্ণাভবন্মহী ॥১৭॥ (বিশেষকম্)

বসেতি। পৌত্রমতিমহাস্। অনেকশো বছভিররিভি: সহ ॥>>--->২॥
তেবামিতি। সেবসনান্ সকার্মুকান্। অধীণি মালাযুক্তানি। ফাল্পনিরভিমহা: ॥>৩॥
সেতি। অঙ্গুলিত্রাণৈরঙ্গুলিরক্ষকচর্মাবরণৈ: সহেতি তে ॥১৪॥

শ্রগ্ ভিরিতি। শ্রগ্ ভির্মালাভি:। উপস্কাদরো রধাব্যববিশেষা বছশ: প্রাগ্রাখ্যাতা:।
নাগৈছন্তিভি:, কীর্ণা ব্যাপ্তা, মহী সমরভূমি: ॥১৫—১৭॥

তখন অভিমন্যু একটা দূবগামী বাণদ্বাবা বসাতিবান্ধেব লোহবর্দ্মার্ত হৃদয বিদ্ধ কবিলেন; পবেই তিনি প্রাণশৃত্য হইযা ভূতলে পতিত হইলেন ॥১০॥

রাজা। বসাভিরাজকে নিহত দেখিয়া কৌরবপক্ষীয় ক্ষত্রিয়শ্রেষ্ঠেবা ক্রুদ্ধ হইয়া অভিমন্মকে বধ কবিবার ইচ্ছা কবিয়া নানাপ্রকাব ধন্ম বিস্ফাবণপূর্বক তাঁহাকে পবিবেষ্টন করিলেন। তখন শক্রগণেব সহিত অভিমন্মব ভয়ম্বব যুদ্ধ হইতে লাগিল ॥১১—১২॥

ক্রমে অভিমন্যু ক্রুদ্ধ হইয়া সেই বীরগণের ধনু, বাণ, শরীব এবং কুণ্ডল ও শালাযুক্ত মস্তক সবল ছেদন করিতে লাগিলেন ॥১৩॥

তখন তরবারি, অঙ্গুলিত্র, পটিশ ও পরশুযুক্ত এবং স্বর্ণালফারে অলম্বত ছিয় বাহু সবল দেখা যাইতে লাগিল ॥১৪॥

পতিত মালা, অলঙ্কাব, বন্ত্ৰ, নানাবিধ ধ্বজ, কবচ, চৰ্ম্ম, হার, মুকুট, ছত্ৰ,

⁽১১) বাসাভ্যং নিহতং দৃষ্ট্ৰা—পি ব।

নিহতৈঃ ক্ষত্রিয়ঃ শ্রেন নিজনপদেশরৈঃ।
জয়গৃলৈর তা ভূমিদারুণা সমপত্তত ॥১৮॥
দিশো বিচরতস্তস্ত সর্বাশ্চ প্রদিশস্তথা।
রণেহভিনত্যোঃ ক্রুক্ষস্ত রূপমন্তরধীয়ত ॥১৯॥
কাঞ্চনং যদ্যদস্তাসীদ্বর্ম চাভরণানি চ।
ধনুষশ্চ শরাণাঞ্চ তদপশ্যাম কেবলম্ ॥২০॥
তং তদা নাশকৎ কন্চিচ্চক্ষুর্ভ্যামভিবীক্ষিভুম্।
আদদানং শরৈর্ঘোধান্ মধ্যে সূর্য্যমিব স্থিতম্ ॥২১॥
আদদানস্ত শ্রাণামায়ুংয়ভবদার্জ্বিঃ।
অস্তবঃ সর্ব্রভ্তানাং প্রাণান্ কাল ইবাগতে ॥২২॥

নিহতৈরিতি। জ্বগৃহৈর্জ্যাভিলাযিভি:। সমপন্তত অভবং ॥১৮॥

দিশ ইতি। রূপমাকৃতি:, অস্তর্ধীয়ত অস্ত্রাদিভিরদৃশুমভবং ॥১৯॥

কাঞ্চনমিতি। কাঞ্চনং স্বর্ণময়ম্। ধহ্ব: শরাণাঞ্চাদম্, অপশ্রাম উজ্জলতাং ॥২০॥

তমিতি। তমভিমহাম্। যোধান্ যোধানাং প্রাণান্, মধ্যে বৃহেশ্র গগনশু চ ॥২১॥

সাদৃশ্রং দর্শয়য়াহ আদদান ইতি। আযুংযি জীবনকালান্, আর্জুনিরভিমহা: ॥২২॥

চামব, বথেব উপকরণ, আসন, উর্দ্ধস্তম্ভ, তির্য্যগ্ দণ্ড ও নানাপ্রকার কান্ঠ, মর্দ্দিত অক্ষ ও চক্র, বহুপ্রকাবে ভগ্ন যুগকান্ঠ ও নিম্ন কান্ঠ এবং ছিন্ন পতাকা, সাবথি ও অশ্ব, আব ভগ্ন রথ ও নিহভ হস্তীদ্বারা সমবভূমি আর্ত হইয়া পড়িল ॥১৫—১৭॥

বীর, নানাদেশের অধীশ্বর ও জ্যাভিলাধী নিহত ক্ষত্রিযগণে আবৃত হইয়া সমরভূমি দারুণ মূর্ত্তি ধাবণ করিল ॥১৮॥

ক্রুদ্ধ অভিমন্য যখন সমরাঙ্গনেব সমস্ত দিক্ ও বিদিকে বিচরণ কবিতে লাগিলেন, তখন মধ্যে সাধ্যে তাঁহার মূর্দ্তি অদৃশ্য হইতে লাগিল ॥১৯॥

অভিমন্ত্যুর বর্দ্ম, অলঙ্কার, ধন্তু ও বাণের যে যে অবয়ব স্থর্ণময় ছিল, কেবল তাহাই আমরা দেখিতে লাগিলাম ॥২০॥

অভিমন্য যথন বাণদ্বাবা যোদ্ধাদের প্রাণ লইভেছিলেন এবং বৃাহমধ্যে সূর্য্যের স্থায অবস্থান করিভেছিলেন, তখন কোন ব্যক্তিই নয়নদ্বারা তাঁহাকে দর্শন করিতে সমর্থ হয় নাই ॥২১॥

মৃত্যুকাল উপস্থিত হইলে যম যেমন সকল প্রাণীর প্রাণ গ্রহণ করেন, সেই রূপ অভিমন্যু বীরগণের প্রাণ গ্রহণ করিতে লাগিলেন ॥২২॥

⁽২১) ইতঃ পরং '…জিচতারিংশোহধ্যায়:। সঞ্জয উবাচ।' ব, '… চতুশ্চতারিংশো– হধ্যায়:। সঞ্জয় উবাচ।' বা রা নি।

দ শক্ত ইব বিক্রান্তঃ শক্রদূনোঃ হুতো বলী।
অভিমন্যুন্তদানীকং লোড়য়ন্ দমদৃশ্যত ॥২৩॥
প্রবিশ্যেব ভু রাজেন্দ্র। ক্রতিয়েম্বন্তকোপমঃ।
দত্যশ্রবদমাদত ব্যাঘ্রো মুগমিবোল্লণঃ ॥২৪॥
দত্যশ্রবদি চাক্ষিপ্তে ত্রমাণা মহারথাঃ।
প্রা্য্থ বিবিধং শক্রমভিমন্যুমুপাদ্রবন্ ॥২৫॥
অহং পূর্ববমহং পূর্ববিমিতি ক্রতিয়পুঙ্গবাঃ।
স্পর্নমানাঃ দমাজগ্ম জিঘাংসন্তোহর্জনাত্মজম্ ॥২৬॥
ক্রতায়াণামনীকানি প্রদ্রুতাশ্রভিধাবতাম্।
জগ্রাহ তিমিরাদান্ত ক্র্দ্রমৎস্থানিবার্ণবে ॥২৭॥
বে কেচন গতান্তক্ত সমুদ্রাদিব দিশ্ববঃ ॥২৮॥
ন তে প্রতিশ্বর্তন্ত সমুদ্রাদিব দিশ্ববঃ ॥২৮॥

স ইতি। শক্রসনোরিদ্রপুত্রস্ত অর্জুনস্ত। অনীকং কৌরবসৈন্তম্ ॥২০॥ প্রবিশ্রেতি। সভ্যপ্রবসং তদাখ্যং কৌরববীরম্, উবণ উন্মন্ত: ॥২৪॥ সভ্যেতি। আন্দিপ্তে নিহতে। উপাদ্রবন্ অভাধাবন্ ॥২৫॥ অহমিতি। পূর্বাং বোৎস্তে ইতি শেষঃ। জিবাংসন্তো হস্তমিচ্ছস্তঃ ॥২৬॥ ক্রিরাণামিতি। প্রক্রতানি ক্রতমাগতানি। তিমির্হক্রলক্তবিশেষঃ ॥২৭॥ য ইতি। ন প্রতিন্তবর্ত্তন্ত লয়মপ্রাণ্যেতি ভাবঃ। সিদ্ধবো নতঃ ॥২৮॥

ইন্দ্রের ত্যায বিক্রমশালী ও বলবান্ কর্জিননন্দন অভিমন্থাকে তখন কৌরবগৈয় আলোডন করিতে দেখা গেল। ॥২৩॥

বাজশ্রেষ্ঠ। অভিমন্যু যমেব স্থায ক্ষত্রিযগণের মধ্যে প্রবেশ কবিয়াই— উন্মন্ত ব্যাদ্র যেমন হবিণকে গ্রহণ করে, সেইকপ সভ্যশ্রবাকে গ্রহণ করিলেন ॥২৪॥

সত্যশ্রবা নিহত হইলে, মহাবথেবা নানাবিধ অন্ত গ্রহণ করিয়া সম্বর অভিমন্ত্রার দিকে ধাবিত হইলেন ॥২৫॥

'আমি আগে' 'আমি আগে' এইরপ স্পর্দ্ধা করিতে থাকিয়া ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা অভিমন্যুকে বধ কবিবাব ইচ্ছা কবিয়া উপস্থিত হইলেন ॥২৬॥

তথন সমুদ্রে তিমি যেমন ক্ষুদ্র মৎস্থাগকে গ্রহণ করে, সেইরপ অভিমন্যু সম্মুখাগত ক্ষত্রিয়নৈশুদিগকে গ্রহণ করিলেন ॥২৭॥

⁽२८) ··क्षाबिरम्खांश्वरकांश्रमः—वा नि, ·· मृश्यिरवांद्रधम्—शि। (२०) ··· श्रश्य विश्वर

মহাগ্রাহগৃহীতেব বাতবেগভয়ার্দ্দিতা।
সমকম্পত সা সেনা বিজ্ঞান্তা নৌরিবার্ণবে ॥২৯॥
অথ রুক্মরথো নাম মদ্রেশ্বরস্থতো বলী।
ত্রস্তামাশ্বাসয়ন্ সেনামত্রস্তো বাক্যমত্রবীৎ ॥৩০॥
অলং ত্রাসেন বঃ শুরা নৈষ কশ্চিন্ময়ি স্থিতে।
অহমেনং গ্রহীয়ামি জীবগ্রাহং ন সংশয়ঃ ॥৩১॥
এবমুক্ত্বা ভু সোভদ্রমভিত্নতাব বীর্য্যবান্।
স্থকল্পিতেনোহ্থমানঃ শুন্দনেন বিরাজতা ॥৩২॥
সোহভিমন্থ্যং ত্রিভির্বানৈর্বিদ্ধ্বা বক্ষশ্রথানদং।
ত্রিভিশ্চ দক্ষিণে বাহোঁ সব্যে চ নিশিতৈক্তিভিঃ ॥৩০॥

মহেজি। মহাগ্রাহেণ বিশালজনজন্তনা গৃহীতা। বিভ্রাস্তা ঘূর্ণিতা ॥२৯॥
অথেজি। মদ্রেশ্বরস্থতঃ শল্যপুত্রঃ। অত্ততো নির্ভয়ঃ ॥০০॥
অলমিজি। এবং অভিমহাঃ। জীবং গৃহীত্বেভি জীবগ্রাহম্, "জীবে গ্রহে" ইভি ণৃম্ ॥০১॥
এবমিজি। বীর্যাবান্ রুক্তরথঃ। স্থকলিভেন স্থসজ্জিভেন, শুন্দনেন রথেন ॥০২॥
স ইভি। অনদৎ সিংহনাদমকরোৎ। সব্যে বামে ॥০০॥

তৎকালে' পলাইয়া না যাইয়া যে কোন যোদ্ধাই অভিমন্ত্যুর নিকটে যাইতে লাগিল, সেই সেই যোদ্ধাই—নদী যেমন সমুদ্রেব নিকট হইতে ফিবিয়া যায় না, সেইরূপ অভিমন্তার নিকট হইতে ফিরিয়া যাইতে পারিল না ॥২৮॥

ত্বভরাং তথন সমূদ্রে বিশালজলজন্তব্যসমাক্রান্ত ও বায়্বেগতাড়িত নৌকার স্থায় সেই কৌরবসেনা কাঁপিতে লাগিল ॥২৯॥

তাহাব পর শল্য বাজার পুত্র বলবান্ রুক্সবথ নির্ভযচিত্তে ভীত কৌরব-সৈন্যকে আশস্ত কবতঃ বলিলেন—॥৩০॥

'বীরগণ! আপনাবা ভয় করিবেন না; আমি থাকিতে এ (অভিমন্যু) কে? আমি উহার জীবন লইব; এ বিষয়ে কোন সন্দেহ নাই'॥৩১॥

এই কথা বলিয়া বলবান্ রুক্সবথ স্থসজ্জিত ও স্থশোভিত রথে আবোহণ কবিয়া অভিমন্মার দিকে ধাবিত হইলেন ॥৩২॥

এবং তিনি স্থাব তিনটা বাণদারা অভিমন্তাব বক্ষস্থল বিদ্ধ কবিযা সিংহনাদ কবিষা উঠিলেন; পরে আবাব তিনটা বাণ দ্বাবা তাঁহার দক্ষিণ বাহ্ন ও তিনটা বাণ দ্বারা বাম বাহ্ন বিদ্ধ করিলেন ॥৩৩॥

⁽२२) महाश्रह—नि, ... विख्हां—वां नि।

স তন্তেষসনং ছিত্রা ফাব্রনিঃ সব্যদক্ষিণো ।
ভূজো শিরশ্চ স্বন্ধিক্র ক্ষিত্রো কিপ্রমপাত্যৎ ॥৩৪॥
দৃষ্ট্রা রুক্মরথং রুগ্ণং পুত্রং শল্যস্ত মানিনম্ ।
জীবগ্রাহং জিয়্বক্ষন্তং সোভদ্রেণ যশন্তিনা ॥৩৫॥
সংগ্রামন্তর্মানা রাজন্ । রাজপুত্রাঃ প্রহারিণঃ ।
বয়স্তাঃ শল্যপুত্রস্ত স্থবর্ণবিক্রতথবজাঃ ॥৩৬॥
তালমাত্রাণি চাপানি বিকর্ষন্তো মহাবলাঃ ।
আর্চ্জুনিং শরবর্ষেণ সমন্তাৎ পর্য্যবাব্যন্ ॥৩৭॥ (বিশেষকম্)
শৃরৈঃ শিক্ষাবলোপেতৈন্তর্ম্পণৈরত্যমর্ষণৈঃ ।
দৃষ্টেকং সমরে শৃরং সোভদ্রমপ্রাজিতম্ ॥৩৮॥
ছাত্যমানং শরব্রাতৈর্ছ ফৌ তুর্য্যোধনোহভবৎ ।
বৈবস্বতন্ত ভবনং গতং ক্রেন্মমন্যত ॥৩৯॥ (যুগ্মকম্)
স্থবর্ণপুর্বোরিষুভিন নালিক্রৈঃ স্থতেজনৈঃ ।
ভাদ্যমার্জ্বনিং চক্রুর্নিমেষাতে নৃপাত্মজাঃ ॥৪০॥

ন ইতি। ইবসনং ধন্য:। শোভনা অক্ষিক্রবো যশ্মিন্ তৎ 1081

দৃষ্টে,তি। ক্লগুণং নিহতন্। জিম্বক্তঃ গ্রহীতুমিচ্ছন্তন্। স্বর্ণবিক্রতধ্বজাঃ বর্ণশোভিতক্ষেবঃ। তালমাত্রাণি হন্তচত্ট্রপ্রমাণানি। পর্যাবার্যন্ আবৃতবস্থঃ 1০৫—০৭1

শ্বৈরিতি। অত্যমর্থণেরতীবক্র্দিঃ। শরাণাং ত্রাতৈঃ সম্হৈঃ। বৈব্যভক্ত

ব্যক্ত 1০৮—০৯॥

তথন অভিমন্য সত্বর রুর্রথেব ধনু, বাম ও দক্ষিণ বাহু এবং ফুন্দর নযন ও অযুক্ত মস্তক ছেদন কবিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥८৪॥

রাজা। অভিমানী শলাপুত্র করাবথ অভিমন্তার জীবন লইবার ইচ্ছা করিযাছিলেন, অথচ যশস্ত্রী অভিমন্তাই তাঁহাকে বধ করিলেন দেখিয়া নহাবল, যুদ্ধর্মের্ব, প্রহারনিপুণ ও স্বর্ণশোভিত্তধ্বজ শল্যপুত্রের বযস্ত্র বাজপুত্রেবা হস্ত-চতৃষ্টযপ্রমাণ ধনুগুলি আকর্ষণ করিষা সকল দিক্ হইতে বাণবর্ষণহার। অভিমন্ত্রকে আর্ত কবিয়া ফেলিলেন ॥৩৫—৩৭॥

তখন শিক্ষা ও শক্তিশালী, তকণ এবং অভাতত্ত্বক বহুতব হাঁব বংগসমূহ-হারা যুদ্ধে অপবাজিত একমাত্র বীব অভিমন্যুকে আহুত করিভেছেন দেবিদ্বঃ হর্ষোধন আনন্দিত হইলেন এবং অভিমন্যু যমালযে গিফছেন বলিমঃ মনে করিলেন ॥৬৮—৩৯॥

⁽৩৪) · সাফিজ-পি I

সমূতাশ্বধ্বজং তস্তু স্থাননং তঞ্চ মারিষ!।
আচিতং সমপশ্যাম শ্বাবিধং শললৈরিব ॥৪১॥
স গাঢ়বিদ্ধঃ ক্রুদ্ধশ্চ তোত্তৈর্গজ ইবার্দ্দিতঃ।
গান্ধর্বমন্ত্রমায়চ্ছদ্রথমায়াঞ্চ ভারত। ॥৪২॥
আর্চ্জুনেন তপস্তপ্ত্বা গন্ধর্বেভ্যো যদাহুতম্।
তুন্ধুরুপ্রমুখেভ্যো বৈ তেনামোহয়তাহিতান্ ॥৪৩॥
একঃ স শতধা রাজন্। দৃশ্যতে স্ম সহস্রধা।
আলাতচক্রবৎ সংখ্যে ক্রিপ্রমন্ত্রাণি দর্শয়ন্ ॥৪৪॥
রথচর্য্যান্ত্রমায়াভির্মোহয়িত্বা পরন্তপঃ।
বিভেদ শতধা রাজন্! শরীরাণি মহীক্ষিতাম্ ॥৪৫॥

স্বর্ণেতি। ইযুভিব্বাব্দা, নানালিকৈঃ বছবিধচিছ্যুকৈঃ ॥৪০॥
সেতি। স্তন্দনং রথম্। আচিজ ব্যাপ্তম্ খাবিধং জন্তবিশেষন্, শললৈঃ কন্টকৈঃ।
"শাবিজু শল্যন্তল্লোমি শললী শললং শলম্" ইত্যমরঃ ॥৪১॥

স ইতি। তোত্তৈরস্কুশৈ:। আয়চ্ছৎ বিস্তারেণ প্রযুক্তবান্ ॥৪২॥
নম্বভিমন্থ্যগান্ধর্বমন্ত্রং রথমায়াঞ্চ কুতো লব্ধবানিতাহার্জ্তনতি। অহিতান্ শত্রন্ ॥৪৩॥
এক ইতি। দৃশ্যতে অ রথমায়য়া। অলাভচক্রবৎ ঘূর্ণিতায়িসংযুক্তকাষ্ঠ্বৎ ॥৪৪॥

সেই বাজপুত্রেবা স্বর্ণপুঞ্জ, নানাচিহ্নযুক্ত ও স্থাব বাণসমূহদাবা নিমেষমধ্যে অভিমন্থাকে অদৃশ্য করিয়া কেলিলেন ॥৪০॥

মাননীয বাজা। তথন শেজারুকে যেমন তাহাব কণ্টকে ব্যাপ্ত দেখা যায়, তেমনি সাবথি, অশ্ব ও ধ্বজেব সহিত অভিমন্তাকে এবং তাঁহার বথখানাকে আমরা বাণে ব্যাপ্ত দেখিতে লাগিলাম ॥৪১॥

ভরতনন্দন। তখন অঙ্কুশতাড়িত হস্তীর স্থায় গাঢ়বিদ্ধ অভিমন্যু ক্রুদ্ধ হইয়া গান্ধর্বান্ত এবং বথচর্যাকোশল আবিষ্কাব কবিলেন ॥৪২॥

অর্জ্জন তপস্তা কবিয়া ভুস্কুরুপ্রভৃতি গন্ধর্বগণেব নিকট হইতে যে অস্ত্র ও বথচর্য্যাকৌশল লাভ করিয়াছিলেন, তাহাদ্বাবাই অভিমন্যু শত্রুগণকে মোহিত করিলেন ॥৪৩॥

বাজা। অভিমন্য তখন দ্রুত অন্ত্র আবিক্ষার কবিতে থাকিয়া এক হইয়াও ঘূর্ণিত অগ্নিসংযুক্ত কাষ্ঠের স্থায় সমবাঙ্গনে শত শত ও সহস্র সহস্র মূর্ত্তিতে দৃষ্টিগোচব হইতে লাগিলেন ॥৪৪॥

^{(8&}gt;) ... ज्ञन्मनः वर्ज गातिय। — शि। (88) अक्यां मंख्यां त्रांकन्। — वां नि।

প্রাণাঃ প্রাণভ্তাং সংখ্যে প্রেষিতা নিশিতৈঃ শরৈঃ।
রাজন্! প্রাপুরমুং লোকং শরীরাণ্যবনিং যয়ুঃ॥৪৬॥
ধনুংখ্রান্ নিয়ন্তঃশ্চ ধ্বজান্ বাহুংশ্চ সাঙ্গদান্।
শিবাংসি চ শিতৈর্বাণৈন্তেষাং চিচ্ছেদ ফাল্পনিঃ॥৪৭॥
চূতারামো যথা ভগ্নঃ পঞ্চবর্ষঃ ফলোপগঃ।
রাজপুত্রশতং তদ্বৎ সোভত্তেণ নিপাতিতম্॥৪৮॥
কুদ্ধাশীবিষসঙ্কাশান্ স্কুমারান্ স্থোচিতান্।
একেন নিহতান্ দৃষ্ট্বা ভীতো হুর্য্যোধনোহভবৎ ॥৪৯॥
বিধিনঃ কুঞ্জরানশ্বান্ পদাতীংশ্চাবমন্দিতান্।
দৃষ্ট্বা হুর্য্যোধনঃ ক্রিপ্রমুপায়াভ্রমর্মিতঃ ॥৫০॥

রথেতি। পরস্তপোহভিমন্তা:। মহীক্ষিতাং রাজ্ঞান্ ॥৪৫॥
প্রাণা ইতি। অমৃং পরং লোকম্। অবনিং ভ্তলম্ ।৪৬॥
ধন্বীতি। নিরস্কৃন্ চালকান্ সারথীন্। সালদান্ সকেব্রান্ ॥৪৭॥
চ্তেতি। চ্তানামাত্রকাণামারাম উত্থানম্। ফলোগগং ফলজননোমূধ: ॥৪৮॥
কুন্দেতি। জুদ্ধাশীবিষসভাশান্ জুদ্ধতীক্ষবিষসর্পত্ল্যান্, স্কুমাবান্ কোমলান্ ॥৪৯॥
রথিন ইতি। উপায়াৎ যোদ্ধ্যাগচ্ছৎ, ভমভিমন্ত্যন্, অম্বিড: জুদ্ধ: ॥৫০॥

রাজা। ক্রমে শক্রসন্তাপকারী অভিমন্যু রথচর্য্যা এবং অন্ত্রপ্রযোগনৈপুণ্যে বাজাদের দেহ সকল শত শতভাবে বিদীর্ণ করিতে থাকিলেন ॥৪৫॥

বাজা! অভিমন্তা স্থার বাণসমূহদারা যুদ্ধে প্রাণিগণের প্রাণ প্রেরণ করিতে লাগিলে, সেগুলি পবলোকে যাইতে লাগিল এবং শরীবগুলি ভূতলে পড়িতে থাকিল ॥৪৬॥

অভিমন্ম তখন নিশিত শবসমূহদ্বাবা শত্রুগণেব ধনু, অশ্ব, সাবথি, ধ্বন্ধ, কেয়ুরযুক্ত বাহু ও মস্তক ছেদন করিতে লাগিলেন ॥৪৭॥

বায় যেমন পঞ্চবর্ষবয়ক্ষ এবং ফলজননোমুখ আদ্রবনকে ভগ্ন কবিযা নিপাতিত কবে, সেইৰূপ অভিমন্যু বছ বাজপুত্রকে নিহত করিয়া নিপাতিত করিলেন ॥৪৮॥

জুদ্ধ-তীক্ষবিষ-সর্গ-তুল্য, কোমল ও স্থুখভোগযোগ্য বান্ধপুত্রগণকে এক অভিমন্যু নিহত কবিষাছেন দেখিয়া দুর্য্যোধন ভীত হইলেন ॥৪৯॥

এবং অভিমন্ম হস্তী, অশ্ব, বথী ও পদাতিদিগকে বিমৰ্দিত কবিয়াছেন দেখিয়া ইর্যোধন ক্রন্ধ হইয়া সত্তর তাঁহার দিকে গমন কবিলেন ॥৫০॥ তযোঃ ক্ষণমিবাপূর্ব্বঃ সংগ্রামঃ সমপন্তত।
অথাভবত্তে বিমুখঃ পুত্রঃ শরশতার্দ্দিতঃ ॥৫১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ববি
অভিমন্ত্যবধে তুর্য্যোধনপরাজয়ে চম্বারিংশোহধ্যায়ঃ॥০॥ #

0 * 0 -----

একচত্বারিৎশোইধ্যায়ঃ।

———(ঃ*ঃ)——— ধৃতরাষ্ট্র উবাচ।

যথা বদসি মে সূত। একস্থ বহুভিঃ সহ।
সংগ্রামং ভুমূলং ঘোরং জয়ঞৈব মহাত্মনঃ ॥১॥
অশুদ্ধেয়মিবাশ্চর্য্যং সৌভদ্রস্থাথ বিক্রমম্।
কিন্তু নাত্যভুতং মন্থে যেবাং ধর্মো ব্যপাশ্রয়ঃ ॥২॥ (যুগাকম্)

তয়েরিতি। অপূর্বঃ অভ্তঃ। সমপন্থত সমজায়ত। তে তব পূত্রো ত্র্যোধনঃ ॥৫১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতারাং মহাভারত-টাকায়াং ভারতকোম্দীসমাধ্যায়াং দ্রোণপর্বাণী
অভিমন্তাবধে চন্দারিংশোহধ্যায়ঃ ॥•॥

----(::)-----

যথেতি। হে স্ত। সাব্যবিংশীয় সঞ্জয়। মহাজ্মনঃ অভিমক্ষো:। অপ্রদ্ধেয়-মবিশ্বাশুমিব মক্স ইতি সম্বন্ধ:। যেষাং পাগুবানান্। অভিমক্তোন্তংপক্ষীয়ন্তাদিতি ভাব: ॥১—২॥

তথন ক্ষণকাল তাঁহাদের অদ্ভূত যুদ্ধ হইল। তাহার পব আপনার পুত্র (তুর্বোধন) অভিমন্মার বাণসমূহে পীড়িত হইয়া বিমুখ হইলেন" ॥৫১॥

ধৃতবাট্র বলিলেন—"সঞ্জয় ৷ তুমি যে আমার নিকটে বছ বীরের সহিত এক অভিমন্তার তুমুল ও ভযঙ্কর যুদ্ধেব কথা এবং সেই মহাত্মাবই জযের কথা বলিলে, সে বিষয়ে অভিমন্তার বিক্রমটাকে অবিশ্বাস্ত আশ্চর্য্যের স্থায বোধ

⁽৫১) তয়ো: কণমিবাপূর্ণ: সংগ্রামস্তম্লোহভবৎ—পি ব, ···ক্ষণমিবাপূর্ণ:—বা, ···শর-শতাহত:—বা নি । * '···চতৃশ্চমারিংশোহধ্যায়ং' ব, '···পঞ্চমারিংশোহধ্যায়ঃ' বা রা নি । (২)···কিস্ত নাত্যভূতং তেবাম্—বা নি ।

ছুর্য্যোধনে চ বিমুখে রাজপুত্রশতে হতে। সৌভজে প্রতিপত্তিং কাং প্রত্যপদ্যন্ত মামকাঃ॥৩॥ সঞ্জয় উবাচ।

সংশুক্ষাস্থাশ্চলন্নেত্রাঃ প্রস্থিন্না বোমহর্ষিণঃ।
পলায়নক্তোৎসাহা নিরুৎসাহা দ্বিষ্ক্রমে ॥৪॥
হতান্ ভ্রাত্বন্ পিতৃন্ পুত্রান্ স্বস্থৎসম্বন্ধিবান্ধবান্।
উৎস্ক্রোৎস্ক্র্য সংজগা,স্থরয়ন্তো হয়দ্বিপান্ ॥৫॥ (য়ুগ্মকম্)
তান্ প্রভ্যাংস্তথা দৃষ্ট্বা দ্রোণো দ্রোণির্বহদলঃ।
ক্রপো তুর্য্যোধনঃ কর্ণঃ ক্রত্বর্দ্মাথ সৌবলঃ ॥৬॥
ভাত্যধাবন্ স্থসংক্রন্ধাঃ সৌভদ্রস্পবাজিতম্।
তে তু পোত্রেণ তে রাজন্ ! প্রায়শো বিমুখীক্রতাঃ ॥৭॥ (য়ুগ্মকম্)

হুর্যোধন ইতি। প্রতিপত্তিং প্রতিবিধানম্, প্রতাপদ্বস্ত প্রাপ্নুবন্ অকুর্বন্ । আ সমিতি। সংশুদ্ধণি আস্থানি বদনানি যেষাং তে, প্রশ্বিরা বর্মাক্তাঃ। স্থস্কদঃ সথাষঃ, সহন্ধিনঃ ভালকাঃ, বাদ্ধবাশ্চ মাতৃলাদযন্তান্। হয় হিপান্ বাহনী ভূতান্ ॥৪—৫॥ ভানিতি। ক্রৌণিরশ্বখামা। সৌবলঃ শকুনিঃ। পৌত্রেণ অভিমন্থানা ॥৬—৭॥

কবিলেও আমি অতি আশ্চর্য্য মনে ববি না। কাবণ, বাঁহাদেব ধর্ম্ম অবলম্বন রহিয়াছেন ॥১——২॥

সে যাহা হউক, বহুবাজপুত্র নিহত এবং দুর্য্যোধন পরাদ্মুখ হইলে, আমাব পক্ষের যোদ্ধারা অভিমন্মবিষয়ে কি প্রতিবিধান কবিলেন ?" ॥৩॥

সঞ্জয় বলিলেন—"মহাবাজ। আপনাব পক্ষেব যোদ্ধাবা শুক্ষবদন, চঞ্চলনয়ন, ঘর্মাক্ত ও বোমাঞ্চিতদেহ, পলাযনে উৎসাহী এবং শক্রজযে নিকৎসাহ
হইয়া নিহত ভ্রাতা, পিতা, পুত্র, স্কৃত্বৎ, সম্বন্ধী ও বান্ধবদিগকে পরিত্যাগ কবিযা
কবিয়া নিজ নিজ বাহন হস্তী ও অশ্বগণকে সত্বর চালাইতে থাকিযা যুদ্ধস্থল হইতে
প্রস্থান কবিতে লাগিলেন ॥৪—৫॥

রাজা! তাঁহাদিগকে সেইভাবে ভগ্ন দেখিয়া দ্রোণ, অশ্বথামা, বৃহদ্বল, কুপ, ছুর্যোধন, কর্ণ, কৃতবর্দ্মা ও শকুনি অভ্যন্তক্রুদ্ধ হইয়া অপবাজিত অভিমন্মব দিকে ধাবিত হইলেন। কিন্তু অভিমন্ম্য তাঁহাদেব অনেককেই পরাঘুখ কবিলেন॥৬—৭॥

⁽৪)···রোমহর্ষণাঃ—নি। (৫)···উৎস্জ্যোৎস্ক্র গছন্তি—পি। (৭) অভ্যদ্রবন্
স্বস্কুদ্ধাঃ—পি।

একস্ত স্থপংর্দ্ধো বাল্যাদর্পাচ্চ নির্ভন্নঃ।
ইম্বন্ত্রবিন্দহাতেজা লক্ষণোহর্জ্জনিমভ্যয়াৎ ॥৮॥
তমন্বগেরাস্থা পিতা পুত্রগৃদ্ধী স্থবর্ত্ত ।
অনু ত্র্যোধনঞ্চান্তে স্থবর্ত্ত মহারথাঃ ॥৯॥
তং তেহভিসিষিচুর্ব্বাণেমে ঘা গিরিমিবান্থভিঃ।
স ভু তান্ প্রমমাথৈকো বিষণ্ বাতো যথান্দান্ ॥১০॥
পৌত্রং তব চ তুর্দ্ধর্ণং লক্ষাণং প্রিয়দর্শনম্।
পিতৃঃ সমীপে তিষ্ঠন্তং শূরমুদ্যতকান্মু কম্ ॥১১॥
অত্যন্তস্থখসংরদ্ধং ধনেশ্বরস্থতোপমম্।
আসসাদ রণে কার্ফির্ম তো মত্তমিব দ্বিপম্ ॥১২॥ (যুগ্মকম্)
লক্ষণেন তু সংগম্য সোভদ্রঃ পরবীরহা।
শব্রঃ স্থনিশিতৈস্তীক্ষের্ব্বাহ্বোক্ররসি চার্পিতঃ ॥১৩॥

এক ইতি। ইম্বাবিং বাণাব্রজ্ঞা, লম্মণো হর্ষ্যোধনপুত্রঃ। সন্ধিরার্ষঃ ॥৮॥
তমিতি। অন্বক্ অন্থগামী, পুত্রগৃদ্ধী পুত্রবংসলঃ। উভয়ত্রৈব কর্মপ্রবচনীয়ত্বাদ্ধিতীয়া॥৯॥
তমিতি। তমভিমন্থান্। প্রমাণ অন্ধ্রামাস, বিষগ্বাতঃ সমস্তাদাগতো বায়ঃ॥১০॥
পৌত্রমিতি। পিতৃত্র্যোধনক্ষ। ধনেশ্বরস্তোপমং ক্বেরপুত্রত্ল্যন্॥১১—১২॥
লক্ষণেনেতি। উরসি বক্ষসি, আর্পিতঃ গীডিতঃ॥১০॥

কিন্তু স্থপংবৃদ্ধ, বাল্য ও দর্পবশতঃ নির্ভযচিত্ত, বাণাস্ত্রজ্ঞ ও মহাতেজা লক্ষ্মণ অভিমন্ত্রাব দিকে ধাবিত হইলেন ॥৮॥

তখন উহার পিতা পুত্রবৎসল হুর্য্যোধন উহার পিছনে চলিলেন এবং অন্ত মহারথেরাও হুর্য্যোধনের অনুসরণ কবিতে লাগিলেন ॥১॥

তাহার পব মেঘ যেমন পর্বতের উপবে জল বর্ষণ কবে, সেইরূপ তাঁহারা অভিমন্মার উপরে বাণ বর্ষণ করিতে থাকিলেন। তখন ঘূর্ণী বাযু যেমন মেঘ সকল অপসাবিত করে, সেইরূপ অভিমন্মা তাঁহাদিগকে অপসারিত করিলেন॥১০॥

তৎপরে মন্ত হস্তীর নিকটে যেমন মন্ত হস্তী উপস্থিত হয়, সেইরূপ আপনাব পোত্র, ছর্দ্ধর্য, প্রিযদর্শন, পিতার নিকটে অবস্থিত, বীব, উন্তোলিতকাম্মুক, অত্যস্তস্থ্যে বৃদ্ধিপ্রাপ্ত ও কুবেবপুত্রতুল্য লক্ষ্মণের নিকটে অভিমন্ম উপস্থিত হইলেন ॥১১—১২॥ সংকুদ্ধা বৈ মহাবাহুর্গগুহত ইবোরগঃ।
পৌত্রস্তব মহারাজ। তব পৌত্রমভাষত ॥১৪॥
স্থাকৃটঃ ক্রিয়তাং লোকো ছ্যুং লোকং গমিয়িসি।
পশ্যতাং বান্ধবানাং ছাং নয়ামি যমসাদনম্॥১৫॥
এবমুক্ত্বা ততো ভল্লং সোভদ্রঃ পরবীরহা।
উৎসদর্জ মহাবাহুর্নির্মুক্তোরগসন্নিভম্ ॥১৬॥
স তম্ম ভুজনিম্মুক্তো লক্ষ্মণস্থ স্থদর্শনম্।
স্থনসং স্থভ্রু কেশান্তং শিরোহহার্যীৎ সকুগুলম্।
লক্ষ্মণং নিহতং দৃষ্ট্বা হাহেছ্যুচ্চুক্রুশুর্জনাঃ॥১৭॥

সমিতি। উরগ: দর্প:। পৌতোহভিমস্থা:। পৌতং লন্মণম্ ॥১৪॥
স্বদৃষ্ট ইতি। হি যন্মাৎ, অমুং পরং লোকম্। বান্ধবানামিত্যনাদরে ষষ্ঠী ॥১৫॥
এবমিতি। নিমুক্ত: ত্যক্তচর্মা য উরগ: সর্পস্তৎসন্নিভম্ ॥১৬॥

দ ইতি। শোভনা নাসা যত্ত তৎ, শোভনে ক্রবৌ যত্ত তৎ, কেশৈরস্তম্ অভিস্থন্দরম্-"অস্তঃ প্রান্তেংস্তিকে নাশে স্বরূপেংতিমনোহরে" ইতি বিশ্বঃ। উচ্চ্, ক্রেণ্ডরুটেচ কচুঃ। ষট্-পালোংফং শ্লোকঃ ॥১ ৭॥

তখন লক্ষ্মণ স্থানিশিত ও তীক্ষ্ম শবসমূহদ্বাবা বিপক্ষবীবহস্তা অভিমন্ত্যুব বাহুযুগলে ও বক্ষস্থলে আঘাত কবিলেন ॥১৩॥

মহারাজ। এই সমযে দণ্ডভাডিত সর্পেব ন্থায মহাবান্থ আপনার পৌত্র (শভিম্মু) অত্যস্তক্রুদ্ধ হইয়া আপনাব পৌত্রকে (লক্ষ্মণকে) বলিলেন—॥১৪॥

'লক্ষণ! তুমি জগৎটাকে ভাল কবিষা দেখিয়া লও। কারণ, ইহাব পরে তুমি পবলোকে যাইবে। তোমাব বান্ধবগণেব সমক্ষেই আমি তোমাকে যমালয়ে পাঠাইতেছি'॥১৫॥

এইরপ বলিয়া মহাবাস্থ ও বিপক্ষবীবহস্তা অভিমন্যু খোলসশৃশু সর্পের তুল্য একটা ভল্ল নিক্ষেপ করিলেন ॥১৬॥

অভিমন্মাব বাহুনিক্ষিপ্ত সেই ভল্লটা যাইয়া লক্ষ্মণেব স্থদৃষ্ঠা, স্থলব নাসিকা ও জাযুক্ত, কেশবিক্যাসে অভিমনোহর এবং কুগুলসমন্থিভ মস্তকটীকে হরণ করিল। তথন লক্ষ্মণকে নিহত দেখিয়া তত্রভা লোকেরা উচ্চস্ববে হাহাকার করিতে লাগিল ॥১৭॥

^{(&}gt;৪) मध्कूरका देव महात्राख! वा नि। (>७) .. छेष्वर्व्ह महावाहः -- वा व त्रा नि।

ততো হুর্যোধনঃ ক্রুদ্ধঃ প্রিয়ে পুত্রে নিপাতিতে।
হতৈনমিতি চুকোশ ক্রিয়ান্ ক্রিয়র্বভঃ ॥১৮॥
ততো দ্রোণঃ ক্বপঃ কর্ণো দ্রোণপুত্রো রহদ্বলঃ।
কৃতবর্মা চ হার্দিক্যঃ ষড় রখাঃ পর্য্যবারয়ন্ ॥১৯॥
স তান্ বিদ্ধা শিতৈর্বাণৈর্বিমুখীকৃত্য চার্চ্জুনিঃ।
বেগেনাভ্যপতৎ ক্রুদ্ধঃ সৈদ্ধবস্থ মহদ্বলম্ ॥২০॥
আবক্রস্তম্ম পন্থানং গজানীকেন দংশিতাঃ।
কলিঙ্গাল্ড নিষাদাল্ড ক্রাথপুত্রশ্চ বীর্য্যবান্।
তৎ প্রসক্রেবাত্যর্থং যুদ্ধমাসীদ্বিশাংপতে। ॥২১॥
ততন্তৎ কুঞ্জরানীকং ব্যধমদৃধ্রত্বমার্জ্বনিঃ।
যথা বায়্রনিত্যগতির্জলদান্ শতশোহন্তরে ॥২২॥

তত ইতি। হত বৃহং নাশয়ত, এনমভিমহায়, চুক্রোশ উচ্চৈক্লবাচ ॥১৮॥
তত ইতি। হার্দিকো হাদকপুত্র: ক্লতবর্শেক:। পর্যাবার্যন্ অভিমন্থাং পর্যাবেইস্ত ॥১৯॥
ন ইতি। নৈম্বত্য বৃহ্যবার্বশিবো জয়ন্ত্রপত্ম ॥২০॥
আবক্রবিতি। দংশিতা: ক্লতসন্নাহা:। প্রস্তুৎ প্রত্পার্লগ্রন্। ষ্ট্পানোহয়ং শ্লোক: ॥২১॥
তত ইতি। ব্যধ্যৎ ব্যনাশয়ৎ, ধৃষ্টং প্রগল্ভং রণোয়ান্তমিতার্থ: ॥২২॥

প্রিয় পুত্র নিহত হইলে ক্ষত্রিযশ্রেষ্ঠ ত্বর্যোধন ক্রুদ্ধ হইয়া উচ্চস্ববে ক্ষত্রিয়-গণকে বলিলেন—'আপনারা এটাকে বধ করুন'॥১৮॥

তাহাব পর দ্রোণ, কুপ, কর্ণ, অশ্বত্থামা, বৃহদ্বল ও হুদিকপুত্র কৃতবর্দ্ধা এই ছয় জন বথী যাইযা অভিমন্মকে পবিবেষ্টন করিলেন ॥১৯॥

তখন অভিমন্ম ক্রেদ্ধ হইয়া স্থাব বাণদারা তাড়নপূর্ববক তাঁহাদিগকে পবাদ্মুখ করিয়া বেগে জয়দ্রথেব বিশাল সৈত্যের দিকে ধাবিত হইলেন ॥২০॥

সেই সময়ে যুদ্ধসভ্জায় সভ্জিত কলিন্ধ ও নিষাদদেশীয় যোদ্ধারা এবং বলবান ক্রাথপুত্র যাইয়া হস্তিসৈশুদ্ধারা অভিমন্তার পথ রোধ করিলেন। নরনাথ! তখন প্রস্পরসংলগ্ন অবস্থাতেই যেন গুরুত্ব যুদ্ধ হইতে লাগিল॥২১॥

ক্রমে সর্ববদা গমনশীল বায়ু যেমন আকাশে শত শত মেঘ বিনাশ কবে, সেইরূপ অভিমন্মও সেই রণোনাত্ত হস্তিসৈন্সকে বিনাশ করিলেন ॥২২॥

⁽১৮) - ক্ষত্রিযর্বভ !—পি। (২০) ভাংস্ক বিদ্ধা—বা নি। (২২) - ন্যুধমদৃদৃপ্তমার্জ্নিঃ - পে। বিবান্ নিভাগতিঃ—পি।

ততঃ জাথঃ শরবাতৈরার্জ্জনিং সমবাকিরং।
অথেতরে সমির্ত্তাঃ পুনদ্রেণিমুখা রথাঃ।
পরমান্ত্রাণি ধুঝানাঃ সোভদ্রমভিত্নজকুঃ॥২৩॥
তান্ নিবার্য্যার্জ্জনির্বাণেঃ জাথপুত্রমথার্দ্ধরং।
শবোদেণাপ্রমেয়েণ স্বরমাণো জিঘাংসয়া॥২৪॥
সধর্ম্বাণকেযুরো বাহু সমুকুটং শিরঃ।
ছত্রং ধ্বজং নিয়ন্তারমশ্বাংশ্চাস্ত অপাতরং॥২৫॥
কুলশীলঞ্চতবলৈঃ কীর্ত্ত্যা চান্ত্রবলেন চ।
যুক্তে তন্মিন্ হতে বীরাঃ প্রায়শো বিমুখাহভবন্॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ববি অভিমন্ত্যুবধে ক্রাথপুত্রবধে একচত্বারিংশোহধ্যায়ঃ ॥ ০॥ #

ভত ইতি। জাথ: জাথপুত্র:, শরাণাং ত্রাতৈঃ সমূহৈঃ। ধুয়ানাকালমন্তঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

ভানিতি। প্রমাতৃং সংখ্যাতৃমশক্যেনেতি অপ্রমেরেণ, জিঘাংসরা হস্কমিচ্ছয়া ॥২৪॥
সেতি। নিরস্তারং সারথিন, অস্ত ক্রাথপুক্রস্ত ॥২৫॥
কুলেতি। • কুলং সহংশং শীলং সংস্কভাবং শ্রুতং শাস্তক্রানং বলং শক্তিশ্চ তৈঃ ॥২৬॥
ইতি মহামহোপাধাার-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাদীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারতটীকারাং ভারতকৌম্দীসমাধ্যায়াং ক্রোণপর্কণি
অভিমন্ত্যবধে একচন্তারিংশোহধাায়ঃ ॥•॥

তদনস্তর ক্রাথপুত্র বাণসমূহদ্বাবা অভিমত্মকে আর্ত করিয়া ফেলিলেন। তৎপরে দ্রোণপ্রভৃতি অপর রথীরাও পুনবায় ফিবিয়া উত্তমান্ত্র সকল সঞ্চালন করিতে করিতে অভিমত্মর দিকে ধাবিত হইলেন॥২৩॥

তথন অভিমন্ম বাণদাবা তাঁহাদিগকে নিবারণ কবিযা বধ কবিবার ইচ্ছায ত্বান্বিত হইয়া অসংখ্য বাণদারা ক্রাথপুত্রকে পীড়ন করিলেন ॥২৪॥

ক্রমে অভিমন্যু ক্রাথপুত্রের ধনু বাণ ও কেঘূবযুক্ত বাহুযুগল, মুকুটশোভিত মস্তক, ছত্র, ধ্বন্ধ, সাবথি ও অশ্বগুলিকে ছেদন কবিযা নিপাতিত কবিলেন ॥২৫॥

কুল, শীল, শান্তুজ্ঞান, শক্তি, কীর্ত্তি ও অন্তবনসম্পন্ন ক্রাথপুত্র নিহত হইলে, প্রায় বীরেরাই বিমুখ হইলেন' ॥২৬॥

⁽२०) ७७: क्काः पत्रवारे७ त्राकानः ममनानमन्—नि । (२८) काथभू व्यवस्य प्रदर्भनि । (२८) काथभू व्यवस्य प्रदर्भनि । (२८) काथभू व्यवस्य का नि । (२७) क्ष्मी न क्ष्मी वि । क्ष्मी न । क्ष्म

ati4 (२>)-8e

দ্বিচত্বারিৎশো>ধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

·2#3---

তথা প্রবিষ্টং তরুণং সোভদ্রমপরাজিতম্।
কুলাসুরূপং কুর্বাণং সংগ্রামেম্বপলায়িনম্ ॥১॥
আজানেয়েঃ স্থবলিভির্যান্তমশ্বৈস্ত্রিহায়নৈঃ।
প্রবমানমিবাকাশে কে শুরাঃ সমবারয়ন্ ॥২॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

অভিমন্যঃ প্রবিশ্যেব তাবকান্ নিশিতৈঃ শরৈঃ।
অকরোৎ পার্থিবান্ সর্ব্বান্ বিমুখান্ পাণ্ডুনন্দনঃ॥৩॥
তং ভু দ্রোণঃ কুপঃ কর্ণো দ্রোণিশ্চ সর্হদ্বলঃ।
কৃতবর্গা চ হার্দ্দিক্যঃ ষড়্রখাঃ পর্য্যবারয়ন্॥৪॥
দৃষ্ট্বা ভু সৈদ্ধবে ভারমতিমাত্রং সমাহিতম্।
সৈত্যং তব মহারাজ! যুধিষ্ঠিরমুপাদ্রবৎ॥৫॥

ভথেতি। কুলাহকণং যুদ্ধাদিকার্য্যমিতি শেষঃ। আজানেরৈঃ সংকুলজাতৈঃ ॥১—২॥ অভীতি। পাত্ত্ব, পাত্তবপক্ষান্ নন্দরতি যুদ্ধাদিনা হর্ষয়তীতি সং ॥০॥ তমিতি। হার্দিকো হনিকপুত্রঃ কুতবর্শেক ইতি বট্সংখ্যোপপত্তিঃ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্চয়! যুবক, অপরাজিত, বংশেব অনুবাপকার্য্যকারী ও যুদ্ধে অপলায়ী অভিমন্য সেইভাবে জয়দ্রথসৈত্যমধ্যে প্রবেশ করিয়া সংকুল-জাত, অত্যন্ত বলবান ও ত্রিবর্ষবয়ক্ষ অশ্বগণের গুণে আকাশে লক্ষন করিয়া করিয়াই যেন গমন কবিতে লাগিলে, কোন্ বীরেরা ভাষাকে বারণ করিতে লাগিলেন ?" ॥১—২॥

সঞ্জয় কহিলেন—"বাজা। পাশুবপক্ষের আনন্দজনক অভিমন্যু জয়দ্রথ-সৈন্মধ্যে প্রবেশ কবিয়াই স্থাব বাণসমূহদারা আপনার পক্ষের সমস্ত বাজাকে পরাদ্ম্য করিয়া ফেলিলেন ॥৩॥

তখন দ্রোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা, বৃহদ্বল ও হৃদিকপুত্র কৃতবর্ম্মা এই ছয জন রথী তাঁহাকে বারণ কবিতে লাগিলেন ॥৪॥

⁽১)…गः शाराषभना जिष्म्—ता व ना नि। (०) ... श्रविरेशकोन्—ता नि।

সোভদ্রমিতরে বীরমভ্যবর্ষন্ শরাম্বুভিঃ।
তালমাত্রাণি চাপানি বিকর্ষন্তো মহাবলাঃ॥৬॥
তাংস্ত সর্বান্ মহেম্বাসান্ সর্ববিত্যান্থ নিষ্ঠিতান্।
ব্যইস্ভযদ্রণে বাণৈঃ সোভদ্রঃ পরবীরহা॥৭॥
দ্রোণং পঞ্চাশতাবিধ্যদ্বিংশত্যা চ রহম্বলম্।
অশীত্যা কৃতবর্মাণং কৃপং যন্ট্যা শিলীমুখৈঃ॥৮॥
কৃত্রপুদ্রেমহাবেগেরাকর্ণসমচোদিতৈঃ।
অবিধ্যদ্দশভির্বাণেরশ্বপামানমার্জ্জ্নিঃ॥৯॥
কর্ণঞ্চ কর্ণিনা কর্ণে পীতেন নিশিতেন চ।
ফাস্কুনির্দ্বিষতাং মধ্যে বিব্যাধ পরমেষুণা॥১০॥

দৃষ্টে । সৈত্ববে সিরুরাজে জয়ড়তে, ভারং বৃাহঘাররক্ষারপং ছফরং কার্য্যম্ ॥৫॥
সোভদ্রমিতি। শরাস্ভিরিত্যনেন বীরে গিরিরপত্ম ব্যজ্ঞতে। তালমাত্রাণি হত্তচতুষ্টরমাত্রাণি ॥৬॥

তানিতি। সর্ববিদ্যাস্থ যুদ্ধসম্বন্ধিনীবৃ, নিষ্টিতান্ অভিনিবিষ্টান্। ব্যইজ্বৎ ক্সবাররৎ ॥।॥
তরিবারণপ্রকারমাহ দ্রোণমিতি। শিলীম্থৈবালৈঃ ॥৮॥
করেতি। রুক্সপুট্থাঃ স্বর্ণধিচিতমুলদেশৈঃ, আকর্ণসমচোদিতৈঃ কর্ণপর্যন্তারুষ্টধ্যু মু কৈঃ॥৯॥
কর্ণমিতি। কর্ণিনা তদাধ্যেন, পীতেন স্বর্ণধিচিতত্বাৎ পীতবর্ণেন। ফাল্পনিরভিম্যাঃ॥১।॥

মহাবাজ। ওদিকে জযদ্রথেব উপবে গুক্তর ভার গুল্ক বহিয়াছে দেখিয়া আপনার সৈগ্রেবা যুখিন্ঠিবেব দিকে ধাবিত হইল ॥৫॥

আব অন্য মহাবলেবা হস্তচতুষ্টযপ্রমাণ ধনু আকর্ষণ করতঃ বীব অভিমন্যুরূপ পর্ববতের উপরে বাণরূপ জল বর্ষণ কবিতে থাকিলেন ॥৬॥

বিপক্ষবীরহস্তা অভিমন্যুও বাণদ্বারা মহাধনুর্দ্ধর ও সমগ্র মুদ্ধবিভায অভি-নিবিষ্ট সেই সকল বীবকে যুদ্ধে নিবাবণ করিলেন ॥৭॥

তিনি পঞ্চাশটাদ্বারা দ্রোণকে, কুড়িটাদ্বারা বৃহদ্বলকে, আশীটাদ্বাবা কৃত-বর্ম্মাকে এবং ষাট্টা বাণদ্বাবা কৃপকে বিদ্ধ করিলেন ॥৮॥

তৎপরে অভিমন্ম স্বর্ণপুঞা, মহাবেগশালী এবং কর্ণপর্যান্ত আকৃষ্ট কাম্মুকনিক্ষিপ্ত দশটা বাণদ্বারা অশ্বত্থামাকে তাডন করিলেন ॥১॥

তাহাব পব অভিমন্ম শক্রমধ্যে পীতবর্ণ ও স্থধার কর্ণিনামক একটা উত্তম বাণদ্বাবা বর্ণের কর্ণদেশে আঘাত করিলেন ॥১০॥

⁽৬) বিকর্ষস্থো মহারথা:—বা নি। (১০) ... পীতেন চ শিতেন চ — বা नि।

পাতয়িত্বা কৃপস্থাশ্বাংস্তথোভোঁ পার্ফিদারথী।
অথৈনং দশতির্বাণেঃ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ॥১১॥
ততো বৃন্দারকং বীরং কুরূণাং কার্ত্তিবর্দ্ধনম্।
পুত্রাণাং তব বীরাণাং পশ্যতামবধীদ্বলী ॥১২॥
তং দ্রৌণিঃ পঞ্চবিংশত্যা ক্ষুদ্রকাণাং সমার্পয়ৎ।
বরং বরমমিত্রাণামারুজন্তমভীতবৎ ॥১৩॥
স তু বাণৈঃ শিতৈস্তর্গুং প্রত্যবিধ্যত মারিষ!।
পশ্যতাং ধার্ত্তরাষ্ট্রাণামশ্বত্থামানমার্জ্জনিঃ॥১৪॥
ষক্ট্যা শরাণাং তং দ্রৌণিস্তিক্মধারেঃ স্থতেজনৈঃ।
উত্তর্নাকম্পয়িদ্ধা মৈনাকমিব পর্ব্বতম্॥১৫॥
স তু দ্রৌণিং ত্রিসপ্রত্যা হেমপুর্বেরজিক্ষাগৈঃ।
প্রত্যবিধ্যন্মহাতেজা বলবানপকারিণম্॥১৬॥

পাতরিত্বেতি। পাঞ্চিনারথী রথস্থ পৃষ্ঠবর্তিনো চালকো। স্থনান্থবে বক্ষসি ॥১১॥
তত ইতি। বৃন্দারকং নাম। পূতাণামিতানাদরে ষষ্ঠী। বলী অভিমন্তাঃ ॥১২॥
তমিতি। সমার্পবং অপীভ্রং। অমিত্রাণাং শত্রণাম্, আরুজ্ঞং পীভয়স্তম্ ॥১৩॥
স ইতি। শিতৈঃ শিলাষাং ঘর্ষণেন স্থধারী কৃতিঃ। আর্জ্ঞ্নিরভিমন্ত্যঃ ॥১৪॥
বস্তোতি। দ্রৌণিরম্বথামা। স্থভেজনেঃ অতীবোজ্জলৈঃ ॥১৫॥
স ইতি। অজিন্ধগৈঃ সরলগামিভির্বাণেঃ। অপকারিণং মার্গরোধাদিকরণাং ॥১৬॥

তদনন্তর তিনি কুপাচার্য্যেব চাবিটা অশ্ব এবং চুই জন পৃষ্ঠসাবথিকে নিপাতিত করিয়া দশটা বাণদারা কুপাচার্য্যেব বক্ষস্থলে প্রহাব কবিলেন ॥১১॥

রাজা! তৎপবে বলবান্ অভিমন্যু আপনাব বীরপুত্রগণেব সমক্ষেই কৌরব-গণেব কীর্ত্তিবর্দ্ধক বীব বুন্দাবককে বধ করিলেন ॥১২॥

এইভাবে অভিমন্য শত্রুপঙ্গেব প্রধান প্রধান যোদ্ধাকে পীড়ন কবিতে থাকিয়া নির্ভয়েব ক্যায় বিচৰণ করিতে থাকিলে, অশ্বত্থামা পঁচিশটা ক্ষুদ্রকদ্বারা তাঁহাকে ভাড়ন কবিলেন ॥১৩॥

মাননীয় রাজা। অভিমন্যুও তথন ধার্ত্তরাষ্ট্রগণেব সমক্ষেই সত্বব নিশিত শরসমূহদারা অশ্বত্থামাকে প্রতিবিদ্ধ করিলেন ॥১৪॥

ক্রমে অশ্বথামা ভীক্ষধাব, অত্যন্ত উচ্ছল ও ভয়ঙ্কব যাট্টা বাণদ্বাবা অভি-মন্মাকে বিদ্ধ কবিয়াও মৈনাকপর্বতেব স্থায় বিচলিত করিতে পাবিলেন না ॥১৫॥

⁽১১) ঘাতয়িতা কপস্থাখান্—পি। (১৫)…তির্যাগ্ধারৈ: হুতেজনৈ:—পি ব।

তিমিন্ দোণো বাণশতং পুত্রগৃদ্ধী অপাতয়ৎ।
অখথামা তথা ষষ্টিং পরীক্ষন্ পিতরং রণে ॥১৭॥
কর্ণো দ্বাবিংশতিং ভল্লান্ কুতবর্মা চ বিংশতিম্।
রহদ্বলম্ভ পঞ্চাশৎ কুপঃ শারদ্বতো দশ ॥১৮॥
তাংস্ত প্রত্যবধীৎ সর্ববান্ দশভিদ শভিঃ শরৈঃ।
তৈরদ্যমানঃ সোভদ্রঃ সর্বতো নিশিতৈঃ শরৈঃ॥১৯॥
তং কোশলানামধিপঃ কর্ণিনাহতাড়য়দ্ধূদিঃ।
স তত্যাম্বান্ ধ্বজং চাপং সূতঞ্চাপাতয়ৎ ক্ষিতো ॥২০॥
অথ কোশলরাজস্ত বিরথঃ থড়গচর্মাভ্ছ।
ইয়েষ ফাল্পনেঃ কায়াচ্ছিরো হর্ত্তুং সকুগুলম্॥২১॥
স কোশলানামধিপং রাজপুত্রং রহদ্বলম্।
ছদি বিব্যাধ বাণেন স ভিত্তদ্বেয়হপতৎ ॥২২॥

ভশিন্নতি। পুত্রগৃদ্ধী পূত্রবংসল:। বৃষ্টিং বাণানাম্, পরীক্ষন প্রাপ্ত,মিচ্ছন্ ॥১৭॥
কর্ণ ইতি। সর্ব্বে ক্যক্ষিপদিতি শেষ:। শারুষ জ: শরধ জ: পুত্র: ॥১৮॥
ভানিতি। অধ্যমান: পীজ্যমান:, সৌজ্জোহন্তিমস্থা: ॥১৯॥
ভামিতি। কর্ণিনা কর্ণিনামকেন বাণবিশেষেণ। স: অভিমন্থা: ॥২০॥
ভাষিতি। কোশলরাজো বৃহ্বল:, বিরথ: স্ভহননেনৈবাকর্মণারথ: ॥২১॥

পবে মহাতেজা ও বলবান্ অভিমন্যু পুনবায স্বৰ্ণপুঞ্চ ত্ৰিসপ্ততিসংখ্যক বাণবাবা অপকারী অৰ্থামাকে প্রতিবিদ্ধ কবিলেন ॥১৬॥

তৎকালে পুত্রবৎসল দ্রোণ একশত বাণ এবং পিতার নিকট গমনার্থী অশ্বত্থামা যাট্টা বাণ অভিমন্তার প্রতি নিক্ষেপ করিলেন ॥১৭॥

ভদনন্তব কর্ণ বাইশ্টা, কৃতবর্মা কুড়িটা, বৃহদ্বল পঞ্চাশটা এবং শবদানেব পুত্র কুপ দশটা ভল্ল নিক্ষেপ কবিলেন ॥১৮॥

তাঁহারা সকল দিক্ হইতে নিশিত শবসমূহদ্বাবা পীড়ন কবিতে লাগিলে, অভিমন্মও দশ দশটা বাণদ্বারা তাঁহাদেব প্রত্যেককে প্রতিবিদ্ধ কবিলেন ॥১৯॥

এই সময়ে কোশলাধিপতি বৃহদ্বল একটা কর্ণিরাবা অভিমন্যুর বক্ষস্থলে তাড়ন করিলেন। তখন অভিমন্যু বৃহদ্বলের অশ্ব, ধ্বজ, ধনু ও সার্থিকে নিপাতিত করিলেন ॥২০॥

তদনস্তব বৃহদ্বল বথবিহীন হইষা তববাবি ও চর্ম্ম (ঢাল) ধারণ করিয়া অভিমন্যুর দেহ হইতে কুগুলযুক্ত মস্তকটী হবণ কবিবার ইচ্ছা করিলেন ॥২১॥

^{(&}gt;१) -- जयशाया जशरही ह—वा नि।

বভঞ্জ চ সহস্রাণি দশ রাজ্ঞাং মহাত্মনাম্।
স্বজ্ঞতামশিবা বাচঃ খড়গকান্মু কধারিণাম্ ॥২৩॥
তথা বৃহদ্বলং হত্মা সৌভদ্রো ব্যচরদ্রণে।
ব্যক্টপ্তরন্মহেম্বাসো যোধাংস্তব শরান্মুভিঃ ॥২৪॥
স কর্ণং কর্ণিনা কর্ণে পুনর্বিব্যাধ ফাল্গুনিঃ।
শরৈঃ পঞ্চাশতা চৈনমবিধ্যৎ কোপরন্ ভূশম্ ॥২৫॥
প্রতিবিব্যাধ রাধেয়স্তাবন্তিরথ তং পুনঃ।
শরৈরাচিতসর্ববাঙ্গো বহুবশোভত ভারত!॥২৬॥
কর্ণং চাপ্যকরোৎ ক্রুদ্ধো রুধিরোৎশীড়বাহিনম্।
কর্ণোহপি বিবভো শূরঃ শরৈশ্চিত্রোহস্থগাপ্লুতঃ ॥২৭॥

न हेकि। जिन्नकृतमा विषीर्वकाः ॥२२॥

বভঞ্জেতি। বভঞ্জ বিজিগ্যে। স্বন্ধভাং ক্রবতাম্, অশিবা অমন্দলস্চিকা: ॥২০॥

তথেতি। ব্যষ্টভারৎ অবাররৎ। শরা অমূনীব তৈ:। এতেন যোধান ব্যানিবেতি ব্যজ্ঞাতে ॥২৪॥

স ইতি। কর্ণিনা তদাখ্যেন বার্ণেন। কান্ধনিরভিমস্যাঃ ॥২৫॥

প্রতীতি। তাবদ্ধিঃ পঞ্চাশতৈব। আচিতসর্বাদো ব্যাপ্তসকলাবয়বঃ ॥২৬॥

কর্ণমিতি। ক্ষিরত উৎপীড়ং প্রবাহং বহতীতি ভম্। অস্পাপুতো রক্তাক্তঃ ॥২৭॥

তখন অভিমন্য একটা বাণদ্বাবা কোশলদেশাধিপতি বাজপুত্র বৃহদ্বলের হৃদ্য বিদ্ধ কবিলেন ; সেইক্ষণেই তিনি বিদীর্ণহৃদয় হইয়া পতিত হইলেন ॥২২॥

পরে খজা ও চর্দ্মধাবী দৃচচিত্ত দশ সহস্র ক্ষত্রিয় অমঙ্গলসূচক বাক্য বলিতে লাগিলে, অভিমন্ম তাহাদিগকেও পরাজ্য করিলেন ॥২৩॥

মহাধনুর্দ্ধর অভিমন্যু সেইভাবে বৃহদ্বলকে বধ কবিয়া যুদ্ধে বিচরণ কবিতে লাগিলেন এবং জলেব ভাষ বাণ বর্ষণ করিয়া আপনার পক্ষের যোদ্ধাদিগকে বারণ করিতে থাকিলেন ॥২৪॥

ক্রমে অভিমন্যু পুনরায় একটা কর্ণিদাবা কর্ণের কর্ণদেশ বিদ্ধ কবিলেন এবং উহাকে অভ্যন্তক্রুদ্ধ করভঃ পঞ্চাশটা বাণদারা ভাড়ন করিলেন ॥২৫॥

ভরতনন্দন! তখন কর্ণও ততগুলি বাণদারা পুনরায় অভিমন্যুকে বিদ্ধ করিলেন। সেই সময়ে অভিমন্যু বাণব্যাপ্তদেহ হইয়া বিশেষ শোভা পাইতে লাগিলেন॥২৬॥

⁽২৪) ইতঃ পরম্ '···ষ্ট্চতারিংশোহধ্যায়া। সঞ্জয় উবাচ' ব, '···সপ্তচতারিংশোহধ্যায়া। সঞ্জয় উবাচ' বা রা নি । (২৭)···শরৈশিছলোহস্থাপ্নৃতঃ—নি ।

তে তথা শর্রতিত্রাঙ্গে ক্রধিরেণ সমুক্ষিতে।
বন্ধুবন্ধুর্মহাত্মানো পুল্পিতাবিব কিংশুকো ॥২৮॥
অথ কর্ণস্থ সচিবান্ ষট্ শূরাংশ্চিত্রযোধিনঃ।
সাশ্বসূতধ্বজরথান্ সোভদ্রো নিজঘান হ ॥২৯॥
তথেতরান্ মহেম্বাসান্ দশভিদ শভিঃ শরৈঃ।
প্রত্যবিধ্যদসংল্রান্তস্তদন্ত্রমিবাভবং ॥৩০॥
মাগধস্থ পুনঃ পুত্রং হত্মা ষড়্ভিরজিক্ষাগৈঃ।
সাশ্বং সসূতং তরুণমশ্বকেত্মপাতয়ৎ ॥৩১॥
মার্ত্তিকাবতকং ভোজং ততঃ কুঞ্জরকেতনম্।
স্কুরপ্রেণ সমুন্মথ্য ননাদ বিস্কুল্ শরান্॥৩২॥

ভাবিভি। সমৃক্ষিতৌ সিজদেহোঁ। পুপিতৌ সঞ্চাতপুপো ।>৮।

অথেতি। সচিবান্ সহাযান্। চিত্রযোধিনো নানাবিধযুদ্ধকারিণ: ॥২৯॥

ভথেতি। অসংভ্রাপ্ত: অবিচলিভচিত্ত:। একস্ত বছপ্রতিভাডনমেবাভুতমিতি ভাব: ।০০॥

মাগধস্তেতি। মাগধস্ত মগধরাজস্ত জয়ৎসেনস্ত। অজিজগৈর্জাণে: ॥০১॥

মার্ত্তিকেতি। মৃত্তিকাসান্তীতি মৃত্তিকাবান্ দেশ: তন্তায়ং রাজেতি মার্তিকাবতক্তম্ ।০২॥

পরে অভিমন্যু ক্রুদ্ধ হইযা কর্ণের অঙ্গে রক্তের স্রোভ প্রবাহিত করিলেন। তখন বীর কর্ণও অভিমন্যুব বাণে রক্তাক্তদেহ ও বিচিত্রমূর্ত্তি হইয়া শোভা পাইতে থাকিলেন ॥২৭॥

সেই মহাত্মারা চুই জনই বাণ সংলগ্ন হওযায বিচিত্রাঙ্গ ও রক্তাক্তদেহ হইয়া পুষ্পদমন্বিত চুইটা কিংশুকরক্ষেব ভায় হইলেন ॥২৮॥

তাহাব পর অভিমন্যু অশ্ব, সারথি, ধ্বদ্ধ ও রথেব সহিত কর্ণেব সহচব ছয জন বিচিত্রযোধী বীবকে বধ করিলেন ॥২৯॥

এবং তিনি অবিচলিত থাকিয়া দশ দশটা বাণদ্বারা অপব মহাধনুর্দ্ধরদিগকে প্রতিবিদ্ধ করিলেন ; ভাহা যেন অদ্ভূত বলিয়া বোধ হইল।৩০॥

আবার তিনি ছয়টা বাণদ্বাবা চারিটা অশ্ব ও সারথিকে বধ করিয়া মগধরাজ জযৎসেনের পুত্র যুবা অশ্বকেতৃকে নিপাতিত করিলেন ॥৩১॥

ভাহার পর অভিমন্যু একটা ক্ষুবপ্র-(বাণবিশেষ) ছারা মার্ভিবাবতদে^ন্নয গঙ্গধন্জ ভোজকে তাড়ন কবিযা বাণক্ষেপ করতঃ সিংহনাদ করিয়। উঠিলেন ॥৩২॥

⁽२৮) ভাবুভৌ শরচিত্রাঙ্গৌ—বা नि। (০১) মাগধক্ত ভংগ পুত্রন্—বা নি।

তশ্য দৌঃশাসনির্বিদ্ধা চতুর্ভিশ্চতুরো হয়ান্।
সূতমেকেন বিব্যাধ দশভিশ্চার্চ্জনাত্মজম্ ॥৩৩॥
ততো দৌঃশাসনিং কার্ষির্বিদ্ধা সপ্তভিরাশুগৈঃ।
সংরম্ভাক্রজনয়নো বাক্যমুচ্চরথাত্রবীৎ ॥৩৪॥
পিতা তবাহবং ত্যক্ত্বা গতঃ কাপুরুষো যথা।
দিষ্ট্যা ত্বমপি জানীষে যোদ্ধাং ন ত্বত্য মোক্ষ্যসে ॥৩৫॥
এতাবত্মজ্বা বচনং কর্মারপরিমার্জিতম্।
নারাচং বিসমর্জ্জাস্মৈ তং দ্রোণিস্ত্রিভিরচ্ছিনৎ ॥৩৬॥
তত্যার্জ্জনিধর্মজং ছিত্বা শল্যং ত্রিভিরতাড়য়ৎ।
তং শল্যো নবভির্বাণৈগার্দ্ধ পত্রেরতাড়য়ৎ।
হত্যসংভ্রান্তবদ্রাজন্। তদত্ত্তমিবাভবৎ ॥৩৭॥

তত্তেতি। দৌংশাসনির্গংশাসনপুত্রং, চতুর্ভিং শরৈং। স্তং সারথিম্ ॥০০॥
তত ইতি। কার্ফিরভিমস্থাং। আশুগৈর্বাণৈং। সংরভাৎ ক্রোধাৎ ॥০৪॥
পিতেতি। আহবং রণস্থলম্। দিষ্ট্যা ভাগ্যেন। মৌক্ষ্যসে মম হস্তাৎ ॥০৫॥
এতাবদিতি। কর্মারপরিমার্জিভং শিল্পিণবিস্কৃতম্। ক্রোণিরশ্বখামা ॥০৬॥
ভত্তেতি। গৃধাণামিমানীতি গার্জ্বাণি পত্তাণি পক্ষা যেযু তৈং। ষট্পাদোহ্যং শ্লোকং ॥০৭॥

তখন ছংশাসনেব পুত্র যাইয়া চাবিটি বাণদ্বাবা অভিমন্মার চাবিটা অশ্বকে এবং একটা বাণদ্বাবা সার্থিকে বিদ্ধ কবিয়া দশ দশটা বাণদ্বাবা অভিমন্মাকে বিদ্ধ করিলেন ॥৩৩॥

তদনস্তর অভিমন্মও সাভটা বাণদ্বাবা চুঃশাসনেব পুত্রকে বিদ্ধ করিয়া ক্রোধে আবক্তনযন হইযা উচ্চস্ববে এই কথা বলিলেন—॥৩৪॥

'তোমাব পিতা কাপুক্ষেব ন্যায় বণস্থল পরিত্যাগ কবিয়া গিয়াছেন। ভাগ্যবশতঃ তুমিও যুদ্ধ করিতে জান বটে, তবে আজ আমাব হাত হইতে মুক্তি লাভ করিতে পাবিবে না' ॥৩৫॥

এই পর্যান্ত বাক্য বলিয়াই অভিমন্যু শিল্পিবিমার্জিত একটা নাবাচ তুঃশাসনেব পুত্রের উপবে নিক্ষেপ করিলেন ; তখন অশ্বত্থামা তিনটা বাণদ্বাবা সেটাকে ছেদন করিলেন ॥৩৬॥

় পবে অভিমন্যু অশ্বত্থামাব ধ্বজ ছেদন করিয়া তিনটা বাণদ্বাবা শল্যকে তাড়ন করিলেন। রাজা। তখন শল্য অবিচলিতের স্থায থাকিয়া গুধ্রপক্ষযুক্ত

⁽७७) ... जिल्हिराष्ट्रिम १ — वा व द्रा नि।

তত্তার্জ্বনিধ্ব জং ছিত্বা হত্বোভোঁ পার্ফিসারথী।
তং বিব্যাধার সৈঃ ষড় ভিঃ সোহপাক্রামন্তথান্তরম্ ॥৩৮॥
শক্রপ্তরং চন্দ্রকেতৃং মেঘবেগং স্বর্কচসম্।
সূর্য্যভাসঞ্চ পঞ্চৈতান্ তত্বা বিব্যাধ সোবলম্ ॥৩৯॥
তং সোবলন্ত্রিভির্বিদ্ধা তুর্য্যোধনমথাত্রবীৎ।
সর্ব্ব এনং প্রমথীমঃ পুরৈকৈকং হিনন্তি নঃ ॥৪০॥
ভথাত্রবীত্তথা জোণং কর্ণো বৈকর্তনো রণে।
পুরা সর্বান্ প্রমথ্বাতি ক্রছস্ত বধমাশু নঃ ॥৪১॥
ততো জোণো মহেষাসঃ সর্বাংস্তান্ প্রত্যভাষত।
ভাস্তি বাহস্থান্তরং কিঞ্চিৎ কুমারস্থাথ পশ্যত ॥৪২॥

ভশ্রেতি। আর্সেলো হুমরৈর্বাণে:। অপাক্রামৎ অপস্ভ্যাগছৎ তেনা শক্রমমিতি। বিব্যাধ অভিমন্থারেব, সৌবলং স্থবলপুত্রং শকুনিম্ ॥৩৯॥ ভমিতি। পুরা আগামিনি কালে, হিনন্তি বিনাশরিয়তি, নঃ অস্মাকম্ ॥৪০॥ অথেতি। বৈকর্ত্তনঃ স্থাপুত্রঃ। পুরা পরন্মিন্ কালে। বধং বধোপায়ম্ ॥৪১॥ ভত ইতি। অস্তরং ছিদ্রং প্রহাবাবকাশ ইত্যর্থঃ ॥৪২॥

ন্যটা বাণদ্বারা অভিমন্ত্যুব হৃদয়ে পীড়ন কবিলেন; সেটা যেন আশ্চর্য্যের স্থায হইল ॥৩৭॥

ক্রমে অভিমন্যু শল্যের ধ্বজ ছেদন এবং পৃষ্ঠবর্ত্তী সারথি চুই জনকে বধ কবিষা ছয়টা লোহময় বাণদ্বারা শল্যকে বিদ্ধ করিলেন। তখন শল্য অপস্তত হইয়া অন্তর্যে গমন করিলেন ॥৩৮॥

তদনস্তর অভিমন্যু—শত্রুঞ্জয়, চক্রকেতু, মেঘবেগ, স্থবর্চা ও সূর্য্যভাস এই পাঁচ জন বীবকে বধ করিয়া শকুনিকে বিদ্ধ কবিলেন ॥৩৯॥

তথন শকুনি তিনটা বাণদ্বারা অভিমন্মকে বিদ্ধ কবিয়া ছুর্য্যোধনকে বিলিলেন—'আমরা সকলে মিলিয়া ইহাকে বধ কবি। না হইলে, এ পবে আমাদেব এক এক জনকে বধ কবিবে'॥৪০॥

তাহার পর সূর্য্যপুত্র বর্ণও দ্রোণকে সেইরপেই বলিলেন—'আচার্য্য। হয ত অভিমন্ত্যু পরে আমাদের সবলকেই যুদ্ধে বধ কবিবে। অতএব আপনি সত্বর উহার বধের উপায় আমাদেব নিকট বলুন'॥৪১॥

⁽৪॰) · সর্ব্ব এনং নিমথ্বীমঃ—বা, · সর্ব্ব এনং বিমথ্বীমঃ—ব নি। (৪২) · অন্তি বোহস্যান্তরং কশ্চিৎ কুমারস্ত প্রপশ্যতি—পি ব। লোগ (২১)-৪৬

অন্বস্থা পিতরঞ্চান্ত চরতঃ সর্বতো দিশম্।
শীদ্রতাং নরসিংহস্তা পাণ্ডবেয়স্তা পশ্যত ॥৪৩॥
ধনুর্মগুলমেবাস্থা রথমার্গের্ দৃশ্যতে।
সন্দধানস্থা বিশিখান্ শীদ্রক্ষৈব বিমুঞ্চতঃ ॥৪৪॥
আরুজন্মপি মে প্রাণান্ মোহয়ন্নপি সায়কৈঃ।
প্রহর্ষতি মাং ভূয়ঃ সোভদ্রঃ পরবীরহা ॥৪৫॥
অতি মাং নন্দয়ত্যেষ সোভদ্রো বিচরন্ রণে।
অন্তরং যস্তা সংরক্ষা ন পশ্যন্তি মহারখাঃ ॥৪৬॥
অস্ততো লঘুহস্তস্তা দিশঃ সর্ববা মহেষুভিঃ।
ন বিশেষং প্রপশ্যামি রণে গাণ্ডীবধন্ধণঃ ॥৪৭॥
অথ কর্ণঃ পুনদ্রোণমাহার্জ্জনিশরাহতঃ।
স্থাতব্যমিতি তিষ্ঠামি পীত্যমানোহভিমনুনা ॥৪৮॥

অবিতি। অশু পিতরমর্জ্নন্ অমু তৎদদৃশস্তেত্যর্থ:। শীদ্রতামস্ক্রেপে ॥ ৩০॥ ধর্মিরিত। ধর্মিগুলং মগুলীভূতং ধর্মেরে। বিশিখান্ বাগান্ ॥ ৪৪॥ আকর্মিরিত। আরুক্রন্ সমাগ্ ব্যধরন্। ভূয: সাতিশরন্ ॥ ৪৫॥ অতীতি। অতিনল্যতীতি সহন্ধ:। অস্তরং ছিদ্রন্, সংরক্ষা: ক্রুক্ষা: ॥ ৪৬॥ অশুত ইতি। অশুত: ক্রিপতো ব্যাপ্ত্রত ইত্যর্থ:। বিশেষং বৈষ্ম্যন্ ॥ ৪৭॥ অথেতি। আহ ব্রবীতি শা, আর্জ্নেরভিমক্যো: শবৈরাহত: ॥ ৪৮॥

তাহাব পব মহাধনুর্দ্ধব দ্রোণ তাঁহাদেব সকলকে বলিলেন—'এই কুমাবটীব কোন ছিদ্র (ফাঁক্) আছে বা আপনারা দেখিতেছেন কি ? ॥৪২॥

এই নরশ্রেষ্ঠ পাশুবনন্দর্নটী উহার পিতাব গ্রায়ই আজ সকল দিকে বিচবণ করিতেছে; এই অবস্থায় উহার শীব্রতা দেখুন ॥৪৩॥

এ—যে ফ্রন্ত বাণসন্ধান ও বাণক্ষেপ কবিতেছে, এ অবস্থায় বর্থপথে উহাব কেবল মণ্ডলীভূত ধনুখানাই দেখা যাইতেছে ॥৪৪॥

বিপক্ষবীরহস্তা এই স্থভদ্রানন্দন বাণদারা আমার প্রাণ ব্যথিত বা আমাকে মোহিত করিয়াও আমাকে অত্যস্ত আনন্দিত কবিতেছে ॥৪৫॥

এই অভিমন্ম যুদ্ধে বিচৰণ করিতে থাকিয়া আমাৰ অভ্যস্ত আনন্দ জন্মাইতেছে; ক্রুদ্ধ মহারথেবা যাহার কোন ছিব্র দেখিতেছেন না ॥৪৬॥

লঘুহস্ত অভিমন্ম বাণদাবা সকল দিক্ ব্যাপ্ত কবিতেছে। স্থতরাং যুদ্ধে অর্চ্ছ্ন হইতে উহাব কোন বৈষম্য দেখিতেছি না ॥৪৭॥

⁽৪৩) -- পিতরং হাত্য -- পি ব। (৪৬) অতিমানং দধাত্যেয়: -- বা নি।

তেজস্বিনঃ কুমারস্থ শরাঃ পরমদারুণাঃ।
কিণ্বন্তি হৃদয়ং মেহত্ত ঘোরাঃ পাবকতেজসঃ॥৪৯॥
তমাচার্য্যাহব্রবীৎ কর্ণং শনকৈঃ প্রহুসয়িব।
অভেত্যমস্থ কবচং যুবা চাশুপরাক্রমঃ॥৫০॥
উপদিন্টা ময়া চাস্থ পিছুঃ কবচধাবণা।
তামেষ নিখিলাং বেত্তি ধ্রুবং পরপুরঞ্জয়ঃ॥৫১॥
শক্যন্ত্বস্থ ধনুশেচত্তুং জ্যা চ বাণেঃ সমাহিতৈঃ।
অভীষবো হয়াশৈচব তথোভো পার্ষিঃসারথী॥৫২॥
এবৎ কুরু মহেষাস! রাধেয়। যদি শক্যতে।
অথবং বিমুখীরুত্য পশ্চাৎ প্রহুরণং কুরু॥৫৩॥

তেমবিন ইতি। ক্লিথন্তি বিদারয়ন্তি। পাবকত্ম বহুেরিব তেজাে যেহাং তে ॥৪৯॥
তমিতি। অতঃ ক্রচভেদেন দেহভেদঃ ধর্মন্তব এবেতি ভাবঃ ॥৫০॥
নবীদৃশমত্মাভেদ্যং ক্রচং কুত ইত্যাহ উপেতি। পিতৃরজ্নতা ॥৫১॥
শক্ষমিতি। জ্যা চ চ্ছেত্ত্বং শক্ষেত্যাদিক মৃহনীয়ন্। অভীয়বঃ অশ্বম্ধরভ্জবঃ ।৫২।
এতদিতি। হে রাধেয়। কর্ব। পশ্চাং পৃষ্ঠতঃ ।৫০।

তদনন্তর অভিমন্মার বাণে আহত কর্ণ পুনরায দ্রোণকে বলিলেন—'আচার্য্য। অভিমন্মা যেকাপ পীডন কবিতেছে, তাহাতে আমি-থাকিতে হয বলিয়া থাকিতেছি ॥৪৮॥

এই তেজস্বী কুমাবের অভিদাকণ ও অগ্নিব ত্যায ওজস্বী বিশাল বাণগুলি আজ আমার হাদয় বিদীর্ণ কবিয়াছে' ॥৪৯॥

তথন দ্রোণাচার্য্য মৃত্ মৃত্ হাস্ত করতই যেন বর্ণকে বলিলেন—'ইহার ব্রচ অভেন্ত, এ—যুবক এবং ইহাব পরাক্রমও ফ্রন্তকার্য্যবাবী ॥৫০॥

আমিই ইহার পিতাকে কবচধাবণের নিযম বলিয়া দিয়াছিলান; শত্রনগর্নের থি এই অভিমন্ম নিশ্চয়ই সে সমস্ত জানে ॥৫১॥

বিশেষসন্ধানপূর্বক বাণদ্বারা উহার ধনু, গুণ ও ঘোডার লাগাম দেন ১০ বাইতে পারে এবং ঘোড়াগুলিকে ও পিছনের সার্থি ছই চনরে বরবরংও সম্ভবপর ॥৫২॥

অতএব নহাধমুর্দ্রর বর্ণ। যদি পার, তবে ইহা কর , ভাষার গুল উর্গতে পিরু করিয়া পিছনের দিক্ হইতে প্রহার কলিতে থাক।৫৩

⁽ca) . गाय वार्षाः मसाहिरेतः। अलिएक हतारेकत-या नि

সধনুকো ন শক্যোহয়মপি জেছুং স্থরাস্থরৈঃ।
বিরথং বিধনুক্তঞ্চ কুক্ত ষেনং যদীচ্ছিদি ॥৫৪॥
তদাচার্য্যবচঃ শ্রুড়া কর্ণো বৈকর্ত্তনন্তরন্।
অস্ততো লঘুহস্তস্ত পৃষ্ঠতো ধনুরচ্ছিনৎ ॥৫৫॥
অশ্বানস্তাবধীদ্দ্রোণো গোতমঃ পার্ফিদারথী।
শেষাস্ত চ্ছিন্নধন্বানং শরবর্ষেরবাকিরন্ ॥৫৬॥
ছরমাণাস্ত্রাকালে বিরথং ষথাহারথাঃ।
শরবর্ষেরকক্ষণা বালমেকমবাকিরন্ ॥৫৭॥
দ চ্ছিন্নধন্বা বিরথঃ স্বধর্মমনুপালয়ন্।
খড়গচর্ম্মধরঃ শ্রীমানুৎপপাত বিহায়দা॥৫৮॥

সেতি। যদীচ্ছিদি হস্ত মিতি শেষ:। ক্টনীতিরিষমাচার্যান্ত নিতরামস্তাষ্যা ॥৫৪॥ তদিতি। বৈকর্ত্তন: ক্র্যাপ্তাঃ, ত্রন্ ত্রমাণ:। অস্তাতো বাণান্ ক্ষিণতঃ ॥৫৫॥ অখানিতি। গৌতম: ক্লপ:। শেষা ত্র্যোধনাদয়: ॥৫৬॥ ত্রেতি। স্লোণঃ, ক্লপ:, কর্ণঃ, অখাধ্যা, ত্র্যোধনঃ, শকুনিশ্চেতি ব্রহারধাঃ ॥৫৭॥ স ইতি। স্বধর্ম ক্ষত্রিযনিষ্যম্। শ্রীমান্ বীরশোভাবান্, উৎপপাত রথাৎ ॥৫৮॥

ও যদি ধনুযুক্ত থাকে, তবে দেব-দানবেবাও উহাকে জ্বয় কবিতে পাবেন না। স্থতরাং যদি উহাকে বধ করিতে ইচ্ছা কর, তবে উহাকে বথবিহীন ও ধনুশূন্ত কর'॥৫৪॥

সূর্যানন্দন কর্ণ দ্রোণাচার্য্যেব সেই কথা শুনিযা ত্বরান্থিত হইলেন এবং অভিমন্ত্র্য ক্রেভহন্তে বাণক্ষেপ কবিতেছিলেন, সেই সময়ে পিছনেব দিক্ হইতে তাঁহাব ধনু ছেদন করিলেন ॥৫৫॥

দ্রোণ অভিমন্থাব অশ্বগুলিকে এবং কুপ তাঁহাব পৃষ্ঠবর্ত্তী সার্থি চুই জনকে বধ করিলেন ; আব অবশিষ্ট মহাবথেবা ছিন্নকার্ম্ম্ক অভিমন্থার উপবে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৫৬॥

নির্দিয় জোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা, চুর্য্যোধন এবং শকুনি এই ছয জন মহারথ ত্বরার সমযে ত্বান্থিত হইয়া রথবিহীন, বালক ও একাকী অভিমন্তার উপরে বাণ বর্ষণ করিতে থাকিলেন ॥৫৭॥

তথন ছিম্নকার্শ্বক, বথবিহীন, অথচ বীবশোভায় শোভিত অভিমন্যু ক্ষত্রিয়ধর্ম রক্ষা কবতঃ খড়গ ও চর্ম্ম ধারণ করিয়া আকাশপথে বথ হইতে লাফ দিয়া উঠিলেন ॥৫৮॥

⁽cc)·· शृयदरेकर्प स्त्राष्ट्रिनद—नि वा व। (cb) व्यवानच्यावधीरखांखः—नि वा व।

মার্গিঃ স কৌশিকাত্তিশ্চ লাঘবেন বলেন চ।
আর্জ্জনির্ব্যচরদ্বোদ্ধি ভূশং বৈ পক্ষিরাড়িব ॥৫৯॥
ময্যেব নিপতত্যেষ সাসিরিভূয়্জদৃষ্টয়ঃ।
বিব্যধুস্তং মহেষাসং সমরে চ্ছিদ্রদর্শিনঃ॥৬০॥
তভ্য দ্রোণোহচ্ছিনশ্মুষ্টো খড়গং মণিময়ত্ সরুম।
ক্ষুরপ্রেণ মহাতেজান্ত্ররমাণঃ সপত্মজিৎ॥৬১॥
ব্যসিচর্শ্মেরপূর্ণাঙ্গঃ সোহন্তরিক্ষাৎ পুনঃ ক্ষিতিম।
আস্থিতশ্চক্রমুগ্তম্য দ্রোণং ক্রুদ্ধোহভ্যধাবত॥৬২॥

স চক্ররেণুজ্জ্লশোভিতাঙ্গো বভাবতীবোজ্জ্লচক্রপাণিঃ। বণেহভিমন্থ্যঃ ক্ষণমাস রোদ্রঃ স বাস্থদেবানুক্বতিং প্রকুর্বন্ ॥৬৩॥

মার্গৈরিতি। কৌশিকাদয়ো মার্গা যুদ্ধশাস্ত্র প্রসিদ্ধাং, লাঘবেন ক্রভত্যা ॥৫১॥
ময়ীতি। অসিনা সহেতি সাসিং, উর্দৃষ্টয়ো জোণাদয়ং ॥৬০॥
তত্তেতি। মণিময়ং ত্সকুম্প্রিদেশো বস্তু তম্। সপত্তিবং শক্রবিজয়ী ॥৬১॥
বাসীতি। ছেদনাৎ বিগতে অসিচর্মণী যক্ত স বাসিচর্মা, ইর্পূর্ণাকো বাণব্যাপ্তগাত্তঃ ॥৬২॥
স ইতি। চক্রেণ রেণ্ডিধ্ লিভিন্চ যথাক্রমম্ উজ্জ্বলানি শোভিতানি চ অলানি যক্তঃ সং,
তথা অতীবোজ্জ্বাং চক্রং পাণে বক্ত স তাদৃশন্চ, সোহভিমন্থার্কভৌ। কিঞ্চ সোহভিমন্থাং,
বাস্থাবেশান্ত্রতিং চক্রধারণেন ক্রফাস্থাকরণং প্রকুর্বন্, ক্রণম্, রণে, রোজ্রো ভয়ন্বরন্চ, আস
বস্তুর। "শেষান্দনির্মাণবিধে বিধাতুল বিণ্য উৎপাত্ত ইবাস বত্তঃ" ইতি কুমারণজবপ্রয়োগবৎ
অত্তেত্রাদেশভার আর্থঃ ॥৬০॥

ক্রমে তিনি পেচকপ্রভৃতিব গতিব নিযমে শীঘ্রতা ও শক্তিব গুণে গবড়েব স্থায আকাশপথে (ভূতল অপেক্ষা) অধিক বিচবণ কবিতে লাগিলেন ॥৫৯॥

তখন 'তববাবিধারী অভিমন্যু আমার উপবেই পতিত হইবে' ইহা ভাবিয়া সেই মহাবথেবা উদ্ধৃদৃষ্টি হইযা ছিদ্র (ফাক্) দেখিয়া সেই মহাধনুদ্ধিব অভিমন্যুকে বাণদ্বাবা বিদ্ধ কবিতে থাকিলেন ॥৬০॥

ক্রমে মহাতেঙ্গা ও শক্রবিজ্ঞয়ী জোণ ত্বরান্বিত হইয়া একটা ক্লুরপ্র- (বাণ-বিশেষ) ত্বাবা অভিমন্মুর তববাবিব মণিময় মুষ্টিদেশ ছেদন কবিলেন ॥৬১॥

সেই সমযে অভিমন্তাৰ অসি ও চর্ম্ম নষ্ট হইযা গেল, সমস্ত অঙ্গও বাণে পরিপূর্ণ ইইয়া পড়িল; তথাপি তিনি ক্রুদ্ধ হইযা পুনবায আকাশ হইতে ভূতলে আসিযা চক্র উত্তোলন করিয়া দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৬২॥

⁽৬২) েসোইস্তরিক্ষাচ্চ্যতঃ ক্ষিতিস্—পি।

সূত্রক্ষিরক্বতিকরাগবস্ত্রো ভুক্টিপুটাক্টিলোইতিসিংহনাদঃ।
প্রভুরমিতবলো রণেইভিমন্ত্যুর্পবরমধ্যগতো বিরাজতে স্ম ॥৬৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ববিণি
অভিমন্ত্যুবধে অভিমন্ত্যুপবাক্রমে দ্বিচন্দারিংশোইধ্যায়ঃ॥০॥ #

ত্রিচত্বারিংশো২ধ্যায়ঃ।

সঞ্জয উবাচ।

বিষোঃ স্বস্থন নকরঃ স বিষ্ণু ায়ুধভূষিতঃ।

ররাজাতিরথঃ সংখ্যে জনাদিন ইবাপরঃ ॥১॥

ক্রতেতি। ক্রতৈগাঁত্রাদ্গলিতৈ: ক্ষিরে: ক্বত একোহছিতীযো বাগো রঞ্জনং যস্ত তত্তাদৃশং বস্তুং যস্ত স:, ভ্কুটিপুটেন আকুটিল: অভীবকুটিলবদন:, অভি মহান্ সিংহনাদো যস্ত স:, প্রভু: অক্সপ্রভাবশালী, অমিতবলশ্চাভিমহা:, রণে তত্ত্ব সমরাধ্বনে, বিপক্ষাণাং নুপবরাণাং মধ্যগতঃ সন্ বিরাশ্বতে স্মা৬৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভাবতটীকায়াং ভারতকোমুদীসমাখ্যাযাং দ্রোণপর্বাণি অভিমন্ত্যবধে দ্বিচ্থারিংশোহধ্যায়: ॥•॥

বিষ্ণোরিতি। বিষ্ণো: রক্ষন্ত, স্বস্ত্রতিস্থা: স্বভদ্রারা নন্দকব: পুত্রবাদানন্দজনক:, বিষ্ণো: কৃষ্ণন্ত আযুধেন চক্রেণ ভূষিত:। অভিরখোহভিমন্ত্য: ॥১॥

ভৎকালে অভিমন্মাব অঙ্গ সকল চক্রেব কিরণে উচ্ছল এবং ধূলিজালে শোভিত হইয়াছিল। স্থতরাং অত্যক্তোচ্ছলচক্রধাবী অভিমন্ম শোভা পাইতে লাগিলেন। আবার চক্র ধাবণ করায় ক্ষেত্র অনুকরণ করিতে থাকিয়া তিনি ক্ষণকাল রণস্থলে বৌদ্রমূর্ত্তিও হইলেন ॥৬৩॥

অভিমন্যাব পবিধানের বস্ত্রখানি গলিত বক্তের ধাবায় বঞ্জিত হইযাছিল, ক্রকুটি কবায় মুখমগুল বিশেষ কুটিল দেখা যাইতেছিল এবং তিনি গুক্তর সিংহনাদ কবিতেছিলেন। এই অবস্থায় অন্তপ্রভাবসম্পন্ন ও মহাবল অভিমন্যু সমবাঙ্গনে বিপক্ষ রাজাদেব মধ্যে প্রকাশ পাইতে থাকিলেন" ॥৬৪॥

⁽৬৪) ক্ষতক্ষিরকৃতিক্সাগবন্ত:—পি। * '---সপ্তচন্তারিংশোহ্ধ্যায়' ব, '---অষ্ট-চন্তারিংশোহ্ধ্যায়' বা রা নি। (১) বিস্ফো: সমানন্দকর:—পি,-- স বিষ্ণাযুধভূষণ:—বা নি।

মারুতোদ্বৃতকেশান্তমুগুতারবরায়ুধম্।
বপু: সমীক্ষ্য পৃথীশা হুঃসমীক্ষ্যং স্থরৈরপি ॥২॥
তচ্চক্রং ভূশমুদ্বিগ্নাঃ সংচিচ্ছিত্বনেকধা।
মহারথন্ততঃ কাঞ্চিঃ স জগ্রাহ মহাগদাম্ ॥৩॥ (য়ুগ্মকম্)
বিধকুঃস্থাননাসিন্তের্বিচক্রশ্চারিভিঃ কৃতঃ।
অভিমন্ত্যুগদাপাণিবশ্বখামানমার্দ্দম্থ ॥৪॥
স গদামুগ্রতাং দৃষ্ট্বা জ্বলন্তীমশনীমিব।
অপাক্রামন্তবোপস্থাদ্বিক্রমাংস্ত্রীন্ নরর্ষভঃ ॥৫॥
তস্তাশ্বান্ গদ্যা হত্বা তথোভো পার্ফিসারথী।
শরাচিতাঙ্গঃ সোভদ্রঃ শ্বাবিদ্বৎ সমদৃশ্যত ॥৬॥

মারুতেতি। মারুতেন বায্না উদ্ধৃতৈ: সঞ্চালিতৈ: কেশৈরন্তং বিশেষস্থলরম্, উত্তত-মুন্তোলিতম্ অরৈ: অন্তর্গততির্যুক্কাঠেবরং শ্রেষ্ঠমাযুধ্য চক্রং যেন তৎ, বপু: অভিমত্যো: শরীরম্। কার্ফিরভিমস্থা:। "অন্তঃ প্রান্তেহন্তিকে নাশে স্বরূপেহতিমনোহরে" "প্ররং শীব্রে চ চক্রাকে শীব্রণে পুনরন্তবং" ইত্যুভয়ত্রাপি বিশ্ব: 1২—০॥

বিধহরিতি। তৈরে গাদিভিররিভিং, বিগতা ধহুং শুন্দনো রথং অসিশ্চ তে যশু সং, বিচক্রশ্চ, ক্লতোহভিমহুাং, গদাপাণিং সন্, অশ্বথামানশ্ আর্দ্ধরৎ পীড্যিতৃমগচ্ছৎ ॥৪॥

স ইতি। স: অশ্বধামা। অশনীং বঞ্জম্। ত্রীন্ বিক্রমান্ প্রশক্ষান্ রুতা ॥৫॥

সঞ্জয় বলিলেন—"কুফাভগিনী স্থভদ্রাব আনন্দজনক, চক্রশোভিত ও অভিরথ অভিমন্যু দ্বিতীয় কুফোর স্থায় সমবাঙ্গনে শোভা পাইতে লাগিলেন ॥১॥

তৎকালে বাযু তাঁহার কেশকলাপ সঞ্চালন কবিতে থাকায় তাঁহাব দেহটী বড়ই স্থান্দব দেখাইতেছিল, আবাব চক্রটীব ভিতবের তেবচা কাঠগুলি স্থান্দব সাঞ্চান থাকায় তাহাও উন্তম বলিয়া ধাবণা হইতেছিল, সেই চক্রটী তিনি তুলিয়া ধবিযা-ছিলেন। স্থাতরাং তাঁহাব সে আফুতিব দিকে দৃষ্টিপাত করা দেবগণেবও চুক্ষর হইযাছিল। সেই আফুতি দেখিয়া বান্ধাবা অত্যস্ত উদিগ্ন হইযা সেই চক্রটীকে বছ়খণ্ডে ছেদন কবিয়া কেলিলেন। তাহার পর মহাবথ অভিমন্যু বিশাল গদা ধারণ করিলেন ॥২—৩॥

সেই শক্ররা অভিমন্যুব ধনু, বথ, তববাবি ও চক্র বিনষ্ট কবিলে, তিনি গদা ধারণ করিয়া অশ্বত্থামাকে আঘাত করিবার জন্ম ধাবিত হইলেন ॥৪॥

তথন অশ্বত্থামা বজ্রেব স্থাষ উচ্চ্চল ও উত্তত গদা দেখিয়া বথ হইতে নামিয়া তিন লাফে সবিয়া গেলেন ॥৫॥

⁽२)… উष्ण्रजानिवत्रायूर्याः—नि, ... উष्ण्रजानिवत्रायूरम् — व, .. উष्ण्रजातिवर्धायूरम् — नि।

ততঃ স্থবলদায়াদং কালিকেয়মপোথয়ৎ।
জ্বান চাস্থাম্চরান্ গান্ধারান্ সপ্তসপ্ততিম্।
পুনশ্চৈব বদাতীয়ান্ জ্বান রথিনো দল ॥৭॥
কেকয়ানাং রথান্ সপ্ত হত্বা চ দল কুঞ্জরান্।
দৌঃশাদনিরথং দান্ধং গদয়া সমপোথয়ৎ ॥৮॥
ততো দৌঃশাদনিঃ কুদ্ধো গদামুগ্রম্য মারিষ।।
অভিত্রজাব দৌভদ্রং তিষ্ঠ তিষ্ঠেতি চাত্রবীৎ ॥৯॥
তাব্গুতগদৌ বীরাবস্থোস্থবধকাজ্জিদণৌ।
ভাতরৌ সম্প্রজন্ত্রাতে পুরেব ত্রাম্বকান্ধকো। ।
তাবস্থোসং গদাগ্রাজ্যামাহত্য পতিতো কিতো।
ইদ্রেধজাবিবাৎস্টো রণমধ্যে পরস্তপো ॥১১॥

জক্তেতি। শরৈরাচিতালো ব্যাপ্তগাত্র:। খানং বিধ্যতীতি খাবিৎ শল্যন্তদ্ধং ॥৬॥ ভত ইতি। স্মবলভ দাযাদং পুত্রন্। বসাতীয়ান্ বসাতিদেশীয়ান্। ষট্পাদোহ্যং খোক:॥৭॥

কেকরানামিতি। দৌংশাদনের্থগোদনপুত্রস্ত রথম্, অবৈ: সহেতি সাধ্যম্ ॥৮॥
ভত ইতি। উত্তয় উত্তোল্য, হে মারিষ। আর্য্য। "আর্যান্ত মারিষঃ" ইত্যমরঃ ॥৯॥
ভাবিতি। ত্রাম্বান্ধকৌ মহাদেবান্ধকাশ্বরৌ ১০।
ভাবিতি। উৎস্টৌ পূজান্তে নিপাতিতৌ ॥১১॥

ক্রেমে অভিমন্ম গদাঘারা অশ্বত্থামাব চাবিটা অশ্ব ও পৃষ্ঠদারথি চুই জনকে বধ করিয়া বাণব্যাপ্তদেহ থাকায় শেজারুব স্থায দৃষ্ঠিগোচর হইতে লাগিলেন ॥৬॥

ভাহার পর অভিমন্য গদাঘারা স্বলপুত্র কালিকেয়কে নিম্পেষিভ করিলেন এবং ভাঁহার অনুচর সপ্তসপ্ততিসংখ্যক গান্ধারদেশীয বীবকে বধ কবিলেন, আবার বসাভিদেশীয় দশ জন রথীকে সংহার করিলেন ॥৭॥

তৎপবে তিনি গদান্বারা কেকয়দিগের সাত জন বথীকে এবং দশটা হাতীকে বধ করিয়া ছঃশাসনপুত্রের অশ্বগুলির সহিত রথখানাকে চুর্ণ করিলেন ॥৮॥

মাননীয় বাজা। তদনস্তর ছঃশাসনেব পুত্র ক্রুদ্ধ হইয়া গদা উত্তোলন করিয়া অভিমন্মার দিকে ধাবিত হইলেন এবং 'থাক 'থাক' এই কথা বলিলেন ॥১॥

পূর্ববকালে মহাদেব ও অন্ধকাত্মবের স্থায় পবস্পাব বধাকাঞ্জ্মী সেই বীর ভাতারা মুই জন গদা উত্তোলন করিয়া পবস্পার প্রহার করিতে লাগিলেন ॥১০॥ দোঃশাসনিরথোত্থায় কুরূণাং কীর্ত্তিবর্দ্ধনঃ।
উত্তিষ্ঠমানং সোভদ্রং গদয়া মূর্দ্ধ্যুতাড়য়ৎ॥২২॥
গদাবেগেন মহতা ব্যায়ামেন চ মোহিতঃ।
বিচেতা অপতভূমো সোভদ্রঃ পরবীরহা॥২০॥
এবং বিনিহতো রাজনেকো বহুভিরাহবে।
কোভয়িত্বা চমুং সর্বাং নলিনীমিব কুঞ্জরঃ॥২৪॥
অশোভত হতো বীরো ব্যাধৈর্বনগজো যথা।
তং তথা পতিতং দৃষ্ট্যু তাবকাঃ পর্য্যবারয়ন্॥২৫॥
দাবং দক্ষ্মা যথা শান্তং পাবকং শিশিরাত্যযে।
বিষ্মৃত্য তরুশৃঙ্গাণি সন্ধির্তুমিবানিলম্॥২৬॥

দৌরিতি। কুরণাং কীর্ত্তিবর্দ্ধন ইতি সোল্ল্ঠনোক্তি:, নিতান্তর্মান্তক্ত তাডনাং ॥১২॥ গদেতি। ব্যাযামেন দীর্ঘকালযুদ্ধকরণাং পরিশ্রমেণ। বিচেতা অচৈতন্ত: সন্॥১০॥ এবমিতি। কোভবিত্বা স্থিত একোহভিমন্তা:। নলিনীং পদ্মসরসীম্ ॥১৪॥ অশোভতেতি। তাবকাত্বংপক্ষীরা বীরা:, পর্যাবার্যন্ দর্শনায় পর্যাবেষ্টন্ত ॥১৫॥ দাবমিতি। দাবং বনম্, শান্তং নির্ব্বাণম্। বিমৃত্ত বিভজ্য, তক্ষাাং শৃঙ্গাণি উচ্চশাধা:।

ক্রমে শক্রসম্ভাপকাবী সেই বীবেবা চুই জন গদার অগ্রদেশদ্বাবা পবস্পব আঘাত কবিয়া চুইটা ইন্দ্রধ্বজেব গ্রায় সমরমধ্যে ভূতলে পতিত হইলেন ॥১১॥

তাহার পব কুকবংশেব কীর্ত্তিবর্দ্ধক তুঃশাসনপুত্র পূর্বেব উঠিযা গদাঘার। উত্তিষ্ঠমান অভিমন্ত্র্যে মস্তকে আঘাত কবিলেন॥১২॥

বিপক্ষবীরহস্তা অভিমন্যু দীর্ঘকাল যুদ্ধ কবাষ পরিশ্রামে পূর্বেই বিশেষ ক্লাস্ত ছিলেন, তাহাতে আবাব সেই গুক্তব গদাঘাত পাওযায় অচৈত্রত হইযা ভূতলে পতিত হইলেন ॥১৩॥

রাজা। হস্তী ষেমন পদ্মসরোবৰ আলোড়ন করে, সেইকপ অভিমন্যু সমগ্র বৌৰববাহিনী, আলোড়ন কবিতেছিলেন; সেই অবস্থায় বহুতর বীর মিলিত হইযা যুদ্ধে এইভাবে এক অভিমন্যুকে বধ করিলেন ॥১৪॥

তখন ব্যাধনিহত বন্ম হস্তীব ন্যায় অভিমন্ম নিহত হইয়া শোভা পাইতে লাগিলেন। ক্রমে তাঁহাকে সেইভাবে পতিত দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারা যাইয়া পবিবেষ্টন কবিলেন ॥১৫॥

ভরতনদন! পরে বসন্তকালে অগ্নি যেমন বন দগ্ধ করিয়া নির্ববাণ হয়,

⁽১৬) ·· विश्व नगगृशनि—वा नि।
ट्रांग (२১)-৪१

অন্তং গতমিবাদিত্যং তপ্ত্বা ভারত ! বাহিনীম্ ।
উপপ্লুতং যথা সোমং সংশুদ্ধমিব সাগরম্ ॥১৭॥
পূর্ণচন্দ্রাভবদনং কাকপক্ষারতাক্ষিকম ।
তং ভূমো পতিতং দৃষ্টা তাবকান্তে মহারথাঃ ।
মুদা পরময়া যুক্তাশ্চ ক্রুশুঃ সিংহবন্দুছঃ ॥১৮॥ (বিশেষকম্)
আসীৎ পরমকো হর্ষস্তাবকানাং বিশাংপতে ! ।
ইতরেষান্ত বীরাণাং নেত্রেভ্যঃ প্রাপতজ্জলম্ ॥১৯॥
অন্তরীক্ষে চ ভূতানি প্রাক্রোশন্ত বিশাংপতে ! ।
দৃষ্টা নিপতিতং বীরং চ্যুতং চন্দ্রমিবান্থরাৎ ॥২০॥
ডোণকর্ণমুখেঃ যড় ভিধার্তরাষ্ট্রের্মহারথৈঃ ।
একোহয়ং নিহতঃ শেতে নৈষ ধর্মো মতো হি নঃ ॥২১॥

বাহিনীং জগতীমিব কৌরবসেনাম্। উপপুতং রাছপ্রন্তন্ কাকপক্ষাভ্যাং কর্ণান্তিকবর্ত্তি-কেশ ৪ চছাভ্যাম্ আবৃতে জক্ষিণী চক্ষী যক্ত তম্। চুক্রুপ্তর্নেত্বঃ। বট্পাদোহরং শ্লোকঃ ॥১৬—১৮॥

আসীদিতি। উভয়ত্রাপি অভিমন্থাবধেনেতি ভাব: ॥১৯॥
অন্তরীক ইতি। ভূতানি দেবাদয: প্রাণ্ডিন:, প্রাক্রোশস্ক বিবাদকোলাহলং চক্র: ॥২০॥
অথ ভদানীং যুশ্মাকং কিমপি মন্তব্যমাসীয় বেত্যাহ ফ্রোণেতি। ধর্মো স্থায: ॥২১॥

বাষু যেমন বৃক্ষের শাখা মর্দন করিয়া নির্বত্তি পায়, জগৎ সন্তপ্ত করিয়া সূর্যা যেমন অস্তমিত হন, রাজগ্রস্ত চন্দ্র যেমন হইয়া থাকেন এবং শুক্ষ সমুদ্র যেমন অবস্থা প্রাপ্ত হয়, সেইরূপ কৌরববাহিনী সন্তপ্ত কবিয়া পূর্ণচন্দ্রবদন ও কাকপক্ষ-(জুল্পি) সংবৃত্তনয়ন অভিমন্ত্রা ভূতলে পতিত বহিলেন; সেই অবস্থায় তাঁহাকে দেখিয়া আপনাব পক্ষেব সেই মহাবথেয়া অত্যন্ত আনন্দিত হইয়া মৃত্তমূর্ত্ত সিংহনাদ করিতে লাগিলেন ॥১৬—১৮॥

নরনাথ! তৎকালে আপনাব পক্ষের বীরগণের পরম আনন্দ হইল এবং অপব পক্ষের বীরদিগের ন্যন্জল পতিত হইতে থাকিল ॥১৯॥

রাজা। আকাশচ্যুত চন্দ্রেব স্থায বীর অভিমন্তাকে নিপতিত দেখিয়া আকাশস্থ ব্যক্তিরাও বিষাদকোলাহল কবিতে লাগিলেন ॥২০॥

দ্রোণ ও বর্ণপ্রভৃতি ছুর্যোধনপক্ষীয় ছয় জন মহাবথবর্ত্তৃক নিহত হইয়া সেই এক জন যে শ্বন করিয়াছিলেন, ইহা আমাদের ভায়সঙ্গত হইয়াছে বলিয়া মনে হয় নাই ॥২১॥

⁽১৮) · কাকণক্ষাবৃতাক্ষকম্-পি, কাকপক্ষাবৃতালিকম্-নি।

তিশ্বিন্ বিনিহতে বীরে বহুনশোভত মেদিনী।
ত্যের্যথা পূর্ণচন্দ্রেণ নক্ষত্রগণমালিনী ॥২২॥
ক্ষরপুদ্ধেশ্চ সংপূর্ণা ক্ষধিরোঘপরিপ্লুতা।
উত্তমান্তৈশ্চ শ্রাণাং ভ্রাজমানেঃ সকুগুলৈঃ ॥২৩॥
বিচিত্রৈশ্চ পরিস্তোমিঃ পতাকাভিশ্চ সংবৃতা।
চামরৈশ্চ কুথাভিশ্চ প্রবিদ্ধেশচান্বরোভ্রমৈঃ ॥২৪॥
রথাশ্বনরনাগানামলক্ষারেশ্চ হুপ্রতিঃ।
থত্তৈগঃ স্থনিশিতেঃ পীতের্নির্মু ক্তৈপ্পুজগৈরিব ॥২৫॥
চাপেশ্চ বিবিধৈশ্ছিকেঃ শক্ত্যুষ্টিপ্রাসকম্পনিঃ।
বিবিধৈশ্চায়ুধৈশ্চান্তৈঃ সংবৃতা ভূরশোভত ॥২৬॥ (কলাপকম্)
বাজিভিশ্চাপি নির্জীবৈঃ শ্বসন্তিঃ শোণিতোক্ষিতৈঃ।
সারোহৈর্বিষমা ভূমিঃ সোভদ্রেণ নিপাতিতৈঃ ॥২৭॥
সাক্ক্রেণঃ সমহামাত্রৈঃ সবর্মায়ুধকেভুভিঃ।
পর্ব্বতৈরিব বিধ্বক্তির্বিশিথৈর্মথিতৈর্গজৈঃ ॥২৮॥

তশিরিতি। নক্ষতাগমালিনীত্যনেন মেদিক্সাং পতিতবীরাস্তববন্ধ হুচিতম্ ॥২২॥
ক্ষক্ষেতি। ক্ষরপুর্ট্থেং শর্রৈঃ। উত্তমালৈং শিবোভিং। পরিস্তোট্মাং অশ্বপৃষ্ঠান্তর গৈঃ।
ক্র্থাভির্মজপৃষ্ঠান্তরপৈং, প্রবিদ্ধাং পতিতৈং। পীতেং প্রাক্পীতরক্ষেং। ভ্: সমরভূমিং ॥২৩-২৬॥
বাজিভিবিভি। সাবোহৈবারোহিসহিতেং, বিষমা উচ্চাবচা অভবং ॥২৭॥
